গ. প্রথম বাংলায় সংস্কার কাজ ঘ. প্রথম বাংলা স্কুল উত্তর :

বিএসসি'র

১. উইলিয়াম কেরী

ক. ইতিহাসমালা

গ. লিপিমালা

ব্যাখ্যা : উইলিয়াম কেরী ১৭৯৯ সালে বাংলায় প্রথম (১৮০২), গোলকনাথ শর্মা র

২. 'ফুলমণি ও করু (ফিল্ড সুপারভাইজ

ক. হ্যানা ক্যাথে

গ. ঈশ্বরচন্দ্র বিদ

ব্যাখ্যা : 'ফুলমণি ও করু বিদেশিনীর বাংলা উপন্যাস রচিত।

৩. 'বত্রিশ সিংহাসন

ক. মৃত্যুঞ্জয় বিদ্যা

গ. রামরাম বসু

ব্যাখ্যা : মৃত্যুঞ্জয় বিদ্যাল রাজাবলি (১৮০৮), প্রবো (১৮১৭)।

৪. 'ইয়ংবেঙ্গল' আ

ক. উইলিয়াম কে

গ. প্যারীচাঁদ মিত্র

ব্যাখ্যা : ইয়ংবেঙ্গল আন্দো ভিভিয়ান ডিরোজিও। তার মল্লিক, দক্ষিণারঞ্জন মজুমদা

৫. বাংলা গদ্য কোন প্রশাসনিক কর্মকর্ত

ক. আধুনিক যুগ

গ. মধ্য বর্তমান

ব্যাখ্যা : আধুনিক যুগের নিদর্শন 'শ্রীকৃষ্ণকীর্তন'।

৬. 'ইতিহাসমালা'র

ক. উইলিয়াম কে

গ. মৃত্যুঞ্জয় বিদ্য

ব্যাখ্যা : উইলিয়াম কেরি র

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. **উইলিয়াম কেরী রচিত গ্রন্থ কোনটি?** *[পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]*

ক. ইতিহাসমালা খ. কথোপকথন
গ. লিপিমালা ঘ. হিতোপদেশ **উত্তর : ক, খ**

ব্যাখ্যা : উইলিয়াম কেরী রচিত গ্রন্থ- কথোপকথন (১৮০১), ইতিহাসমালা (১৮১২)। তিনি ১৭৯৯ সালে বাংলায় প্রথম সম্পূর্ণ বাইবেল অনুবাদ করেন। রামরাম বসু রচিত গ্রন্থ- লিপিমালা (১৮০২), গোলকনাথ শর্মা রচিত গ্রন্থ- হিতোপদেশ (১৮০২)।

২. **'ফুলমণি ও করুণার বিবরণ' গ্রন্থের রচয়িতা কে?** *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (ফিল্ড সুপারভাইজার)-১৮]*

ক. হ্যানা ক্যাথেরিন খ. উইলিয়াম কেরি
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বিহারীলাল চক্রবর্তী **উত্তর : ক**

ব্যাখ্যা : 'ফুলমণি ও করুণার বিবরণ' (১৮৫৮) হ্যানা ক্যাথেরিন ম্যালেন্স নামে একজন খৃষ্টান বিদেশিনীর বাংলা উপন্যাস রচনার প্রাথমিক চেষ্টা। এটি The Last day of the weekঅবলম্বনে রচিত।

৩. **'বত্রিশ সিংহাসন' -এর রচয়িতা কে?** *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১৭]*

ক. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. রামরাম বসু ঘ. রাজীবলোচন মুখোপাধ্যায় **উত্তর : ক**

ব্যাখ্যা : মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত গ্রন্থ- বত্রিশ সিংহাসন (১৮০২), হিতোপদেশ (১৮০৮), রাজাবলি (১৮০৮), প্রবোধচন্দ্রিকা (১৮১৩, কিন্তু প্রকাশিত হয় ১৮৩৩ সালে), বেদান্তচন্দ্রিকা (১৮১৭)।

৪. **'ইয়ংবেঙ্গল' আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?** *[সাব রেজিস্ট্রার-১৬]*

ক. উইলিয়াম কেরি খ. ডিরোজিও
গ. প্যারীচাঁদ মিত্র ঘ. মধুসূদন দত্ত **উত্তর : খ**

ব্যাখ্যা : ইয়ংবেঙ্গল আন্দোলনের প্রবক্তা হিন্দু কলেজের ইংরেজি সাহিত্যের শিক্ষক হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও। তার শিষ্য তথা এ আন্দোলনের অনুসারীদের মধ্যে রয়েছে- রসিককৃষ্ণ মল্লিক, দক্ষিণারঞ্জন মজুমদার, প্যারীচাঁদ মিত্র, রামতনু লাহিড়ী, রাধানাথ শিকদার প্রমুখ।

৫. **বাংলা গদ্য কোন যুগের ভাষার নিদর্শন?** *[সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা-১৬]*

ক. আধুনিক যুগ খ. মধ্যযুগ
গ. মধ্য বর্তমান যুগ ঘ. প্রাচীন যুগ **উত্তর : ক**

ব্যাখ্যা : আধুনিক যুগের ভাষার নিদর্শন বাংলা গদ্য, প্রাচীন যুগের নিদর্শন 'চর্যাপদ', মধ্যযুগের নিদর্শন 'শ্রীকৃষ্ণকীর্তন'।

৬. **'ইতিহাসমালা'র লেখক কে?** *[সহকারী পরিবার পরিকল্পনা কর্মকতা-১৬]*

ক. উইলিয়াম কেরি খ. বিদ্যাসাগর
গ. মৃত্যুঞ্জয় বিদ্যালংকার ঘ. রামরাম বসু **উত্তর : ক**

ব্যাখ্যা : উইলিয়াম কেরি রচিত গ্রন্থ- কথোপকথন (১৮০১), ইতিহাসমালা (১৮১২)।

Scanned with CamScanner

৭. কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়- *[সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]*
ক. ১৮১৮ সালে খ. ১৮২৬ সালে
গ. ১৮০০ সালে ঘ. ১৮৮৫ সালে
উত্তর : গ
ব্যাখ্যা : ভারতের ইংরেজ গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলি ১৮০০ খ্রিস্টাব্দের ৪ মে কলকাতা লালবাজারে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন। ২৪শে নভেম্বর থেকে কলেজের কার্যক্রম শু হয়। কলেজটি ১৮৫৪ সালে লর্ড ডালহৌসির সময়ে আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে যায়।

৮. 'ফোর্ট উইলিয়াম যুগে' সবচেয়ে বেশি গ্রন্থ কে রচনা করেন? *[সমাজকল্যা মন্ত্রণালয়ের সমাজসেবা অফিসার-১০]*
ক. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. রামকিশোর তর্কচূড়ামণি ঘ. রামনারায়ণ তর্করত্ন
উত্তর : ক
ব্যাখ্যা : 'ফোর্ট উইলিয়াম যুগে' সবচেয়ে বেশি গ্রন্থ রচনা করেন মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার। তার রচি গ্রন্থের সংখ্যা ৫টি। এগুলো হল- বত্রিশ সিংহাসন (১৮০২), হিতোপদেশ (১৮০৮), রাজাবলি (১৮০৮), প্রবোধচন্দ্রিকা (লিখিত ১৮১৩, কিন্তু প্রকাশিত হয় ১৮৩৩ সালে), বেদান্তচন্দ্রিকা (১৮১৭)।

৯. বাংলা গদ্যের বিকাশে কোন বিদেশির অবদান সর্বাধিক? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সার্কেল অ্যাডজুট্যান্ট-১০]*
ক. উইলিয়াম কেরী খ. লর্ড ওয়েলেসলি
গ. মার্শম্যান ঘ. ডিরোজিও
উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা গদ্যের বিকাশে উইলিয়াম কেরীর অবদান সর্বাধিক। ১৭৯৩ সালে খ্রিষ্টধর্ম প্রচারে জন্য ভারতে আসেন। তিনি ১৮০০ সালের ১০ জানুয়ারি শ্রীরামপুর ব্যাপ্টিস্ট মিশন ও মার্চ মাসে মিশনের প্রেস প্রতিষ্ঠা করেন।

১০. আধুনিকতার লক্ষণ কি? *[শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৯]*
ক. ইংরেজি শিক্ষা খ. দেশে বিদেশে ঘুরে বেড়ানো
গ. সহশিক্ষা ঘ. স্বদেশপ্রেম ও মানবতাবাদ
উত্তর : ঘ

১১. কোন দুইজন ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা গ্রন্থ প্রণয়নকারী পণ্ডি *[উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা-০৭]*
ক. উইলিয়াম কেরি ও ঈশ্বরচন্দ্র গুপ্ত খ. উইলিয়াম কেরি ও রামমোহন রায়
গ. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ও রামরাম বসু ঘ.রামরাম বসু ও গঙ্গাকিশোর ভট্টাচা
ব্যাখ্যা : ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিতগণ হলেন- উইলিয়াম কেরী, রামরাম বসু, গোলকনা শর্মা, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, তারিণীচরণ মিত্র, রাজীবলোচন, চণ্ডীচরণ মুন্‌শী। উত্তর : গ

১২. ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পর্কে কোন বক্তব্যটি সর্বাধিক গ্রহণযোগ্য? *[জাতীয় স পরিদপ্তরের সহকারী পরিচালক-০৭]*
ক. মধ্যযুগের ভাবধারায় পুষ্ট খ. আধুনিক যুগের লক্ষণাক্রান্ত
গ. নারী শিক্ষা প্রসারের অগ্রগামী ঘ. দুই যুগের মিলনকারী
উত্তর : ঘ
ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র গুপ্ত 'দুই যুগের মিলনকারী' অর্থাৎ মধ্যযুগ ও আধুনিক যুগের মিলনকারী।

১৩.ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগের শিক্ষক নয়- *[আমদানি-রপ্তানি অধিদপ্ত নির্বাহী অফিসার-০৭]*
ক. উইলিয়াম কেরী খ. বিদ্যাসাগর
গ. রামমোহন রায় ঘ. রামরাম বসু
উত্তর :

ব্যাখ্যা : ফোর্ট উইলিয়াম কলেজে উইলিয়াম কেরী, রামরাম বসু যো পর ২৯ ডিসেম্বর মাত্র ২১ বছর বিভাগের সেরেস্তাদার বা প্রধান ছিলেন। রামমোহন রায় কখনো উ

১৪. 'কেরী সাহেবের মুন
ক. রামরাম বসু
গ. চণ্ডীচরণ মুন্সী
ব্যাখ্যা : 'মুনশী' ফারসি শব্দ। মর্যাদাসম্পন্ন পদ। ১৭৯৩ সালে হিসেবে নিযুক্ত করেন।

১৫. বাঙালি রচিত বাংল *(প্রতিরক্ষা মন্ত্রণালয়)*
ক. কথোপকথন
গ. রাজা প্রতাপাদিত
ব্যাখ্যা : রামরাম বসু রচিত 'র প্রথম মুদ্রিত গ্রন্থ। উইলিয়াম রচিত গ্রন্থ- 'হিতোপদেশ'।

১৬. বাংলা ভাষায় মুদ্রি *মন্ত্রণালয়) পরীক্ষা-০*
ক. লিপিমালা
গ. রাজা প্রতাপাদি
ব্যাখ্যা : উইলিয়াম কেরীর 'ক বিদ্যালঙ্কার রচিত গ্রন্থ- প্রবোধ

১৭.বাঙালির লেখা প্র কে? *[শ্রম ও কর্মসং*
ক. মৃত্যুঞ্জয় বিদ্যা
গ. হেনরী লুই ভি
ব্যাখ্যা : দোম আন্তোনিও বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্র সালে পর্তুগালের রাজধানী লি

১৮. ১৮১০ সালে দ করেন? *[উপজেল*
ক. উইলিয়াম কে
গ. ওয়ার্ড

১৯. বাংলা গদ্য বিকা
ক. মুহসীন কলে
গ. শ্রীরামপুর মি
ব্যাখ্যা : ইংরেজ সিভিলিয়া কলকাতার লালবাজারে ফো প্রতিষ্ঠিত হলেও বাংলা গদ্য

Scanned with CamScanner

ব্যাখ্যা : ফোর্ট উইলিয়াম কলেজে ১৮০১ সালের ২৪শে নভেম্বর কলেজে বাংলা বিভাগ চালু হলে উইলিয়াম কেরী, রামরাম বসু যোগদান করেন। ১৮৪১ সালে সংস্কৃত কলেজে শিক্ষা সমাপ্ত হওয়ার পর ২৯ ডিসেম্বর মাত্র ২১ বছর বয়সে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের সেরেস্তাদার বা প্রধান পণ্ডিত হিসেবে যোগদান করেন এবং ১৮৪৬ পর্যন্ত এই পদে ছিলেন। রামমোহন রায় কখনো উইলিয়াম কলেজের শিক্ষক ছিলেন না।

১৪. **'কেরী সাহেবের মুনশী' বলা হয়-** *[সহকারী পরিচালক (বিমান ও পর্যটন) পরীক্ষা-০৭]*

ক. রামরাম বসু খ. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
গ. চণ্ডীচরণ মুন্সী ঘ. গোলকানাথ শর্মা **উত্তর : ক**

ব্যাখ্যা : 'মুনশী' ফারসি শব্দ। অর্থ শিক্ষিত লোক, পণ্ডিত, করণিক। সেকালে মুনশী ছিল উচ্চ মর্যাদাসম্পন্ন পদ। ১৭৯৩ সালে উইলিয়াম কেরী এ দেশে আসলে রামরাম বসুকে বাংলা মুনশী হিসেবে নিযুক্ত করেন।

১৫. **বাঙালি রচিত বাংলা সাহিত্যের প্রথম মুদ্রিত গ্রন্থের নাম কি?** *[সহকারী অফিসার (প্রতিরক্ষা মন্ত্রণালয়) পরীক্ষা-০৫]*

ক. কথোপকথন খ. ইতিহাসমালা
গ. রাজা প্রতাপাদিত্য চরিত ঘ. হিতোপদেশ **উত্তর : গ**

ব্যাখ্যা : রামরাম বসু রচিত 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' (১৮০১) বাঙালি রচিত বাংলা সাহিত্যের প্রথম মুদ্রিত গ্রন্থ। উইলিয়াম কেরী রচিত গ্রন্থ- কথোপকথন, ইতিহাসমালা। গোলকনাথ শর্মা রচিত গ্রন্থ- 'হিতোপদেশ'।

১৬. **বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থের নাম নির্দেশ করুন-** *[সহকারী অফিসার (প্রতিরক্ষা মন্ত্রণালয়) পরীক্ষা-০৫]*

ক. লিপিমালা খ. প্রবোধ চন্দ্রিকা
গ. রাজা প্রতাপাদিত্য চরিত্র ঘ. কথোপকথন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : উইলিয়াম কেরীর 'কথোপকথন' (১৮০১) বাংলা ভাষার প্রথম মুদ্রিত গদ্য গ্রন্থ। মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত গ্রন্থ- প্রবোধচন্দ্রিকা (১৮৩৩)।

১৭. **বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক সংবাদ'-এর রচয়িতা কে?** *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার-০৩]*

ক. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ. দোম আন্তোনিও দো রোজারিও
গ. হেনরী লুই ভিভিয়ান ডিরোজিও ঘ. হেনরী পিট্‌স পরস্টার **উত্তর : খ**

ব্যাখ্যা : দোম আন্তোনিও দো রোজারিও ছিলেন ঢাকা অঞ্চলের ভূষণার জমিদারপুত্র। তিনি বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক সংবাদ' গ্রন্থের রচয়িতা। গ্রন্থটি ১৭৪৩ সালে পর্তুগালের রাজধানী লিসবন থেকে রোমান অক্ষরে মুদ্রিত হয়।

১৮. **১৮১০ সালে দরিদ্র খ্রিস্টান সন্তানদের জন্য কলকাতায় কে বোর্ডিং স্কুল প্রতিষ্ঠা করেন?** *[উপজেলা/ থানা শিক্ষা অফিসার-৯৯]*

ক. উইলিয়াম কেরী খ. মার্শম্যান
গ. ওয়ার্ড ঘ. লর্ড ম্যাকলে **উত্তর : ক**

১৯. **বাংলা গদ্য বিকাশে কোন প্রতিষ্ঠানটির বিশেষ অবদান রয়েছে?** *[সমবায় অফিসার-৯৩]*

ক. মুহসীন কলেজ খ. ফোর্ট উইলিয়াম কলেজ
গ. শ্রীরামপুর মিশন ঘ. সংস্কৃত কলেজ **উত্তর : খ**

ব্যাখ্যা : ইংরেজ সিভিলিয়ানদের ভারতীয় ভাষা ও বিভিন্ন বিষয়াদি শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে কলকাতার লালবাজারে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করা হয়। ইংরেজদের স্বার্থে প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হলেও বাংলা গদ্য সাহিত্য বিকাশে এর বিশেষ অবদান রয়েছে।

Scanned with CamScanner

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. 'লিপিমালা' কে রচনা করেছেন? [সোনালী ব্যাংক মুক্তিযোদ্ধা কোটায় অফিসার (ক্যাশ)-১৯]
ক. কাশীরাম দাস খ. দ্বিজরাম দেব
গ. রামরাম বসু ঘ. মুক্তরাম সেন
উত্তর : গ
ব্যাখ্যা : রামরাম বসু রচিত গ্রন্থ 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' (১৮০১), লিপিমালা (১৮০২)।

২. কাকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়? [পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]
ক. মুকুন্দরাম চক্রবর্তী খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. শঙ্খ ঘোষ ঘ. ঈশ্বরচন্দ্র গুপ্ত
উত্তর : ঘ
ব্যাখ্যা : মধ্যযুগের শেষ কবি ভারতচন্দ্র রায় আর আধুনিক যুগের প্রথম কবি মাইকেল মধুসূদন দত্ত। এই দুইজনের মাঝের (১৭৬০-১৮৬০) সময়কে বলা হয় অবক্ষয় যুগ বা যুগসন্ধিক্ষণ। ঈশ্বরচন্দ্র গুপ্ত এ সময়ের কবি বলে তাকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়।

৩. বাংলা গদ্যের আদি নিদর্শন কোনটি? [সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১৮]
ক. চর্যাপদ খ. কোচবিহার রাজের লেখা চিঠি
গ. শেখ শুভোদয়া ঘ. নরোত্তম দাসের দেহকড়চা
উত্তর : খ
ব্যাখ্যা : ১৫৫৫ সালে আসামরাজ চুকোম্ফা স্বর্গদেবকে লেখা কুচবিহারের রাজা নরনারায়ণ-এর একটি পত্রকে বাংলা গদ্যের প্রাপ্ত প্রাচীনতম নিদর্শন হিসেবে চিহ্নিত করা হয়। এরপর গদ্যের তেমন বিকাশ লক্ষ করা যায় না। উনবিংশ শতাব্দীর গোড়ার দিকে পর্তুগিজ পাদ্রিগণ বাংলা গদ্যের ব্যাপক ব্যবহারের প্রচলন করেন।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. মোতাহার হোসেন চৌধুরী কোন আন্দোলনের সাথে যুক্ত ছিলেন? [ঢাবি (বি ইউনিট) ১৮-১৯]
ক. স্বদেশী খ. অসহযোগ
গ. ভাষা ঘ. বুদ্ধির মুক্তি
উত্তর : ঘ
ব্যাখ্যা : ১৯২৬ সালের ১৭ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল হুসেনের নেতৃত্বে ঢাকায় 'মুসলিম সাহিত্য সমাজ' নামে একটি সাংস্কৃতিক সংগঠন গঠিত হয়। এই সমাজের কার্যক্রম 'বুদ্ধির মুক্তি আন্দোলন' নামে পরিচিত। বুদ্ধির মুক্তি আন্দোলনের সাথে আরো যুক্ত ছিলেন- কাজী মোতাহার হোসেন, কাজী আবদুল ওদুদ, আবদুল কাদির প্রমুখ। এই সমাজের মুখপত্র 'শিখা' পত্রিকা। যার প্রতিটি সংখ্যায় লেখা থাকত 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'।

২. 'Vocabolario em idioma Bengalla e Portuguez dividido em duas Partes' বইটি মুদ্রিত হয় কোন হরফে? [যশোর বিজ্ঞান ও প্রযুক্তি (ঘ) ১৪-১৫]
ক. রোমান খ. ল্যাটিন গ. পর্তুগিজ
ঘ. তাম্র ঙ. হ্যালহেড
উত্তর : ঙ

৩. বাংলা সাহিত্যের আধুনিক যুগ কত সাল থেকে শুরু? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ব. (বি ইউনিট) ১২-১৩]
ক. ১৮০১ খ. ১৯০১
গ. ২০০১ ঘ. ২০১১
উত্তর : খ

৪. বাংলা গদ্যরূপ কখন বিকাশ লাভ করে? [খুবি (এ ইউনিট) ১১-১২]
ক. প্রাচীন যুগ খ. মধ্যযুগ
গ. ইংরেজ আগমনের পরে ঘ. স্বাধীনতাযুদ্ধের পরে
উত্তর :

Scanned with CamScanner

বাংলা উপন্যাস

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'আগুনের পরশমণি' কার রচনা? *[৩৯তম বিসিএস]*

ক. হুমায়ুন আহমেদ খ. শওকত ওসমান

গ. সৈয়দ শামসুল হক ঘ. আমজাদ হোসেন উত্তর : ক

ব্যাখ্যা : 'আগুনের পরশমণি' (১৯৮৬) হুমায়ুন আহমদের একটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। এ উপন্যাসের কেন্দ্রবিন্দু ঢাকা শহরের একটি বাড়ি। সেই বাড়িতে একজন মুক্তিযোদ্ধা আশ্রয় নেন। পাক বাহিনীর সাথে যুদ্ধ করে সে আহত হয়। কারফিউ থাকায় তাকে ডাক্তারের কাছে নেওয়া সম্ভব হয় না। ভোর হলে ডাক্তারের কাছে নিয়ে যেতে পারবে। শুরু হয় অপেক্ষমান এক দীর্ঘ রজনী। এভাবেই শেষ হয় উপন্যাসের কাহিনি।

২. 'বাঁধন-হারা' কাজী নজরুল ইসলামের কোন ধরনের রচনা? *[৩৯তম বিসিএস]*

ক. উপন্যাস খ. নাটক

গ. কবিতা ঘ. ভ্রমণ কাহিনী **উত্তর : ক**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস 'বাঁধন-হারা' (১৯২৭)। এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস। এতে ১৮টি পত্র রয়েছে। কাজী নজরুল ইসলাম করাচীতে অবস্থানকালে 'বাঁধন-হারা' উপন্যাস রচনা শুরু করেন। এটি মুসলিম ভারত পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। পত্রিকায় প্রকাশিত হওয়ার সময় নজরুল এর দুটি নাম ঠিক করেন 'বাঁধন-হারা' ও 'তাহমিনা'। পরে 'বাঁধন-হারা' নামেই গ্রন্থাকারে প্রকাশিত হয়। উপন্যাসের নায়ক নুরুল হুদা। অন্যান্য চরিত্রের মধ্যে রয়েছে- রবিউল, রাবেয়া, সোফিয়া, মাহবুবা প্রমুখ।

৩. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত গ্রন্থ কোনটি? *[৩৯তম বিসিএস]*

ক. পদ্মাবতী খ. পদ্মগোখরা

গ. পদ্মরাগ ঘ. পদ্মমণি **উত্তর : গ**

ব্যাখ্যা : বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত উপন্যাস 'পদ্মরাগ' (১৯২৪)। তবে সাহিত্য সমালোচকগণ একে উপন্যাস না বলে উপন্যাসোপম গদ্য-আখ্যায়িকা বলে অভিহিত করেছেন। উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র সিদ্দিকা, যার প্রণয়প্রার্থী লতিফ। 'পদ্মাবতী' (১৬৪৮) মধ্যযুগের কবি আলাওল রচিত কাব্য। 'পদ্মগোখরা' কাজী নজরুল ইসলাম রচিত গল্প। 'পদ্মমণি' কবি উত্তম দাশ রচিত একটি কবিতা।

৪. 'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা কে? *[৩৮তম বিসিএস]*

ক. কাজী আবদুল ওদুদ খ. আবুল ফজল

গ. রশীদ করিম ঘ. হুমায়ুন কবির উত্তর : ঘ

ব্যাখ্যা : হুমায়ুন কবির রচিত উপন্যাস- 'নদী ও নারী' (১৯৪৫)। এ উপন্যাসের পটভূমিতে রয়েছে চরের মানুষের জীবনালেখ্য। নজু মিয়া আর আসগর মিয়া দুই বন্ধু। তাদের জীবনের ঘটনাকে কেন্দ্র করেই আবর্তিত হয়েছে 'নদী ও নারী' উপন্যাসের কাহিনি।

৫. "প্রদীপ নিবিয়া গেল"।- এ বিখ্যাত বর্ণনা কোন উপন্যাসের? *[৩৭তম বিসিএস]*

ক. বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' খ. রবীন্দ্রনাথের 'চোখের বালি'

গ. বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা' ঘ. রবীন্দ্রনাথের 'যোগাযোগ' **উত্তর : গ**

Scanned with CamScanner

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক উপন্যাস 'কপালকুণ্ডলা'। কেন্দ্রীয় চরিত্র- নবকুমার ও কপালকুণ্ডলা। এর উল্লেখযোগ্য সংলাপ-

✓ 'পথিক তুমি পথ হারাইয়াছ' কপালকুণ্ডলা নবকুমারকে বলে।
✓ তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?
✓ প্রদীপ নিবিয়া গেল।

৬. 'বিষাদ-সিন্ধু' একটি- [৩৬তম বিসিএস]
ক. গবেষণা গ্রন্থ খ. ধর্মবিষয়ক প্রবন্ধ
গ. ইতিহাস আশ্রয়ী উপন্যাস ঘ. আত্মজীবনী
উত্তর : গ

ব্যাখ্যা : 'বিষাদ সিন্ধু' মীর মশাররফ হোসেনের ইতিহাস আশ্রিত উপন্যাস। কারবালার কাহিনী অবলম্বনে রচিত। উপন্যাসটি তিন পর্বে বিভক্ত- মহররম পর্ব, উদ্ধার পর্ব ও এজিদবধ পর্ব। এতে উপসংহারসহ সর্বমোট ৬৩টি অধ্যায় রয়েছে। ১৮৮৫ সালের টাঙ্গাইলের 'দেলদুয়ার' এস্টেটের ম্যানেজার থাকাকালে এটি রচনা করেন।

৭. কোনটি কাজী নজরুল ইসলামের উপন্যাস? [৩৬তম বিসিএস]
ক. রিক্তের বেদন খ. সর্বহারা
গ. আলেয়া ঘ. কুহেলিকা
উত্তর : ঘ

ব্যাখ্যা : কাজী নজরুলের উপন্যাস- বাঁধনহারা (১৯২৭), মৃত্যুক্ষুধা (১৯৩০), কুহেলিকা (১৯৩১)। গল্পগ্রন্থ- রিক্তের বেদন, কাব্য-সর্বহারা, নাটক- আলেয়া।

৮. 'কপালকুণ্ডলা' কোন প্রকৃতির রচনা? [৩৫তম বিসিএস]
ক. রোমান্সমূলক উপন্যাস খ. বিয়োগান্তক নাটক
গ. ঐতিহাসিক উপন্যাস ঘ. সামাজিক উপন্যাস
উত্তর : ক

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক ও দ্বিতীয় সার্থক উপন্যাস কপালকুণ্ডলা (১৮৬৬)। উপন্যাসের চরিত্র- কপালকুণ্ডলা, নবকুমার, কাপালিক। কাপালিক পালিতা কন্যা কপালকুণ্ডলার সাথে নবকুমারের বিয়ে এবং সমাজ বন্ধনের দ্বন্দ্বই এ উপন্যাসের মূল কাহিনী।

৯. নিচের যে উপন্যাসে গ্রামীণ সমাজ জীবনের চিত্র প্রাধান্য লাভ করেনি- [৩৬তম বিসিএস]
ক. গণদেবতা খ. পদ্মানদীর মাঝি
গ. সীতারাম ঘ. পথের পাঁচালী
উত্তর : গ

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সর্বশেষ উপন্যাস- সীতারাম (১৮৮৭)। এতে এক ব্যক্তির পারিবারিক জীবন প্রাধান্য পেয়েছে, গ্রামীণ সমাজ জীবনের চিত্র প্রাধান্য লাভ করেনি। অন্যগুলোতে গ্রামীণ জীবনের প্রাধান্য লাভ করেছে।

১০. 'ঘরে-বাইরে' উপন্যাসটি কার লেখা- [৩৪তম বিসিএস]
ক. আলাওল খ. কাজী দীন মুহম্মদ
গ. কাজী মোতাহের হোসেন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর : ঘ

ব্যাখ্যা : 'ঘরে বাইরে' (১৯১৬) রবীন্দ্রনাথের চলিত ভাষায় লেখা প্রথম উপন্যাস। বৃটিশ ভারতের রাজনীতির প্রেক্ষাপটে রচিত। 'সবুজপত্র' পত্রিকায় প্রকাশিত হয়। উল্লেখযোগ্য চরিত্র- নিখিলেশ, বিমলা ও সন্দীপ।

১১. 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতা কে? [৩২তম বিসিএস]
ক. কাজী এমদাদুল হক খ. মীর মশাররফ হোসেন
গ. নজিবুর রহমান সাহিত্যরত্ন ঘ. ইসমাইল হোসেন সিরাজী
উত্তর : গ

Scanned with CamScanner

ব্যাখ্যা : মোহাম্মদ নজিবর রহমান সাহিত্যরত্ন রচিত সামাজিক ও পারিবারিক চিত্রভিত্তিক উপন্যাস- 'আনোয়ারা' (১৯১৪)। এ উপন্যাসের নায়ক নায়িকা নুরুল এসলাম ও আনোয়ারা। তার রচিত অন্যান্য উপন্যাস- প্রেমের সমাধি (১৯১৫), গরীবের মেয়ে (১৯২৩)।

১২. 'দিবারাত্রির কাব্য' কার লেখা উপন্যাস? *[৩২তম বিসিএস]*

ক. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় খ. শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

গ. ঈশান চন্দ্র বন্দ্যোপাধ্যায় ঘ. মানিক বন্দ্যোপাধ্যায় **উত্তর : ঘ**

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস- দিবারাত্রির কাব্য (১৯৩৫)। এর প্রধান চরিত্র- হেরম্ব ও আনন্দ। তার অন্যান্য উপন্যাস- জননী (১৯৩৫), পুতুল নাচের ইতিকথা (১৯৩৬), অহিংসা।

১৩. 'আনন্দমঠ' উপন্যাসের লেখক কে? *[৩১তম বিসিএস]*

ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. আনন্দমোহন বাগচী **উত্তর : ক**

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস- আনন্দমঠ (১৮৮২)। এ উপন্যাসটি ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিকায় সন্ন্যাসী বিদ্রোহের কাহিনী অবলম্বনে রচিত। এতে 'বন্দে মাতরম' সঙ্গীতটি সংযোজিত আছে।

১৪. 'আধ্যাত্মিকা' উপন্যাসের লেখক কে? *[৩০তম বিসিএস]*

ক. প্যারীচাঁদ মিত্র খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

গ. দমোদর বন্দ্যোপাধ্যায় ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর : ক**

ব্যাখ্যা : আধ্যাত্মিকা (১৮৮০) উপন্যাসের লেখক প্যারীচাঁদ মিত্র। তার অন্যান্য গ্রন্থ- মদ খাওয়া বড় দায়, জাত থাকার কি উপায় (১৮৫৯), রামারঞ্জিকা (১৮৬০), গীতাঙ্কুর (১৮৬১), যৎকিঞ্চিৎ (১৮৬৫), অভেদী (১৮৭১), বামাতোষিণী (১৮৮১)।

১৫. কোনটি উপন্যাস? *[২৭তম বিসিএস]*

ক. নতুন চাঁদ খ. কন্যা কুমারী

গ. গড্ডলিকা ঘ. নেমেসিস **উত্তর : খ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম রচিত কাব্যগ্রন্থ- নতুন চাঁদ। 'কন্যা কুমারী' আবদুর রাজ্জাক রচিত উপন্যাস। 'গড্ডলিকা' রাজশেখর বসু রচিত গল্পগ্রন্থ। 'নেমেসিস' নুরুল মোমেন রচিত নাটক।

১৬. কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি? *[২৬তম বিসিএস, ২৪তম বিসিএস]*

ক. মৃত্যুক্ষুধা খ. আলেয়া

গ. ঝিলিমিলি ঘ. মধুমালা **উত্তর : ক**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের উপন্যাস- বাঁধনহারা (১৯২৭), মৃত্যুক্ষুধা (১৯৩০), কুহেলিকা (১৯৩১)। নাটক- ঝিলিমিলি (১৯৩০), আলেয়া (১৯৩১), মধুমালা (১৯৬০)।

১৭. 'উত্তম পুরুষ' উপন্যাসটির রচয়িতা কে? *[২৫তম বিসিএস]*

ক. শওকত ওসমান খ. জহির রায়হান

গ. শহীদুল্লা কায়সার ঘ. রশীদ করিম **উত্তর : ঘ**

ব্যাখ্যা : 'উত্তম পুরুষ' উপন্যাসটির রচয়িতা রশীদ করিম। অন্যান্য উপন্যাস - প্রসন্ন পাষাণ (১৯৬৩), আমার যত গ্লানি (১৯৭৩), খাঁচায়, মায়ের কাছে যাচ্ছি, লাঞ্ছবক্স (১৯৯৩, শেষ উপন্যাস)।

Scanned with CamScanner

১৮. 'কাশবনের কন্যা' গ্রন্থটির লেখক কে? [২৪তম বিসিএস (বাতিল), ৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]
ক. আবুল কালাম শামসুদ্দীন খ. শামসুদ্দীন আবুল কালাম
গ. আবুল ফজল ঘ. জসীম উদ্‌দীন
উত্তর : খ
ব্যাখ্যা : শামসুদ্দিন আবুল কালাম রচিত সবচেয়ে বিখ্যাত ও মিথিক্যাল উপন্যাস 'কাশবনের কন্যা'। এ উপন্যাসটি ১৯৫৪ সালে প্রকাশিত হয়। এর প্রধান দুই চরিত্র- হোসেন ও শিকদার। প্রচ্ছদশিল্পী ছিলেন শিল্পাচার্য জয়নুল আবেদীন।

১৯. রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থটি উপন্যাস? [২৪তম বিসিএস, ৫ম বিজেএস (সহকারী জজ)-১০]
ক. শেষের কবিতা খ. বলাকা
গ. ডাকঘর ঘ. কালান্তর
উত্তর : ক
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি রোমান্টিক উপন্যাস 'শেষের কবিতা' (১৯২৯)। এর প্রধান চরিত্র- অমিত, লাবণ্য, কেতকী রায়। কাব্যগ্রন্থ- বলাকা, নাটক- ডাকঘর, প্রবন্ধগ্রন্থ- কালান্তর।

২০. 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসের রচয়িতা কে? [২৪তম বিসিএস]
ক. হাসান হাফিজুর রহমান খ. জহির রায়হান
গ. শহীদুল্লা কায়সার ঘ. আনোয়ার পাশা
উত্তর : ঘ
ব্যাখ্যা : আনোয়ার পাশা রচিত 'রাইফেল রোটি আওরাত' (১৯৭৩) মুক্তিযুদ্ধের উপর প্রথম উপন্যাস। একাত্তর সালে মুক্তিযুদ্ধ চলাকালে এপ্রিলে উপন্যাসটি লেখা শুরু হয়, শেষ হয় জুনে। তার অন্যান্য উপন্যাস- নীড় সন্ধানী (১৯৬৮), নিষুতি রাতের গাঁথা (১৯৬৮)।

২১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসটি সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়েছিল? [২৪তম বিসিএস]
ক. পথের দাবী খ. নিষ্কৃতি
গ. চরিত্রহীন ঘ. দত্তা
উত্তর : ক
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত রাজনৈতিক উপন্যাস 'পথের দাবী' (১৯২৬)। এটি 'বঙ্গবাণী' পত্রিকায় প্রকাশিত হয়। উপন্যাসের চরিত্র ভারতী, সব্যসাচী ওরফে ডাক্তার সাহেব। বিপ্লবীদের সমর্থন করার অভিযোগে বৃটিশ সরকার এটি বাজেয়াপ্ত করে।

২২. কোনটি সঠিক? [২২তম বিসিএস]
ক. গোরা (নাট্যগ্রন্থ) খ. বিদ্রোহী (কাব্যগ্রন্থ)
গ. পথের দাবী (উপন্যাস) ঘ. একাত্তরের দিনগুলি (উপন্যাস)
উত্তর : গ
ব্যাখ্যা :

সাহিত্যকর্ম	লেখক	গ্রন্থের ধরন
পথের দাবী (১৯২৬)	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	উপন্যাস
গোরা (১৯০১)	রবীন্দ্রনাথ ঠাকুর	উপন্যাস
বিদ্রোহী	কাজী নজরুল ইসলাম	কবিতা
একাত্তরের দিনগুলি (১৯৮৬)	জাহানারা ইমাম	স্মৃতিকথা

২৩. কোনটি রবীন্দ্রনাথের রচনা? [২১তম বিসিএস]
ক. চতুরঙ্গ খ. চতুষ্কোণ
গ. চতুর্দশী ঘ. চতুষ্পঠী
উত্তর : ক

Scanned with CamScanner

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস- চতুরঙ্গ (১৯১৬)। এটি সাধু ভাষায় লিখিত সর্বশেষ উপন্যাস। উল্লেখ্য হুমায়ুন কবির 'চতুরঙ্গ' নামে একটি সাহিত্য পত্রিকা সম্পাদনা ও প্রকাশ করতেন। বলাইচাঁদ মুখোপাধ্যায় রচিত কাব্য 'চতুর্দশী' (১৯৪৭), মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস 'চতুষ্কোণ' (১৯৪৮)।

২৪. 'সংশপ্তক' কার রচনা? [২০তম বিসিএস, সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]

ক. মুনীর চৌধুরী
খ. শহীদুল্লা কায়সায়
গ. জহির রায়হান
ঘ. শওকত ওসমান

উত্তর : খ

ব্যাখ্যা : শহীদুল্লা কায়সারের এক কালজয়ী উপন্যাস 'সংশপ্তক' (১৯৬৫)। এর বৃহত্তম পটভূমিতে আছে দ্বিতীয় বিশ্বযুদ্ধ, মন্বন্তর, পাকিস্তান আন্দোলন, সাম্প্রদায়িক দাঙ্গা ও পাকিস্তান প্রতিষ্ঠার ঘটনা। এ উপন্যাসের প্রধান চরিত্র- জাহেদ, রাবু, সেকেন্দার, মালু ও সুবিধাবাদী চরিত্র রমজান।

২৫. কাজী ইমদাদুল হকের আবদুল্লাহ উপন্যাসের উপজীব্য কি? [১৮তম বিসিএস]

ক. মুসলিম জমিদার শ্রেণীর জীবন কাহিনী
খ. কৃষক সমাজের সংগ্রামশীল চিত্র
গ. তৎকালীন মুসলিম মধ্যবিত্ত সমাজের চিত্র
ঘ. চাষী জীবনের করুণ চিত্র

উত্তর : গ

ব্যাখ্যা : কাজী ইমদাদুল হকের একটি অসমাপ্ত উপন্যাস 'আব্দুল্লাহ'। উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র আব্দুল্লাহ। আব্দুল্লাহ আধুনিক শিক্ষায় শিক্ষিত ধর্মপ্রাণ মুসলমান কিন্তু কুসংস্কার বিরোধী।

২৬. কোন বইটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নয়? [১৮তম বিসিএস]

ক. শেষের কবিতা
খ. দোলনচাঁপা
গ. সোনার তরী
ঘ. মানসী

উত্তর : খ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের দ্বিতীয় কাব্যগ্রন্থ- দোলনচাঁপা (১৯২৩)। 'আনন্দময়ীর আগমনে' কবিতা প্রকাশের জন্য কবিকে এক বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করে প্রেসিডেন্সি জেলে রাখা হয়। এই সময় দোলনচাঁপা কাব্যের কবিতাগুলি রচিত হয়। জেল কর্তৃপক্ষের অগোচরে পবিত্র গঙ্গোপাধ্যায় ওয়ার্ডারদের সাহায্যে তাঁর সব কবিতাই বাইরে নিয়ে আসেন। এ কবিতাগুলো দিয়ে 'দোলনচাঁপা' কাব্য প্রকাশ করেন। রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস- শেষের কবিতা (১৯২৯), কাব্য- সোনার তরী (১৮৯৪), মানসী (১৯২০)।

২৭. 'পথিক তুমি পথ হারাইয়াছ!' উক্তিটি কার? [১৬তম বিসিএস]

ক. রবীন্দ্রনাথ ঠাকুরের
খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের
গ. মীর মশাররফ হোসেনের
ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের

উত্তর : খ

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক উপন্যাস 'কপালকুণ্ডলা' (১৮৬৬)। এ উপন্যাসের উল্লেখযোগ্য উক্তি- 'পথিক তুমি পথ হারাইয়াছ'। উপন্যাসের নায়িকা কপালকুণ্ডলা নায়ক নবকুমারকে উদ্দেশ্য করে এ উক্তি করেছেন।

২৮. কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর? [১৬তম বিসিএস]

ক. বিষবৃক্ষ
খ. গণদেবতা
গ. আরণ্যক
ঘ. ঘরে বাইরে

উত্তর : ঘ

ব্যাখ্যা : 'ঘরে বাইরে' (১৯১৬) রবীন্দ্রনাথের চলিত ভাষায় লেখা প্রথম উপন্যাস। বৃটিশ ভারতের রাজনীতির প্রেক্ষাপটে রচিত। এর উল্লেখযোগ্য চরিত্র- নিখিলেশ, বিমলা ও সন্দীপ। বঙ্কিমচন্দ্রের উপন্যাস 'বিষবৃক্ষ', তারাশঙ্করের উপন্যাস 'গণদেবতা', বিভূতিভূষণের উপন্যাস 'আরণ্যক'।

Scanned with CamScanner

২৯. মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি' নামক উপন্যাসের উপজীব্য কি? [১৩তম বিসিএস]
ক. মাঝি-মাল্লার সংগ্রামশীল জীবন খ. চাষী জীবনের করুণচিত্র
গ. জেলে জীবনের বিচিত্র সুখ-দুঃখ ঘ. চরবাসীদের দুঃখী জীবন উত্তর : গ
ব্যাখ্যা : 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের উপজীব্য জেলে জীবনের বিচিত্র সুখ-দুঃখ। পদ্মা নদীর তীর সংলগ্ন কেতুপুর গ্রাম এবং তার আশে পাশের কয়েকটি গ্রামের মাঝি ও জেলেদের জীবনসংগ্রামের কাহিনীকে কেন্দ্র করে উপন্যাসটি রচিত হয়েছে।

৩০. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'শেষের কবিতা' কি জাতীয় রচনা? [১০তম বিসিএস]
ক. কবিতার নাম খ. গল্প সংকলনের নাম
গ. উপন্যাসের নাম ঘ. কাব্য সংকলনের নাম উত্তর : গ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস- শেষের কবিতা (১৯২৯)। ১৯২৮ সালে প্রবাসী পত্রিকায় ছাপা হয়। এতে রয়েছে ১৬টি কবিতা এবং ৩৯৪টি কাব্যচরণ। তাছাড়া এ উপন্যাসের গদ্যেও রয়েছে কাব্যময়তা। তাই একে কাব্যপোন্যাসও বলা হয়। চরিত্র- অমিত রায়, লাবণ্য, কেতকী। এতে ভাষাবিদ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের নাম উল্লেখ আছে।

৩১. 'বিশ শতকের মেয়ে' উপন্যাসটির রচয়িতা কে? [৯ম বিজেএস (সহকারী জজ)-১৪]
ক. আনিস চৌধুরী খ. নীলিমা ইব্রাহিম
গ. আনোয়ার পাশা ঘ. শহীদুল্লা কায়সার উত্তর : খ
ব্যাখ্যা : ড. নীলিমা ইব্রাহিম রচিত উপন্যাস- বিশ শতকের মেয়ে (১৯৫৮), এক পথ দুই বাঁক (১৯৫৮), কেয়াবন সঞ্চারিণী (১৯৬২), বহ্নিবলয় (১৯৮৫)।

৩২. মতিন ও কমল নামের চরিত্রকে কেন্দ্র করে একটি শিশুর আত্মানুসন্ধান প্রকাশিত হয় হুমায়ূন আহমেদের কোন উপন্যাসে? [৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]
ক. আগুনের পরশমনি খ. এই সব দিনরাত্রি
গ. দুই দুয়ারী ঘ. কে কথা কয় উত্তর : ঘ
ব্যাখ্যা : হুমায়ূন আহমেদের অটিজম নিয়ে রচিত উপন্যাস 'কে কথা কয়'। উপন্যাসের মূল চরিত্রের একজন কমল নামে দশ-এগারো বছরের গণিতে আগ্রহী এক অটিস্টিক শিশু। অন্য চরিত্র মতিন নামের সাতাশ বছর বয়সি এক বেকার যুবক। রয়েছে উজবেক কবি নদ্দিউ নতিম নামে এক কাল্পনিক চরিত্র।

৩৩. 'আলালের ঘরের দুলাল' উপন্যাসটির রচয়িতা- [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]
ক. কালিপ্রসন্ন সিংহ খ. প্যারীচাঁদ মিত্র
গ. ভবানীচরন বন্দ্যোপাধ্যায় ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর উত্তর : খ
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস প্যারীচাঁদ মিত্র রচিত 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮)। উপন্যাসটি ১৮৫৪ সাল থেকে 'মাসিক পত্রিকায়' ধারাবাহিকভাবে প্রকাশিত হয় এবং গ্রন্থাকারে প্রকাশিত হয় ১৮৫৮ সালে। নব্যশিক্ষিত ইয়ংবেঙ্গলদের কার্যকলাপ ও পরিণতি এ গ্রন্থের মূল প্রতিপাদ্য বিষয়।

৩৪. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসটির রচয়িতা- [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]
ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. সৈয়দ শামসুল হক ঘ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় উত্তর : খ
ব্যাখ্যা : 'চাঁদের অমাবস্যা' সৈয়দ ওয়ালীউল্লাহর মনোসমীক্ষণমূলক উপন্যাস। এর কেন্দ্রীয় চরিত্র - স্কুলশিক্ষক আরেফ আলী।

৩৫. 'তিতাস একটি নদীর নাম
ক. অদ্বৈত মল্লবর্মণ
গ. কাজী নজরুল ইসলাম
ব্যাখ্যা : অদ্বৈত মল্লবর্মণ রচিত উপন্যা
প্রথমে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রক
একটি নদীর নাম' শিরোনামে উপন্যাসটি

৩৬. 'বিরাজ বউ' উপন্যাসের
ক. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. সুকান্ত ভট্টাচার্য
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টপাধ্যায়ের উপন্য

৩৭. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের
ক. বড়দিদি
গ. রামের সুমতি
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্র
হয়। ছোটগল্প- রামের সুমতি (১৯১

৩৮. নজরুলের প্রথম উপন
ক. লালসালু
গ. ব্যথার দান
ব্যাখ্যা : কাজী নজরুলের প্রথম
পত্রোপন্যাস। উপন্যাসের নায়ক
করেছেন। গল্পগ্রন্থ- ব্যথার দান।

৩৯. 'ক্রীতদাসের হাসি'-
ক. ইমদাদুল হক মিলন
গ. শওকত ওসমান
ব্যাখ্যা : শওকত ওসমানের এ
রূপকাকারে আইয়ুবি স্বৈরশাস
ফুটিয়ে তুলেছেন। উপন্যাসের

৪০. রবীন্দ্রনাথ ঠাকুরের
ক. চোখের বালি
গ. শেষের কবিতা
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের
লেখা উপন্যাস 'করুণা' (১
হিসেবে গণ্য করা হয় না।

Scanned with CamScanner

৩৫. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি লিখেছেন-[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]
ক. অদ্বৈত মল্লবর্মণ খ. আলাউদ্দীন আল আজাদ
গ. কাজী নজরুল ইসলাম ঘ. আবু জাফর শামসুদ্দীন
উত্তর : ক
ব্যাখ্যা : অদ্বৈত মল্লবর্মণ রচিত উপন্যাস 'তিতাস একটি নদীর নাম' (১৯৫৬)। এ উপন্যাসটি প্রথমে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রকাশিত হয়ে। অদ্বৈত মারা যাবার পর ১৯৫৬ সালে 'তিতাস একটি নদীর নাম' শিরোনামে উপন্যাসটি গ্রন্থাকারে প্রকাশিত হয়।

৩৬. 'বিরাজ বউ' উপন্যাসের রচয়িতা- [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]
ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. সত্যেন সেন
গ. সুকান্ত ভট্টাচার্য ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
উত্তর : ঘ
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস 'বিরাজ বৌ'। উপন্যাসের চরিত্র নীলাম্বর, বিরাজ।

৩৭. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোনটি? [৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]
ক. বড়দিদি খ. বিন্দুর ছেলে
গ. রামের সুমতি ঘ. বৈকুণ্ঠের উইল
উত্তর : ক
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস- বড়দিদি (১৯১৩)। ভারতী পত্রিকায় প্রকাশিত হয়। ছোটগল্প- রামের সুমতি (১৯১৪), বিন্দুর ছেলে।

৩৮. নজরুলের প্রথম উপন্যাস কোনটি? [সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]
ক. লালসালু খ. বাঁধন-হারা
গ. ব্যথার দান ঘ. কোনটিই নয়
উত্তর : খ
ব্যাখ্যা : কাজী নজরুলের প্রথম উপন্যাস- বাঁধনহারা (১৯২৭)। এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস। উপন্যাসের নায়ক নুরুল হুদা। নুরু চরিত্রের মাধ্যমে নজরুল নিজের চরিত্র চিত্রায়ণ করেছেন। গল্পগ্রন্থ- ব্যথার দান। সৈয়দ ওয়ালীউল্লাহর উপন্যাস- লালসালু।

৩৯. 'ক্রীতদাসের হাসি'-এর লেখক কে? [সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]
ক. ইমদাদুল হক মিলন খ. হুমায়ূন আহমেদ
গ. শওকত ওসমান ঘ. তসলিমা নাসরীন
উত্তর : গ
ব্যাখ্যা : শওকত ওসমানের প্রতীকাশ্রয়ী উপন্যাস 'ক্রীতদাসের হাসি' (১৯৬২)। এ উপন্যাসে রূপকাকারে আইয়ুবি স্বৈরশাসনের স্বরূপ এবং পূর্ব বাংলার স্বাধীনতাকামী মানুষের অন্তর্সত্য ফুটিয়ে তুলেছেন। উপন্যাসের মূল চরিত্র তাতারী।

৪০. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত উপন্যাস- [সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]
ক. চোখের বালি খ. বৌঠাকুরাণীর হাট
গ. শেষের কবিতা ঘ. গোরা
উত্তর : খ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত উপন্যাস বৌঠাকুরাণীর হাট (১৮৮৩)। কিন্তু প্রথম লেখা উপন্যাস 'করুণা' (১৮৭৭)। করুণা উপন্যাসটি অসমাপ্ত, তাই একে পূর্ণাঙ্গ উপন্যাস হিসেবে গণ্য করা হয় না।

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস হচ্ছে- [পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল)-১৯]
ক. নয়নতারা খ. বিজয়বসন্ত
গ. নববাবু বিলাস ঘ. দুর্গেশনন্দিনী
উত্তর : ঘ
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫)। 'দুর্গেশনন্দিনী' শব্দের অর্থ দুর্গ প্রধানের কন্যা। এ উপন্যাসের প্রতিক্রিয়ায় ইসমাইল হোসেন সিরাজী 'রায়নন্দিনী' উপন্যাস লিখেন। 'নয়নতারা' নামে শিবনাথ শাস্ত্রী ও অমিয়ভূষণ মজুমদার দুজনই উপন্যাস লিখেছেন। কাঙাল হরিনাথের উপন্যাস 'বিজয়বসন্ত' (১৮৫৯)। ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় রচিত গ্রন্থ 'নববাবু বিলাস' (১৮২৫)।

২. 'জীবন আমার বোন' কার রচনা- [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন AD-১৯]
ক. নির্মলেন্দু খ. মাহমুদুল হক
গ. শওকত আলী ঘ. শামসুর রাহমান
উত্তর : খ
ব্যাখ্যা : মাহমুদুল হক রচিত উপন্যাস- জীবন আমার বোন (১৯৭২), কালো বরফ (১৯৭৭)। 'জীবন আমার বোন' উপন্যাসের অধিকাংশ পরিসরজুড়ে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে মুক্তিযুদ্ধ শুরুর ঠিক আগের সমাজ ও রাজনৈতিক উত্তেজনার বর্ণনা ও বিশ্লেষণ রয়েছে।

৩. 'তেইশ নম্বর তৈলচিত্র' উপন্যাসটির রচয়িতা? [বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]
ক. মানিক বন্দোপাধ্যায় খ. শওকত ওসমান
গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. হুমায়ুন আহমেদ
উত্তর : গ
ব্যাখ্যা : আলাউদ্দিন আল আজাদের প্রথম উপন্যাস 'তেইশ নম্বর তৈলচিত্র' (১৯৬০)। প্রথম প্রকাশিত হয়েছিল 'পদক্ষেপ' নামক পত্রিকার ঈদ সংখ্যায়। একজন শিল্পীকে কেন্দ্র করে গড়ে উঠেছে এ উপন্যাসের কাহিনী। জাহেদ সেই শিল্পী।

৪. কোনটি শরৎচন্দ্রের উপন্যাস নয়? [বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]
ক. পল্লী সমাজ খ. গৃহদাহ
গ. চার অধ্যায় ঘ. চরিত্রহীন
উত্তর : গ
ব্যাখ্যা : 'চার অধ্যায়' রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস। বাকীগুলো শরৎচন্দ্রের উপন্যাস।

৫. উনসত্তরের গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত উপন্যাস কোনটি? [বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]
ক. চিলেকোঠার সেপাই খ. অনেক সূর্যের আশা
গ. অগ্নিসাক্ষী ঘ. আরেক ফাল্গুন
উত্তর : ক
ব্যাখ্যা : উনসত্তরের গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত উপন্যাস 'চিলেকোঠার সেপাই'। 'অনেক সূর্যের আশা' উপন্যাসের কাহিনীর ব্যপ্তি দ্বিতীয় বিশ্বযুদ্ধ থেকে ১৯৫১ সাল পর্যন্ত। ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত 'আরেক ফাল্গুন'। জহিরুল ইসলামের উপন্যাস 'অগ্নিসাক্ষী'।

৬. 'চাঁদের পাহাড়' কার রচনা? [পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-১৮]
ক. জীবনানন্দ দাশ খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. আল মাহমুদ ঘ. অবধূত
উত্তর : খ
ব্যাখ্যা : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রোমাঞ্চকর উপন্যাস 'চাঁদের পাহাড়' (১৯৩৭)। শঙ্কর নামক ভারতবর্ষের এক তরুণের আফ্রিকা মহাদেশ জয় করার কাহিনী নিয়ে লেখা।

Scanned with CamScanner

শীকর বাংলা প্রশ্ন-পাঠ

৭. 'যাপিত জীবন' উপন্যাসের রচয়িতা- [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]
ক. আহমদ ছফা খ. আহমদ শরীফ
গ. সেলিনা হোসেন ঘ. বেগম রোকেয়া
উত্তর : গ
ব্যাখ্যা : 'যাপিত জীবন' (১৯৮১) উপন্যাসের রচয়িতা সেলিনা হোসেন। তার অন্যান্য উপন্যাস- পূর্ণ মধুরের যৌবন (১৯৮২), নিরন্তর ঘন্টাধ্বনি (১৯৮৭)।

৮. কোনটি প্রতীকধর্মী উপন্যাস? [ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]
ক. চাঁদের অমাবস্যা খ. ক্রীতদাসের হাসি
গ. নিষিদ্ধ লোবান ঘ. দুধভাতে উৎপাত
উত্তর : খ
ব্যাখ্যা : শওকত ওসমানের প্রতীকধর্মী উপন্যাস- ক্রীতদাসের হাসি (১৯৬২)। এতে রূপকাকারে আইয়ুবি স্বৈরশাসনের স্বরূপ এবং পূর্ব বাংলার স্বাধীনতাকামী মানুষের অন্তর্সত্য ফুটিয়ে তোলা হয়েছে। আইয়ুব খানের স্বৈরশাসন যতই জাঁকজমকভাবে উন্নয়নের দশক পালন করুক না কেন, বাকস্বাধীনতা, গণতন্ত্র ও আইনের শাসন ছাড়া মানুষ কখনো সুখী হতে পারে না।

৯. 'দত্তা' উপন্যাসটি কার লেখা? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর-১৮]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. রবীন্দ্রনাথ দত্ত
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. সুরেন্দ্র পাল
উত্তর : গ
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রেমের উপন্যাস 'দত্তা' (১৯১৮)। উল্লেখযোগ্য চরিত্র- বিজয়া, নরেন, বনমালীবাবু, বিলাস, রাসবিহারী। ১৯৩৪ সালে দত্তার নাট্যরূপ 'বিজয়া' প্রকাশিত হয়।

১০. 'পদ্মা মেঘনা যমুনা' উপন্যাসটি কে রচনা করেন? [একটি বাড়ি একটি খামার প্রকল্প (জেলা সমন্বয়ক)-১৭]
ক. আবু জাফর শামসুদ্দীন খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. জহির রায়হান ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়
উত্তর : ক
ব্যাখ্যা : আবু জাফর শামসুদ্দীন রচিত উপন্যাস- ভাওয়ালগড়ের উপাখ্যান (১৯৬৩), পদ্মা মেঘনা যমুনা (১৯৭৪), সংকর সংকীর্তন (১৯৮০), প্রপঞ্চ (১৯৮০), দেয়াল (১৯৮৫)।

১১. 'পথের পাঁচালী' উপন্যাসের লেখক হলেন-[ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের AD-১৭]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. সত্যজিৎ রায় ঘ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
উত্তর : ঘ
ব্যাখ্যা : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাস- 'পথের পাঁচালী' (১৯২৯)। এটি প্রথম প্রকাশিত হয় 'বিচিত্রা' পত্রিকায়। গ্রন্থাকারে প্রকাশিত হয় ১৯২৯ সালে সজনীকান্ত দাসের রঞ্জন প্রকাশনালয়, কলকাতা থেকে।

১২. 'শঙ্খনীল কারাগার' উপন্যাসটি কার লেখা? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-১৭]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. হুমায়ূন আহমেদ
গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. হুমায়ুন আজাদ
উত্তর : খ
ব্যাখ্যা : হুমায়ূন আহমেদের প্রথম লিখিত উপন্যাস- শঙ্খনীল কারাগার। তবে প্রথম প্রকাশিত উপন্যাস- নন্দিত নরকে (১৯৭২)।

১৩. 'গায়ত্রী সন্ধ্যা' কার রচনা? [ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার-১৭]
ক. রিজিয়া রহমান খ. দিলারা হাশেম
গ. আকিমুন রহমান ঘ. সেলিনা হোসেন
উত্তর : ঘ
ব্যাখ্যা : সেলিনা হোসেনের ত্রয়ী উপন্যাস : গায়ত্রী সন্ধ্যা (১ম খণ্ড ১৯৯৪, ২য় খণ্ড ১৯৯৫, ৩য় খণ্ড ১৯৯৬)। ১৯৪৭ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত দীর্ঘ আটাশ বছরের আর্থ-সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক পটভূমিতে উপন্যাসটি রচিত।

Scanned with CamScanner

১৪. অস্তিত্ববাদী উপন্যাস কোনটি? [স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল)-১৭]
ক. ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী খ. সংকর সংকীর্তন
গ. সূর্যদীঘল বাড়ি ঘ. কাঁদো নদী কাঁদো
উত্তর : ঘ

১৫. 'কথাসাহিত্য' বলতে কোনটি বুঝায়? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৬]
ক. কথা নিয়ে সাহিত্য খ. সাহিত্যের কথা
গ. নাটক ও আবৃত্তি ঘ. ছোটগল্প ও উপন্যাস
উত্তর : ঘ

১৬. বাংলা ভাষার প্রথম ঔপন্যাসিক কে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৬]
ক. প্যারীচাঁদ মিত্র খ.অক্ষয়কুমার বড়াল
গ.বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা উপন্যাস সাহিত্য ধারার প্রথম পুরুষ প্যারীচাঁদ মিত্র। তার রচিত 'আলালের ঘরের দুলাল' উপন্যাসের মাধ্যমে বাংলা সাহিত্যে উপন্যাস ধারার সূচনা হয়। কিন্তু বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস- দুর্গেশনন্দিনী (১৮৬৫)।

১৭. 'গণদেবতা' উপন্যাস কার লেখা? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা-১৬]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. অন্নদাশঙ্কর রায় ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
উত্তর : খ

১৮. 'কালো বরফ' রচনা করেন- [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকতা-১৬]
ক. শহীদুল জহির খ. আহমদ ছফা
গ. মাহমুদুল হক ঘ. সেলিনা হোসেন
উত্তর : গ
ব্যাখ্যা : মাহমুদুল হক (১৯৪০-২০০৮) রচিত উপন্যাস- জীবন আমার বোন (১৯৭২), কালো বরফ (১৯৭৭)। 'কালো বরফ' উপন্যাসে দেশ বিভাগের কাহিনী ব্যাপকভাবে উঠে এসেছে।

১৯. 'পদ্মার পলিদ্বীপ'- কার রচনা? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৬]
ক. জহির রায়হান খ. মাহবুবুল আলম
গ. আবু ইসহাক ঘ. আবু জাফর ওবায়দুল্লাহ
উত্তর : গ
ব্যাখ্যা : আবু ইসহাক রচিত উপন্যাস- পদ্মার পলিদ্বীপ (১৯৮৬)। উপন্যাসটি 'মূখর মাটি' নামে বাংলা একাডেমির 'উত্তরাধিকার' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছে।

২০. 'লালসালু' উপন্যাসের লেখক কে? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান অ্যাসিসটেন্ট অফিসার-১৬]
ক. মুনীর চৌধুরী খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. শওকত ওসমান ঘ. শওকত আলী
উত্তর : খ
ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর বিখ্যাত উপন্যাস 'লালসালু' (১৯৪৮)। গ্রামীণ সমাজে ধর্মের নামে ভণ্ডামীর চিত্র তুলে ধরা হয়েছে এ উপন্যাসে। উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র মজিদ।

২১. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচনা নয় কোনটি? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী-১৬]
ক. রাজসিংহ খ. দেবী চৌধুরানী
গ. আনন্দমঠ ঘ. চিরকুমার সভা
উত্তর : ঘ
ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস- রাজসিংহ, দেবী চৌধুরানী, আনন্দমঠ। রবীন্দ্রনাথ রচিত নাটক- চিরকুমার সভা (১৯২৬)।

Scanned with CamScanner

২২. 'কাঁটাতারে প্রজাপতি' গ্রন্থটির রচয়িতা- [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী-১৬]
ক. শওকত ওসমান খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. জহির রায়হান ঘ. সেলিনা হোসেন
উত্তর : ঘ
ব্যাখ্যা : সেলিনা হোসেন রচিত উপন্যাস- কাঁটাতারে প্রজাপতি (১৯৮৯)। উপন্যাসটি নাচোলের তেভাগা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত।

২৩. শরৎচন্দ্রের 'শ্রীকান্ত' কোন শ্রেণির উপন্যাস? [পোস্ট মাস্টার জেনারেল-এর কার্যালয়ের পোস্টাল অপারেটর-১৬]
ক. ঐতিহাসিক খ. আত্মজৈবনিক
গ. সামাজিক ঘ. রহস্য
উত্তর : খ
ব্যাখ্যা : শরৎচন্দ্রের আত্মজীবনীমূলক উপন্যাস এবং শ্রেষ্ঠ রচনা 'শ্রীকান্ত'। এর চার খণ্ড যথাক্রমে ১৯১৭, ১৯১৮, ১৯২৭, ১৯৩৩ সালে প্রকাশিত হয়। এতে শরৎচন্দ্র 'শ্রীকান্ত শর্মা' ছদ্মনাম ব্যবহার করেছেন। এর প্রথম খণ্ডের সবচেয়ে প্রাণবন্ত ও আকর্ষণীয় চরিত্র 'ইন্দ্রনাথ'। 'ইন্দ্রনাথ' বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কিশোর চরিত্র।

২৪. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস কোনটি? [আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্কেল অ্যাডজুট্যান্ট-১৫]
ক. পদশব্দ খ. আরণ্যক
গ. রজনী ঘ. অসম বৃক্ষ
উত্তর : খ
ব্যাখ্যা : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের বিহারে কর্মজীবনের অভিজ্ঞতার আলোকে রচিত উপন্যাস 'আরণ্যক'। উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র সত্যচরন। সেলিনা হোসেনের উপন্যাস- পদশব্দ (১৯৯২)। মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস 'জননী' (১৯৩৫)। রশীদ হায়দারের উপন্যাস- অসম বৃক্ষ।

২৫. 'বায়ান্ন গলির এক গলি' কার রচনা- [সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]
ক. রাবেয়া খাতুন খ. বেগম সুফিয়া কামাল
গ. বেগম রোকেয়া ঘ. রিজিয়া খান
উত্তর : ক
ব্যাখ্যা : 'বায়ান্ন গলির এক গলি' উপন্যাসের রচয়িতা রাবেয়া খাতুন। তিনি পেশায় শিক্ষক ও সাংবাদিক। অন্যান্য উপন্যাস- অনন্ত অন্বেষা, মধুমতী, সাহেব বাজার, ফেরারী সূর্য।

২৬. 'আমার বন্ধু রাশেদ' বইটির লেখক কে? [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৫]
ক. জাফর ইকবাল খ. হুমায়ূন আহমেদ
গ. আনিসুল হক ঘ.কায়সার আহমেদ
উত্তর : ক
ব্যাখ্যা : 'আমার বন্ধু রাশেদ' (১৯৯৪) একটি কিশোর উপন্যাস। রচয়িতা মুহম্মদ জাফর ইকবাল। তার রচিত অন্যান্য কিশোর উপন্যাস- দীপু নাম্বার টু (১৯৮৪), হাতকাটা রবিন (১৯৮৬)। 'আমার বন্ধু রাশেদ' উপন্যাস অবলম্বনে চলচ্চিত্র নির্মাণ করেন মোরশেদুল ইসলাম।

২৭. 'চিলে কোঠার সেপাই' উপন্যাসটি কার লেখা? [আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্কেল অ্যাডজুট্যান্ট-১৫]
ক. আবুল ফজল খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. শওকত ওসমান ঘ. জহির রায়হান
উত্তর : খ
ব্যাখ্যা : আখতারুজ্জামান ইলিয়াসের উপন্যাস- চিলেকোঠার সেপাই (১৯৮৬)। উপন্যাসটি ৬৯'র গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত। উপন্যাসের প্রধান চরিত্র- ওসমান। এতে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পূর্ববর্তী রূপটি ফুটে উঠেছে।

Scanned with CamScanner

২৮. 'সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটি কে লিখেছেন? *[পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষনার্থী-১৫]*
ক. আনিস চৌধুরী খ. মীর মোশাররফ হোসেন
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. আবু ইসহাক
উত্তর : ঘ
ব্যাখ্যা : আবু ইসহাকের বিখ্যাত উপন্যাস 'সূর্য দীঘল বাড়ী' (১৯৫৫)। মাত্র বিশ বছর বয়সে এ উপন্যাস রচনা করেন। এতে পঞ্চাশের মন্বন্তর, গ্রামের মানুষের দারিদ্র্য, কুসংস্কার, মোড়লদের দৌড়াত্ম ইত্যাদি ফুটে উঠেছে। তার অন্যান্য উপন্যাস- পদ্মার পলিদ্বীপ (১৯৮৬), জাল (১৯৮৮)।

২৯. 'অপরাজিত' উপন্যাসের লেখক- *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা)-১৪]*
ক. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. শহীদুল্লা কায়সার ঘ. নারায়ণ গঙ্গোপাধ্যায়
উত্তর : ক
ব্যাখ্যা : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দ্বিতীয় উপন্যাস 'অপরাজিত' (১৯৩১)। এটি 'পথের পাঁচালী' উপন্যাসের ২য় খণ্ড। 'প্রবাসী' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। এর প্রথম নাম ছিল 'আলোক সারথী'।

৩০. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস কোনটি? *[গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার-১৩]*
ক. ইছামতি খ. ময়ূরকণ্ঠী
গ. ধূপছায়া ঘ. সংকর সংকীর্তন
উত্তর : ক
ব্যাখ্যা : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস 'ইছামতি' (১৯৪৯)। সৈয়দ মুজতবা আলী রচিত রম্যরচনা- 'ময়ূরকণ্ঠী' (১৯৫২), গল্প-'ধূপছায়া'। আবু জাফর শামসুদ্দীন রচিত উপন্যাস- 'সংকর সংকীর্তন'।

৩১. 'বরফ গলা নদী' উপন্যাসটির রচয়িতা কে? *[কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১৩]*
ক. আবু ইসহাক খ. শওকত ওসমান
গ. জহির রায়হান ঘ. শহীদুল্লা কায়সার
উত্তর : গ
ব্যাখ্যা : জহির রায়হানের একটি সামাজিক উপন্যাস 'বরফ গলা নদী ' (১৯৬৯)। মধ্যবিত্ত মানুষের নিত্যদিনের জীবন সংগ্রামের গল্পই এ উপন্যাসের বিষয়বস্তু। উল্লেখযোগ্য চরিত্র- মাহমুদ, মরিয়ম ও সুবিধাবাদী মনসুর। জহির রায়হানের অন্যান্য উপন্যাস- শেষ বিকেলের মেয়ে (১৯৬০), কয়েকটি মৃত্যু (১৯৬৫), আর কত দিন (১৯৭০), তৃষ্ণা (১৯৫৫)।

৩২. 'ন্যায়দণ্ড' উপন্যাসটি কে রচনা করেন? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]*
ক. স্বর্ণকুমারী দেবী খ. জরাসন্ধ
গ. দধিচি ঘ. দধীচী
উত্তর : খ
ব্যাখ্যা : চারুচন্দ্র চক্রবর্তী তথা জরাসন্ধ (ছদ্মনাম) রচিত উপন্যাস- লৌহকপাট (১৯৫৮, জেলখানার অভিজ্ঞতা নিয়ে লেখা), তামসী, পাড়ি, মসীরেখা, ন্যায়দণ্ড, উত্তরাধিকার।

৩৩. কোনটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচনা নয়? *[গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার-১৩]*
ক. দুর্গেশনন্দিনী খ. রজনী
গ. কমলাকান্তের দপ্তর ঘ. রায়নন্দিনী
উত্তর : ঘ
ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস- দুর্গেশনন্দিনী (১৮৬৫), রজনী (১৮৭৭)। প্রবন্ধ সংকলন-কমলাকান্তের দপ্তর (১৮৭৫)। ইসমাইল হোসেন সিরাজীর উপন্যাস- রায়নন্দিনী।

৩৪. 'আব্দুল্লাহ' উপন্যাসের লেখক কে? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া)-১৩]*
ক. কাজী ইমদাদুল হক খ. মীর মশাররফ হোসেন
গ. ইসমাইল হোসেন সিরাজী ঘ. মোজাম্মেল হক
উত্তর : ক
ব্যাখ্যা : কাজী ইমদাদুল হক রচিত উপন্যাস- আব্দুল্লাহ (১৯৩২)। উপন্যাসটি প্রথমে 'মোসলেম ভারত' পত্রিকায় ধারবাহিকভাবে প্রকাশিত হয়। উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র আব্দুল্লাহ।

৩৫. 'কেরী সাহেবের মুন্সী
ক. প্যারীচাঁদ মিত্র
গ. প্রমথ চৌধুরী
*ব্যাখ্যা : প্রমথনাথ বিশির (১৯০
লালকেল্লা (১৯৬৩)। প্রথমটি বৃটি*

৩৬. বাংলা সাহিত্যের প্র
ক. দেওয়ানা মদিনা
গ. দুর্গেশনন্দিনী
*ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম
উপন্যাসটি ১৮৫৪ সাল থেকে
প্রকাশিত হয় ১৮৫৮ সালে।*

৩৭. 'বৈতালিক' উপন্যা
ক. প্রেমেন্দ্র মিত্র
গ. গোলাম কুদ্দুস
*ব্যাখ্যা : তারকানাথ গঙ্গোপা
সাহিত্যিক। তার রচিত উপন্যা*

৩৮. 'গোরা' উপন্যাসে
ক. শরৎচন্দ্র চট্টোপ
গ. রমেশচন্দ্র সেন
*ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের
সিপাহী বিদ্রোহের সময় নিহত*

৩৯. 'নৌকাডুবি' রবী
ক. গল্প
গ. উপন্যাস
ব্যাখ্যা : রবীন্দ্রনাথের সামাজি

৪০. 'কাঁদো নদী কাঁ
ক. মুনীর চৌধুরী
গ. শহীদুল্লাহ কা
*ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ
যাত্রীর মুখে বিবৃত কুমুরডাঙ্গ
উপন্যাসের বিষয়বস্তু।*

৪১. 'তিথিডোর' গ্র
ক.বিহারীলাল
গ.বিভূতিভূষণ
*ব্যাখ্যা : 'তিথিডোর' (১৯
সত্যেন। অন্যান্য উপন্যাস-*

Scanned with CamScanner

৩৫. 'কেরী সাহেবের মুন্সী'র লেখক কে? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১৩]
ক. প্যারীচাঁদ মিত্র খ. অন্নদাশঙ্কর রায়
গ. প্রমথ চৌধুরী ঘ. প্রমথনাথ বিশি
উত্তর : ঘ
ব্যাখ্যা : প্রমথনাথ বিশির (১৯০১-১৯৮৫) দুটি শ্রেষ্ঠ উপন্যাস- কেরী সাহেবের মুন্সী (১৯৫৮), রাজকেল্লা (১৯৬৩)। প্রথমটি বৃটিশ যুগ এবং দ্বিতীয়টি মুগল যুগের পটভূমিতে লেখা।

৩৬. বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস কোনটি? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের AD-১৩]
ক. দেওয়ানা মদিনা খ. ফুলমণি ও করুণার বিবরণ
গ. দুর্গেশনন্দিনী ঘ. আলালের ঘরের দুলাল
উত্তর : ঘ
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস প্যারীচাঁদ মিত্র রচিত 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮)। উপন্যাসটি ১৮৫৪ সাল থেকে 'মাসিক পত্রিকায়' ধারাবাহিকভাবে প্রকাশিত হয় এবং গ্রন্থাকারে প্রকাশিত হয় ১৮৫৮ সালে।

৩৭. 'বৈতালিক' উপন্যাসটি কে রচনা করেছেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]
ক. প্রেমেন্দ্র মিত্র খ. নারায়ণ গঙ্গোপাধ্যায়
গ. গোলাম কুদ্দুস ঘ. আকবর হোসেন
উত্তর : খ
ব্যাখ্যা : তারকানাথ গঙ্গোপাধ্যায়ের সাহিত্যিক নাম নারায়ণ গঙ্গোপাধ্যায়। তিনি প্রাবন্ধিক ও সাহিত্যিক। তার রচিত উপন্যাস- উপনিবেশ (১৯৪৪), শিলালিপি (১৯৪৯), বৈতালিক (১৯৫৫)।

৩৮. 'গোরা' উপন্যাসের লেখক কে? [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের প্রদর্শক-১৩]
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. রমেশচন্দ্র সেন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর : ঘ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের মহাকাব্যিক উপন্যাস 'গোরা' (১৯১০)। উপন্যাসের নায়ক 'গোরা' সিপাহী বিদ্রোহের সময় নিহত এক আইরিশ দম্পতির সন্তান।

৩৯. 'নৌকাডুবি' রবীন্দ্রনাথ রচিত একটি- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-১২]
ক. গল্প খ. নাটক
গ. উপন্যাস ঘ. প্রবন্ধ
উত্তর : গ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথের সামাজিক উপন্যাস নৌকাডুবি (১৯০৬)। 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রকাশিত হয়।

৪০. 'কাঁদো নদী কাঁদো'-এর রচয়িতা কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী কর্মকর্তা-১২]
ক. মুনীর চৌধুরী খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. শহীদুল্লাহ কায়সার ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ
উত্তর : ঘ
ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর উপন্যাস 'কাঁদো নদী কাঁদো'। তবারক ভূঁইয়া নামক এক স্টীমার যাত্রীর মুখে বিবৃত কুমুরডাঙ্গার ছোট হাকিম মুহাম্মদ মুস্তফার জীবনালেখ্য ও অর্ন্তজীবনের ইতিকথা উপন্যাসের বিষয়বস্তু।

৪১. 'তিথিডোর' গ্রন্থের রচয়িতা কে? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের AD-১২]
ক. বিহারীলাল চক্রবর্তী খ. বুদ্ধদেব বসু
গ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ঘ. বিষ্ণু দে
উত্তর : খ
ব্যাখ্যা : 'তিথিডোর' (১৯৪৯) বুদ্ধদেব বসু রচিত উপন্যাস। এ উপন্যাসের চরিত্র- স্বাতী ও সত্যেন। অন্যান্য উপন্যাস- নির্জন স্বাক্ষর (১৯৫১), নীলাঞ্জনের খাতা (১৯৬০), রাতভরে বৃষ্টি।

ATH
UP
াটে প্রিলিমিনারি
াখিত প্রস্তুতি
বোর্ড বই
গণিত
৭ম শ্রেণি
S Preli Targ
Scanned with CamScanner

৬৪

৪২. 'বেণের মেয়ে' উপন্যাসের রচয়িতা কে? [রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা-১২]
ক. হরপ্রসাদ শাস্ত্রী খ. জসীম উদ্‌দীন
গ. রমেশচন্দ্র দত্ত ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় উত্তর : ক
ব্যাখ্যা : চর্যাপদের আবিষ্কারক হরপ্রসাদ শাস্ত্রী পণ্ডিত, সাহিত্যিক ও শিক্ষাবিদ। তার রচিত উপন্যাস- কাঞ্চনমালা (১৯১৬) বেণের মেয়ে (১৯২০)। জসীম উদ্‌দীনের নাটক- বেদের মেয়ে।

৪৩. 'দেবী চৌধুরাণী' উপন্যাসটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. কাজী ইমদাদুল হক উত্তর : গ
ব্যাখ্যা : দেবী চৌধুরাণী হচ্ছেন রংপুরের পীরগাছার মহুনার জমিদার। ইংরেজ বিরোধী অনেকগুলো সফল অভিযানের পর ১৭৮৩ সালে স্বয়ং ওয়ারেন হেস্টিংসের সাথে সম্মুখ যুদ্ধে নিহত হন। পরবর্তীতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রংপুর জেলার ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালনকালে এ ঘটনা জানতে পারেন এবং রচনা করেন 'দেবী চৌধুরাণী' উপন্যাস।

৪৪. বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা-১২]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ.বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ.তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় উত্তর : খ
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। তার রচিত দুর্গেশনন্দিনী (১৮৬৫) উপন্যাস রচনার মাধ্যমে বাংলা সাহিত্যে সার্থক উপন্যাসের যাত্রা শুরু হয়।

৪৫. কোনটি হুমায়ূন আহমেদ রচিত উপন্যাস-[সহকারী উপজেলা শিক্ষা অফিসার-১২]
ক. আনন্দ বেদনার কাব্য খ. নদী ও মানুষের কবিতা
গ. দিবারাত্রির কাব্য ঘ. পুঁই ডালিমের কাব্য উত্তর : ক
ব্যাখ্যা : হুমায়ূন আহমেদ রচিত উপন্যাস- 'আনন্দ বেদনার কাব্য'। কবি সানাউল হকের কাব্যগ্রন্থ- 'নদী ও মানুষের কবিতা' (১৯৫৬)। মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস 'দিবারাত্রির কাব্য'। শামসুদ্দিন আবুল কালাম রচিত গল্পগ্রন্থ - পুঁই ডালিমের কাব্য (১৯৮৭)।

৪৬. 'যুগলাঙ্গরীয়' গ্রন্থটির রচয়িতা কে? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের AD-১২]
ক. প্যারীচাঁদ মিত্র খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. মীর মশাররফ হোসেন ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় উত্তর : খ
ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস- যুগলাঙ্গরীয় (১৮৭৪)।

৪৭. 'সীমানা ছাড়িয়ে' উপন্যাসটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]
ক. জহির রায়হান খ. সৈয়দ শামসুল হক
গ. আনিস চৌধুরী ঘ. দাউদ হায়দার উত্তর : খ
ব্যাখ্যা : সৈয়দ শামসুল হক রচিত উপন্যাস- দেয়ালের দেশ (প্রথম উপন্যাস), এক মহিলার ছবি (১৯৫৯), সীমানা ছাড়িয়ে (১৯৬৪), খেলারাম খেলে যা (১৯৭৯), নিষিদ্ধ লোবান (১৯৮১)।

৪৮. 'মৃণালিনী' কার রচিত উপন্যাস? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহ.পরিচালক-১১]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. বিমল মিত্র উত্তর : ক
ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ঐতিহাসিক ও তৃতীয় উপন্যাস 'মৃণালিনী'(১৮৬৯)। বঙ্কিমচন্দ্র আলিপুরে থাকাকালে রচনা করেছিলেন। রাজপুত্র হেমচন্দ্র ও মৃণালিনীর প্রেম কাহিনীকে কেন্দ্র করে উপন্যাসটি আবর্তিত হয়েছে। এটি দ্বীনবন্ধু মিত্রকে উৎসর্গ করা হয়।

Scanned with CamScanner

৪৯. 'এ গোল্ডেন এজ' উপন্যাসটির রচয়িতা- [বাংলাদেশ তেল, গ্যাস ও মিনারেল কর্পোরেশন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-১১]

ক. তাহমিমা আনাম খ. মনিকা আলী
গ. সৈয়দ মনজুরুল ইসলাম ঘ . এদের কেউ নন

উত্তর : ক

ব্যাখ্যা : যুক্তরাজ্য প্রবাসী বাংলাদেশী ঔপন্যাসিক তাহমিমা আনামের ত্রয়ী উপন্যাস- এ গোল্ডেন এজ বা সোনাঝরা দিন (২০০৭), দ্য গুড মুসলিম (২০১১), দ্য বোনস অব গ্রেস (২০১৬)। এ গোল্ডেন এজ উপন্যাসের জন্য তিনি 'কমনওয়েলথ লেখক পুরস্কার ২০০৮' লাভ করেন।

৫০. 'হাঁসুলী বাঁকের উপকথা' কার লেখা? [শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআসি'র সহকারী ব্যবস্থাপক-১১]

ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঘ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

উত্তর : গ

ব্যাখ্যা : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস- চৈতালী ঘূর্ণি (১৯৩১), ধাত্রীদেবতা (১৯৩৯), কালিন্দী (১৯৪০), জলসাঘর (১৯৪২), কবি (১৯৪২), গণদেবতা (১৯৪২), পঞ্চগ্রাম (১৯৪৩), হাঁসুলী বাঁকের উপকথা (১৯৪৭), আরোগ্য নিকেতন (১৯৫৩)।

৫১. 'খোয়াবনামা' গ্রন্থের রচয়িতা কে? [পরিবেশ অধিদপ্তরের AD (কারিগরি)-১১]

ক. আনোয়ার পাশা খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. আবুল ফজল ঘ. আব্দুল গাফফার চৌধুরী

উত্তর : খ

ব্যাখ্যা : আখতারুজ্জামান ইলিয়াসের উপন্যাস- 'খোয়াবনামা' (১৯৯৬)। কাৎলাহার বিলের দু'ধারের চাষী-মাঝিদের জীবনচরিত এ উপন্যাসের উপজীব্য।

৫২. কোনটি সৈয়দ ওয়ালীউল্লাহর রচনা নয়? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-১১]

ক. লালসালু খ. অনেক সূর্যের আশা
গ. কাঁদো নদী কাঁদো ঘ. চাঁদের অমাবস্যা

উত্তর : খ

ব্যাখ্যা : সরদার জয়েনউদ্দিন রচিত উপন্যাস- অনেক সূর্যের আশা (১৯৬৬)। এ উপন্যাসের কাহিনীর ব্যাপ্তি দ্বিতীয় বিশ্বযুদ্ধ থেকে ১৯৫১ সাল পর্যন্ত। এতে দেশবিভাগ ও দেশবিভাগোত্তর পূর্ব বাংলার সামাজিক-রাজনৈতিক পরিস্থিতি বর্ণনা করা হয়েছে।

৫৩. 'সারেং বউ' উপন্যাসটির রচয়িতা কে? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী-১১]

ক. আহসান হাবীব খ. আনিস চৌধুরী
গ. সুনীল গঙ্গোপাধ্যায় ঘ. শহীদুল্লা কায়সার

উত্তর : ঘ

ব্যাখ্যা : শহীদুল্লা কায়সার রচিত উপন্যাস 'সারেং বৌ' (১৯৬২)। এ উপন্যাসের চরিত্র কদম সারেং ও তার স্ত্রী নবিতুন। এ উপন্যাসে বাংলাদেশের সমুদ্র উপকূলবর্তী জনপদের বিশ্বস্ত চিত্র আছে। এছাড়াও পুরো উপন্যাস জুড়ে রয়েছে নবিতুনের সংগ্রামী জীবনকাহিনী।

৫৪. 'আনন্দের মৃত্যু' উপন্যাসটির রচয়িতা কে? [সমাজসেবা অফিসার-১০]

ক. সৈয়দ মুজতবা আলী খ. সৈয়দ আলী আহসান
গ. সৈয়দ মঞ্জুরুল হক ঘ. সৈয়দ শামসুল হক

উত্তর :

ব্যাখ্যা : 'আনন্দের মৃত্যু' নামে কোন উপন্যাস নেই। 'আনন্দের মৃত্যু' গল্পগ্রন্থের রচয়িতা সৈয়দ শামসুল হক। উল্লেখ্য 'আনন্দের মৃত্যু নেই' মহাদেব সাহার প্রবন্ধগ্রন্থ।

৫৫. 'রাজসিংহ' উপন্যাস কার রচনা? [জাতীয় রাজস্ব বোর্ডের গোয়েন্দা কর্মকর্তা-১০]

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. কাজী নজরুল ইসলাম

উত্তর : খ

Scanned with CamScanner

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত ঐতিহাসিক উপন্যাস- রাজসিংহ (১৮৮২)। মুঘল সম্রাট আওরঙ্গজেবের সময়ে এক রাজপুত বীরের বিদ্রোহের কাহিনী এতে বর্ণিত হয়েছে। রাজসিংহ, নির্মলকুমারী এ উপন্যাসের চরিত্র।

৫৬. 'পুতুল নাচের ইতিকথা'- উপন্যাসটি কার লেখা? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-১০]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. জহির রায়হান
গ. মানিক বন্দ্যোপাধ্যায় ঘ. সৌরিন্দ্র মোহন মুখোপাধ্যায় **উত্তর : গ**

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস 'পুতুল নাচের ইতিকথা '(১৯৩৬)। কলকাতার সাধারণ গ্রাম গাওদিয়া ও তার মানুষ নিয়ে এ উপন্যাসের গল্প। উপন্যাসের প্রধান চরিত্র ডাক্তার শশী।

৫৭. 'দুদিনের খেলাঘর' উপন্যাসটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১০]

ক. আকবর হোসেন খ. অন্নদাশঙ্কর রায়
গ. নারায়ণ গঙ্গোপাধ্যায় ঘ. শওকত আলী **উত্তর : ক**

ব্যাখ্যা : আকবর হোসেন রচিত উপন্যাস- অবাঞ্ছিত (১৯৫০), কি পাইনি (১৯৫২), মোহমুক্তি (১৯৫৩), ঢেউ জাগে (১৯৬১), দুদিনের খেলাঘর (১৯৬৫), নতুন পৃথিবী (১৯৭৪)।

৫৮. 'হাজার বছর ধরে' উপন্যাসটির রচয়িতা কে? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১০]

ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. জহির রায়হান
গ. জসীমউদ্‌দীন ঘ. সেলিম আল দীন **উত্তর : খ**

ব্যাখ্যা : জহির রায়হানের উপন্যাস 'হাজার বছর ধরে' (১৯৬৪)। এ উপন্যাসে তুলে ধরেছেন যুগ-যুগান্তরের আবহ সংকুল অথচ বিবর্তনহীন পূর্ববাংলার গ্রামীণ জীবনের প্রকৃত চালচিত্র। উল্লেখযোগ্য চরিত্র- মকবুল বুড়ো, টুনি, মন্তু প্রমূখ।

৫৯. 'দেনা পাওনা' উপন্যাসটি রচনা করেছেন- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১০]

ক. কাজী এমদাদুল হক খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. বেগম রোকেয়া **উত্তর : খ**

ব্যাখ্যা : দেনা-পাওনা (১৯২৩) উপন্যাসের রচয়িতা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। 'দেনাপাওনা' ছোটগল্পের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

৬০. মোহাম্মদ নজিবুর রহমান রচিত উপন্যাস কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-১০]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. শেখ ফজলল করিম
ব্যাখ্যা : শেখ ফজলল করিম রচিত '
বলে তা বহুদূর? মানুষেরই মাঝে স্বর্গ

৪৯. 'সোনালী কাবিন'- এর
ক. হাসান হাফিজুর রহমা
গ. হুমায়ুন আজাদ
ব্যাখ্যা : আল মাহমুদের শ্রেষ্ঠ কা
লোকান্তর (১৯৬৩), কালের কলস

৫০. "সুন্দর হে, দাও দা
চরণ দুটি কার লেখা?
ক. কাজী নজরুল ইসল
গ. গোলাম মোস্তফার

৫১. রবীন্দ্রনাথ ঠাকুরের
ক. ভবিষ্যৎ বিচিত্র ও বি
গ. প্রকৃতি বিপুল ঐশ্বর্যে
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের
পশিল প্রাণের পর, কেমনে প
পরে জাগিয়া উঠিল প্রাণ)। এর

৫২. "বউ কথা কও,
যাবে কত যামিনী
ক. বেনজীর আহমে
গ. জীবনানন্দ দাশ

৫৩. ইসলামের ইতি
ক. নূরনামা-আবদু
গ. দিলরুবা- আ
ব্যাখ্যা : কবি ফররুখ আ
ইতিহাস ও ঐতিহ্য। বাংলা
করেছিলেন কবি ফররুখের

Scanned with CamScanner

৪৭. কাজী নজরুল ইসলাম 'সঞ্চিতা' কাব্য কাকে উৎসর্গ করেছিলেন? [১৬তম বিসিএস]
ক. বারীন্দ্রকুমার ঘোষ খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. বীরজাসুন্দরী দেবী ঘ. প্রমীলা দেবী
উত্তর : খ
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম তার 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করেন। এছাড়া নজরুল ইসলামের 'অশ্রু-পুষ্পাঞ্জলী' কবিতাটি রবীন্দ্রনাথের আশিতম জন্মবার্ষিকী উপলক্ষে লেখেন, 'রবি হারা' কবিতা রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু শোকে লেখেন।

৪৮. 'মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর'।- এ পঙক্তিটি কার রচনা? [১৬তম বিসিএস, সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. শেখ ফজলল করিম ঘ. শামসুর রাহমান
উত্তর : গ
ব্যাখ্যা : শেখ ফজলল করিম রচিত 'স্বর্গ-নরক' কবিতার চরণ- "কোথায় স্বর্গ, কোথায় নরক, কে বলে তা বহুদূর? মানুষেরই মাঝে স্বর্গ নরক মানুষের সুরাসুর"।

৪৯. 'সোনালী কাবিন'- এর রচয়িতা কে? [১৫তম বিসিএস]
ক. হাসান হাফিজুর রহমান খ. আল মাহমুদ
গ. হুমায়ূন আজাদ ঘ. শক্তি চট্টোপাধ্যায়
উত্তর : খ
ব্যাখ্যা : আল মাহমুদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ- সোনালী কাবিন (১৯৭৩)। অন্যান্য কাব্যগ্রন্থ- লোক লোকান্তর (১৯৬৩), কালের কলস (১৯৬৬), মায়াবী পর্দা দুলে উঠো (১৯৬৯)।

৫০. "সুন্দর হে, দাও দাও সুন্দর জীবন। হউক দূর অকল্যাণ সকল অশোভন।"- চরণ দুটি কার লেখা? [১৫তম বিসিএস, ৯ম বিজেএস (সহকারী জজ)-১৪]
ক. কাজী নজরুল ইসলামের খ. রবীন্দ্রনাথ ঠাকুরের
গ. গোলাম মোস্তফার ঘ. শেখ ফজলল করিমের
উত্তর : ঘ

৫১. রবীন্দ্রনাথ ঠাকুরের 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতায় কবির উপলব্ধি- [১৪তম বিসিএস]
ক. ভবিষ্যৎ বিচিত্র ও বিপুল সম্ভাবনাময় খ. বাধা বিপত্তি প্রতিভাকে অঙ্কুরেই বিনষ্ট করে
গ. প্রকৃতি বিপুল ঐশ্বর্যের অধিকারী ঘ. ভাঙার পরেই গড়ার কাজ শুরু হয়। উত্তর : ক
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' (আজি এ প্রভাতে রবির কর, কেমনে পশিল প্রাণের পর, কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান! না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ)। এর দ্বারা ভবিষ্যৎ বিচিত্র ও বিপুল সম্ভাবনাময় বুঝানো হয়েছে।

৫২. "বউ কথা কও, বউ কথা কও, কও কথা অভিমানিনী। সেধে সেধে কেঁদে কেঁদে যাবে কত যামিনী ॥"- এই কবিতাংশটুকুর কবি কে? [১৪তম বিসিএস]
ক. বেনজীর আহমেদ খ. কাজী নজরুল ইসলাম
গ. জীবনানন্দ দাশ ঘ. শামসুর রহমান
উত্তর : খ

৫৩. ইসলামের ইতিহাস ও ঐতিহ্য কোন কাব্যের উপজীব্য? [১৩তম বিসিএস]
ক. নূরনামা-আবদুল হাকিম খ. সাত সাগরের মাঝি-ফররুখ আহমদ
গ. দিলরুবা- আবদুল কদির ঘ. জিঞ্জির- কাজী নজরুল ইসলাম
উত্তর : খ
ব্যাখ্যা : কবি ফররুখ আহমদের 'সাত সাগরের মাঝি' কাব্যগ্রন্থের উপজীব্য হচ্ছে- ইসলামের ইতিহাস ও ঐতিহ্য। বাংলা কবিতায় রেনেসাঁর যে সুরটি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম সৃষ্টি করেছিলেন কবি ফররুখের সাত সাগরের মাঝি তারই পরিপূরক।

MATH HOUR
মলাটে প্রিলিমিনারি
ও লিখিত প্রস্তুতি
Compass BCS P

Scanned with CamScanner

৫৪. জীবনানন্দ দাশের রচিত কাব্যগ্রন্থ- [১৩তম বিসিএস]
ক. ধূসর পাণ্ডুলিপি খ. নাম রেখেছি কোমল গান্ধার
গ. একক সন্ধ্যায় বসন্ত ঘ. অন্ধকারে একা
উত্তর : ক
ব্যাখ্যা : জীবনানন্দ দাশের রচিত কাব্যগ্রন্থ- ধূসর পাণ্ডুলিপি (১৯৩৬)। বিষ্ণু দের কাব্যগ্রন্থ- নাম রেখেছি কোমল গান্ধার। সৈয়দ আলী আহসানের কাব্য- একক সন্ধ্যায় বসন্ত (১৯৬৪)। মোহাম্মদ মাহফুজ উল্লাহর কাব্য- অন্ধকারে একা (১৯৬৬)।

৫৫. "শৈবাল দীঘিরে কহে উচ্চ করি শির; লিখে রেখ, এক বিন্দু দিলেম শিশির।" এ অংশটুকুর মূল প্রতিপাদ্য- [১৩তম বিসিএস]
ক. প্রতিদান খ. প্রত্যুপকার
গ. অকৃতজ্ঞতা ঘ. অসহিষ্ণুতা
উত্তর : গ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'কণিকা' কাব্যের বিখ্যাত পঙক্তি- 'শৈবাল দীঘিরে কহে উচ্চ করি শির: লিখে রেখ, এক বিন্দু দিলেম শিশির।'

৫৬. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়'- চরণটি কার রচনা? [১২তম বিসিএস]
ক. ঈশ্বরচন্দ্র গুপ্ত খ. মধুসূদন দত্ত
গ. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ঘ. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
উত্তর : ঘ
ব্যাখ্যা : রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত 'পদ্মিনী উপাখ্যান' কাব্যের চরণ- "স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়/ দাসত্বশৃঙ্খল বল কে পরিবে পায় হে, কে পরিবে পায়।"

৫৭. বাংলা সাহিত্যের সর্বাধিক সমৃদ্ধ ধারা কোনটি? [১২তম বিসিএস]
ক. নাটক খ. ছোটগল্প
গ. প্রবন্ধ ঘ. গীতিকবিতা
উত্তর : ঘ
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের সর্বাধিক সমৃদ্ধ ধারা 'গীতিকবিতা'। যে কবিতায় কবির একান্ত ব্যক্তিগত কামনাবাসনা ও আনন্দবেদনা প্রাণের অন্তঃস্থল থেকে আবেগকম্পিত সুরে অখণ্ড ভাবমূর্তিতে আত্মপ্রকাশ করে তাকে 'গীতিকবিতা' বলে।

৫৮. 'বৈরাগ্য সাধনে..... সে আমার নয়।' শূন্যস্থান পূরণ করুন। [১১তম বিসিএস]
ক. আনন্দ খ. মুক্তি
গ. বিশ্বাস ঘ. আশ্বাস
উত্তর : খ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা 'বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়' এর লাইন-"বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়। অসংখ্য বন্ধন-মাঝে মহানন্দময় লভিব মুক্তির স্বাদ।"

৫৯. বাংলায় টি.এস. এলিয়েটের কবিতা প্রথম অনুবাদক কে? [১০তম বিসিএস]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বিষ্ণু দে
গ. সুধীন্দ্রনাথ দত্ত ঘ. বুদ্ধদেব বসু
উত্তর : ক
ব্যাখ্যা : টি. এস. এলিয়টের কবিতা বাংলায় প্রথম অনুবাদ করেন রবীন্দ্রনাথ ঠাকুর। এছাড়া কবি বুদ্ধদেব বসু ও বিষ্ণু দে টি. এস. এলিয়টের কবিতা বাংলায় অনুবাদ করেন।

৬০. 'আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি, আমি বাংলার ..... বছর চলি' চরণের শূন্যস্থান কোন শব্দ দিয়ে পূরণ হবে। [১২তম বিজেএস (সহকারী জজ)]
ক. সহস্র খ. হাজার
গ. শত ঘ. অযুত
উত্তর : খ
ব্যাখ্যা : সৈয়দ শামসুল হক রচিত কবিতা 'আমার পরিচয়' (আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি। আমি বাংলার আলপথ দিয়ে, হাজার বছর চলি। চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে। তেরশত নদী শুধায় আমাকে, কোথা থেকে তুমি এলে?)

৬১. 'চিত্তনামা' কাব্যগ্রন্থের রচয়িতা
ক. অমিয় চক্রবর্তী
গ. কাজী নজরুল ইসলাম
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের কাব্যগ্র
জীবনভিত্তিক কাব্য। এ কাব্যে মাত্র ৫টি
ভিখারী, সান্ত্বনা। গ্রন্থটি চিত্তরঞ্জন দাশের

৬২. ফররুখ আহমদের কাব্যগ্রন্থ
ক. মা যে জননী কান্দে
গ. অদৃশ্যবাদীদের রান্নবান্না
ব্যাখ্যা : কবি ফররুখ আহমদের কাব্যগ্র
জসীম উদ্‌দীনের কাব্যগ্রন্থ- মা যে জন
(১৯৪৭), কবি আল মাহমুদের কাব্য- আ

৬৩. 'নানান দেশের নানান ভাষ
কার? [১০ম বিজেএস (সহক
ক. মধুসূদন দত্ত
গ. রাজা রামমোহন রায়
ব্যাখ্যা : কবি রামনিধি গুপ্তের "স্বদেশী
স্বদেশী ভাষা, পুরে কি মনের আশা? কত
কি তৃষা?'

৬৪. "যাত্রীরা রাত্তিরে হতে এ
চরণ দুটি কার লেখা? [১০ম
ক. কাজী নজরুল ইসলাম
গ. সুকান্ত ভট্টাচার্য
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'খেয়
খেয়া পার, বজ্রেরি তূর্যে এ গর্জেছে কে
ঘন দেয়া স্বনিল রে ঈশানে।' ঢাকার ন
ছবি দেখে নজরুল রচনা করেন কবিতাটি

৬৫. "মরিতে চাহিনা আমি সুন্দ
দুটি রবীন্দ্রনাথ ঠাকুরের কে
ক. সোনার তরী
গ. প্রাণ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের "প্রাণ" কবি
মাঝে আমি বাঁচিবারে চাই। এই সূর্যকরে

৬৬. 'আমাদের দেশে হবে সে
-কোন কবির লেখা? [৯ম
ক. কামিনী রায়
গ. কুসুম কুমারী দাশ
ব্যাখ্যা : কুসুমকুমারী দাশের বিখ্যাত
কবে, কথায় বড় হয়ে কাজে বড় হবে)

Scanned with CamScanner

৬১. 'চিত্তনামা' কাব্যগ্রন্থের রচয়িতা *[১২তম বিজেএস (সহকারী জজ)]*

ক. অমিয় চক্রবর্তী খ. বিহারীলাল চক্রবর্তী

গ. কাজী নজরুল ইসলাম ঘ. চিত্তরঞ্জন দাস **উত্তর : গ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ- চিত্তনামা (১৯২৫)। এটি দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের জীবনভিত্তিক কাব্য। এ কাব্যে মাত্র ৫টি কবিতা রয়েছে- অকাল-সন্ধ্যা, অর্ঘ্য, ইন্দ্র-পতন, রাজ-ভিখারী, সান্ত্বনা। গ্রন্থটি চিত্তরঞ্জন দাশের স্ত্রী বাসন্তী দেবীকে উৎসর্গ করা হয়।

৬২. ফররুখ আহমদের কাব্যগ্রন্থ কোনটি? *[১২তম বিজেএস (সহকারী জজ)]*

ক. মা যে জননী কান্দে খ. সন্দীপের চর

গ. অদৃশ্যবাদীদের রান্নবান্না ঘ. মুহূর্তের কবিতা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : কবি ফররুখ আহমদের কাব্যগ্রন্থ- মুহূর্তের কবিতা (১৯৬৩, সনেট সংকলন)। পল্লিকবি জসীম উদ্‌দীনের কাব্যগ্রন্থ- মা যে জননী কান্দে (১৯৬৩), বিষ্ণু দের কাব্যগ্রন্থ- সন্দীপের চর (১৯৪৭), কবি আল মাহমুদের কাব্য- অদৃশ্যবাদীদের রান্নাবান্না (১৯৮০)।

৬৩. 'নানান দেশের নানান ভাষা বিনে স্বদেশী ভাষা পুরে কি মনের আশা' উক্তিটি কার? *[১০ম বিজেএস (সহকারী জজ)-১৫]*

ক. মধুসূদন দত্ত খ. রামনিধি গুপ্ত

গ. রাজা রামমোহন রায় ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **উত্তর : খ**

ব্যাখ্যা : কবি রামনিধি গুপ্তের "স্বদেশী ভাষা" কবিতার চরণ- 'নানান দেশের নানান ভাষা। বিনে স্বদেশী ভাষা, পুরে কি মনের আশা? কত নদী সরোবর কিবা ফল চাতকীর ধারাজল বিনা কভু ঘুচে কি তৃষা?'

৬৪. "যাত্রীরা রাত্তিরে হতে এল খেয়া পার, বজ্রেরি তূর্যে এ গর্জেছে কে আবার?" চরণ দুটি কার লেখা? *[১০ম বিজেএস (সহকারী জজ)-১৫]*

ক. কাজী নজরুল ইসলাম খ. ফররুখ আহমদ

গ. সুকান্ত ভট্টাচার্য ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর : ক**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'খেয়া-পারের তরণী' কবিতার চরণ- 'যাত্রীরা রাত্তিরে হতে এল খেয়া পার, বজ্রেরি তূর্যে এ গর্জেছে কে আবার? প্রলয়েরি আহ্বান ধ্বনিল কে বিষাণে! ঝন্‌ঝা ও ঘন দেয়া স্বনিল রে ঈশানে।' ঢাকার নবাব আহসানুল্লাহর মেয়ে মেহেরবানু খানমের আঁকা একটি ছবি দেখে নজরুল রচনা করেন কবিতাটি রচনা করেন।

৬৫. "মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে, মানবের মাঝে আমি বাঁচিবারে চাই"- চরণ দুটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতায় উল্লেখ আছে? *[১০ম বিজেএস (সহকারী জজ)-১৫]*

ক. সোনার তরী খ. নূতন

গ. প্রাণ ঘ. পুরাতন **উত্তর : গ**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের "প্রাণ" কবিতার চরণ- 'মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে, মানবের মাঝে আমি বাঁচিবারে চাই। এই সূর্যকরে এই পুষ্পিত কাননে জীবন্ত হৃদয়-মাঝে যদি স্থান পাই।'

৬৬. 'আমাদের দেশে হবে সেই ছেলে কবে, কথায় না বড় হয়ে কাজে বড় হবে।' -কোন কবির লেখা? *[৯ম বিজেএস (সহকারী জজ)-১৪]*

ক. কামিনী রায় খ. সুফিয়া কামাল

গ. কুসুম কুমারী দাশ ঘ. স্বর্ণকুমারী দেবী **উত্তর : গ**

ব্যাখ্যা : কুসুমকুমারী দাশের বিখ্যাত কবিতা- 'আদর্শ ছেলে' (আমাদের দেশে হবে সেই ছেলে কবে, কথায় বড় হয়ে কাজে বড় হবে)।

Scanned with CamScanner

৬৭. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা প্রথম কোথায় প্রকাশিত হয়? [৯ম বিজেএস (সহকারী জজ)-১৪]
ক. সাপ্তাহিক বিজলী খ. মাসিক মোসলেম ভারত
গ. দৈনিক ছোলতান ঘ. দৈনিক নবযুগ
উত্তর : ক
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা ২২ পৌষ ১৩২৮ (৬ জানুয়ারি, ১৯২২) 'বিজলী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। 'বিদ্রোহী' ছাপা হওয়ার পর থেকেই নজরুল প্রায় রাতারাতি বিখ্যাত হয়ে যান এবং 'বিদ্রোহী কবি' খ্যাতি পান।

৬৮. 'আজি রক্ত নিশি ভোরে একি এ শুনি ওরে মুক্তি কোলাহল বন্দী-শৃঙ্খলে।'- চরণগুলির রচয়িতা কে? [৭ম বিজেএস (সহকারী জজ)-১২]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. জীবনানন্দ দাশ ঘ. সুকান্ত ভট্টাচার্য
উত্তর : খ
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'বিষের বাঁশি' কাব্যগ্রন্থের 'বন্দি-বন্দনা' কবিতার চরণ-"আজি রক্ত-নিশি-ভোরে একী এ শুনি ওরে, মুক্তি-কোলাহল বন্দি-শৃঙ্খলে, ওই কাহারা কারাবাসে মুক্তি-হাসি হাসে, টুটেছে ভয়-বাধা স্বাধীন হিয়া-তলে ॥"

৬৯. 'হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে- এই ভারতের মহামানবের সাগর তীরে।'- চরণগুলি কার রচিত? [৭ম বিজেএস (সহকারী জজ)-১২]
ক. কাজী নজরুল ইসলাম খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. প্রফুল্লচন্দ্র রায়
উত্তর : গ
ব্যাখ্যা : 'হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে- এই ভারতের মহামানবের সাগরতীরে।' চরণটি রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি কাব্যের 'হে মোর চিত্ত' কবিতার চরণ।

৭০. 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে'- কোন কবির কবিতা থেকে নেওয়া হয়েছে? [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]
ক. কাজী নজরুল ইসলাম খ. প্রেমেন্দ্র মিত্র
গ. জীবনানন্দ দাশ ঘ. বুদ্ধদেব বসু
উত্তর : গ
ব্যাখ্যা : জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যের 'আবার আসিব ফিরে' কবিতার চরণ- 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে-এই বাংলায় হয়তো মানুষ নয়- হয়তো বা শঙ্খচিল শালিখের বেশে।' উল্লেখ্য ধানসিঁড়ি নদী বর্তমানে ঝালকাঠি জেলায় অবস্থিত।

৭১. 'এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য ক'রে যাব আমি'- পঙক্তির রচয়িতা কে? [৫ম বিজেএস (সহকারী জজ)-১০]
ক. কাজী নজরুল ইসলাম খ. সৈয়দ শামসুল হক
গ. জীবনানন্দ দাশ ঘ. সুকান্ত ভট্টাচার্য
উত্তর : ঘ
ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের 'ছাড়পত্র' কবিতার চরণ- 'এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য ক'রে যাব আমি- নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।'

৭২. 'সাঁঝের মায়া' কাব্য কে রচনা করেন? [৫ম বিজেএস (সহকারী জজ)-১০]
ক. বেগম সুফিয়া কামাল খ. বেগম রোকেয়া
গ. আশাপূর্ণ দেবী ঘ. স্বর্ণকুমারী দেবী
উত্তর : ক
ব্যাখ্যা : বেগম সুফিয়া কামালের প্রথম কাব্য 'সাঁঝের মায়া' (১৯৩৮)। এ কাব্যের মুখবন্ধ লিখে দেন কবি কাজী নজরুল ইসলাম। তার অন্যান্য কাব্য- মায়া কাজল (১৯৫১), মন ও জীবন (১৯৫৭), শান্তি ও প্রার্থনা (১৯৫৮), উদাত্ত পৃথিবী (১৯৬৪), অভিযাত্রিক (১৯৬৯)।

৭৩. 'আমরা সবাই রাজা' এ প
ক. রজনীকান্ত সেন
গ. কাজী নজরুল ইসলাম
ব্যাখ্যা : 'আমরা সবাই রাজা' গানটি (১৩১৭ বঙ্গাব্দে) রচনা করেন।

৭৪. "ভায়া লাফ দেয় তিন হ
[৪র্থ বিজেএস (সহকারী জ
ক. জসীম উদ্‌দীন
গ. লালন শাহ

৭৫. 'সোজন বাদিয়ার ঘাট' এ
ক. শামসুর রাহমান
গ. জসীম উদ্‌দীন
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের কাহিনিকাব্য মুসলমান চাষীর ছেলে সোজন আর Wharf' (১৯৬৯) শিরোনামে অনূদি

পিএসসি'র নন-ক

১. অগ্নিবীণা কাব্যগ্রন্থের শে
ক. আনোয়ার পাশা
গ. কোরবানী
ব্যাখ্যা : অগ্নিবীণা কাব্যগ্রন্থের শেষ প্রলয়োল্লাস, বিদ্রোহী, রক্তাম্বরধারিণী শাত্-ইল-আরব, খেয়াপারের তরণী,

২. 'আশায় বসতি'- কাব্যগ্র
ক. আহসান হাবীব
ঘ. কায়কোবাদ
ব্যাখ্যা : আহসান হাবীবের কাব্যগ্রন্থ সারা দুপুর (১৯৬৪), আশায় বসতি আদিম পাথর (১৯৮০), প্রেমের কবি

৩. 'একটি ফটোগ্রাফ' কবি
ক. আল-মাহমুদ
ঘ. শামসুর রাহমান
ব্যাখ্যা : কবি শামসুর রাহমানের আছেন তো ভালো?)। কবিতাটি কা

৪. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত
ক. সন্ধ্যাসঙ্গীত
গ. জন্মদিনে
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম সংগীত (১৮৮২), সোনার তরী (১৮

Scanned with CamScanner

৭৩. 'আমরা সবাই রাজা' এ পংক্তিটির রচয়িতা কে? *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*
ক. রজনীকান্ত সেন খ. স্বামী বিবেকানন্দ
গ. কাজী নজরুল ইসলাম ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর : ঘ**
ব্যাখ্যা : 'আমরা সবাই রাজা' গানটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর। গানটি তিনি ১৯১০ সালে (১৩১৭ বঙ্গাব্দে) রচনা করেন।

৭৪. "ভায়া লাফ দেয় তিন হাত, হেসে গান গায় দিন রাত"- ছড়াটি কার সম্পর্কে? *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*
ক. জসীম উদ্‌দীন খ. পাগলা কানাই
গ. লালন শাহ ঘ. কাজী নজরুল ইসলাম **উত্তর : ঘ**

৭৫. 'সোজন বাদিয়ার ঘাট' এর রচয়িতা কে? *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*
ক. শামসুর রাহমান খ. কাজী নজরুল ইসলাম
গ. জসীম উদ্‌দীন ঘ. ড. মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর : গ**
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের কাহিনিকাব্য- সোজন বাদিয়ার ঘাট (১৯৩৪)। এ কাব্যটির প্রধান চরিত্র মুসলমান চাষীর ছেলে সোজন আর হিন্দুর মেয়ে দুলি। কাব্যটি ইউনেস্কোর উদ্যোগে 'Gypsy Wharf' (১৯৬৯) শিরোনামে অনূদিত হয়।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. অগ্নিবীণা কাব্যগ্রন্থের শেষ কবিতার নাম কী? *[বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন AD-১৯]*
ক. আনোয়ার পাশা খ. শাত-ইল আরব
গ. কোরবানী ঘ. মোহররম **উত্তর : ঘ**
ব্যাখ্যা : অগ্নিবীণা কাব্যগ্রন্থের শেষ কবিতা 'মহররম'। এ কাব্যে মোট ১২টি কবিতা আছে- প্রলয়োল্লাস, বিদ্রোহী, রক্তাম্বরধারিণী মা, আগমণী, ধূমকেতু, কামাল পাশা, আনোয়ার, রণ-ভেরী, শাত্-ইল-আরব, খেয়াপারের তরণী, কোরবানী ও মহররম।

২. 'আশায় বসতি'- কাব্যগ্রন্থের রচয়িতা কে? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*
ক. আহসান হাবীব খ. লুৎফর রহমান গ. জসীমউদদীন
ঘ. কায়কোবাদ ঙ. কোনটিই নয় **উত্তর : ক**
ব্যাখ্যা : আহসান হাবীবের কাব্যগ্রন্থ- রাত্রিশেষ (১৯৪৭, প্রথম কাব্যগ্রন্থ), ছায়াহরিণ (১৯৬২), সারা দুপুর (১৯৬৪), আশায় বসতি (১৯৭৪), মেঘ বলে চৈত্রে যাবো (১৯৭৬), দু'হাতে দুই আদিম পাথর (১৯৮০), প্রেমের কবিতা (১৯৮১), বিদীর্ণ দর্পণে মুখ (১৯৮৫, শেষগ্রন্থ)।

৩. 'একটি ফটোগ্রাফ' কবিতার লেখক কে? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*
ক. আল-মাহমুদ খ. সুফিয়া কামাল গ. বন্দে আলী মিয়া
ঘ. শামসুর রাহমান ঙ. কোনটিই নয় **উত্তর : ঘ**
ব্যাখ্যা : কবি শামসুর রাহমানের কবিতা- একটি ফটোগ্রাফ (এই যে আসুন, তারপর কী খবর? আছেন তো ভালো?)। কবিতাটি কবির 'এক ফোঁটা কেমন অনল' (১৯৮৬) কাব্যের অন্তর্গত।

৪. রবীন্দ্রনাথ [illegible]

Scanned with CamScanner

৫. শামসুর রাহমান রচিত কাব্যগ্রন্থ হচ্ছে-[পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]
ক. আর্ত শব্দাবলী খ. সোনালী কাবিন
গ. নিরালোকে দিব্যরথ ঘ. হৃদয়ে জনপদে
উত্তর : গ
ব্যাখ্যা : শামসুর রাহমানের কাব্যগ্রন্থ- নিরালোকে দিব্যরথ (১৯৬৭), আল মাহমুদের কাব্য- সোনালী কাবিন (১৯৭৩), হাসান হাফিজুর রহমানের কাব্য- আর্ত শব্দাবলী (১৯৬৮), জিল্লুর রহমান সিদ্দিকীর কাব্যগ্রন্থ 'হৃদয়ে জনপদে' (১৯৭৫)।

৬. কবি কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থটি নিষিদ্ধ হয়েছিল? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক-১৯]
ক. অগ্নিবীণা খ. বিষের বাঁশী গ. মৃত্যুক্ষুধা
ঘ. পূবের হাওয়া ঙ. কোনটিই নয়
উত্তর : খ
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ- বিষের বাঁশী (১৯২৪)। ইংরেজ সরকার কাব্যটি ২২ অক্টোবর ১৯২৪ নিষিদ্ধ ঘোষণা করে। ১৯৪৫ সালের ২৭ এপ্রিল নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়।

৭. 'আমি জাহান্নামের আগুনে বসিয়া হাসি পুষ্পের হাসি' চরণটি কোন কবিতার? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. ধূমকেতু খ. বীরাঙ্গনা
গ. শিখা ঘ. বিদ্রোহী
উত্তর : ঘ
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতার চরণ- 'আমি জাহান্নামের আগুনে বসিয়া হাসি পুষ্পের হাসি! আমি মৃন্ময়, আমি চিন্ময়, আমি আজব, আমি অক্ষয়, আমি অব্যয়'।

৮. বাংলা ভাষার প্রথম সার্থক মহাকাব্য-[বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]
ক. বিষাদসিন্ধু খ. মেঘনাদবধ কাব্য
গ. পদ্মাবতী ঘ. পদুমাবৎ
উত্তর : খ
ব্যাখ্যা : মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য' (১৮৬১) বাংলা ভাষার প্রথম সার্থক মহাকাব্য। মীর মশাররফ হোসেনের ইতিহাস আশ্রিত উপন্যাস 'বিষাদ সিন্ধু'। হিন্দি কবি মালিক মুহাম্মদ জায়সীর কাব্য 'পদুমাবৎ'। এ কাব্য অবলম্বনে মধ্যযুগের কবি আলাওল রচিত কাব্য 'পদ্মাবতী' (১৬৪৮)।

৯. 'অর্ধেক নারী (মানবী) তুমি অর্ধেক কল্পনা'- উদ্ধৃতিটির রচয়িতা কে? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (প্রোকিউরমেন্ট এসিস্ট্যান্ট)-১৮]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. হুমায়ুন আহমেদ ঘ. বেগম রোকেয়া
উত্তর : ক
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'চৈতালী' কাব্যের 'মানসী' কবিতার চরণ- 'অর্ধেক মানবী তুমি অর্ধেক কল্পনা'।

১০. 'ফুল ফুটুক আর না ফুটুক আজ বসন্ত'- এ স্মরণীয় চরণটি কে লিখেছেন? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১৮]
ক. সিকান্দার আবু জাফর খ. সুকান্ত ভট্টচার্য
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. সুভাষ মুখোপাধ্যায়
উত্তর : ঘ
ব্যাখ্যা : সুভাষ মুখোপাধ্যায় (১৯১৯-২০০৩) কবি ও রাজনীতিবিদ। পশ্চিমবঙ্গের নদীয়া জেলার কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেন। তার বিখ্যাত কবিতা 'ফুল ফুটুক আর না ফুটুক, আজ বসন্ত।'

১১. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর র
ক. বঙ্গসুন্দরী
গ. প্রেম ও ফুল
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ 'বঙ্গসুন্দরী' (১৮৭০), গোবিন্দচন্দ্র দাসে 'দীপ ও ধূপ' (১৯২৯)।

১২. 'বাংলা মুখ আমি দেখিয় পংক্তিটি করা লেখা? [ডাক
ক. গোবিন্দ হালদার
গ. জীবনানন্দ দাশ
ব্যাখ্যা : জীবনানন্দ দাশের রূপসী দেখিয়াছি, তাই পৃথিবীর রূপ খুঁজিতে য

১৩. 'মুজিব-লেনিন-ইন্দিরা' ক
ক. শওকত আলী
গ. নির্মলেন্দু গুণ

১৪. 'পূজারিণী' কবিতাটির
সার্ভিসের স্টোরম্যান-১৮]
ক. কাজী নজরুল ইসলাম
গ. আলাওল
ব্যাখ্যা : 'পূজারিণী' কবিতাটির রচয়ি কাব্যগ্রন্থের অন্তর্গত। এ কাব্যের উল্লে

১৫. 'স্বাধীনতা-এই শব্দটি বি
[ডাক অধিদপ্তরের বিল্ডিং ও
ক. আহসান হাবীব
গ. রফিক আজাদ
ব্যাখ্যা : নির্মলেন্দু গুণের কবিতা 'স্ব লেখা হবে তার জন্য অপেক্ষার উত্তেজ আছে, ভোর থেকে জনসমুদ্রের উদ্যান

১৬. 'সোনার স্বপ্নের সাধ
[পরিবার পরিকল্পনা সহকা
ক. জীবনানন্দ দাশ
গ. কাজী নজরুল ইসল
ব্যাখ্যা : জীবনানন্দ দাশের 'রূপসী এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি, এই সাধ পৃথিবীতে কবে আর ঝরে!"

১৭. 'রানার' কবিতাটির রচ
ক. কাজী নজরুল ইস
গ. সুকান্ত ভট্টাচার্য
ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের 'ছাড়পত্র

Scanned with CamScanner

১১. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ? *[ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]*

ক. বঙ্গসুন্দরী খ. সোনার তরী
গ. প্রেম ও ফুল ঘ. দীপ ও ধূপ **উত্তর : খ**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ 'সোনার তরী' (১৮৯৪)। বিহারীলাল চক্রবর্তীর কাব্য 'বঙ্গসুন্দরী' (১৮৭০), গোবিন্দচন্দ্র দাসের কাব্য 'প্রেম ও ফুল' (১৮৮৮), কামিনী রায়ের কাব্য 'দীপ ও ধূপ' (১৯২৯)।

১২. 'বাংলা মুখ আমি দেখিয়াছি, তাই পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর'-এ পংক্তিটি করা লেখা? *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*

ক. গোবিন্দ হালদার খ. সুনীল গঙ্গোপাধ্যায়
গ. জীবনানন্দ দাশ ঘ. কবি জসীম উদ্‌দীন **উত্তর : গ**

ব্যাখ্যা : জীবনানন্দ দাশের রূপসী বাংলা কাব্যের কবিতা 'বাংলার মুখ' (বাংলা মুখ আমি দেখিয়াছি, তাই পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর)

১৩. 'মুজিব-লেনিন-ইন্দিরা' কাব্যগ্রন্থের লেখক কে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের AD-১৮]*

ক. শওকত আলী খ. মহাদেব সাহা
গ. নির্মলেন্দু গুণ ঘ. আসাদ চৌধুরী **উত্তর : গ**

১৪. 'পূজারিণী' কবিতাটির লেখক কে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের স্টোরম্যান-১৮]*

ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. আলাওল ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর : ক**

ব্যাখ্যা : 'পূজারিণী' কবিতাটির রচয়িতা কাজী নজরুল ইসলাম। কবিতাটি তার 'দোলন-চাঁপা' কাব্যগ্রন্থের অন্তর্গত। এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা- বেলাশেষে, পথহারা, পুবের চাতক।

১৫. 'স্বাধীনতা-এই শব্দটি কিভাবে আমাদের হলো'- কবিতাটি কোন কবির রচনা? *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*

ক. আহসান হাবীব খ. নির্মলেন্দু গুণ
গ. রফিক আজাদ ঘ. মহাদেব সাহা **উত্তর : খ**

ব্যাখ্যা : নির্মলেন্দু গুণের কবিতা 'স্বাধীনতা-এই শব্দটি কিভাবে আমাদের হলো' (একটি কবিতা লেখা হবে তার জন্য অপেক্ষার উত্তেজনা নিয়ে, লক্ষ লক্ষ উন্মত্ত অধীর ব্যাকুল বিদ্রোহী শ্রোতা বসে আছে, ভোর থেকে জনসমুদ্রের উদ্যান সৈকতে: 'কখন আসবে কবি?')

১৬. 'সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে'- কবিতাংশটি কার লেখা? *[পরিবার পরিকল্পনা সহকারী-১৮]*

ক. জীবনানন্দ দাশ খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম ঘ. আল মাহমুদ **উত্তর : ক**

ব্যাখ্যা : জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যের 'সেইদিন এই মাঠ' কবিতার চরণ- "সেই দিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি, এই নদী নক্ষত্রের তলে। সেদিনো দেখিবে স্বপ্ন- সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে!"

১৭. 'রানার' কবিতাটির রচয়িতা কে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের স্টোরম্যান-১৮]*

ক. কাজী নজরুল ইসলাম খ. যতীন্দ্রমোহন বাগচী
গ. সুকান্ত ভট্টাচার্য ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর : গ**

ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের 'ছাড়পত্র' কাব্যগ্রন্থের বিখ্যাত কবিতা 'রানার'।

Scanned with CamScanner

১৮. 'লও তুমি যত পার, শাস্ত্রের সন্ধান' কার লেখা? *[যুব উন্নয়ন অধিদপ্তর (ক্যাশ)-১৮]*

ক. কৃষ্ণচন্দ্র মজুমদার খ. ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ. কামিনী রায় ঘ. যতীন্দ্র মোহন বাগচী

উত্তর : খ

১৯. 'পরানের গহীন ভিতর' কাব্যগ্রন্থের রচয়িতা কে? *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]*

ক. হাসান হাফিজুর রহমান খ. আহসান হাবীব
গ. সৈয়দ শামসুল হক ঘ. শহীদ কাদরী

উত্তর : গ

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হকের কাব্যগ্রন্থ- একদা এক রাজ্যে (১৯৬১), বিরতিহীন উৎসব (১৯৬৯), বৈশাখে রচিত পংক্তিমালা (১৯৭০), প্রতিধ্বনিগণ (১৯৭৩), পরাণের গহীন ভিতর (১৯৮০)।

২০. শামসুর রাহমানের কাব্যগ্রন্থ কোনটি? *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর-১৮]*

ক. অলীক স্বপ্ন খ. প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে
গ. চৈত্রমাসের দিনগুলো ঘ. অবসাদ

উত্তর : খ

ব্যাখ্যা : শামসুর রাহমানের কাব্য- 'প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে' (১৯৬০)।

২১. 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়' চরণটির রচয়িতা কে? *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর-১৮]*

ক. সুদীপ্ত নারায়ণ চক্রবর্তী খ. বিক্রমসেন
গ. সুকান্ত ভট্টাচার্য ঘ. সুকান্ত রায়

উত্তর : গ

ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের 'হে মহাজীবন' কবিতার চরণ- 'কবিতা তোমায় দিলাম আজকে ছুটি, ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়: পূর্ণিমা-চাঁদ যেন ঝল্‌সানো রুটি ॥'

২২. 'বাংলাদেশ স্বপ্ন দ্যাখে'-গ্রন্থটির লেখক কে? *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (ফিল্ড সুপারভাইজার)-১৮]*

ক. আল মাহমুদ খ. শামসুর রাহমান
গ. নির্মলেন্দু গুণ ঘ. হেলাল হাফিজ

উত্তর : খ

২৩. 'যখন আমার জনকের নাম শেখ মুজিবুর রহমান'- পঙক্তিটি কোন কবির রচনা? *[সিনিয়ার স্টাফ নার্স নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. অতুল প্রসাদ সেন
গ. সৈয়দ শামসুল হক ঘ. নির্মলেন্দু গুণ

উত্তর : গ

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হকের 'আমার পরিচয়' কবিতার চরণ- 'যখন আমার জনকের নাম শেখ মুজিবুর রহমান'।

২৪. জসীম উদ্‌দীনের 'কবর' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অর্ন্তভূক্ত? *[বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রশাসনিক কর্মকর্তা-১৭]*

ক. রাখালী খ. সোজন বাদিয়ার ঘাট গ. বালুচর
ঘ. ধানক্ষেত ঙ. কোনটিই নয়

উত্তর : ক

ব্যাখ্যা : জসীম উদ্‌দীন বি.এ. ক্লাসে অধ্যয়নকালে রচনা করেন 'কবর' কবিতা। ১১৮ লাইনের কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে লেখা। কবিতাটি 'রাখালী' কাব্যগ্রন্থের অন্তর্গত।

Scanned with CamScanner

২৫. "যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না, অত্যাচারীর খড়্গ কৃপান ভীম রণ-ভূমিতে রণিবে না?"- এ দুটি লাইন কাজী নজরুল ইসলামের কোন কবিতার? *[জাতীয় বিশ্ববিদ্যালয় সেকশন অফিসার নিয়োগ-১৭]*

ক. আজ সৃষ্টি সুখের উল্লাসে খ. পূজারিণী
গ. বিদ্রোহী ঘ. পথহারা

উত্তর : গ

২৬. 'কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়'- কে আসবেন? *[বিআরটিএ-র মোটরযান পরিদর্শক-১৭]*

ক. গোবিন্দ দাস খ. জসীম উদ্‌দীন
গ. সুফিয়া কামাল ঘ. জীবনানন্দ দাশ

উত্তর : ঘ

ব্যাখ্যা : জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যের 'আবার আসিব ফিরে' কবিতার চরণ- 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে-এই বাংলায়, হয়তো মানুষ নয় হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে। হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে, কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায়।'

২৭. মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য' ইংরেজিতে প্রথম অনুবাদ করেন কে? *[রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী-১৭]*

ক. দীনবন্ধু মিত্র খ. রাজনারায়ণ বসু
গ. সজনীকান্ত দাস ঘ. ডি. এল রায়

উত্তর : খ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের মহাকাব্য- 'মেঘনাদবধ কাব্য' (১৮৬১)। বাংলা ভাষার প্রথম সার্থক মহাকাব্য। এর কাহিনি রামায়ণ থেকে সংগৃহীত। গ্রন্থটি মুদ্রণের ব্যয়বহনকারী রাজা দিগম্বর মিত্রকে উৎসর্গ করা হয়। মহাকাব্যটি প্রথম ইংরেজিতে অনুবাদ করেন রাজানারায়ণ বসু।

২৮. কোনটি জীবনানন্দ দাশের কাব্য নয়? *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-১৭]*

ক. ধূসর পাণ্ডুলিপি খ. ঝরা পালক
গ. বেলা শেষের গান ঘ. মহাপৃথিবী

উত্তর : গ

ব্যাখ্যা : জীবনানন্দ দাশের কাব্য- ধূসর পাণ্ডুলিপি (১৯৩৬), ঝরা পালক (১৯২৮), মহাপৃথিবী (১৯৪৪)। সত্যেন্দ্রনাথ দত্ত রচিত কাব্য- বেলা শেষের গান (১৯২৩)।

২৯. 'এ দিন আজি কোন ঘরে গো খুলে দিল দ্বার? আজি প্রাতে সূর্য ওঠা সফল হল কার?'- পঙক্তিটি কার? *[জাতীয় বিশ্ববিদ্যালয় সেকশন অফিসার নিয়োগ-১৭]*

ক. কাজী নজরুল ইসলাম খ. জীবনানন্দ দাশ
গ. অতুল প্রসাদ ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর : ঘ

ব্যাখ্যা : 'এ দিন আজি কোন ঘরে গো খুলে দিল দ্বার? আজি প্রাতে সূর্য ওঠা সফল হল কার?' এর রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর। ১১ অক্টোবর ১৯১৪ (২৩ আশ্বিন, ১৩২১) বুদ্ধগয়ায় রচনা করেন।

৩০. কোনটি জসীম উদ্‌দীনের কাব্য নয়? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১৭]*

ক. মানসী খ. মাটির কান্না
গ. এক পয়সার বাঁশি ঘ. রাখালী

উত্তর : ক

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ- মানসী।

Scanned with CamScanner

৩১. মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভূমির প্রতি' কবিতাটি একটি? *[বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. সনেট খ. পত্র কবিতা
গ. রূপক কবিতা ঘ. গীতি কবিতা
উত্তর : ঘ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের বিখ্যাত কয়েকটি গীতিকবিতার মধ্যে 'বঙ্গভূমির প্রতি' কবিতা একটি। এ কবিতায় স্বদেশের প্রতি কবির গভীর মমত্ববোধ ও আবেগ প্রকাশ পেয়েছে। এ কবিতায় তিনি স্বদেশকে মায়ের সাথে তুলনা করেছেন।

৩২. 'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণতূর্য'- কোন কবিতার চরণ? *[বিভিন্ন মন্ত্রণালয়ের (এ্যাসিসটেন্ট প্রোগামার) নিয়োগ-১৭]*

ক. বিদ্রোহী খ. শাতিল আরব
গ. প্রলয়োল্লাস ঘ. খেয়াপারের তরণী
উত্তর : ক

৩৩. 'বুকের রক্তে লিখেছি একটি নাম বাংলাদেশ' কোন কবি লিখেছেন? *[বিভিন্ন মন্ত্রণালয়ের (এ্যাসিসটেন্ট প্রোগামার) নিয়োগ-১৭]*

ক. মোহাম্মদ মনিরুজ্জামান খ. আসাদ চৌধুরী
গ. কামাল চৌধুরী ঘ. আল মাহমুদ
উত্তর : ক

ব্যাখ্যা : মোহাম্মদ মনিরুজ্জামান রচিত 'শহীদ স্মরণে' কবিতার পঙক্তি- 'কবিতায় আর কী লিখব?/ যখন বুকের রক্তে লিখেছি/একটি নাম/বাংলাদেশ।'

৩৪. 'বাংলা মুখ' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? *[বিভিন্ন মন্ত্রণালয়ের (এ্যাসিসটেন্ট প্রোগামার) নিয়োগ-১৭]*

ক. মহাপৃথিবী খ. মাল্যদান
গ. রূপসী বাংলা ঘ. ঝরাপালক
উত্তর : গ

৩৫. কাজী নজরুলের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ- *[সাব রেজিস্ট্রার-১৬]*

ক. বিষের বাঁশি খ. বিদ্রোহী
গ. অগ্নিবীণা ঘ. রুবাইয়াৎ-ই-হাফিজ
উত্তর : গ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ অগ্নিবীণা (১৯২২)। গ্রন্থটি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করা হয়।

৩৬. 'অন্ধবধূ' কবিতায় কোন পাখির চেঁচিয়ে সারা হওয়ার কথা উল্লেখ আছে? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী-১৬]*

ক. কাক খ. চোখ গেল
গ. কোকিল ঘ. শালিক
উত্তর : খ

ব্যাখ্যা : যতীন্দ্রমোহন বাগচী রচিত 'অন্ধবধূ' একটি সচেতনামূলক কবিতা। এতে 'চোখ গেল' নামক এক বিশেষ পাখির কথা উল্লেখ আছে। যেমন- 'চোখ গেল' ওই চেঁচিয়ে হ'ল সারা/আহা দিদি, কী করবে ভাই তারা- জন্ম লাগি গিয়াছে যার চোখ।'

৩৭. 'চুনিয়া আমার আর্কেডিয়া' গ্রন্থের রচয়িতা- *[জনপ্রশাসন মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা-১৬]*

ক. আল মাহমুদ খ. নির্মলেন্দু গুণ
গ. সৈয়দ শামসুল হক ঘ. রফিক আজাদ
উত্তর : ঘ

ব্যাখ্যা : কবি রফিক আজাদের কাব্যগ্রন্থ- অসম্ভবের পায়ে (১৯৭৩), সীমাবদ্ধ জলে, সীমিত সবুজে (১৯৭৪), চুনিয়া আমার আর্কেডিয়া (১৯৭৭), পাগলা গারদ থেকে প্রেমিকার চিঠি (১৯৯৫)।

৩৮. কোনটি সুফিয়া কামালের কবিতা?
ক. নিমন্ত্রণ খ.
গ. বনলতা সেন ঘ.
ব্যাখ্যা : কবি সুফিয়া কামালের কবিতা 'তাহ
এসেছে ধরায়, বসন্ত বরিয়া তুমি লবে না কি ত

৩৯. 'অগ্নিবীণা' কাব্যের কবিতার সং
ক. ১২
গ. ১৯
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের প্রথম
আছে- প্রলয়োল্লাস, বিদ্রোহী, রক্তাম্বরধারিণী
ভেরী, শাত্-ইল-আরব, খেয়াপারের তরণী,

৪০. কাজী নজরুলের প্রথম প্রকা
ক. বাউন্ডুলের আত্মকাহিনী
গ. পদ্মগোখরা
ব্যাখ্যা : কাজী নজরুলের প্রথম প্রকাশিত-
❖ কবিতা - মুক্তি (শ্রাবণ,
❖ গল্পগ্রন্থ - ব্যাথার দান (
❖ কাব্যগ্রন্থ - অগ্নিবীণা (
❖ উপন্যাস - বাঁধন-হারা

৪১. রবীন্দ্রনাথের শেষ কাব্যগ্র
ক. পরিশেষ
গ. জন্মদিনে
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রক
'শেষলেখা' (১৯৪১)।

৪২. 'ঈশ্বর' কবিতাটি কাজী
সহকারী প্রকৌশলী-১৬]
ক. অগ্নিবীণা
গ. সাম্যবাদী
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম র
কবিতা- সাম্যবাদী, ঈশ্বর, মানুষ,

৪৩. সিকানদার আবু জাফ
(মেট্রোপলিটন সার্কেল)
ক. আধুনিক কাব্য
গ. সমাজ সচেতনতা

৪৪. বাংলা ভাষা ও সাহিত্যে
ক. ছোটগল্প
গ. কাব্য

Scanned with CamScanner

৩৮. কোনটি সুফিয়া কামালের কবিতা? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৬]
ক. নিমন্ত্রণ খ. তাহারেই পড়ে মনে উত্তর : খ
গ. বনলতা সেন ঘ. কবর
ব্যাখ্যা : কবি সুফিয়া কামালের কবিতা 'তাহারেই পড়ে মনে' (হে কবি! নীরব কেন-ফাগুন যে এসেছে ধরায়, বসন্ত বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়।)

৩৯. 'অগ্নিবীণা' কাব্যের কবিতার সংখ্যা- [পিএসসির সহকারী পরিচালক-১৬]
ক. ১২ খ. ১৪ উত্তর : ক
গ. ১৯ ঘ. ১৭
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা'। এ কাব্যে মোট ১২টি কবিতা রয়েছে- প্রলয়োল্লাস, বিদ্রোহী, রক্তাম্বরধারিণী মা, আগমণী, ধূমকেতু, কামাল পাশা, আনোয়ার, রণ-ভেরী, শাত্-ইল-আরব, খেয়াপারের তরণী, কোরবানী ও মহররম।

৪০. কাজী নজরুলের প্রথম প্রকাশিত কবিতার নাম কী? [উপজেলা পোস্টমাস্টার-১৬]
ক. বাউন্ডুলের আত্মকাহিনী খ. মুক্তি উত্তর : খ
গ. পদ্মগোখরা ঘ. বিদ্রোহী
ব্যাখ্যা : কাজী নজরুলের প্রথম প্রকাশিত-
- কবিতা - মুক্তি (শ্রাবণ, ১৩২৬ 'বঙ্গীয় মুসলিম সাহিত্য পত্রিকায়')
- গল্পগ্রন্থ - ব্যাথার দান (ফেব্রুয়ারি, ১৯২২)
- কাব্যগ্রন্থ - অগ্নিবীণা (সেপ্টেম্বর, ১৯২২)
- উপন্যাস - বাঁধন-হারা (১৯২৭)

৪১. রবীন্দ্রনাথের শেষ কাব্যগ্রন্থ কোনটি? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৬]
ক. পরিশেষ খ. শেষ লেখা উত্তর : খ
গ. জন্মদিনে ঘ. পুনশ্চ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ 'কবিকাহিনী' (১৯৭৮) এবং শেষ কাব্যগ্রন্থ 'শেষলেখা' (১৯৪১)।

৪২. 'ঈশ্বর' কবিতাটি কাজী নজরুলের কোন কাব্যের অন্তর্গত? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী-১৬]
ক. অগ্নিবীণা খ. সর্বহারা উত্তর : গ
গ. সাম্যবাদী ঘ. চক্রবাক
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম রচিত কাব্য- সাম্যবাদী (১৯২৫)। এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা- সাম্যবাদী, ঈশ্বর, মানুষ, পাপ, নারী, বারাঙ্গনা।

৪৩. সিকান্দার আবু জাফরের কবিতার প্রধান বৈশিষ্ট্য কি? [বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল) পরিদর্শক-১৬]
ক. আধুনিক কাব্য খ. প্রকৃতি ও মানুষ
গ. সমাজ সচেতনতা ঘ. দেশ কাল পাত্র উত্তর : খ

৪৪. বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি? [১২তম প্রভাষক নিবন্ধন-১৫]
ক. ছোটগল্প খ. নাটক
গ. কাব্য ঘ. উপন্যাস উত্তর : গ

Scanned with CamScanner

৪৫. 'সিংহল সমুদ্র থেকে নিশীথের অন্ধকারে মালয় সাগরে'- কে ঘুরেছেন? [সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)-১৫]
ক. বুদ্ধদেব বসু খ. সুধীন্দ্রনাথ দত্ত
গ. জীবনানন্দ দাশ ঘ. বিষ্ণু দে
উত্তর : গ

৪৬. কোনটি জসীম উদ্‌দীনের কাব্যগ্রন্থ নয়? [সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]
ক. মাটির কান্না খ. মাটির মায়া
গ. হাসু ঘ. এক পয়সার বাঁশি
উত্তর : খ

৪৭. 'মেঘনার ঢল' কবিতাটির লেখক কে? [জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট-১৫]
ক. হুমায়ুন কাদির খ. হুমায়ুন কবির
গ. হুমায়ুন জহির
উত্তর : খ
ব্যাখ্যা : হুমায়ুন কবির রচিত কবিতা 'মেঘনার ঢল' (শোন মা আমিনা, রেখে দে রে কাজ ত্বরা করি মাঠে চল/এল মেঘনায় জোয়ারের বেলা এখনি নামিবে ঢল)। তার রচিত কাব্য- স্বপ্নসাধ (১৯২৮), সাথী (১৯৩০), অষ্টাদশী (১৯৩৮)।

৪৮. রবীন্দ্রনাথের কোন কাব্যে গতিতত্ত্বের প্রকাশ ঘটেছে? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৫]
ক. ক্ষণিকা খ. বলাকা
গ. মানসী ঘ. পূরবী
উত্তর : খ

৪৯. কোনটি কাব্যগ্রন্থ? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১৫]
ক. শেষ প্রশ্ন খ. শেষলেখা
গ. শেষের কবিতা ঘ. শেষের পরিচয়
উত্তর : খ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের সর্বশেষ কাব্য- শেষলেখা (১৯৪১), উপন্যাস- শেষের কবিতা (১৯২৯)। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস- শেষ প্রশ্ন (১৯৩১), শেষের পরিচয় (১৯৩৯)।

৫০. 'মহাপৃথিবী' কার কাব্যগ্রন্থ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৫]
ক. গোলাম মোস্তফা খ. জসীম উদ্‌দীন
গ. ফররুখ আহমদ ঘ. জীবনানন্দ দাশ
উত্তর : ঘ

৫১. জসীমউদ্‌দীন রচিত 'নিমন্ত্রণ' কবিতাটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? [জনপ্রশাসন মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা-১৫]
ক. বালুচর খ. রাখালী
গ. ধানখেত ঘ. মাটির কান্না
উত্তর : গ

৫২. 'বিচ্ছিন্ন প্রতিলিপি' কাব্যগ্রন্থটির রচয়িতা কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ-১৪]
ক. মযহারুল ইসলাম খ.রফিক আজাদ
গ. হুমায়ুন কবির ঘ.জাহানারা ইমাম
উত্তর : ক
ব্যাখ্যা : 'বিচ্ছিন্ন প্রতিলিপি' (১৯৭০) কাব্যগ্রন্থটির রচয়িতা মযহারুল ইসলাম। তার অন্যান্য কাব্যগ্রন্থ- মাটির ফসল (১৯৫৫), আর্তনাদে বিবর্ণ (১৯৭০), উজানে ফেরার প্রতিধ্বনি (১৯৯৮)।

৫৩. জসীম উদ্‌দীনের শ্রেষ্ঠ কাহিনীকাব্য কোনটি?
ক. সকিনা খ. সোজন বা
গ. নকশী কাঁথার মাঠ ঘ. রাখালী
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের শ্রেষ্ঠ কাহিনীকাব্য- নকশী কাঁথার ও সাজু নামক দুই গ্রামীণ যুবক-যুবতীর অবিনশ্বর প্রেম রূপের এক ব্যক্তিকে উপজীব্য করে নেওয়া। যার প্রকৃত

৫৪. 'জুলেখার মন' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
ক. মোহাম্মদ মাহফুজ উল্লাহ খ. সমর সে
গ. রজনীকান্ত সেন ঘ. জাহানা
ব্যাখ্যা : মোহাম্মদ মাহফুজ উল্লাহ ১৯৩৬ সালের ১ প্রথম কাব্য- জুলেখার মন (১৯৫৯)। এতে ৪৩টি কবি (১৯৬৬), রক্তিম হৃদয় (১৯৭০), আপন ভুবনে (১৯৭৫

৫৫. 'লোক লোকান্তর' কাব্যগ্রন্থটির কবি কে
ক. নির্মলেন্দু গুণ খ. শামস
গ. আল মাহমুদ ঘ. আবু

৫৬. 'কবর' কবিতার লেখক কে? [প্রধানমন্ত্রী
ক. মুনীর চৌধুরী খ. রজ
গ. রওশন ইজদানী ঘ. জসী
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের বিখ্যাত কবিতা 'কবর'। করেন। ১১৮ লাইনের কবিতাটি 'মাত্রাবৃত্ত' ছ কবিতাটি প্রথম 'কল্লোল' পত্রিকায় প্রকাশিত হয়। পাঠ্য করা হয়েছিল।

৫৭. 'আমার প্রেম আমার প্রতিনিধি'-
সহকারী শিক্ষক-১৩]
ক. আবুল হাসান খ.
গ. আহমদ রফিক গ.

৫৮. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকু
মন্ত্রণালয়ের অধীন সঞ্চয় পরিদপ্তরের
ক. ছবি খ.
গ. জীবনের জলছবি ঘ.
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'বলাকা' (১৯১
(রবীন্দ্রনাথের মেঝো ভাবী) এই ছবি কবিতার

৫৯. নিচের কোনটি কবি জসীম উদ্‌দী
ক. ধানক্ষেত
গ. পদ্মাপার
ব্যাখ্যা : জসীম উদ্‌দীন রচিত কাব্য- ধান
(১৯৫১)। অমিয় চক্রবর্তী রচিত কাব্য- এক

Scanned with CamScanner

৫৩. জসীম উদ্‌দীনের শ্রেষ্ঠ কাহিনীকাব্য কোনটি? [প্রাক প্রাথমিক সহকারী শিক্ষক-১৪]
ক. সকিনা খ. সোজন বাদিয়ার ঘাট উত্তর : গ
গ. নকশী কাঁথার মাঠ ঘ. রাখালী
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের শ্রেষ্ঠ কাহিনীকাব্য- নকশী কাঁথার মাঠ (১৯২৯)। কাব্যোপন্যাসটি রূপাই ও সাজু নামক দুই গ্রামীণ যুবক-যুবতীর অবিনশ্বর প্রেম কাহিনী। এ কাব্যগ্রন্থের রূপাই চরিত্রটি হাজেরের এক ব্যক্তিকে উপজীব্য করে নেওয়া। যার প্রকৃত নাম রূপা।

৫৪. 'জুলেখার মন' কাব্যগ্রন্থটির রচয়িতা কে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]
ক. মোহাম্মদ মাহফুজ উল্লাহ খ. সমর সেন উত্তর : ক
গ. রজনীকান্ত সেন ঘ. জাহানারা আরজু
ব্যাখ্যা : মোহাম্মদ মাহফুজ উল্লাহ ১৯৩৬ সালের ১ জানুয়ারি আশুগঞ্জে জন্মগ্রহণ করেন। তার প্রথম কাব্য- জুলেখার মন (১৯৫৯)। এতে ৪৩টি কবিতা রয়েছে। অন্যান্য কাব্য- অন্ধকারে একা (১৯৬৬), রক্তিম হৃদয় (১৯৭০), আপন ভুবনে (১৯৭৫), বৈরিতার হাতে বন্দি (১৯৯০)।

৫৫. 'লোক লোকান্তর' কাব্যগ্রন্থটির কবি কে? [সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]
ক. নির্মলেন্দু গুণ খ. শামসুর রাহমান উত্তর : গ
গ. আল মাহমুদ ঘ. আবুল হাসান

৫৬. 'কবর' কবিতার লেখক কে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক-১৩]
ক. মুনীর চৌধুরী খ. রজনীকান্ত সেন উত্তর : ঘ
গ. রওশন ইজদানী ঘ. জসীম উদ্‌দীন
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের বিখ্যাত কবিতা 'কবর'। কবি বি.এ. ক্লাসে অধ্যয়নকালে কবিতাটি রচনা করেন। ১১৮ লাইনের কবিতাটি 'মাত্রাবৃত্ত' ছন্দে লেখা। 'রাখালী' কাব্যগ্রন্থের অন্তর্গত এ কবিতাটি প্রথম 'কল্লোল' পত্রিকায় প্রকাশিত হয়। তাঁর ছাত্রাবস্থায়ই এ কবিতাটি মাধ্যমিক পর্যায়ে পাঠ্য করা হয়েছিল।

৫৭. 'আমার প্রেম আমার প্রতিনিধি'- কাব্যগ্রন্থটির রচয়িতা কে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]
ক. আবুল হাসান খ. আ. ন. ম. বজলুর রশীদ উত্তর : ক
গ. আহমদ রফিক ঘ. ফজল শাহাবুদ্দীন

৫৮. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত কবিতার নাম? [অর্থ মন্ত্রণালয়ের অধীন সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-১৩]
ক. ছবি খ. কবি উত্তর : ক
গ. জীবনের জলছবি ঘ. কাঠ কয়লার ছবি
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'বলাকা' (১৯১৬) কাব্যের বিখ্যাত কবিতা 'ছবি'। কাদম্বরী দেবী (রবীন্দ্রনাথের মেঝো ভাবী) এই ছবি কবিতার পিছনের নারী বলে অনেকে মনে করেন।

৫৯. নিচের কোনটি কবি জসীম উদ্‌দীনের রচনা নয়? [দুদকের সহকারী পরিচালক-১৩]
ক. ধানক্ষেত খ. মধুমালা উত্তর : ঘ
গ. পদ্মাপার ঘ. এক মুঠো
ব্যাখ্যা : জসীম উদ্‌দীন রচিত কাব্য- ধানক্ষেত (১৯৩৩), নাটক- পদ্মাপাড় (১৯৫০), মধুমালা (১৯৫১)। অমিয় চক্রবর্তী রচিত কাব্য- এক মুঠো।

৯ম-১০ম শ্রেণি
উচ্চতর গণিত
সাধারণ গণিত
উ. গণিত
একাদশ-দ্বাদশ
Author
Arifur Rahman
iss Publications
ss Job Aid
Scanned with CamScanner

৬০. 'তন্বী' কাব্যের কবি কে? *[ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৩]*

ক. প্রেমেন্দ্র মিত্র খ. বুদ্ধদেব বসু
গ. সুধীন্দ্রনাথ দত্ত ঘ. বিষ্ণু দে

উত্তর : গ

ব্যাখ্যা : সুধীন্দ্রনাথ দত্তের প্রথম কাব্য 'তন্বী' (১৯৩০)। কাব্যটি রবীন্দ্রনাথের শ্রীচরণে উৎসর্গ করেন। সেখানে তিনি বলেন- 'ঋণ শোধের জন্য নয়, ঋণ স্বীকারের জন্য'। তার অন্যান্য কাব্যগ্রন্থ- অর্কেস্ট্রা (১৯৩৫), ক্রন্দসী (১৯৩৭), উত্তর ফাল্গুনী (১৯৪০), সংবর্ত (১৯৫৩)।

৬১. 'বাংলার মাটি, বাংলার জল' সনেটটি করা রচনা? *[সমাজসেবা অধিদপ্তরের প্রবে অফিসার-১৩]*

ক. অতুলপ্রসাদ সেন খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. কাজী নজরুল ইসলাম

উত্তর : গ

ব্যাখ্যা : 'বাংলার মাটি, বাংলার জল' সনেটটি রচনা করেন রবীন্দ্রনাথ ঠাকুর। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রতিবাদে এটি রচনা করেন। উল্লেখ্য নির্মলেন্দু গুণের একটি কাব্য- 'বাংলার মাটি বাংলার জল' (১৯৭৮)।

৬২. কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ কোনটি? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৩]*

ক. বেলা শেষের গান খ. নিশান্তিকা
গ. হেমন্ত গোধুলী ঘ. পুবের হাওয়া

উত্তর : ঘ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ- পূবের হাওয়া (১৯২৫), সত্যেন্দ্রনাথ দত্তের কাব্য- বেলা শেষের গান (১৯২৩), যতীন্দ্রনাথ সেনগুপ্তের কাব্য- নিশান্তিকা (১৯৫৭), মোহিতলাল মজুমদারের কাব্য- হেমন্ত গৌধুলী (১৯৪১)।

৬৩. 'বিদায় অভিশাপ' কবিতাটি কার লেখা? *[পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*

ক. কাজী নজরুল ইসলাম খ. মধুসূদন দত্ত
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. বিহারীলাল

উত্তর : গ

৬৪. 'ছাড়পত্র' কাব্যগ্রন্থটি কার লেখা? *[গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার-১৩]*

ক. সুকান্ত ভট্টাচার্য খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. জীবনানন্দ দাশ ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর : ক

ব্যাখ্যা : কবি সুকান্ত ভট্টাচার্যের কাব্যগ্রন্থ- ছাড়পত্র (১৯৪৭), ঘুম নেই (১৯৫০), পূর্বাভাস (১৯৫০), মিঠেকড়া (১৯৫১), অভিযান (১৯৫৩), গীতিগুচ্ছ (১৯৬৫)।

৬৫. 'ময়নামতির চর' কাব্যটির রচয়িতা কে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের প্রদর্শক-১৩]*

ক. যতীন্দ্রমোহন বাগচী খ. হুমায়ুন কবীর
গ. রওশন ইজদানী ঘ. বন্দে আলী মিয়া

উত্তর : ঘ

ব্যাখ্যা : 'ময়নামতির চর' বন্দে আলী মিয়া রচিত কাব্যগ্রন্থ। ১৯৩২ সালে প্রকাশিত হয়। এতে পদ্মানদীর চরাঞ্চলের জীবনযাত্রা ফুটে উঠেছে। এ কাব্যের ভূমিকা লিখতে গিয়ে রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছেন- 'তোমার ময়নামতির চর কাব্যখানিতে গঙ্গাচরের দৃশ্য এবং তার জীবনযাত্রার প্রত্যক্ষ ছবি দেখা গেল। পড়ে বিশেষ আনন্দ পেয়েছি। ..... বাংলা সাহিত্যে তুমি বিশেষ স্থানটি অধিকার করতে পেরেছ বলে আমি মনে করি।' (২৬ জুলাই, ১৯৩২)

৬৬. 'মেঘ বলে চৈত্রে যাবো' কাব্যগ্রন্থটির লেখক কে? *[সহকারী রাজস্ব কর্মকর্তা-১২]*

ক. আহসান হাবীব খ. শামসুর রাহমান
গ. মহাদেব সাহা ঘ. খালেদা এদিব চৌধুরী

উত্তর : ক

ব্যাখ্যা : আহসান হাবীবের কাব্যগ্রন্থ- মেঘ বলে চৈত্রে যাব (১৯৭৬), দুই হাতে দুই আদিম পাথর (১৯৮০), প্রেমের কবিতা (১৯৮১)।

Scanned with CamScanner

৬৭. মাইকেল মধুসূদন দত্তের 'তিলোত্তমাসম্ভব কাব্য' একটি- [সহকারী রাজস্ব কর্মকর্তা-১২]
ক. পত্রকাব্য খ. কাহিনীকাব্য
গ. মহাকাব্য ঘ. খণ্ড কবিতার সংকলন
উত্তর : খ
ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের 'তিলোত্তমাসম্ভব কাব্য' (১৮৬০) বাংলা সাহিত্যের প্রথম 'অমিত্রাক্ষর ছন্দে' রচিত কাব্য। মহাভারতের সুন্দ ও উপসুন্দ কাহিনী অবলম্বনে রচিত।

৬৮. 'শিবমন্দির' কাব্যগ্রন্থের রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]
ক. গোবিন্দচন্দ্র দাস খ. কায়কোবাদ
গ. অক্ষয় কুমার সরকার ঘ. নবীন চন্দ্র সেন
উত্তর : খ

৬৯. 'বনি আদম' গ্রন্থের রচয়িতা- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-১২]
ক. গোলাম মোস্তফা খ. ইসমাইল হোসেন সিরাজী
গ. ফররুখ আহমদ ঘ. মীর মশাররফ
উত্তর : ক
ব্যাখ্যা : গোলাম মোস্তফা রচিত কাব্যগ্রন্থ- রক্তরাগ (১৯২৪), খোশরোজ (১৯২৯), কাব্যকাহিনী (১৯৩২), সাহারা (১৯৩৬), হাস্নাহেনা (১৯৩৮), বুলবুলিস্তান (১৯৪৯), বনি আদম (১৯৫৮)।

৭০. 'তোমাকে অভিবাদন প্রিয়তমা' কাব্যগ্রন্থের কবি কে? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১২]
ক. নির্মলেন্দু গুণ খ. আল মাহমুদ
গ. আসাদ চৌধুরী ঘ. শহীদ কাদরী
উত্তর : ঘ
ব্যাখ্যা : শহীদ কাদরী ষাটের দশকের অন্যতম প্রধান কবি। দীর্ঘকাল যাবৎ মার্কিন মুলুকে স্বেচ্ছা-নির্বাসনে ছিলেন। তার রচিত কাব্য- উত্তরাধিকার (১৯৬৭), তোমাকে অভিবাদন প্রিয়া (১৯৭৪), কোথাও কোন ক্রন্দন নেই (১৯৭৮), আমার চুম্বনগুলো পৌঁছে দাও (২০০৯)। বিখ্যাত কবিতা- 'ভয় নেই, আমি এমন ব্যবস্থা করবো, যাতে সেনাবাহিনী গোলাপের গুচ্ছ কাঁধে নিয়ে.....।'

৭১. 'ফণিমনসা' কাব্যের রচয়িতা কে? [রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]
ক. কাজী নজরুল ইসলাম খ. আহসান হাবীব
গ. সিকান্দার আবু জাফর ঘ. হাসান হাফিজুর রহমান
উত্তর : ক

৭২. 'সারা দুপুর' কাব্যটির রচয়িতা কে? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-১১]
ক. ফররুখ আহমদ খ. আহসান হাবীব
গ. গোলাম মোস্তফা ঘ. সিকান্দার আবু জাফর
উত্তর : খ
ব্যাখ্যা : আহসান হাবীবের কাব্য- সারা দুপুর (১৯৬৪), আশায় বসতি (১৯৭৪), বিদীর্ণ দর্পনে মুখ।

৭৩. 'কালের কলস' কাব্যগ্রন্থটির রচয়িতা কে? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক-১১]
ক. আল মাহমুদ খ. শামসুর রাহমান
গ. শহীদ কাদরী ঘ. রফিক আজাদ
উত্তর : ক

৭৪. রবীন্দ্রনাথ ঠাকুরের 'উর্বশী' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]
ক. মানসী খ. বলাকা
গ. সোনারতরী ঘ. চিত্রা
উত্তর : ঘ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথের 'চিত্রা' (১৮৯৬) কাব্যের একটি কবিতা 'উর্বশী' (নহ মাতা, নহ কন্যা, নহ বধূ, সুন্দরী রূপসী, হে নন্দনবাসিনী উর্বশী)। কুষ্টিয়ার শিলাইদহে কবি এ কবিতা রচনা করেন।

Scanned with CamScanner

৭৫. বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য- *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-১১]*
আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মহাকাব্য কোনটি? *[সরকারি হাইস্কুল সহকারী শিক্ষক-০৯]*
মাইকেল মধুসূদন দত্তের মহাকাব্য কোনটি? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৬]*
মধুসূদন যে সাহিত্য রচনার জন্য অমর হয়ে আছেন- *[গণমাধ্যম ইনস্টিটিউটের সহ, পরিচালক-০৩]*

ক. মহাভারত খ. মহাশ্মশান
গ. মেঘনাদবধ কাব্য ঘ. অশ্রুমালা

উত্তর : গ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম মহাকাব্য 'মেঘনাদবধ কাব্য' (১৮৬১)। 'মহাভারত' জাত মহাকাব্য তবে বাংলায় নয় সংস্কৃত ভাষায় রচিত, কায়কোবাদ রচিত মহাকাব্য- 'মহাশ্মশান' (১৯০৫) এবং গীতিকাব্য- 'অশ্রুমালা' (১৮৯৬)।

৭৬. 'সমস্ত দিনের শেষে শিশিরের শব্দের মতো সন্ধ্যা আসে'- কার লেখা? *[গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১১]*

ক. শামসুর রহমান খ. জীবনানন্দ দাশ
গ. সমর সেন ঘ. সুকান্ত ভট্টাচার্য

উত্তর : খ

ব্যাখ্যা : কবি জীবনানন্দ দাশের 'বনলতা সেন' কবিতার লাইন- "সমস্ত দিনের শেষে শিশিরের শব্দের মতো সন্ধ্যা আসে; ডানার রৌদ্রের গন্ধ মুছে ফেলে চিল; পৃথিবীর সব রঙ নিভে গেলে পাণ্ডুলিপি করে আয়োজন।"

৭৭. সনেটের কয়টি লাইন থাকে? *[শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)-১১]*

ক. ১২টি খ. ১৬টি
গ. ১৪টি ঘ. ১৫টি

উত্তর : গ

ব্যাখ্যা : সনেট ইতালিয়ান শব্দ। একটিমাত্র অখণ্ড ভাবকল্পনা বা অনুভূতি যখন ১৪ অক্ষর সমন্বিত ১৪ টি পংক্তিতে একটি বিশেষ ছন্দরীতিতে আত্মপ্রকাশ করে তখন তাকে সনেট নামে অভিহিত করা হয়।

৭৮. বাংলা কাব্যে আধুনিকতার পথিকৃৎ কে? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তর : খ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তকে আধুনিক বাংলা সাহিত্যের পথিকৃত বলা হয়। তার হাত ধরেই বাংলা সাহিত্যের শক্ত ভিত তৈরী হয়।

৭৯. শহীদ মিনার সম্পর্কে লেখা কবিতা 'স্মৃতিস্তম্ভ' কার লেখা? *[জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর-১০]*

ক. আসাদ চৌধুরী খ. আলাউদ্দিন আল আজাদ
গ. মাহবুবুল আলম ঘ. অসীম সাহা

উত্তর : খ

ব্যাখ্যা : আলাউদ্দিন আল আজাদের বিখ্যাত কবিতা 'স্মৃতিস্তম্ভ' মানচিত্র (১৯৬১) কাব্যের অর্ন্তগত। পাকিস্তানী সরকার প্রথম শহীদ মিনার ভেংগে ফেলার প্রতিবাদে এ কবিতাটি লিখেন। 'স্মৃতির মিনার ভেঙ্গেছে তোমার? ভয় কি বন্ধু, আমরা এখনো চারকোটি পরিবার খাড়া রয়েছি তো!

৮০. কোনটি আধুনিক যুগের কাব্য? *[সমাজসেবা অফিসার-১০]*

ক. মনসামঙ্গল খ. অন্নদামঙ্গল
গ. কালিকামঙ্গল ঘ. সারদামঙ্গল

উত্তর : ঘ

ব্যাখ্যা : সারদামঙ্গল কাব্যে (১৮৭৯) মঙ্গল শব্দ উল্লেখ থাকলেও মঙ্গলকাব্য নয়। এটি আধুনিক যুগের কাব্য। রচয়িতা বিহারীলাল চক্রবর্তী। অন্যদিকে মনসামঙ্গল, অন্নদামঙ্গল, কালিকামঙ্গল মধ্যযুগের মঙ্গল কাব্যধারার কাব্য।

Scanned with CamScanner

৮১. 'রৈবতক' 'কুরুক্ষেত্র' 'প্রভাস' এই ত্রয়ী মহাকাব্য কার রচনা? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]

ক. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় খ. নবীনচন্দ্র সেন
গ. মধুসূদন দত্ত ঘ. কাজেম আল কোরেশী

উত্তর : খ

ব্যাখ্যা : নবীনচন্দ্র সেন ১৮৪৭ সালের ১০ ফেব্রুয়ারি চট্টগ্রামের নোয়াপাড়ায় জন্মগ্রহণ করেন। তিনি মূলত কবি। তার রচিত কাব্য- 'অবকাশ রঞ্জিনী' (১৮৭১), পলাশীর যুদ্ধ (১৮৭৫), রঙ্গমতী (১৮৮০)। তার ত্রয়ী মহাকাব্য- রৈবতক (১৮৮৭), কুরুক্ষেত্র (১৮৯৩) ও প্রভাস (১৮৯৬)। মহাকাব্য তিনটির নায়ক কৃষ্ণ। রৈবতকে কৃষ্ণের আদি, কুরুক্ষেত্রে মধ্য ও প্রভাসে অন্তলীলার কাহিনী বর্ণিত।

৮২. 'রাজা যায় রাজা আসে' কাব্যগ্রন্থের রচয়িতা-[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]

ক. আবুল হুসেন খ. নির্মলেন্দু গুণ
গ. আবুল হাসান ঘ. শামসুর রাহমান

উত্তর : গ

ব্যাখ্যা : আবুল হাসান বাংলাদেশের ষাটের দশকের একজন কবি। তিনি তার রচিত কাব্য- রাজা যায় রাজা আসে (১৯৭২), যে তুমি হরণ করো (১৯৭৪), পৃথক পালঙ্ক (১৯৭৫)।

৮৩. কোনটি নির্মলেন্দু গুণের কাব্যগ্রন্থ? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]

ক. বাংলার মাটি বাংলার জল খ. তবক দেওয়া পান
গ. চুনিয়া আমার আর্কেডিয়া ঘ. রৌদ্রে প্রতিধ্বনি

উত্তর : ক

ব্যাখ্যা : নির্মলেন্দু গুণের কাব্যগ্রন্থ- বাংলার মাটি বাংলার জল (১৯৭৮)। কবি আসাদ চৌধুরীর প্রথম কাব্যগ্রন্থ- তবক দেওয়া পান (১৯৭৫)। রফিক আজাদের কাব্য- চুনিয়া আমার আর্কেডিয়া (১৯৭৭)। সাযযাদ কাদিরের কাব্যগ্রন্থ- রৌদ্রে প্রতিধ্বনি (১৯৭৬)। উল্লেখ্য 'বাংলার মাটি বাংলার জল' সনেটের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

৮৪. আবু জাফর ওবায়দুল্লাহ রচিত কাব্যগ্রন্থ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১০]

ক. মানুষের মানচিত্র খ. নির্বাসিত নায়ক
গ. নারিন্দা লেন ঘ. সাতনরী হার

উত্তর : ঘ

ব্যাখ্যা : আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্যগ্রন্থ- সাতনরী হার (১৯৫৫)। রুদ্র মুহাম্মদ শহীদুল্লাহ রচিত কাব্যগ্রন্থ- মানুষের মানচিত্র (১৯৮৬)। আহমদ রফিকের কাব্যগ্রন্থ- নির্বাসিত নায়ক (১৯৬৬)। আবুল খায়ের মুসলেহউদ্দিনের কাব্যগ্রন্থ- নারিন্দা লেন (১৯৮১)।

৮৫. কোনটি শামসুর রাহমানের কাব্যগ্রন্থ নয়? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১০]

ক. রৌদ্র করেটিতে খ. নিজ বাসভূমে
গ. বন্দী শিবির থেকে ঘ. বন্দীর বন্দনা

উত্তর : ঘ

ব্যাখ্যা : শামসুর রাহমানের কাব্য- রৌদ্র করোটিতে (১৯৬৩), নিজ বাসভূমে (১৯৭০), বন্দী শিবির থেকে (১৯৭২)। বুদ্ধদেব বসুর কাব্য- বন্দীর বন্দনা (১৯৩০)।

৮৬. 'মাগো ওরা বলে' কবিতাটি কার লেখা? [পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১০]

ক. সৈয়দ শামসুল হক খ. শামসুর রাহমান
গ. আল মাহমুদ ঘ. আবু জাফর ওবায়দুল্লাহ

উত্তর : ঘ

ব্যাখ্যা : আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কবিতা- 'মাগো, ওরা বলে' (কুমড়ো ফুলে ফুলে নুয়ে পড়েছে লতাটা, সজনে ডাঁটায় ভরে গেছে গাছটা, আর আমি ডালের বড়ি শুকিয়ে রেখেছি। খোকা তুই কবে আসবি?)

৯ম-১০ম শ্রেণি
উচ্চতর গণিত
সাধারণ গণিত
সহ বিগত সকল প্রশ্নের
প ভিত্তিক সমাধান
উ. গণিত
একাদশ-দ্বাদশ
Arifur Rah
ass Publica
Scanned with CamScanner

৮৭. 'স্বাধীনতা তুমি' কবিতাটি কে রচনা করেন? *[উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]*

ক. বেগম সুফিয়া কামাল খ.ফররুখ আহমদ
গ. শামসুর রাহমান ঘ. গোলাম মোস্তফা

উত্তর : গ

ব্যাখ্যা : শামসুর রাহমানের 'বন্দী শিবির থেকে' কাব্যগ্রন্থের বিখ্যাত কবিতা- 'স্বাধীনতা তুমি' (স্বাধীনতা তুমি রবি ঠাকুরের অজর কবিতা, অবিনাশী গান। স্বাধীনতা তুমি কাজী নজরুল ঝাঁকড়া চুলের বাবরি দোলানো মহাপুরুষ)।

৮৮. কায়কোবাদ রচিত কাব্যগ্রন্থ- *[পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১০]*

ক. মহাশ্মশান খ. অশ্রুমালা
গ. অমিয়ধারা ঘ. সবগুলো

উত্তর : ঘ

ব্যাখ্যা : কায়কোবাদ রচিত কাব্যগ্রন্থ- কুসুম কানন (১৮৭৩), অশ্রুমালা (১৮৯৬), শিব মন্দির (১৯২১), অমিয় ধারা (১৯২৩), শ্মশানভস্ম (১৯২৪), মহররম শরীফ (১৯৩৩)।

৮৯. 'বিধ্বস্ত নীলিমা'র কবি- *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]*

ক. শামসুর রাহমান খ. হাসান হাফিজুর রহমান
গ. শহীদ কাদরী ঘ. আল মাহমুদ

উত্তর : ক

৯০. কাজী নজরুলের 'মহররম' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? *[শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৯]*

ক. অগ্নিবীণা খ. ছায়ানট
গ. মালঞ্চ ঘ. বুলবুল

উত্তর : ক

ব্যাখ্যা : কাজী নজরুল সেনাবাহিনী থেকে ফিরে কলকাতায় আসেন ১৯২০ সালের মার্চে। এর মাস চারেক পর ১ মহররম ১৩৩৯ হিজরী লিখেন কবিতা 'মহররম' (নীল সিয়া আসমা লালে লাল দুনিয়া, আম্মা ! লাল তেরি খুন কিয়া খুনিয়া') ১০ই মহররম আশুরা উপলক্ষে 'মোসলেম ভারত' পত্রিকায় প্রকাশিত হয়। পরবর্তীতে অগ্নিবীণা কাব্যের (১৯২২) অন্তর্ভূক্ত করা হয়।

৯১. 'বিষের বাঁশি' কাব্যগ্রন্থটি কে রচনা করেন? *[খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক-০৯]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. জসীম উদ্‌দীন
গ. কাজী নজরুল ইসলাম ঘ. বন্দে আলী মিয়া

উত্তর : গ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ- বিষের বাঁশী (১৯২৪)। এতে মোট ২৭টি কবিতা রয়েছে। ইংরেজ সরকার কাব্যটি ২২ অক্টোবর ১৯২৪ নিষিদ্ধ ঘোষণা করে। ১৯৪৫ সালের ২৭ এপ্রিল নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়।

৯২. 'স্পেন বিজয় কাব্যে'র রচয়িতা কে? *[শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৯]*

ক. অক্ষয়কুমার বড়াল খ. ইসমাইল হোসেন সিরাজী
গ. নবীনচন্দ্র সেন ঘ. মুহম্মদ বরকতুল্লাহ

উত্তর : খ

ব্যাখ্যা : 'স্পেন বিজয় কাব্যে'র (১৯১৪) রচয়িতা সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী। এতে মুসলিম বীর তারেক বিন যিয়াদের স্পেন বিজয়ের কাহিনী বর্ণনা করা হয়েছে। তাঁর অন্যান্য কাব্য- আকাঙ্ক্ষা (১৯০৬), উচ্ছ্বাস (১৯০৭), উদ্বোধন (১৯০৭), নব উদ্দীপনা (১৯০৭), মহাশিক্ষা।

৯৩. শামসুর রাহমানের কাব্যগ্রন্থ কোনটি? *[উপজেলা নির্বাচন অফিসার-০৮]*

ক. লোক লোকান্তর খ. প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে
গ. সহসা সচকিত ঘ. উত্তরাধিকার

উত্তর : খ

ব্যাখ্যা : শামসুর রাহমানের কাব্য- প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে (১৯৬০)। আল মাহমুদের প্রথম কাব্য- লোক লোকান্তর (১৯৬৩)। শহীদ কাদরীর কাব্য- উত্তরাধিকার (১৯৬৭)। সৈয়দ আলী আহসানের কাব্য- সহসা সচকিত (১৯৬৫)।

Scanned with CamScanner

৯৪. সরকার কর্তৃক বাজেয়াপ্ত হওয়া নজরুলের একটি কাব্যগ্রন্থ- [সমাজসেবা অফিসার-০৮]
ক. সর্বহারা খ. জিঞ্জির
গ. প্রলয়শিখা ঘ. সাম্যবাদী
উত্তর : গ
ব্যাখ্যা : সরকার কর্তৃক নজরুলের বাজেয়াপ্ত হওয়া গ্রন্থ- যুগবাণী, বিষের বাঁশি, ভাঙার গান, প্রলয় শিখা, চন্দ্রবিন্দু।

৯৫. রবীন্দ্রনাথের নিচের রচনাগুলোর মধ্যে কোনটি কাব্যগ্রন্থ নয়? [নির্বাচন অফিসার-০৮]
ক. শেষ সপ্তক খ. শ্যামলী
গ. শেষ লেখা ঘ. শেষের কবিতা
উত্তর : ঘ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ রচিত কাব্য- শ্যামলী (১৯৩৬), শেষসপ্তক (১৯৩৫), শেষলেখা (১৯৪১)। উপন্যাস- শেষের কবিতা (১৯২৯)।

৯৬. আল মাহমুদের কাব্যগ্রন্থ কোনটি? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ-০৭]
ক. ক্ষণিকা খ. নাম রেখেছি কোমল গান্ধার
গ. পাখির কাছে ফুলের কাছে ঘ. উপদ্রুত উপকূল
উত্তর. গ
ব্যাখ্যা : আল মাহমুদের কাব্য- পাখির কাছে ফুলের কাছে। রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য- ক্ষণিকা (১৯০০)। বিষ্ণু দের কাব্য- নাম রেখেছি কোমল গান্ধার (১৯৫০)। রুদ্র মুহম্মদ শহিদুল্লাহর কাব্য- উপদ্রুত উপকূল (১৯৭৯)।

৯৭. জসীম উদ্‌দীনের কোন কাব্যগ্রন্থ বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭]
ক. সোজন বাদিয়ার ঘাট খ. বালুচর
গ. নকশী কাঁথার মাঠ ঘ. রাখালী
উত্তর : গ
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের শ্রেষ্ঠ রচনা- 'নক্সী কাঁথার মাঠ' (১৯২৯) কাব্য বিভিন্ন ভাষায় অনূদিত হয়। E.M. Millford গ্রন্থটি Field of the Embroidery Quilt শিরোনামে ইংরেজিতে অনুবাদ করেন। এর মাধ্যমে কবি বিশ্বব্যাপী পরিচিতি লাভ করেন।

৯৮. 'চিন্তা তরঙ্গিনী' কাব্যগ্রন্থের রচয়িতা কে? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-০৭]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বিহারীলাল
গ. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ঘ. মাইকেল মধুসূদন দত্ত
উত্তর : গ
ব্যাখ্যা : হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কাব্য- চিন্তাতরঙ্গিণী (১৮৬১), আশাকানন (১৮৭৬), দশমহাবিদ্যা (১৮৮২)।

৯৯. 'আমি ভাল আছি, তুমি?' কাব্যটি কে রচনা করেছেন? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিধ-০৭]
ক. শামসুর রাহমান খ. দাউদ হায়দার
গ.আল মাহমুদ ঘ. শহীদ কাদরী
উত্তর : খ
ব্যাখ্যা : দাউদ হায়দার কাব্যগ্রন্থ- 'আমি ভাল আছি তুমি'। তার রচিত 'কালো সূর্যের কালো জ্যোৎস্নায় কালো বন্যায়' নামক কবিতায় বিভিন্ন ধর্মের মানুষের ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অভিযোগে তাকে নির্বাসন দেওয়া হয়। বর্তমানে জার্মানীতে নির্বাসিত জীবন যাপন করছেন।

Scanned with CamScanner

১০০. কোনটি আল মাহমুদের গ্রন্থ নয়? *[বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট-০৭]*

ক. বখতিয়ারের ঘোড়া খ. সোনালী কাবিন

গ. কালের কলস ঘ. হেমলকের পেয়ালা

উত্তর : ঘ

ব্যাখ্যা : আল মাহমুদ রচিত কাব্য- বখতিয়ারের ঘোড়া, সোনালী কাবিন, 'কালের কলস'। কবি আল মুজাহিদীর কাব্যগ্রন্থ- 'হেমলকের পেয়ালা'।

১০১. কায়কোবাদের প্রথম কাব্যগ্রন্থ কোনটি? *[কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক-০৭]*

ক. চম্পাবতী খ. বিরহ বিলাপ

গ. গঙ্গামনি ঘ. লাজুকলতা

উত্তর : খ

ব্যাখ্যা : কায়কোবাদের প্রথম কাব্যগ্রন্থ- বিরহ বিলাপ (১৮৭০)। মাত্র ১৩ বছর বয়সে প্রকাশিত হয়। 'গাজী কালু ও চম্পাবতী' মধ্যযুগের পাঁচালি কাব্যের আদর্শে রচিত পীরসাহিত্য।

১০২. কোন কবিতাটি অগ্নিবীণা কাব্যের নয়? *[জাতীয় সংসদ সচিবালয়ে AD-০৬]*

ক. প্রলয়োল্লাস খ. ধূমকেতু

গ. রণভেরী ঘ. যৌবনের গান

উত্তর : ঘ

ব্যাখ্যা : অগ্নিবীণা কাব্যের কবিতা- প্রলয়োল্লাস, ধূমকেতু, রণ-ভেরী। 'যৌবনের গান' প্রবন্ধ। ১৯৩২ সালে সিরাজগঞ্জে মুসলিম যুব সমাজ কাজী নজরুলকে অভিনন্দন জানাতে গেলে তাদের উদ্দেশ্যে তিনি যে ভাষণ দিয়েছিলেন, তারই পরিমার্জিত লিখিত রূপ 'যৌবনের গান' প্রবন্ধ।

১০৩. রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত 'সাজাহান' কবিতাটি তাঁর কোন কাব্যে স্থান পেয়েছে? *[উপজেলা সমাজসেবা অফিসার-০৬]*

ক. ক্ষণিকা খ. বলাকা

গ. পূরবী ঘ. চিত্র

উত্তর : খ

ব্যাখ্যা : একুশের গল্প প্রবন্ধটি 'জহির রায়হান রচনাবলী ২য় খণ্ড (১৯৮১ সালে প্রকাশিত) থেকে সংগৃহীত। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত। চরিত্র- তপু, রেনু (তপুর স্ত্রী), রাহাত (তপুর রুমমেট)।

Scanned with CamScanner

৬. সাহিত্য খেলা প্রবন্ধের 'রোদ্যা' কি? [বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার-৯৮]
ক. এক ব্যক্তির নাম খ. রেস্টুরেন্টের নাম গ. জায়গার নাম
ঘ. পাহাড়ের নাম ঘ. কুকুর ছানার নাম উত্তর : খ

৭. 'সংস্কৃতির রূপান্তর' গ্রন্থটির রচয়িতা কে? [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক সিনিয়র অফিসার-৯৯]
ক. গোপাল হালদার খ. সুফিয়া কামাল
গ. শহীদুল্লা কায়সার ঘ. আলতাফ মাহমুদ উত্তর : ক
ব্যাখ্যা : গোপাল হালদার রচিত প্রবন্ধ- সংস্কৃতির রূপান্তর (১৯৪২), বাঙালি সংস্কৃতির রূপ (১৯৪৭)। উপন্যাস- একদা (১৯৩৯), অন্যদিন (১৯৫০), আর একদিন (১৯৫০)।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. "কী জাদু বাংলা গানে।" -বিখ্যাত গানের এই চরণাংশ কোন রচনায় উদ্ধৃত হয়েছে? [চাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]
ক. বায়ান্নর দিনগুলো খ. জীবন ও বৃক্ষ
গ. জাদুঘরে কেন যাব ঘ. আমার পথ উত্তর : গ

২. 'মানুষের বুদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।' বাক্যটি কোন রচনায় আছে? [চাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]
ক. বিড়াল খ. আহবান
গ. জীবন ও বৃক্ষ ঘ. আমার পথ উত্তর : গ

৩. 'ধান্য তার বসুন্ধরা যার'।- এ বাণীটি নিচের কোন রচনায় উদ্ধৃত হয়েছে? [চাবি (গ ইউনিট) ১৮-১৯]
ক. বিড়াল খ. সাম্যবাদী
গ. অপরিচিতা ঘ. চাষার দুক্ষু উত্তর : ঘ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের উক্তি- 'ধান্য তার বসুন্ধরা যার'। উক্তিটি বেগম রোকেয়া তার 'চাষার দুক্ষু' প্রবন্ধে সংকলন করেছেন।

৪. 'সাত ভায়া' গ্রামের উল্লেখ রয়েছে কোন রচনায়? [চাবি (খ ইউনিট) ১৬-১৭]
ক. আহবান খ. আমি কিংবদন্তির কথা বলছি
গ. চাষার দুক্ষু ঘ. নূরলদীনের কথা মনে পড়ে যায় উত্তর : গ

৫. 'ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়' কোন প্রবন্ধে-[চাবি (খ) ১৭-১৮]
ক. বিড়াল খ. চাষার দুক্ষু
গ. আমার পথ ঘ. নেকলেস উত্তর : গ

৬. 'চাষার দুক্ষু' প্রবন্ধে বর্ণিত কৃষককন্যার নাম কি? [জবি (খ ইউনিট) ১৭-১৮]
ক. আমিরন খ. জমিরন
গ. আমেনা ঘ. জমিলা উত্তর : খ
ব্যাখ্যা : বেগম রোকেয়ার প্রবন্ধ- চাষার দুক্ষু।

৭. 'বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস' গ্রন্থের লেখক কে? [চাবি (ই ইউনিট) ১৪-১৫]
ক. আহমদ কবির খ. আহমদ শরীফ গ. আবুল হাসান
ঘ. হাসান হাফিজুর রহমান ঙ. আহমদ ছফা উত্তর : ঙ
ব্যাখ্যা : আহমদ ছফা রচিত প্রবন্ধ- জাগ্রত বাংলাদেশ (১৯৭১), বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস (১৯৭২), সঙ্কটের নানা চেহারা (১৯৯৬)।

৮. প্রবন্ধের বাহন কী? [রাবি (হ ইউনিট)
ক. কাহিনী খ.
গ. বিষয়বস্তু ঘ.

৯. 'ভুল সত্যকে সুন্দর করে নাই, বরঞ্চ?' [রবি (গ ইউনিট) ১৪-১৫]
ক. কাজী নজরুল ইসলাম খ.
গ. হুমায়ুন আহমেদের ঘ.
ব্যাখ্যা : আলোচ্য উক্তিটি প্রমথ চৌধুরীর 'সাহি

১০. 'নিরীহ বাঙালি' প্রবন্ধে বাঙালিকে
ক. ভৎসনা
গ. হিংসা
ব্যাখ্যা : 'নিরীহ বাঙালি' বেগম রোকেয়া
উপহাস করা হয়েছে।

১১. নিচের কোনটি প্রবন্ধ গ্রন্থ- [চা
ক. বাঙালির হাসির গল্প
ঘ. সেই সময়
ব্যাখ্যা : হুমায়ুন কবিরের প্রবন্ধ- 'বাংলার
'বাঙালির হাসির গল্প'। বিভূতিভূষণ মুখো
গঙ্গোপাধ্যায়ের উপন্যাস- 'সেই সময়'
বাস্তবতা' (১৯৮৭)।

১২. 'অর্থ সঞ্চয়, ক্ষমতা ও
জিনিষ'। উদ্ধৃতিটি কোন প্র
ক. ধর্মের মহিমা
গ. ধর্মের কাহিনী

১৩. 'শুন, ধর্ম অসার কথা নহে
[ইবি (বি ইউনিট) ১৩-১৪]
ক. মানব মুকুট
গ. ধর্মের কাহিনী

বাংলা

রিসিএস এবং বি

১. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত
ক. জামাই বারিক
গ. হিতে বিপরীত
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের শ্রেষ্ঠ
নাটক- বৈকুণ্ঠের খাতা, গোড়ায়
(১৮৭২)। অমৃতলাল বসুর নাট
রবীন্দ্রনাথ ঠাকুরের বড় ভাই জো

Scanned with CamScanner

৮. **প্রবন্ধের বাহন কী?** *[রাবি (ই ইউনিট) ১৪-১৫]*
ক. কাহিনী খ. সংলাপ
গ. বিষয়বস্তু ঘ. চরিত্র **উত্তর : গ**

৯. **'ইহা সত্যকে সুন্দর করে নাই, মিথ্যাকে সত্যের মুখোশ পরাইয়াছে।'- কার বক্তব্য?** *[ববি (গ ইউনিট) ১৪-১৫]*
ক. কাজী নজরুল ইসলাম খ. প্রমথ চৌধুরীর
গ. হুমায়ুন আহমেদের ঘ. আবু জাফর শামসুদ্দীনের **উত্তর : খ**
ব্যাখ্যা : আলোচ্য উক্তিটি প্রমথ চৌধুরীর 'সাহিত্যে খেলা' প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে।

১০. **'নিরীহ বাঙালি' প্রবন্ধে বাঙালিদের ..... করা হয়েছে।** *[রাবি (ই ইউনিট) ১৪-১৫]*
ক. ভৎসনা খ. প্রশান্তি
গ. হিংসা ঘ. উপহাস **উত্তর : ঘ**
ব্যাখ্যা : 'নিরীহ বাঙালি' বেগম রোকেয়া রচিত একটি হাস্যরসাত্মক প্রবন্ধ। এতে বাঙালিদের উপহাস করা হয়েছে।

১১. **নিচের কোনটি প্রবন্ধ গ্রন্থ-** *[চবি (ই ইউনিট) ১৪-১৫]*
ক. বাঙালির হাসির গল্প খ. বাংলার কাব্য গ. রানুর প্রথম ভাগ
ঘ. সেই সময় ঙ. জীবন ও রাজনৈতিক বাস্তবতা **উত্তর : খ**
ব্যাখ্যা : হুমায়ুন কবিরের প্রবন্ধ- 'বাংলার কাব্য' (১৯৪৫)। পল্লিকবি জসীম উদ্‌দীনের গল্পগ্রন্থ- 'বাঙালির হাসির গল্প'। বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের গল্পগ্রন্থ- 'রানুর প্রথম ভাগ' (১৯৩৪)। সুনীল গঙ্গোপাধ্যায়ের উপন্যাস- 'সেই সময়'। শহীদুল জহিরের উপন্যাস- 'জীবন ও রাজনৈতিক বাস্তবতা' (১৯৮৭)।

১২. **'অর্থ সঞ্চয়, ক্ষমতা ও দৈহিক সুখভোগ অপেক্ষা ধর্ম অধিকতর কামনার জিনিষ'। উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অংশ?** *[ইবি (সি ইউনিট) ১৩-১৪]*
ক. ধর্মের মহিমা খ. উন্নত জীবন
গ. ধর্মের কাহিনী ঘ. নূরনবী **উত্তর : ক**

১৩. **'শুন, ধর্ম অসার কথা নহে, ফাঁকা আওয়াজ নহে' উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অংশ?** *[ইবি (বি ইউনিট) ১৩-১৪]*
ক. মানব মুকুট খ. ধর্মের মহিমা
গ. ধর্মের কাহিনী ঘ. মানব জীবন **উত্তর : খ**

বাংলা নাটক ও নাট্যমঞ্চ

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. **রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কৌতুক নাটক হচ্ছে-** *[৩৯তম বিসিএস]*
ক. জামাই বারিক খ. বিবাহ-বিভ্রাট
গ. হিতে বিপরীত ঘ. বৈকুণ্ঠের খাতা **উত্তর : ঘ**
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের শ্রেষ্ঠ কৌতুক নাটক- চিরকুমার সভা (১৯২৬)। তাঁর অন্যান্য কৌতুক নাটক- বৈকুণ্ঠের খাতা, গোড়ায় গলদ, শেষরক্ষা ইত্যাদি। দীনবন্ধু মিত্রের প্রহসন 'জামাই বারিক' (১৮৭২)। অমৃতলাল বসুর নাটক 'বিবাহ-বিভ্রাট'। 'হিতে বিপরীত' কৌতুক নাটকের লেখক রবীন্দ্রনাথ ঠাকুরের বড় ভাই জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

Scanned with CamScanner

২. দীনবন্ধু মিত্রের 'নীল-দর্পণ' নাটক প্রথম কোথা থেকে প্রকাশিত হয়? [৩৮তম বিসিএস]
ক. কলকাতা খ. ঢাকা
গ. লন্ডন ঘ. মুর্শিদাবাদ
উত্তর : খ
ব্যাখ্যা : দীনবন্ধু মিত্রের প্রথম ও শ্রেষ্ঠ নাটক 'নীলদর্পণ' (১৮৬০)। এটি ঢাকা থেকে প্রকাশিত প্রথম নাটক। ১৮৬০ সালে ঢাকার প্রথম ছাপাখানা 'বাংলা প্রেস' থেকে ছাপা হয়। এ নাটকটি ঘটনা, রচনা, মুদ্রণ, প্রকাশ ও প্রথম মঞ্চায়ন সবই বাংলাদেশে, তাই একে 'বাংলাদেশের নাটক' বলা হয়।

৩. মুনীর চৌধুরীর 'মুখরা রমণী বশীকরণ' একটি- [৩৮তম বিসিএস]
ক. উপন্যাস খ. ছোটগল্প
গ. প্রবন্ধ ঘ. অনুবাদ নাটক
উত্তর : ঘ
ব্যাখ্যা : মুনীর চৌধুরীর অনুবাদ নাটক- 'মুখরা রমণী বশীকরণ' (১৯৭০)। এটি উইলিয়াম শেক্সপিয়ারের *Taming of the Shrew* এর অনুবাদ। তাঁর অন্যান্য অনুবাদ নাটক- কেউ কিছু বলতে পারে না (১৯৬৭), রূপার কৌটা (১৯৬৯)।

৪. বাংলাদেশে 'গ্রাম থিয়েটারে'র প্রবর্তক কে? [৩৭তম বিসিএস]
ক. মমতাজ উদ্দীন আহমদ খ. আব্দুল্লাহ আল মামুন
গ. সেলিম আল দীন ঘ. রামেন্দ্র মজুমদার
উত্তর : গ
ব্যাখ্যা : সেলিম আল দীন ঢাকা থিয়েটারের প্রতিষ্ঠাতা সদস্য। পরবর্তীতে নাসিরউদ্দিন ইউসুফের সাথে 'গ্রাম থিয়েটার' গড়ে (১৯৮১-৮২) তোলেন।

৫. জসীম উদ্‌দীনের নাটক- [৩৬তম বিসিএস]
ক. রাখালী খ. মাটির কান্না
গ. বেদের মেয়ে ঘ. বোবা কাহিনী
উত্তর : গ
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের নাটক- পদ্মাপাড় (১৯৫০), বেদের মেয়ে (১৯৫১), মধুমালা (১৯৫১)। কাব্য- রাখালী (১৯২৭), মাটির কান্না (১৯৫৮)। উপন্যাস- বোবা কাহিনী (১৯৬৪)।

৬. বাংলা সাহিত্যে প্রথম সার্থক ট্র্যাজেডি নাটক- [৩৫তম বিসিএস]
ক. কৃষ্ণকুমারী খ. সধবার একাদশী
গ. শর্মিষ্ঠা ঘ. নীলদর্পণ
উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি 'কৃষ্ণকুমারী' (১৮৬১)। উইলিয়াম টডের 'রাজস্থান' নামক গ্রন্থ থেকে এর কাহিনী সংগৃহীত। বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক মাইকেল মধুসূদন দত্ত রচিত 'শর্মিষ্ঠা' (১৮৫৯)।

৭. 'কুলীন কুলসর্বস্ব' নাটকটি কার লেখা? [৩৪তম বিসিএস]
ক. মাইকেল মধুসূদন দত্ত খ. দীনবন্ধু মিত্র
গ. রামনারায়ণ তর্করত্ন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর : গ
ব্যাখ্য : বাংলা ভাষার প্রথম মৌলিক নাটক রামনারায়ণ তর্করত্ন রচিত 'কুলীন কুলসর্বস্ব' (১৮৫৪)। কৌলিন্য প্রথার দোষ ত্রুটি অবলম্বনে রচিত প্রথম সামাজিক নাটক। এ নাটকের জন্য রংপুরের জমিদার কালীচন্দ্র রায় চৌধুরীর কাছ থেকে তিনি পঞ্চাশ টাকা পুরস্কার লাভ করেন।

৮. 'নীলদর্পণ' নাটকটির বিষয়বস্তু কী? [৩৪তম বিসিএস]
ক. নীলকরদের অত্যাচার খ. ভাষা আন্দোলন
গ. অসহযোগ আন্দোলন ঘ. তে-ভাগা আন্দোলন
উত্তর : ক

ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র রচিত নাটক 'নীলদর্পণ' উপর ব্রিটিশ নীলকরদের নির্মম অত্যাচারের স্বরূপ পোস্টাল বিভাগের হুজপেস্টিং পোস্ট মাস্টার হিসে বেড়ানোর সময় গ্রামীণ কৃষকের উপর নীলকরদের

৯. কলকাতায় প্রথম রঙ্গমঞ্চ তৈরি হয় ব
ক. ১৮১৭ সালে খ.
গ. ১৮৫২ সালে ঘ.
ব্যাখ্যা : নাটক যেখানে মঞ্চস্থ হয় তাকে নাট বেঙ্গলোকে বলা হতো রঙ্গমঞ্চ। ১৭৫৩ সালে ইং একটি নাট্যমঞ্চ প্রতিষ্ঠা করেন। এখানে ইংরে দর্শক। সেখানে বাঙালি দর্শকদের প্রবেশাধিকার

১০. মীর মশাররফ হোসেনের নাটক
ক. নটির পূজা খ.
গ. নবীন তপস্বিনী ঘ.
ব্যাখ্যা : মীর মশাররফ হোসেনের নাটক- ' স্বরূপ উন্মোচন করে তাদের প্রতিরোধ করার 'নটির পূজা'(১৯২৬), দীনবন্ধু মিত্র রচিত মধুসূদন দত্ত রচিত নাটক 'কৃষ্ণকুমারী' (১৮

১১. দীনবন্ধু মিত্রের প্রহসন কোনটি
ক. বুড়ো সালিকের ঘাড়ে রোঁ
গ. বিয়ে পাগলা বুড়ো
ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র রচিত প্রহসন- বিয়ে প্রহসন- বুড়ো সালিকের ঘাড়ে রো (১৮৬ (১৮৯৫)। জ্যোতিরিন্দ্রনাথ রচিত প্রহসন-

১২. বাংলা মৌলিক নাটকের যাত
ক. মধুসূদন দত্ত
গ. জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
ব্যাখ্যা : বাংলা ভাষার প্রথম নাটক তা ভাষার মৌলিক নাটক নয়, এর কাহিনী নাটক রামনারায়ণ তর্করত্ন রচিত 'কুলী

১৩. 'সাজাহান' নাটকটির প্রথ
জজ)-১০]
ক. ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবি
গ. দ্বিজেন্দ্রলাল রায়
ব্যাখ্যা : মোঘল সম্রাট শাহজাহানের দ্বিজেন্দ্রলাল রায় প্রথম শাহজাহানকে নামে নাটক লিখেন।

১৪. 'নেমেসিস' নাটকে নুরু
ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধ
গ.ভাষা আন্দোলন

Scanned with CamScanner

ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র রচিত নাটক 'নীলদর্পণ' (১৮৬০)। এ নাটকে দীনবন্ধু মিত্র বাংলার কৃষকদের উপর ব্রিটিশ নীলকরদের নিষ্ঠুর অত্যাচারের স্বরূপ ফুটিয়ে তুলেছেন। দীনবন্ধু মিত্র ঢাকা জেলার পোস্টাল বিভাগের ইন্সপেক্টিং পোস্ট মাস্টার হিসেবে কাজ করতে গিয়ে বিভিন্ন জেলায় ঘুরে বেড়নোর সময় গ্রামীণ কৃষকের উপর নীলকরদের অত্যাচার দেখেন এবং লিখেন নাটক নীলদর্পণ।

৯. **কলকাতায় প্রথম রঙ্গমঞ্চ তৈরি হয় কত সালে?** *[২৮তম বিসিএস]*

ক. ১৮১৭ সালে খ. ১৮৩২ সালে
গ. ১৮৫২ সালে ঘ. ১৭৫৩ সালে **উত্তর : ঘ**

ব্যাখ্যা : নাটক যেখানে মঞ্চস্থ হয় তাকে নাট্যমঞ্চ বলা হয়। কিন্তু আগের দিনের কলকাতায় সেগুলোকে বলা হতো রঙ্গমঞ্চ। ১৭৫৩ সালে ইংরেজরা কলকাতার লালাবাজারে 'প্লে হাউজ' নামে একটি নাট্যমঞ্চ প্রতিষ্ঠা করেন। এখানে ইংরেজরা অভিনয় করত এবং তারাই ছিল নাটকের দর্শক। সেখানে বাঙালি দর্শকদের প্রবেশাধিকার ছিল না।

১০. **মীর মশাররফ হোসেনের নাটক কোনটি?** *[২৮তম বিসিএস]*

ক. নটির পূজা খ. বেহুলা গীতাভিনয়
গ. নবীন তপস্বিনী ঘ. কৃষ্ণকুমারী **উত্তর : খ**

ব্যাখ্যা : মীর মশাররফ হোসেনের নাটক- 'বেহুলা গীতাভিনয়'। এতে ইংরেজ শাসকদের প্রকৃত স্বরূপ উন্মোচন করে তাদের প্রতিরোধ করার আহবান জানিয়েছেন। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক 'নটির পূজা'(১৯২৬), দীনবন্ধু মিত্র রচিত নাটক 'নবীন তপস্বিনী' (১৮৬৬) এবং মাইকেল মদুসূদন দত্ত রচিত নাটক 'কৃষ্ণকুমারী' (১৮৬১)।

১১. **দীনবন্ধু মিত্রের প্রহসন কোনটি?** *[২৮তম বিসিএস]*

ক. বুড়ো সালিকের ঘাড়ে রোঁ খ. কিঞ্চিত জলযোগ
গ. বিয়ে পাগলা বুড়ো ঘ. কল্কি অবতার **উত্তর : গ**

ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র রচিত প্রহসন- বিয়ে পাগলা বুড়ো (১৮৬৬)। মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রহসন- বুড়ো সালিকের ঘাড়ে রো (১৮৬১)। দ্বিজেন্দ্রলাল রায়ের সামাজিক নাটক- কল্কি অবতার (১৮৯৫)। জ্যোতিরিন্দ্রনাথ রচিত প্রহসন- কিঞ্চিত জলযোগ (১৮৭৩)।

১২. **বাংলা মৌলিক নাটকের যাত্রা শুরু হয় কোন নাট্যকারের হাতে?** *[২৭তম বিসিএস]*

ক. মধুসূদন দত্ত খ. দীনবন্ধু মিত্র
গ. জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ঘ. রামনারায়ণ তর্করত্ন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বাংলা ভাষার প্রথম নাটক তারাচরণ শিকদারের 'ভদ্রার্জুন' (১৮৫২)। কিন্তু এটি বাংলা ভাষার মৌলিক নাটক নয়, এর কাহিনী মহাভারত থেকে নেওয়া। বাংলা ভাষার প্রথম মৌলিক নাটক রামনারায়ণ তর্করত্ন রচিত 'কুলীন কুলসর্বস্ব' (১৮৫৪)।

১৩. **'সাজাহান' নাটকটির প্রথম রচয়িতা কে?** *[২৬তম বিসিএস, ৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*

ক. ক্ষীরোদপ্রদাস বিদ্যাবিনোদ খ. তুলসী লাহিড়ী
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. বলাইচাঁদ মুখোপাধ্যায় **উত্তর : গ**

ব্যাখ্যা : মোঘল সম্রাট শাহজাহানের জীবনচরিত অবলম্বনে রচিত নাটক- সাজাহান (১৯০৯)। দ্বিজেন্দ্রলাল রায় প্রথম শাহজাহানকে নিয়ে নাটক লিখেন। পরবর্তীতে আরো অনেক নাট্যকার এ নামে নাটক লিখেন।

১৪. **'নেমেসিস' নাটকে নুরুল মোমেন কোন বিষয়কে তুলে ধরেছেন?** *[২৬তম বিসিএস]*

ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধ খ. ঊনপঞ্চাশের মন্বন্তর **উত্তর : খ**
গ.ভাষা আন্দোলন ঘ.'৭১র মুক্তিযুদ্ধ

Scanned with CamScanner

ব্যাখ্যা : মুকুল মোমেনের শ্রেষ্ঠ নাটক 'নেমেসিস' বাংলাদেশের প্রথম নিরীক্ষামূলক নাটক। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে ১৯৪৪ সালে তিনি নাটকটি লিখেন, গ্রন্থাকারে প্রকাশিত হয় ১৯৪৮ সালে। এতে সমকালীন দুর্ভিক্ষ, মজুতদারদের পিশাচবৃত্তি ও নিরন্নদের হাহাকার তুলে ধরা হয়েছে।

১৫. কোনটি সেলিম আল দীনের নাটক? [২৬তম বিসিএস]
ক. মুনতাসীর ফ্যান্টাসী খ. পায়ের আওয়াজ পাওয়া যায়
গ. কবর ঘ. বহুব্রীহি
উত্তর : ক
ব্যাখ্যা : 'মুনতাসির ফ্যান্টাসী' (১৯৮৫) সেলিম আল দীনের নাটক। 'কবর' নাটকের রচয়িতা মুনীর চৌধুরী। 'বহুব্রীহি' হুমায়ুন আহমেদের নাটক।

১৬. কোনটি দীনবন্ধু মিত্রের রচনা? [২৬তম বিসিএস]
ক. কমলে কামিনী খ. চক্ষুদান
গ. বিধবা বিবাহ ঘ. ভদ্রার্জুন
উত্তর : ক
ব্যাখ্যা : দীনবন্ধু মিত্রের নাটক- কমলে কামিনী (১৮৭৩)। রামনারায়ণ তর্করত্নের প্রহসন চক্ষুদান (১৮৬৯), ঈশ্বরচন্দ্র গুপ্তের ব্যঙ্গ কবিতা 'বিধবা বিবাহ', তারাচরণ শিকদারের নাটক 'ভদ্রার্জুন' (১৮৫২)।

১৭. কোনটি সঠিক? [২৪তম বিসিএস]
ক. মহাশ্মশান (নাটক) খ. কাঁদো নদী কাঁদো (কাব্য)
গ. বহিপীর (নাটক) ঘ. সোজন বাদিয়ার ঘাট (উপন্যাস)
উত্তর : গ
ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত নাটক- বহিপীর (১৯৬০), উপন্যাস- কাঁদো নদী কাঁদো। কবি কায়কোবাদের মহাকাব্য- মহাশ্মশান, কবি জসীম উদ্‌দীনের কাব্য- সোজন বাদিয়ার ঘাট।

১৮. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন নাটকের গদ্য অনুবাদ? [২৩তম বিসিএস]
ক. মার্চেন্ট অব ভেনিস খ. কমেডি অব এররস
গ. টেমিং অব দ্যা শ্রু ঘ. অ্যা মিডসামার নাইটস ড্রিম
উত্তর : খ
ব্যাখ্যা : বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' (১৮৬৯) শেক্সপিয়ারের Comdey of Errors এর অনুবাদ।

১৯. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক? [২২তম বিসিএস]
ক. চোখের বালি খ. বলাকা
গ. ঘরে-বাইরে ঘ. রক্তকরবী
উত্তর : ঘ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের সাংকেতিক নাটক- 'রক্তকরবী' (১৯২৬)। এই নাটকে রূপায়িত হয়েছে মানুষের লোভ কিভাবে জীবনের সব সৌন্দর্য ও স্বাভাবিকতাকে অস্বীকার করে মানুষকে উৎপাদনের প্রয়োজনীয় উপকরণে তথা নিছক যন্ত্রে পরিণত করে।

২০. 'কবর' নাটক কার রচনা? [২১তম বিসিএস, ১০তম বিসিএস]
ক. শহীদুল্লা কায়সার খ. জহির রায়হান
গ. মুনীর চৌধুরী ঘ. সত্যেন সেন
উত্তর : গ
ব্যাখ্যা : 'কবর' নাটকের রচয়িতা মুনীর চৌধুরী। উল্লেখ্য 'কবর' কবিতা জসীম উদ্‌দীন।

২১. কোনটি নাটক? [২১তম বিসিএস]
ক. দত্তা খ. সাজাহান
গ. পল্লীসমাজ ঘ. গড্ডলিকা
উত্তর : খ
ব্যাখ্যা : দ্বিজেন্দ্রলাল রায় রচিত নাটক- সাজাহান (১৯০৯)। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস- পল্লীসমাজ (১৯১৬), দত্তা (১৯১৮)। রাজশেখর বসুর ছোটগল্প- গড্ডলিকা (১৯২৪)।

২২. কোন গ্রন্থটি ঢাকা হতে
ক. মেঘনাদবধ কাব্য
গ. নীলদর্পণ
ব্যাখ্যা : ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ
ছাপাখানা 'বাংলা প্রেস' থেকে প্রকাশিত হয়

২৩. ট্রাজেডি, কমেডি এবং ফার্সে
ক. জীবনানুভূতির গভীরতায়
গ. দৃষ্টিভঙ্গির সূক্ষ্মতায়

২৪. রবীন্দ্রনাথ ঠাকুর কোন গ্র
[১৫তম বিসিএস]
ক. বিসর্জন
গ. বসন্ত
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর তার 'বসন্ত
করেন। কাজী নজরুল তখন আলীপুর
এ সংবাদ পাওয়ার সাথে সাথে লিখেন

২৫. কোনটি ইব্রাহীম খাঁর গ্রন্থ
ক. আনোয়ার পাশা
গ. কুঁচবরণ কন্যা
ব্যাখ্যা : প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ রচিত
যাত্রীর পত্র (১৯৫৪), গল্প- সোনার
কন্যা' (১৯৬০)।

২৬. বাংলা সাহিত্যে প্রথম মু
ক. জগৎ মোহিনী
গ. আয়না
ব্যাখ্যা : বাংলা সাহিত্যে মুসলিম র
রম্যরচনা- আয়না। মোহাম্মদ আব্দুল

২৭. কোনটি ঐতিহাসিক ন
ক. শর্মিষ্ঠা
গ. পলাশীর যুদ্ধ
ব্যাখ্যা :

গ্রন্থ	
রক্তাক্ত প্রান্তর	
শর্মিষ্ঠা	
রাজসিংহ	
পলাশীর যুদ্ধ	

২৮. নিচের কোনটি রবীন্দ্র
ক. বাল্মীকি প্রতিভা
গ. চিত্রাঙ্গদা

Scanned with CamScanner

২২. কোন গ্রন্থটি ঢাকা হতে প্রথম প্রকাশিত হয়েছিল? *[১৬তম বিসিএস]*

ক. মেঘনাদবধ কাব্য খ. দুর্গেশনন্দিনী
গ. নীলদর্পণ ঘ. অগ্নিবীণা

উত্তর : গ

ব্যাখ্যা : ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ 'নীলদর্পণ'। এ নাটকটি ১৮৬০ সালে ঢাকার প্রথম ছাপাখানা 'বাংলা প্রেস' থেকে প্রকাশিত হয়। এ নাটকের কাহিনী মেহেরপুর অঞ্চলের।

২৩. ট্রাজেডি, কমেডি এবং ফার্সের মূল পার্থক্য কি? *[১৫তম বিসিএস]*

ক. জীবনানুভূতির গভীরতায় খ. কাহিনীর সরলতা ও জটিলতা
গ. দৃষ্টিভঙ্গির সূক্ষ্মতায় ঘ. ভাষার প্রকারভেদ

উত্তর : ক

২৪. রবীন্দ্রনাথ ঠাকুর কোন গ্রন্থটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিলেন? *[১৫তম বিসিএস]*

ক. বিসর্জন খ. ডাকঘর
গ. বসন্ত ঘ. অচলায়তন

উত্তর : গ

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর তার 'বসন্ত' (১৯২৩) গীতিনাট্য কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন। কাজী নজরুল তখন আলীপুর সেন্ট্রাল জেলে বন্দী। পবিত্র গঙ্গোপাধ্যায়ের মাধ্যমে নজরুল এ সংবাদ পাওয়ার সাথে সাথে লিখেন বিখ্যাত কবিতা 'আজ সৃষ্টি সুখের উল্লাসে'।

২৫. কোনটি ইব্রাহীম খাঁর গ্রন্থ নয়? *[১৪তম বিসিএস]*

ক. আনোয়ার পাশা খ. ইস্তাম্বুল যাত্রীর পত্র
গ. কুঁচবরণ কন্যা ঘ. সোনার শিকল

উত্তর : গ

ব্যাখ্যা : প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ রচিত নাটক- আনোয়ার পাশা (১৯৩৯), ভ্রমণকাহিনী- ইস্তাম্বুল যাত্রীর পত্র (১৯৫৪), গল্প- সোনার শিকল। বন্দে আলী মিয়া রচিত শিশুতোষ গ্রন্থ- 'কুঁচবরণ কন্যা' (১৯৬০)।

২৬. বাংলা সাহিত্যে প্রথম মুসলিম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি? *[১৪তম বিসিএস]*

ক. জগৎ মোহিনী খ. বসন্তকুমারী
গ. আয়না ঘ. মোহিনী প্রেমপাস

উত্তর : খ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যে মুসলিম রচিত প্রথম নাটক- বসন্তকুমারী (১৮৭৩)। আবুল মনসুরের রম্যরচনা- আয়না। মোহাম্মদ আব্দুল করিম রচিত গ্রন্থ- আশা বৃক্ষ, জগৎ মোহিনী।

২৭. কোনটি ঐতিহাসিক নাটক? *[১৩তম বিসিএস]*

ক. শর্মিষ্ঠা খ. রাজসিংহ
গ. পলাশীর যুদ্ধ ঘ. রক্তাক্ত প্রান্তর

উত্তর : ঘ

ব্যাখ্যা :

Scanned with CamScanner

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের গীতিনাট্য- বাল্মীকি প্রতিভা (১৮৮১)। এতে বিহারীলালের 'সারদামঙ্গল' কাব্যের প্রভাব রয়েছে। রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যনাট্য- চিত্রাঙ্গদা (১৮৯২)। অন্যান্য নাটক- রাজা ও রাণী (১৮৮১), বিসর্জন (১৮৯০)।

২৯. 'স্বাধীনতা আমার স্বাধীনতা' নাটকের রচয়িতা কে? [৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]
ক. শামসুর রাহমান খ. মমতাজ উদ্দীন আহমদ
গ. সৈয়দ শামসুল হক ঘ. আবদুল্লাহ আল মামুন উত্তর : ঘ

৩০. 'আমলার মামলা' নাটকটি লিখেছেন- [৭ম বিজেএস (সহকারী জজ)-১২]
ক. শওকত ওসমান খ. হুমায়ূন আহমেদ
গ. মুনীর চৌধুরী ঘ. সেলিম আল দীন উত্তর : ক

ব্যাখ্যা : শওকত ওসমানের নাটক- আমলার মামলা (১৯৪৯), কাঁকর মনি (১৯৫২), বাগদাদের কবি (১৯৫৩), তস্কর ও লস্কর (১৯৫৩)।

৩১. 'নীলদর্পণ' নাটক রচনা করেছেন-[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]
ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. আনোয়ার পাশা
গ. দীনবন্ধু মিত্র ঘ. মমতাজ উদ্দীন আহমদ উত্তর : গ

ব্যাখ্যা : দ্বীনবন্ধু মিত্রের নাটক- 'নীলদর্পণ' (১৮৬০)। দীনবন্ধুর মিত্র 'নীলকর-বিষধর-দংশন কাতর-প্রজানিকর-ক্ষেমঙ্করেণ-কেনচিৎ-পথিক' ছদ্মনামে এ নাটক রচনা করেন।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. মধুসূদন দত্ত রচিত ঐতিহাসিক নাটক কোনটি?[পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]
ক. পদ্মাবতী খ. শর্মিষ্ঠা
গ. মায়াকানন ঘ. কৃষ্ণকুমারী উত্তর : ঘ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটক ও প্রথম সার্থক ট্রাজেডি মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী' (১৮৬১)। পদ্মাবতী, শর্মিষ্ঠা পৌরাণিক নাটক। মায়াকানন ট্রাজেডি নাটক।

২. বাংলাদেশে নতুন ধারার নাটকের পথিকৃৎ কে? [পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]
ক. আলাউদ্দীন আল আজাদ খ. সেলিম আল দীন
গ. আব্দুল্লাহ আল মামুন ঘ. সৈয়দ শামসুল হক উত্তর : ঘ

৩. 'নুরুলদীনের সারাজীবন' কোন ধরনের সাহিত্য কর্ম? [বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]
ক. নাট্যগ্রন্থ খ. কাব্যগ্রন্থ
গ. গল্পগ্রন্থ ঘ. উপন্যাস উত্তর : ঘ

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হকের নাটক- নূরলদীনের সারাজীবন (১৯৮২)। ১৭৮৩ সালে রংপুরে কৃষক বিদ্রোহের নেতা নূরলদীনের সামন্তবাদ বিরোধী সংগ্রাম অবলম্বনে রচিত।

৪. বাংলার চাষীদের ওপর ইংরেজদের অত্যাচার নিয়ে রচিত নাটক কোনটি? [জিও অধিদপ্তরের এস্টিমেটর-১৮]
ক. কৃষ্ণকুমারী খ. মায়াবসান
গ. নীলদর্পণ ঘ. মায়াকানন উত্তর : গ

ব্যাখ্যা : দ্বীনবন্ধু মিত্র 'নীলদর্পণ' (১৮৬০) নাটকে বা
নির্মল দত্যাচারের স্বরূপ ফুটিয়ে তুলেছেন। মধুসূদন
বালী সীমাসিংহের কন্যা কৃষ্ণকুমারীর বিষাদময় জীব
নাটক। গিরিশচন্দ্র ঘোষের নাটক 'মায়াবসান'।

৫. কোনটি জসীমউদ্দীনের নাটক? [গণপূ
ড্রাফটম্যান (সিভিল)-১৮]
ক. রাখালী খ. মাটি
গ. বেদের মেয়ে ঘ. বোক

ব্যাখ্যা : জসীম উদ্দীনের নাটক- বেদের মেয়ে (১৯
(১৯৫৮)। উপন্যাস- বোবা কাহিনী (১৯৬৪)।

৬. বাংলাদেশে 'সিরাজউদ্দৌলা' নাটক
সহকারী অফিসার-১৬]
ক. নুরুল মোমেন খ. মু
গ. আসকার ইবনে শাইখ ঘ. সি

ব্যাখ্যা : সিকানদার আবু জাফরের নাটক- শকুন্ত
মহাকবি আলাওল (১৯৬৫)। উল্লেখ্য গিরিশচন্দ্র

৭. কোন বিখ্যাত সাহিত্যিক ব্রিটিশ শা
ছিলেন? [ডাক বিভাগের পোস্টাল অ
ব্রিটিশ ভারতে নীলকরদের অত্যাচ
করেন?[পরিবেশ অধিদপ্তরের সহকারী প
ক. মীর মশাররফ হোসেন খ.
গ. দীনবন্ধু মিত্র ঘ.

ব্যাখ্যা : দ্বীনবন্ধু মিত্র ঢাকা জেলার পোস্টাল
করতে গিয়ে বিভিন্ন জেলায় ঘুরে বেড়নোর
দেখেন এবং লিখেন নাটক নীলদর্পণ।

৮. 'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ' কো
ক. উপন্যাস
গ. প্রহসন

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রহস
নাম ছিল 'ভগ্ন শিবমন্দির'। বুড়ো বয়সে ভী
ভক্ত প্রসাদ বাবু।

৯. 'ঝিলিমিলি' নাটকটির রচয়িত
ক. জসীম উদ্‌দীন
গ. কাজী নজরুল ইসলাম

১০. 'হাত-হদাই' নাটকের নাট্য
ক. জিয়া হায়দার
গ. মামুনুর রশীদ

Scanned with CamScanner

ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র 'নীলদর্পণ' (১৮৬০) নাটকে বাংলার কৃষকদের উপর ব্রিটিশ নীলকরদের নিষ্ঠুর অত্যাচারের স্বরূপ ফুটিয়ে তুলেছেন। মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী'র বিষয়বস্তু উদয়পুরের রাজা ভীমসিংহের কন্যা কৃষ্ণকুমারীর বিষাদময় জীবন। তার 'মায়াকানন' একটি বিয়োগাত্মক নাটক। গিরিশচন্দ্র ঘোষের নাটক 'মায়াবসান'।

৫. **কোনটি জসীমউদ্‌দীনের নাটক?** *[গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটম্যান (সিভিল)-১৮]*

ক. রাখালী খ. মাটির কান্না
গ. বেদের মেয়ে ঘ. বোবা কাহিনী **উত্তর : গ**

ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের নাটক- বেদের মেয়ে (১৯৫১)। কাব্য- রাখালী (১৯২৭), মাটির কান্না (১৯৫৮)। উপন্যাস- বোবা কাহিনী (১৯৬৪)।

৬. **বাংলাদেশে 'সিরাজউদ্দৌলা' নাটক কে রচনা করেছেন?** *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার-১৬]*

ক. নুরুল মোমেন খ. মুনীর চৌধুরী
গ. আসকার ইবনে শাইখ ঘ. সিকানদার আবু জাফর **উত্তর : ঘ**

ব্যাখ্যা : সিকানদার আবু জাফরের নাটক- শকুন্ত উপাখ্যান (১৯৫৮), সিরাজউদ্দৌলা (১৯৬৫), মহাকবি আলাওল (১৯৬৫)। উল্লেখ্য গিরিশচন্দ্র ঘোষও এই নামে নাটক রচনা করেছেন।

৭. **কোন বিখ্যাত সাহিত্যিক ব্রিটিশ শাসনামলে ঢাকায় পোস্ট মাস্টার পদে কর্মরত ছিলেন?** *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর-১৬]*

ব্রিটিশ ভারতে নীলকরদের অত্যাচারের কাহিনী উপজীব্য করে কে নাটক রচনা করেন? *[পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক-০৭, সংসদ সচিবালয়ে গবেষণা সহকারী-০৬]*

ক. মীর মশাররফ হোসেন খ. হরিশচন্দ্র মিত্র
গ. দীনবন্ধু মিত্র ঘ. মানিক বন্দ্যোপাধ্যায় **উত্তর : গ**

ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র ঢাকা জেলার পোস্টাল বিভাগের ইন্সপেক্টিং পোস্ট মাস্টার হিসেবে কাজ করতে গিয়ে বিভিন্ন জেলায় ঘুরে বেড়নোর সময় গ্রামীণ কৃষকের উপর নীলকরদের অত্যাচার দেখেন এবং লিখেন নাটক নীলদর্পণ।

৮. **'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ' কোন জাতীয় রচনা?** *[সহকারী জরিপ সুপারিনটেনডেন্ট-১৬]*

ক. উপন্যাস খ. নাটক
গ. প্রহসন ঘ. ছোটগল্প **উত্তর : গ**

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রহসন- 'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ' (১৮৬১)। এর প্রথম নাম ছিল 'ভগ্ন শিবমন্দির'। বুড়ো বয়সে ভীমরতিকে ব্যঙ্গ করে লেখা এই প্রহসন। এর মূল চরিত্র ভক্ত প্রসাদ বাবু।

৯. **'ঝিলিমিলি' নাটকটির রচয়িতা কে?** *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর-১৬]*

ক. জসীম উদ্‌দীন খ. নুরুল মোমেন
গ. কাজী নজরুল ইসলাম ঘ. মুনীর চৌধুরী **উত্তর : গ**

১০. **'হাত-হদাই' নাটকের নাট্যকার কে?** *[জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকতা-১৬]*

ক. জিয়া হায়দার খ. সেলিম আল দীন
গ. মামুনুর রশীদ ঘ. আবদুল্লাহ আল মামুন **উত্তর : খ**

Scanned with CamScanner

১১. বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক কোনটি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৬]*

ক. শর্মিষ্ঠা খ. কৃষ্ণকুমারী
গ. সাজাহান ঘ. বসন্ত

উত্তর : ক

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক মাইকেল মধুসূদন দত্ত রচিত 'শর্মিষ্ঠা' (১৮৫৯)। এটি মহাকবি কালিদাসকে উৎসর্গ করেন। দ্বিজেন্দ্রলাল রায় রচিত ঐতিহাসিক নাটক- 'সাজাহান (১৯০৯)। রবীন্দ্রনাথ ঠাকুরের গীতিনাট্য- 'বসন্ত' (১৯২৩)।

১২. বাংলা ভাষায় রচিত প্রথম নাটক কোনটি? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৬]*

ক. ভদ্রার্জুন খ. নীলদর্পণ
গ. শর্মিষ্ঠা ঘ. কবর

উত্তর : খ

ব্যাখ্যা : বাংলা ভাষায় রচিত প্রথম নাটক তারাচরণ শিকদারের 'ভদ্রার্জন' (১৮৫২)। এটি বাংলা ভাষার প্রথম মৌলিক নাটক নয়, এর কাহিনী মহাভারত থেকে নেওয়া।

১৩. 'জভিস ও বিবিধ বেলুন', এক্সপ্লোসিড ও মূল সমস্যা' প্রভৃতি নাটকের নাট্যকারের নাম কি? *[জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকতা-১৬]*

ক. সেলিম আল দীন খ. সৈয়দ শামসুল হক
গ. মামুনুর রশীদ ঘ. মুনীর চৌধুরী

উত্তর : ক

ব্যাখ্যা : সেলিম আল দীনের রচিত নাটক- জভিস ও বিবিধ বেলুন (১৯৭৫), এক্সপ্লোসিড ও মূল সমস্যা, বনপাংশুল (১৯৯৬), স্বর্ণবোয়াল (২০০৭), পুত্র (২০০৮)।

১৪. 'মসনদের মোহ' নাটকটির রচয়িতা কে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ পরীক্ষা-১৬]*

ক. আকবর উদ্দীন খ. ইব্রাহীম খাঁ
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. শাহাদাৎ হোসেন

উত্তর : ঘ

ব্যাখ্যা : শাহাদাৎ হোসেনের নাটক- সরফরাজ খাঁ (১৯১৯), আনারকলি (১৯৪৫), মসনদের মোহ।

১৫. 'সুবচন নির্বাসনে' নাটকটি কে লিখেছেন? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ-১৬]*

ক. কল্যাণ মিত্র খ. হুমায়ূন আহমেদ
গ. সৈয়দ শামসুল হক ঘ. আব্দুল্লাহ আল মামুন

উত্তর : ঘ

ব্যাখ্যা : আবদুল্লাহ আল মামুন একজন নাট্যকার ও নাট্যাভিনেতা। তার রচিত নাটক- সুবচন নির্বাসনে (১৯৭৪), চারদিকে যুদ্ধ (১৯৮৩), এখনও ক্রীতদাস (১৯৮৪), কোকিলারা (১৯৯০)।

১৬. 'নবান্ন' নাটক লিখেছেন- *[জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা-১৩]*

ক. সিকান্দর আবু জাফর খ. অমৃতলাল বসু
গ. বিজন ভট্টাচার্য ঘ. নুরুল মোমেন

উত্তর : গ

ব্যাখ্যা : বিজন ভট্টাচার্য রচিত নাটক- নবান্ন (১৯৪৪), জনপদ (১৯৪৫), কলঙ্ক (১৯৪৬), মরাচাঁদ (১৯৪৬) ইত্যাদি।

১৭. 'Uncle Tom`s Cabin' এর সাথে তুলনা করা হয় কেন নাটককে? *[গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার-১৩]*

ক. জমিদার দর্পণ খ. নীলদর্পণ
গ. মানচিত্র ঘ. কবর

উত্তর : খ

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটককে ১৮৫২ সালে প্রকাশিত মার্কিন লেখক Harrit Beecher Stow এর 'Uncle Tom`s Cabin গ্রন্থের সাথে তুলনা করেন।

১৮. 'মায়াবী প্রহর' নাটকটি কার
ক. সেলিম আল দীন
গ. দ্বীনবন্ধু মিত্র
ব্যাখ্যা : আলাউদ্দিন আল আজাদের নাট
ধন্যবাদ (১৯৬৫), নিঃশব্দ যাত্রা (১৯৭২)

১৯. মুনীর চৌধুরীর 'কেউ কিছু
ক. উপন্যাস
গ. প্রবন্ধ
ব্যাখ্যা : মুনীর চৌধুরীর 'কেউ কিছু ক
can tell এর অনুবাদ। তার 'রূপার
অনুবাদ।

২০. 'ছোটদের অভিনয়' নাটক
ক. সেলিম আল দীন
গ. আল কালাম আবদুল

২১. 'ওরে বিহঙ্গ' নাটকটি ক
ক. মমতাজ উদ্দিন আহ
গ. মামুনুর রশীদ

২২. 'তাপসী' নাটকটি কে
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. মীর মশাররফ হোসে
ব্যাখ্যা : 'তাপসী' রবীন্দ্রনাথ ঠাকু
দেশ, রাজা ও রাণী। উল্লেখ্য একই

২৩. কোনটি মাইকেল মধু
ক. শকুন্তলা
গ. ভদ্রার্জুন
ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের
তারাচরণ শিকদারের নাটক-ভদ্রা

২৪. বাংলা সাহিত্যের প্র
ক. সাজাহান
গ. সরোজিনী
ব্যাখ্যা : মোঘল সম্রাট শাহজা
দ্বিজেন্দ্রলাল রায় প্রথম শাহজা
নামে নাটক লিখেন।

২৫. নিচের কোনটি মা
ক. কৃষ্ণকুমারী
গ. পদ্মাবতী
ব্যাখ্যা : মাইকেল মধুসূদন
(১৮৬১)। মহাকবি কায়কোব

Scanned with CamScanner

১৮. 'মায়াবী প্রহর' নাটকটি কার রচনা? *[প্রাক প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]*

ক. সেলিম আল দীন খ. আলাউদ্দিন আল আজাদ
গ. দ্বীনবন্ধু মিত্র ঘ. আবদুল্লাহ আল মামুন **উত্তর : খ**

ব্যাখ্যা : আলাউদ্দিন আল আজাদের নাটক- মরক্কোর জাদুঘর (১৯৫৯), মায়াবী প্রহর (১৯৬৩), ধন্যবাদ (১৯৬৫), নিঃশব্দ যাত্রা (১৯৭২), নরকে লাল গোলাপ (১৯৭২), সংবাদ শেষাংশ।

১৯. মুনীর চৌধুরীর 'কেউ কিছু বলতে পারে না' একটি- *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]*

ক. উপন্যাস খ. গল্প
গ. প্রবন্ধ ঘ. অনুবাদ নাটক **উত্তর : ঘ**

ব্যাখ্যা : মুনীর চৌধুরীর 'কেউ কিছু বলতে পারে না' নাটকটি G.B. Shaw রচিত You never can tell এর অনুবাদ। তার 'রূপার কৌটা' নাটকটি জন গলজওয়র্দির The Silver Box এর অনুবাদ।

২০. 'ছোটদের অভিনয়' নাটকটি কার রচনা? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]*

ক. সেলিম আল দীন খ. আলাউদ্দিন আল আজাদ
গ. আল কালাম আবদুল ওহাব ঘ. জিয়া হায়দার **উত্তর : গ**

২১. 'ওরে বিহঙ্গ' নাটকটি কার রচনা? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]*

ক. মমতাজ উদ্দিন আহমদ খ. জোবায়দা খানম
গ. মামুনুর রশীদ ঘ. ইব্রাহিম খলিল **উত্তর : খ**

২২. 'তাপসী' নাটকটি কে রচনা করেন? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-১২]*

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. মীর মশাররফ হোসেন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর :খ/ঘ**

ব্যাখ্যা : 'তাপসী' রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক। তার অন্যান্য নাটক- মায়ার খেলা, বাঁশরী, তাসের দেশ, রাজা ও রাণী। উল্লেখ্য একই নামে দ্বিজেন্দ্রলাল রায়ের একটি নাটক রয়েছে।

২৩. কোনটি মাইকেল মধুসূদন দত্তের নাটক? *[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক মন্ত্রণালয়ের AD-১২]*

ক. শকুন্তলা খ. শর্মিষ্ঠা
গ. ভদ্রার্জুন ঘ. রাবণবধ **উত্তর : খ**

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের নাটক- শর্মিষ্ঠা (১৮৫৯)। সেলিম আল দীনের নাটক- শকুন্তলা। তারাচরণ শিকদারের নাটক-ভদ্রার্জুন (১৮৫২)। গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটক- রাবণবধ।

২৪. বাংলা সাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটক কোনটি? *[সহকারী থানা শিক্ষা অফিসার-১২]*

ক. সাজাহান খ. অশোক
গ. সরোজিনী ঘ. কৃষ্ণকুমারী **উত্তর : ক**

ব্যাখ্যা : মোঘল সম্রাট শাহজাহানের জীবনচরিত অবলম্বনে রচিত নাটক- সাজাহান (১৯০৯)। দ্বিজেন্দ্রলাল রায় প্রথম শাহজাহানকে নিয়ে নাটক লিখেন। পরবর্তীতে আরো অনেক নাট্যকার এ নামে নাটক লিখেন।

Scanned with CamScanner

২৬. 'রমনা পার্কে' নাটকটি কে রচনা করেন? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-১২]*

ক. মুনীর চৌধুরী খ. শাহাদাৎ হোসেন
গ. নীলিমা ইব্রাহিম ঘ. সৈয়দ ওয়ালী উল্লাহ

উত্তর : গ

ব্যাখ্যা : 'রমনা পার্কে' (১৯৬৪) মূলত নীলিমা ইব্রাহিম রচিত ছোটগল্প। তার রচিত নাটক- দুয়ে দুয়ে চার (১৯৬৪), যে অরণ্যে আলো নেই (১৯৭৪), রোদ জ্বলা বিকেল (১৯৭৪), সূর্যাস্তের পর।

২৭. 'অয়োময়' নাটকটির রচয়িতা কে? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]*

ক. ইমদাদুল হক খ. সুনীল গঙ্গোপাধ্যায়
গ. মমতাজ উদ্দীন আহমদ ঘ. হুমায়ূন আহমেদ

উত্তর : ঘ

ব্যাখ্যা : হুমায়ুন আহমেদের একটি বিখ্যাত নাটক 'অয়োময়'। ক্ষয়িষ্ণু জমিদার প্রথা নাটকটির মূল উপজীব্য। নাটকটি মূলত জমিদার মির্জা সাহেবের বিচিত্র চরিত্রকে কেন্দ্র করেই আবর্তিত। একসময় জমিদার নিজে জমিদারি প্রথার প্রতি বীতশ্রদ্ধ হয়ে গভীর রাতে সংসার ত্যাগ করেন।

২৮. 'বিজয়া' নাটকটির রচয়িতা কে? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল)-১২]*

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. মীর মশাররফ হোসেন

উত্তর : ক

ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের নাটক- ষোড়শী (১৯২৮), রমা (১৯২৮), বিজয়া (১৯৩৫)। উল্লেখ্য শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দত্তা' উপন্যাসের নাট্যরূপ 'বিজয়া'।

২৯. 'ওরা কদম আলী' নাটকটি কে লিখেছেন? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]*

ক. মুনীর চৌধুরী খ. আবদুল্লাহ আল মামুন
গ. শহীদ হায়দার ঘ. মামুনুর রশীদ

উত্তর : ঘ

ব্যাখ্যা : মামুনুর রশীদের নাটক- ওরা কদম আলী (১৯৭৮)। এ নাটকে বোবা কদম আলী চরিত্রের মধ্য দিয়ে দেখানো হয়েছে গরিব ও মেহনতি মানুষের ব্যক্তিক প্রতিবাদ কীভাবে সামষ্টিক রূপ পরিগ্রহ করে।

৩০. 'তাসের দেশ' নাটকটির রচয়িতা কে? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. অমৃতলাল বসু ঘ. আকবর উদ্দীন

উত্তর : ক

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক 'তাসের দেশ' (১৯৩৩)। নাটকটি নেতাজী সুভাসচন্দ্র বসুকে উৎসর্গ করা হয়।

৩১. সেলিম আল দীনের নাটক- *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]*

ক. স্বপ্নমঙ্গল খ. কেরামত মঙ্গল
গ. রুদ্রমঙ্গল ঘ. মনসামঙ্গল

উত্তর : খ

ব্যাখ্যা : সেলিম আল দীনের নাটক- কেরামতমঙ্গল (১৯৮৮)। 'স্বপ্নমঙ্গল' একটি টিভি নাটক। 'রুদ্রমঙ্গল' কাজী নজরুল ইসলামের প্রবন্ধ। 'মনসামঙ্গল' মধ্যযুগে মঙ্গলকাব্যধারার একটি কাব্য।

৩২. 'আনোয়ার পাশা' নাটকটির রচয়িতা কে? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী-১১]*

ক. আকবর উদ্দীন খ. কাজী নজরুল ইসলাম
গ. ইব্রাহীম খাঁ ঘ. সৈয়দ ওয়ালী উল্লাহ

উত্তর : গ

ব্যাখ্যা : প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ রচিত নাটক- কাফেলা (১৩৫৭), কামাল পাশা (১৯২৭), আনোয়ার পাশা (১৯৩৯), ঋণ পরিশোধ (১৯৫৫), ভিত্তি বাদশা (১৯৫৭)।

Scanned with CamScanner

৩৩. 'কালের যাত্রা' নাটকটির রচয়িতা কে? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১০]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. অমৃতলাল বসু
গ. নবীনচন্দ্র সেন ঘ. মনোমোহন বসু **উত্তর : ক**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক- কালের যাত্রা (১৯৩২)। নাটকটি শরৎচন্দ্রকে উৎসর্গ করেন।

৩৪. মুনীর চৌধুরীর অনূদিত নাটক কোনটি? *[সমাজসেবা অফিসার-১০]*

ক. পলাশী ব্যারাক খ. ফিট কলাম
গ. রূপার কৌটা ঘ. রক্তাক্ত প্রান্তর **উত্তর : গ**

ব্যাখ্যা : মুনীর চৌধুরীর 'রূপার কৌটা' নাটকটি জন গলজওয়র্দির The Silver Box এর অনুবাদ। পলাশী ব্যারাক, রক্তাক্ত প্রান্তর তার মৌলিক নাটক।

৩৫. কোনটি সেলিম আল দীন রচিত নাটক? *[সমাজসেবা অফিসার-১০]*

ক. খোলা দুয়ার খ. এখানে এখন
গ. এখনও ক্রীতদাস ঘ. বনপাংশুল **উত্তর : ঘ**

ব্যাখ্যা : সেলিম আল দীনের নাটক- বনপাংশুল (১৯৯৬)। সৈয়দ শামসুল হকের নাটক- এখানে এখন (১৯৮৮)। আবদুল্লাহ আল মামুনের নাটক- এখনও ক্রীতদাস (১৯৮৪)। ইসহাক খানের উপন্যাস- খোলা দুয়ার (২০১৬)।

৩৬. 'বেদের মেয়ে' গীতিনাট্যটি কে লিখেছেন? *[কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১০]*

ক. কাজী নজরুল ইসলাম খ. জসীম উদ্‌দীন
গ. ড. নীলিমা ইব্রাহিম ঘ. সাঈদ আহমদ **উত্তর : খ**

ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের নাটক- পল্লীপাড় (১৯৫০), বেদের মেয়ে (১৯৫১), মধুমালা (১৯৫১), পল্লীবধূ (১৯৫৬), গ্রামের মায়া (১৯৫৯)।

৩৭. 'কীর্তনখোলা' নাটকটির রচয়িতা কে? *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-১০]*

ক. জিয়া হায়দার খ. সেলিম আল দীন
গ. দীনবন্ধু মিত্র ঘ. ইব্রাহিম খলিল **উত্তর : খ**

ব্যাখ্যা : সেলিম আল দীনের নাটক- কিত্তনখোলা (১৯৮৬)। জিয়া হায়দারের নাটক- ওভা সুন্দর কল্যাণী আনন্দ (১৯৭০), পঙ্কজ বিভাস (১৯৮২, মুক্তিযুদ্ধ ভিত্তিক)।

৩৮. কোনটি মুনীর চৌধুরী রচিত নাটক? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী-১০]*

ক. কবি খ. কবর
গ. মানসী ঘ. তিথিডোর **উত্তর : খ**

ব্যাখ্যা : 'কবর' মুনীর চৌধুরী রচিত নাটক। 'কবি' তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস। 'মানসী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ। 'তিথিডোর' বুদ্ধদেব বসু রচিত উপন্যাস।

৩৯. 'চিরকুমার সভা' নাটকের রচয়িতা কে? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-০৯]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মীর মশাররফ হোসেন
গ. মুনীর চৌধুরী ঘ. নুরুল মোমেন **উত্তর : ক**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের প্রহসন- 'চিরকুমার সভা' (১৯২৬)। এটি 'প্রজাপ্রতি নির্বন্ধ' উপন্যাসের নাট্যরূপ।

Scanned with CamScanner

৪০. প্রহসন বলতে কি বুঝায়? *[জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৯]*

ক. কমেডি নাটক খ. হাস্যরসাত্মক উদ্দেশ্যহীন নাটক
গ. অস্বাভাবিক ঘ. সমাজের ত্রুটি নির্দেশক ব্যঙ্গাত্মক নাটক

ব্যাখ্যা : প্রহসন হাস্যরস প্রধান স্বল্পদৈর্ঘ্য নাট্যধর্মী রচনা। হাস্যরস ও ব্যঙ্গ বিদ্রূপের আবরণে সমাজের যে কোন প্রকার অনৈতিকতা, অনাচার এবং প্রাত্যহিক জীবনের ত্রুটি-বিচ্যুতি শোধনার্থে রচিত নাটককে প্রহসন বা Farce বলেন। ব্যঙ্গ-বিদ্রূপ সহযোগে খণ্ডজীবনের একটি উপভোগ্য নাট্যরূপই প্রহসন। **উত্তর : ঘ**

৪১. 'তারাবাঈ' নাটকটির লেখক কে? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-০৯]*

ক. ইসমাইল হোসেন সিরাজী খ. মীর মশাররফ হোসেন
গ. আব্দুল্লাহ আল মামুন ঘ. দ্বিজেন্দ্রলাল রায় **উত্তর : ঘ**

ব্যাখ্যা : দ্বিজেন্দ্রলাল রায় রচিত নাটক- 'তারাবাঈ' (১৯০৩)। উল্লেখ্য ইসমাইল হোসেন সিরাজী রচিত উপন্যাস- তারাবাঈ (১৯০৮)।

৪২. নাটক কি? *[শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৯]*

ক. দৃশ্যকাব্য খ. কাব্যনাট্য
গ. গীতিকাব্য ঘ. নৃত্যনাট্য **উত্তর : ক**

ব্যাখ্যা : মঞ্চে অভিনয়ের উপযোগী চরিত্র ও সংলাপ নির্ভর সাহিত্যকে বলা হয় নাটক। নাটক একটি দৃশ্যকাব্য। নাটকের সংলাপে সাধুভাষা অনুপযোগী।

৪৩. বাংলা ভাষায় প্রথম আর্থ-সামাজিক রাজনৈতিক বিষয়ে নাটক লেখেন- *[জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৯]*

ক. দীনবন্ধু মিত্র খ. মীর মশাররফ হোসেন
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. মুনীর চৌধুরী **উত্তর : ক**

৪৪. 'সিরাজউদ্দৌলা' নাটকের নাট্যকার কোনটি? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-০৮]*

ক. গিরিশচন্দ্র ঘোষ খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. নূরুল মোমেন ঘ. মুনীর চৌধুরী **উত্তর : ক**

ব্যাখ্যা : গিরিশচন্দ্র ঘোষ রচিত ঐতিহাসিক নাটক- সিরাজদ্দৌলা (১৯০৫), মীর কাসিম (১৯০৬), ছত্রপতি শিবাজী (১৯০৭)।

৪৫. 'রক্তকরবী' ও 'রক্তাক্ত প্রান্তর' লিখেছেন যথাক্রমে- *[সঞ্চয় পরিদপ্তরের AD-০৭]*

ক. মুনীর চৌধুরী ও জহির রায়হান খ. রবীন্দ্রনাথ ঠাকুর ও মুনীর চৌধুরী
গ. জহির রায়হান ও শহীদুল্লাহ ঘ. মুনীর চৌধুরী ও বরীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক- রক্তকরবী (১৯২৬), মুনীর চৌধুরী রচিত নাটক- 'রক্তাক্ত প্রান্তর' (১৯৬২)। **উত্তর : খ**

৪৬. 'শোক-বোধ' নাটকটি কে রচনা করেন? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-০৭]*

ক. হুমায়ূন আহমেদ খ. মামুনুর রশীদ
গ. হানিফ সংকেত ঘ. মাসুম রেজা **উত্তর : গ**

৪৭. সামাজিক নাটক কোনটি? *[সমাজসেবা অফিসার-০৭]*

ক. ডাকঘর খ. নূরজাহান
গ. সধবার একাদশী ঘ. রাবণবধ **উত্তর : গ**

Scanned with CamScanner

ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র রচিত প্রহসন- সধবার একাদশী (১৮৬৬)। এতে উনবিংশ শতাব্দীর মধ্যভাগে সুরা পান এবং বেশ্যাবৃত্তি যুবকদের জীবনে যে বিপর্যয় সৃষ্টি করেছিল সেই কাহিনী বর্ণিত হয়েছে। বিশেষ করে ইয়ং বেঙ্গল সমাজের অধঃপতনের বাস্তব চিত্র অঙ্কিত হয়েছে।

৪৮. মাইকেল মধুসূদন দত্তের প্রহসন- *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী শ্রম অফিসার-০৬]*

ক. অতি অল্প হইল খ. একেই কি বলে সভ্যতা
গ. ফাঁস কাগজ ঘ. এর উপায় কি? **উত্তর : খ**

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের প্রহসন- 'একেই কি বলে সভ্যতা' (১৮৬০)। মীর মশাররফের প্রহসন- এর উপায় কি? (১৮৭৫), ফাঁস কাগজ (১৮৯৯)।

৪৯. মুনীর চৌধুরী কারাগারে থাকাকালে কোন নাটকটি লিখেছিলেন? *[জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব-০৬]*

ক. আলোকলতা খ. তিতুমীর
গ. কবর ঘ. রক্তাক্ত প্রান্তর **উত্তর : গ**

ব্যাখ্যা : ভাষা আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ করার কারণে মুনীর চৌধুরীকে ১৯৫২-৫৪ পর্যন্ত কারাভোগ করতে হয়। সেসময় বামপন্থী বিপ্লবী রাজনীতিবিদ রণেশ দাশগুপ্তের অনুরোধে ১৯৫৩ সালে প্রথম ভাষাদিবস উদযাপন উপলক্ষে পরিবেশনের জন্য তার বিখ্যাত 'কবর' নাটক রচনা করেন। নাটকটি ঢাকা কেন্দ্রীয় কারাগারেই প্রথম মঞ্চস্থ হয়।

৫০. কোন নাটকটি প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ রচিত নাটক? *[সমাজসেবা অফিসার-০৬]*

ক. সাজাহান খ. কাফেলা
গ. নীল দর্পণ ঘ. রক্তাক্ত প্রান্তর **উত্তর : খ**

ব্যাখ্যা : প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ রচিত নাটক- কাফেলা (১৩৫৭)। ডি. এল. রায়ের নাটক- সাজাহান। দীনবন্ধু মিত্রের নাটক- নীলদর্পণ। মুনীর চৌধুরীর নাটক- রক্তাক্ত প্রান্তর।

৫১. 'কালবেলা' নাটকটির লেখক কে? *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-০৬]*

ক. আনিস চৌধুরী খ. সাঈদ আহমেদ
গ. মুনীর চৌধুরী ঘ. কল্যাণ মিত্র **উত্তর : খ**

ব্যাখ্যা : সাঈদ আহমেদ একজন নাট্যকার ও সরকারি আমলা ছিলেন। তার রচিত নাটক- 'দ্য থিং' বা কালবেলা (১৯৬২)। এটি ১৯৬০ সালে পূর্ব পাকিস্তানে সংঘটিত হওয়া প্রবল ঘূর্ণিঝড়ের প্রেক্ষাপটে রচিত।

৫২. নিচের কোনটি নাটক? *[পিএসসির সহকারী পরিচালক-০৬]*

ক. এক পয়সার বাঁশি খ. বহুবচন
গ. খাতার শেষপাতা ঘ. উত্তরণ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : আ.ন.ম বজলুর রশীদের নাটক- উত্তরণ। জসীম উদ্‌দীনের শিশুতোষ গ্রন্থ- এক পয়সার বাঁশি।

৫৩. বাংলা নাটক মঞ্চায়ন, রচনা ও অনুবাদে কোন বিদেশির নাম প্রথমে আসে? *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-০৫]*

ক. হেরাসিম লেবেদফ খ. ডি রোজারিও
গ. উইলিয়াম কেরি ঘ. স্যার মেকলে **উত্তর : ক**

ব্যাখ্যা : গেরাসিম স্তেপানোভিচ লেবেদফ রুশ পর্যটক, সংগীতজ্ঞ ও বাংলা নাট্যমঞ্চের প্রতিষ্ঠাতা। তিনি পণ্ডিত গোলকনাথ দাসের কাছে বাংলা শিখেছিলেন।

Scanned with CamScanner

৫৪. 'লীলাবতী' গ্রন্থটি সংক্রান্ত নিম্নোক্ত কোন তথ্যটি সঠিক? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৫]
ক. নাটক, দীনবন্ধু মিত্র খ. কাব্যগ্রন্থ, গিরিশচন্দ্র ঘোষ
গ. উপন্যাস, কালীপ্রসন্ন সিংহ ঘ. রূপকথার সম্ভার
উত্তর : ক
ব্যাখ্যা : লীলাবতী (১৮৬৭) দীনবন্ধু মিত্র রচিত নাটক।

৫৫. 'চাকা' গ্রন্থটির রচয়িতা- [সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক-০৫]
ক. সেলিম আল দীন খ. সৈয়দ শামসুল হক
গ. আব্দুল মান্নান সৈয়দ ঘ. সৈয়দ আলী আহসান
উত্তর : ক
ব্যাখ্যা : সেলিম আল দীনের নাটক- সর্প বিষয়ক গল্প ও অন্যান্য নাটক (১৯৭৩), বাসন (১৯৮৫), চাকা (১৯৯১), শকুন্তলা, স্বর্ণবোয়াল (২০০৭)।

৫৬. ঐতিহাসিক নাটক কোনটি? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে কলকারখানা পরিদর্শক-০৪]
ক. ডাকঘর খ.সধবার একাদশী
গ. নূরজাহান ঘ. রাবণবধ
উত্তর : গ
ব্যাখ্যা : 'নূরজাহান' (১৯০৮) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটক। 'ডাকঘর' (১৯১২) রবীন্দ্রনাথের সাংকেতিক নাটক। 'সধবার একাদশী' (১৮৬৬) দীনবন্ধু মিত্রের প্রহসন। 'রাবণবধ' (১৮৮১) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটক।

৫৭. 'বিসর্জন' কার রচনা? [বিআরটিএ এর সহকারী পরিচালক-০৫]
ক. গিরিশচন্দ্র ঘোষ খ. সেলিম আল দীন
গ. কাজী নজরুল ইসলাম ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর : ঘ
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক- 'বিসর্জন'। 'রাজর্ষি' (১৮৮৭) উপন্যাসের প্রথমাংশ নিয়ে রচিত হয় এ নাটকটি। এর প্রধান চরিত্র- 'অর্পণা'।

৫৮. 'ছেঁড়াতার' নাটকটির রচয়িতা কে? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার-০৫]
ক. মুনীর চৌধুরী খ. তুলসী লাহিড়ী
গ. বিজন ভট্টাচার্য ঘ. আব্দুল্লাহ আল মামুন
উত্তর : খ
ব্যাখ্যা : তুলসী লাহিড়ী একজন নাট্যকার ও অভিনেতা। তার রচিত নাটক- ছেঁড়াতার (১৯৫০)। পঞ্চাশের মন্বন্তরের পটভূমিকায় রচিত ব্যাপক জনপ্রিয় একটি নাটক।

৫৯. 'মৃচ্ছকটিক' নাটকের রচয়িতার নাম কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-০৫]
ক. ভরত খ. মন্ময় রায়
গ. শূদ্রক ঘ. ডি. এল. রায়
উত্তর : গ
ব্যাখ্যা : মৃচ্ছকটিক (একটি মাটির খেলনা গাড়ি) হল শূদ্রক রচিত দশ অঙ্কের একটি সংস্কৃত ভাষার নাটক। এর চরিত্র- চারুদত্ত, বসন্তসেনা। সম্ভ্রান্ত অথচ দরিদ্র ব্রাহ্মণ যুবক চরুদত্ত ও বারাঙ্গনা বসন্তসেনার প্রণয়াসক্তকে কেন্দ্র করে এর কাহিনী আবর্তিত হয়েছে।

৬০. 'ষোড়শী' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন জাতীয় রচনা? [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপপরিদর্শক-০৪]
ক. উপন্যাস খ. গল্প সংকলন
গ. প্রবন্ধ ঘ. নাটক
উত্তর : ঘ
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের নাটক- ষোড়শী (১৯২৮), রমা (১৯২৮), বিজয়া (১৯৩৫)। উল্লেখ্য শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দেনাপাওনা' উপন্যাস অবলম্বনে রচিত নাটক 'ষোড়শী'।

৬১. কোনটি নাটক? [জেলা নির্বাচন অফি
ক. ডাকঘর খ.
গ. গৃহদাহ ঘ.
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের সাংকেতিক নাটক- বন্দি বালক অমল। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উ উপন্যাস- গৃহদাহ (১৯২০)। বুদ্ধদেব বসুর উপ

৬২. মীর মশাররফ হোসেন লিখিত
দমন ব্যুরোর পরিদর্শক-০৩]
ক. রত্নবতী
গ. জমিদার দর্পণ
ব্যাখ্যা : মীর মশাররফ হোসেন রচিত ন (১৮৬৯, প্রথম গ্রন্থ), বিষাদ সিন্ধু (১৮৮ মনের কথা (১৮৯০)।

৬৩. দীনবন্ধু মিত্রের কোন নাটকে
জুতো ছুঁড়ে মেরেছিলেন? [শ্রম
ক. সধবার একাদশী
গ. নীলদর্পণ
ব্যাখ্যা : 'নীলদর্পণ' নাটকের অভিনয় দে জন্মেছিল যে তিনি অভিনেতাকে জুতা মুক্তাফিও অভিনয়ের সম্মান হিসেবে সেই

৬৪. গিরিশচন্দ্র ঘোষের প্রথম
ক. চণ্ড
গ. প্রফুল্ল
ব্যাখ্যা : গিরিশচন্দ্র ঘোষের প্রথম ও রাবণবধ (১৮৮১), সীতার বনবাস (১৮

৬৫. 'ডগলাস স্টুয়ার্ট' কোন
ক. কানাডা
গ. অস্ট্রেলিয়া

৬৬. নিচের কোন নাটকের
সহকারী রসায়নিক পরীক্ষ
ক. নবীন তপস্বিনী
গ. বিয়ে পাগলা বুড়ো
ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র রচিত নাটক কামিনী (১৮৭৩)। প্রহসন- বিয়ে প

৬৭. নাটক ও প্রহসনের পা
ক. ব্যঙ্গ বিদ্রূপ
গ. সংলাপ

Scanned with CamScanner

৬১. কোনটি নাটক? [জেলা নির্বাচন অফিসার-০৪]
ক. ডাকঘর খ. রজনী
গ. গৃহদাহ ঘ. তিথিডোর
উত্তর : ক
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের সাংকেতিক নাটক- ডাকঘর (১৯১২)। এ নাটকের নায়ক ঘরের মধ্যে বন্দি বালক অমল। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস- রজনী (১৮৭৭)। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস- গৃহদাহ (১৯২০)। বুদ্ধদেব বসুর উপন্যাস- তিথিডোর (১৯৪৯)।

৬২. মীর মশাররফ হোসেন লিখিত নিচের রচনাগুলোর মধ্যে কোনটি নাটক? [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক-০৩]
ক. রত্নবতী খ. উদাসীন পথিকের মনের কথা
গ. জমিদার দর্পণ ঘ. বিষাদ সিন্ধু
উত্তর : গ
ব্যাখ্যা : মীর মশাররফ হোসেন রচিত নাটক- জমিদার দর্পণ (১৮৭৩), উপন্যাস- রত্নবতী (১৮৬৯, প্রথম গ্রন্থ), বিষাদ সিন্ধু (১৮৮৫-৯১)। আত্মজীবনীমূলক রচনা- উদাসীন পথিকের মনের কথা (১৮৯০)।

৬৩. দীনবন্ধু মিত্রের কোন নাটকের অভিনয় দেখতে এসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মঞ্চে জুতো ছুঁড়ে মেরেছিলেন? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী শ্রম অফিসার-০৩]
ক. সধবার একাদশী খ. জামাই বারিক
গ. নীলদর্পণ ঘ. লীলাবতী
উত্তর : গ
ব্যাখ্যা : 'নীলদর্পণ' নাটকের অভিনয় দেখে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নীলকরদের প্রতি এতো ঘৃণা জন্মেছিল যে তিনি অভিনেতাকে জুতা ছুড়ে মারেন। শক্তিমান সেই অভিনেতা অর্ধেন্দুশেখর মুস্তাফিও অভিনয়ের সম্মান হিসেবে সেই জুতাকে তুলে নিয়েছিলেন যত্ন করে।

৬৪. গিরিশচন্দ্র ঘোষের প্রথম ও শ্রেষ্ঠ বিয়োগান্ত নাটক- [শ্রম অধিদপ্তরের AD-০৩]
ক. চণ্ড খ. জনা
গ. প্রফুল্ল ঘ. হারানিধি
উত্তর : গ
ব্যাখ্যা : গিরিশচন্দ্র ঘোষের প্রথম ও বিয়োগান্ত নাটক 'প্রফুল্ল'। তার রচিত পৌরাণিক নাটক- রাবণবধ (১৮৮১), সীতার বনবাস (১৮৮১), সীতাহরণ (১৮৮২), জনা (১৮৯৪)।

৬৫. 'ডগলাস স্টুয়ার্ট' কোন দেশে নাট্যকার? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের AD-০৩]
ক. কানাডা খ. ইতালি
গ. অস্ট্রেলিয়া ঘ. জার্মানি
উত্তর : খ

৬৬. নিচের কোন নাটকের রচয়িতা দীনবন্ধু মিত্র? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পুলিশ সহকারী রসায়নিক পরীক্ষক-০২]
ক. নবীন তপস্বিনী খ. কমলে কামিনী
গ. বিয়ে পাগলা বুড়ো ঘ. সবগুলো
উত্তর : ঘ
ব্যাখ্যা : দীনবন্ধু মিত্র রচিত নাটক- নবীন তপস্বিনী (১৮৬৩), জামাই বারিক (১৮৭২), কমলে কামিনী (১৮৭৩)। প্রহসন- বিয়ে পাগলা বুড়ো (১৮৬৬)।

৬৭. নাটক ও প্রহসনের পার্থক্য কি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে সহকারী রসায়নবিদ-০১]
ক. ব্যঙ্গ বিদ্রূপ খ. উপাখ্যান
গ. সংলাপ ঘ. চরিত্র
উত্তর : ক

Scanned with CamScanner

ব্যাখ্যা : প্রহসন নাটকের মতই তবে নাটকের চেয়ে ছোট। এতে হাস্য ও ব্যঙ্গ বিদ্রূপের মাধ্যমে সমাজের ত্রুটি বিচ্যুতি তুলে ধরা হয়। এতে নাটকের মত বিষয়বস্তুর জটিলতা, গভীর জীবনবোধ, চরিত্রের সমগ্রতা থাকে না। প্রহসন হাসির নাটক, হালকা চালের নাটক।

৬৮. **নিচের গ্রন্থগুলোর মধ্যে মধুসূদনের রচিত কোনটি?** *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]*

ক. রত্নাবতী খ. সীতার বনবাস
গ. মায়াকানন ঘ. রামচরিত

উত্তর : গ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক- মায়াকানন (১৮৭৪, অসমাপ্ত)। সর্বশেষ বিয়োগান্ত এ নাটকটি মধুসূদনের মৃত্যুর পর প্রকাশিত হয়। মীর মশাররফ হোসেন রচিত উপন্যাস- 'রত্নাবতী' (১৮৬৯)। গিরিশচন্দ্র ঘোষ রচিত পৌরানিক নাটক- 'সীতার বনবাস' (১৮৮১)।

৬৯. **শেক্সপিয়ারের নাটকের বাংলা গদ্যরূপ দিয়েছেন-** *[পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ-০১]*

ক. ঈশ্বরচন্দ্র গুপ্ত খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তর : খ

ব্যাখ্যা : উইলিয়াম শেক্সপিয়ারের নাটকের বাংলা গদ্যরূপ দিয়েছেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। শেক্সপিয়ারের *Comdey of Errors* নাটকের অনুবাদ বিদ্যাসাগরের গদ্যগ্রন্থ 'ভ্রান্তিবিলাস' (১৮৬৯)।

৭০. **প্রথম বিয়োগান্তক নাটক-** *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]*

ক. ভদ্রার্জুন খ. কীর্তিবিলাস
গ. ছদ্মবেশ ঘ. হরিশচন্দ্র

উত্তর : খ

ব্যাখ্যা : প্রথম বাংলা ট্রাজেডি নাটক যোগেন্দ্রচন্দ্র গুপ্তের 'কীর্তিবিলাস' (১৮৫২)। কিন্তু প্রথম সার্থক ট্রাজেডি নাটক মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী' (১৮৬১)।

৭১. **'দ্য ডিসগাইজ' নাটকের বাংলা অনুবাদ করেন কে?** *[সহকারী থানা শিক্ষা অফিসার-৯৯]*

ক. উইলিয়াম কেরি খ. হেরাসিম লেবেদফ
গ. মার্শম্যান ঘ. জেমস

উত্তর : খ

ব্যাখ্যা : হেরাসিম লেবেদফ ইংরেজি থেকে দুটি নাটক 'দ্য ডিসগাইজ' (সংবদল্য নামে) ও 'লাভ ইজ দ্যা বেস্ট ডক্টর' বাংলায় অনুবাদ করেন। নাটক দুটি মঞ্চস্থ করার জন্য 'প্লে হাউজ' ভাড়া নিতে যান কিন্তু থিয়েটার কর্তৃপক্ষ (ইংরেজ) ভাড়া দিতে অসম্মতি জানায়। ফলে তিনি নিজ খরচে ১৭৯৫ সালে ২৫ নং ডোমটোলায় জগন্নাথ গাঙ্গুলীর বাড়ি ভাড়া করে 'দি বেঙ্গলি থিয়েটার' নামে একটি নাট্যমঞ্চ প্রতিষ্ঠা করেন। এ জন্য তাকে **'বাংলা রঙ্গমঞ্চের জনক'** বলা হয়।

৭২. **বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-৯৩]*

ক. মমতাজ উদ্দিন আহমদ খ. আব্দুল মান্নান সৈয়দ
গ. সরদার জয়েনউদ্দীন ঘ. শহীদুল্লা কায়সার

উত্তর : ক

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. **'পায়ের আওয়াজ পাওয়া যায়' কি ধরনের রচনা?** *[সমন্বিত ২ব্যাংক (AnsarVDP+BHBFC) অফিসার-১৮]*

ক. ছোটগল্প খ. উপন্যাস
গ. কাব্যনাট্য ঘ. পত্রোপন্যাস

উত্তর : গ

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হকের কাব্যনাটক- পায়ের আওয়াজ পাওয়া যায় (১৯৭৬, মুক্তিযুদ্ধ বিষয়ক)। তার অন্যান্য নাটক- গণনায়ক (১৯৭৬), এখানে এখন (১৯৮৮), ঈর্ষা।

Scanned with CamScanner

২. বাংলা নাটকের ফর্ম ও ভাষা নিয়ে নিরীক্ষাধর্মী কাজ করেছেন- *[বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল)-১৮]*

ক. মঈনুল আহসান সাবের খ. কায়েস আহমেদ

গ. মামুন আহমেদ ঘ. সেলিম আল দীন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : সেলিম আল দীন (১৯৪৯-২০০৮) বাংলা নাটকের নব্যধারার প্রবর্তক। তাকে বাংলা নাটকের 'গৌড়জন' বলা হয়। তিনি শুধু নাটক রচনার মধ্যেই সীমাবদ্ধ থাকেননি, নাট্যবিষয়ক বহু গবেষণামূলক প্রবন্ধ রচনা করেন। ১৯৯৫ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে 'মধ্যযুগীয় বাংলা সাহিত্যে নাটক' এর উপর গবেষণা করে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

৩. 'মানচিত্র' নাটকটির রচয়িতা কে? *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৬]*

ক. মীর মশাররফ হোসেন খ. শিশির ভাদুড়ী

গ. নুরুল মোমেন ঘ. আনিস চৌধুরী **উত্তর : ঘ**

ব্যাখ্যা : আনিস চৌধুরী সমাজ সচেতন নাট্যকার ও বিশিষ্ট কথাসাহিত্যিক। তার রচিত নাটক- মানচিত্র (১৯৬৩), অ্যালবাম (১৯৬৫), চেহারা (১৯৭৯)।

৪. 'এইসব দিনরাত্রি' নাটকের রচয়িতা কে? *[কর্মসংস্থান ব্যাংক লি. অফিসার-১৫]*

ক. হুমায়ূন আহমেদ খ. শামসুল হক

গ. হুমায়ুন আজাদ ঘ. নুরুল মোমেন **উত্তর : ক**

৫. শেক্সপিয়ারের 'টেমিং অব দি শ্রু'র বঙ্গানুবাদ করেছেন-*[বাংলাদেশ ব্যাংক AD-১৪]*

ক. আবদুল গাফফার চৌধুরী খ. মুনীর চৌধুরী

গ. সিরাজুল ইসলাম চৌধুরী ঘ. কবীর চৌধুরী **উত্তর : খ**

ব্যাখ্যা : মুনীর চৌধুরী উইলিয়াম শেক্সপিয়ারের Taming of the Shrew 'মুখরা রমণী বশীকরণ' (১৯৭০) নামে অনুবাদ করেন।

৬. 'বসন্তকুমারী' নাটক রচনা করেছেন- *[রূপালী ব্যাংক সিনিয়র অফিসার-১৩]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মাইকেল মধুসূদন দত্ত

গ. কাজী নজরুল ইসলাম ঘ. মীর মশাররফ হোসেন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : মীর মশাররফ হোসেন রচিত নাটক 'বসন্তকুমারী' (১৮৭৩)। এটি বাংলা সাহিত্যে মুসলিম রচিত প্রথম নাটক। উল্লেখ্য 'কৃষ্ণকুমারী' (১৮৬১) মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক, কন্যাকুমারী (১৯৬০) আব্দুর রাজ্জাক রচিত উপন্যাস।

৭. 'কাঁকর মনি' নাটকটি কে লিখেছেন? *[সোনালী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৩]*

ক. সিকান্দার আবু জাফর খ. ড. নীলিমা ইব্রাহিম

গ. আনিস চৌধুরী ঘ. শওকত ওসমান **উত্তর : ঘ**

৮. কোন বাঙালি নাট্যকার বাংলা নাটকের পথিকৃৎ? *[বাংলাদেশ কৃষি ব্যাংক ডাটা এন্ট্রি অপা.-১২]*

Scanned with CamScanner

১০. বিখ্যাত বাঙালি নাট্যকার ছিলেন- *[IFIC ব্যাংক লি. প্রবেশনারী অফিসার-১২]*

ক. নুরুল মোমেন খ. আবু ইসহাক

গ. মুজতবা আলী ঘ. আবু জাফর ওবায়দুল্লাহ

উত্তর : ক

ব্যাখ্যা : নুরুল মোমেন নাট্যকার, আবু ইসহাক কথাসাহিত্যিক ও অভিধানকার। মুজতবা আলী কথাসাহিত্যিক। আবু জাফর ওবায়দুল্লাহ কবি, শিক্ষাবিদ।

১১. 'আজ রবিবার' নাটকটি কে রচনা করেন? *[বাংলাদেশ কৃষি ব্যাংক সুপারভাইজার-১২]*

ক. হুমায়ূন আহমেদ খ. মাসুম রেজা

গ.সেলিনা হোসেন ঘ. জিয়া হায়দার

উত্তর : ক

১২. কাজী নজরুলের গ্রন্থগুলোর মধ্যে নিচের কোনটি নাটক নয়? *[বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার-০০]*

ক. ঝিলিমিলি খ. পুতুলের বিয়ে

গ. আলেয়া ঘ. ছায়ানট

উত্তর : ঘ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম রচিত নাটক- ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা। নজরুলের প্রেমপ্রধান কাব্য- ছায়ানট।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'সুড়ঙ্গ' নাটকটি কার লেখা? *[রাবি (ক ইউনিট) ১৮-১৯]*

ক. সৈয়দ ওয়ালীউল্লাহ খ. মুনীর চৌধুরী

গ. আবুল ফজল ঘ. আবু জাফর শামসুদ্দীন

উত্তর : ক

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত নাটক- বহিপীর (১৯৬০), তরঙ্গভঙ্গ (১৯৬৪), সুড়ঙ্গ (১৯৬৪), উজানে মৃত্যু (১৯৬৬)।

২. 'মুদ্রারাক্ষস' কোন ভাষার নাটক? *[জাবি (সি ইউনিট) ১৬-১৭]*

ক. গ্রিক খ. ফরাসি

গ. সংস্কৃত ঘ. বাংলা

উত্তর : গ

ব্যাখ্যা : 'মুদ্রারাক্ষস' সংস্কৃত ভাষার ঐতিহাসিক নাটক। রচয়িতা সংস্কৃত কবি বিশাখদত্ত।

৩. 'চর কাঁকড়ার ডকুমেন্টারি' কার রচনা? *[চবি (ই ইউনিট) ১৩-১৪]*

ক. নুরুল মোমেন খ. সাঈদ আহমেদ গ. কল্যাণ মিত্র

ঘ. সেলিম আল দীন ঙ. মামুনুর রশীদ

উত্তর : ঘ

৪. আবদুল্লাহ আল মামুনের নাটক কোনটি? *[চবি (ই ইউনিট) ১৩-১৪]*

ক. এলেবেলে খ. নেমেসিস গ. কোকিলারা

ঘ. মধুমালা ঙ. বিসর্জন

উত্তর : গ

ব্যাখ্যা : আবদুল্লাহ আল মামুনের নাটক- কোকিলারা। জিয়া হায়দার রচিত নাটক- এলেবেলে। নুরুল মোমেনের নাটক- নেমেসিস (১৯৪৮)। রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক- বিসর্জন। 'মধুমালা' নাটকের রচয়িতা জসীম উদ্‌দীন ও কাজী নজরুল ইসলাম।

৫. কোনটি ঐতিহাসিক নাটক? *[জাবি (সি ইউনিট) ১২-১৩]*

ক. শর্মিষ্ঠা খ. রাজসিংহ

গ. রক্তকরবী ঘ. রক্তাক্ত প্রান্তর

উত্তর : ঘ

Scanned with CamScanner

৬. **কার নাটক কারাগারে মঞ্চস্থ হয়েছিল?** *[চবি (ই ইউনিট) ১২-১৩]*
ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. দীনবন্ধু মিত্র গ. মুনীর চৌধুরী
ঘ. শহীদুল্লা কায়সার ঙ. রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর : গ**

৭. **সিরাজউদ্দৌলা নাটকের নাট্যকার কে?** *[জাবি (সি ইউনিট) ১২-১৩]*
ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. গিরিশচন্দ্র
গ. সেলিম আল দীন ঘ. মুনীর চৌধুরী **উত্তর : খ**

৮. **নন্দিনী কোন নাটকের চরিত্র?** *[চবি (ই ইউনিট) ১২-১৩]*
ক. রক্তকরবী খ. রাজা গ. মুক্তধারা
ঘ. বিসর্জন ঙ. অচলায়তন **উত্তর : ক**
ব্যাখ্যা : 'রক্তকরবী' নাটকের চরিত্র- নন্দিনী।

৯. **'পদ্মাবতী' নাটকটি কার লেখা?** *[কুবি (বি ইউনিট) ১২-১৩]*
ক. মাইকেল মধুসূদন দত্ত খ. আলাওল
গ. জায়সী ঘ. মীর মশাররফ হোসেন **উত্তর : ক**

১০. **বাংলাদেশের নাটকে 'বর্ণনাত্মক রীতি'র সার্থক প্রয়োগ ঘটান-***[রাবি (খ) ১১-১২]*
ক. আব্দুল্লাহ আল মামুন খ. মামুনুর রশীদ
গ. নাসির উদ্দিন ইউসুফ ঘ. সেলিম আল দীন **উত্তর : ঘ**

১১. **'যৈবতী কন্যার মন' নাটকের রচয়িতা কে?** *[ইবি (খ ইউনিট) ০৯-১০]*
ক. আবদুল্লাহ আল মামুন খ. সেলিম আল দীন
গ. মামুনুর রশীদ ঘ. আসকার ইবনে শাইখ **উত্তর : খ**
ব্যাখ্যা : সেলিম আল দীনের নাটক- যৈবতী কন্যার মন (১৯৯৩), হরগজ (১৯৯২), প্রাচ্য (২০০০), নিমজ্জন (২০০২), ধাবমান, স্বর্ণবোয়াল (২০০৭)।

১২. **'এর উপায় কি, ভাই ভাই এই তো চাই' প্রহসনটির রচয়িতা-** *[ইবি (খ ইউনিট) ০৯-১০]*
ক. কায়কোবাদ খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. মীর মশাররফ হোসেন **উত্তর : ঘ**
ব্যাখ্যা : মীর মশাররফ হোসেনের প্রহসন- 'এর উপায় কি?' (১৮৭৫), ভাই ভাই এইতো চাই (১৮৯৯), ফাঁস কাগজ (১৮৯৯)।

১৩. **'লালন ফকির' নাটকের রচয়িতা কে?** *[রাবি ০৬-০৭]*
ক. ওয়াকিল আহমদ খ. কল্যাণ মিত্র
গ. আব্দুল্লাহ আল মামুন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর : খ**
ব্যাখ্যা : 'লালন ফকির' নাটকের রচয়িতা কল্যাণ মিত্র। একই নামে আসকার ইবনে শাইখও একটি নাটক রচনা করেছেন।

১৪. **'বহিপীর' কে রচনা করেন?** *[রাবি (গণযোগযোগ ও সাংবাদিকতা) ০৫-০৬]*
ক. নজিবুর রহমান খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
উত্তর : খ

Scanned with CamScanner

১৫. 'নীলদর্পণ' নাটকটির ইংরেজি অনুবাদ কি নামে প্রকাশিত হয়েছিল? [চবি ০২-০৩]

ক. প্ল্যান্টিং মিরর ইন্ডিগো খ. ইন্ডিগো প্ল্যান্টিং মিরর

গ. মিরর প্ল্যান্টিং ইন্ডিগো ঘ. ব্লুমিব

উত্তর : খ

ব্যাখ্যা : 'নীলদর্পন' নাটকটি মাইকেল মধুসূধন দত্ত A Native ছদ্মনামে Nil Durpan, or The Indigo Planting Mirror শিরোনামে অনুবাদ করেন। এ অনুবাদ প্রকাশিত হলে বাঙালি মহলে যতটা প্রশংসিত হয়েছিল, শেতাঙ্গমহলে ঠিক ততটাই ঘৃণিত হয়। এ অনুবাদ প্রকাশ করার জন্য পাদ্রি বেভারেন্ড জেমস লঙকে এক হাজার টাকা জরিমানা করা হয়। এ জরিমানার টাকা কালীপ্রসন্ন সিংহ আদালতেই দিয়ে দেন।

বাংলা গল্প ও ছোটগল্প

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. নিচের কোনটি ভ্রমণসাহিত্য বিষয়ক গ্রন্থ নয়? [৩৬তম বিসিএস]

ক. চার ইয়ারী কথা খ. পালামৌ

গ. দৃষ্টিপাত ঘ. দেশে-বিদেশে

উত্তর : ক

ব্যাখ্যা : 'চার ইয়ারী কথা' প্রমথ চৌধুরী রচিত গল্পগ্রন্থ। সঞ্জীব চট্টোপাধ্যায় রচিত ভ্রমণ কাহিনী- 'পালামৌ'। বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়ের ইতিহাস ও ভ্রমণকাহিনীমূলক রচনা 'দৃষ্টিপাত'। সৈয়দ মুজতবা আলী রচিত ভ্রমণকাহিনী 'দেশে-বিদেশে'।

২. 'মিলির হাতে স্টেনগান' গল্পটি কার লেখা? [৩৫তম বিসিএস]

ক. শওকত ওসমান খ. আখতারুজ্জামান ইলিয়াস

গ. শহীদুল জহির ঘ. শওকত আলী

উত্তর : খ

ব্যাখ্যা : আখতারুজ্জামান ইলিয়াসের বিখ্যাত গল্প- মিলির হাতে স্টেনগান, প্রতিশোধ, অপঘাত, জাল স্বপ্ন স্বপ্নের জাল, রেইনকোট। এসব গল্পে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন ও স্বাধীনতা পরবর্তী সময়ের রাজনৈতিক ও সামাজিক বাস্তবতা উঠে এসেছে।

৩. কাজী নজরুল ইসলাম রচিত গল্প কোনটি? [৩২তম বিসিএস]

ক. পদ্মরাগ খ. পদ্মগোখরা

গ. পদ্মপুরাণ ঘ. পদ্মাবতী

উত্তর : খ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম রচিত গল্প- ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা, পদ্মগোখরা, জিনের বাদশা। বেগম রোকেয়ার উপন্যাস- 'পদ্মরাগ'। মধ্যযুগের কবি বিজয় গুপ্তের কাব্য- পদ্মপুরাণ। আলাওলের কাব্য- পদ্মাবতী।

৪. 'বটতলার উপন্যাস' গ্রন্থের লেখকের নাম কী? [৩১তম বিসিএস]

ক. দিলারা হাশেম খ. রাজিয়া খান

গ. রিজিয়া রহমান ঘ. সেলিনা হোসেন

উত্তর : খ

ব্যাখ্যা : সাহিত্যিক রাজিয়া খানের উপন্যাস- অনুকম্প (১৯৫৯), বটতলার উপন্যাস (১৯৫৯)। বটতলার উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র মঈন।

৫. 'চাচা কাহিনী'র লেখক কে? [২৯তম বিসিএস]

ক. সৈয়দ শামসুল হক খ. শওকত ওসমান

গ. সৈয়দ মুজতবা আলী ঘ. আবুল মনসুর আহমদ

উত্তর : গ

Scanned with CamScanner

ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলীর ছোটগল্পগ্রন্থ- চাচাকাহিনী। প্রকাশিত হয় ১৯৫২ সালে। এর বিখ্যাত গল্প- পাদটীকা, পুনশ্চ, রাক্ষসী, বেঁচে থাক সর্দি-কাশি। এ গ্রন্থের প্রায় প্রতিটি গল্পই বিদেশের পটভূমিকায় রচিত। বিশেষ করে বার্লিন প্রবাসী বাঙালি তরুণ ছাত্রদের নিয়ে রচিত।

৬. **রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্প কোনটি?** [২৮তম বিসিএস]

ক. একরাত্রি খ. নষ্টনীড়

গ. ক্ষুধিত পাষাণ ঘ. মধ্যবর্তিনী

উত্তর : গ

ব্যাখ্যা : অতিপ্রাকৃত গল্প এক ধরণের অতিপ্রাকৃত বা অলৌকিক ঘটনা অবলম্বনে রচিত। এসব গল্প পড়লে পাঠকের মনে এক ধরণের শিহরণ বা ভয়ের উদ্রেগ হয়। রবীন্দ্রনাথের- ক্ষুধিত পাষাণ, নিশীথে, সম্পত্তি সমর্পন, কঙ্কাল এ ধরণের গল্প।

৭. **'শিশুরাজ্যে এই মেয়েটি একটি ছোটখাট বর্গির উপদ্রব বলিলেই হয়।' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের সংলাপ?** [২৭তম বিসিএস]

ক. একরাত্রি খ. শুভা

গ. সমাপ্তি ঘ. পোস্টমাস্টার

উত্তর : গ

৮. **'দুধেভাতে উৎপাত' গল্পগ্রন্থের রচয়িতা-** [২৩তম বিসিএস]

ক. শওকত ওসমান খ. জ্যোতি প্রকাশ দত্ত

গ. আখতারুজ্জামান ইলিয়াস ঘ. হাসান আজিজুল হক

উত্তর : গ

ব্যাখ্যা : আখতারুজ্জামান ইলিয়াসের গল্পগ্রন্থ পাঁচটি- অন্য ঘরে অন্যস্বর (১৯৭৬), খোঁয়ারি (১৯৮২), দুধেভাতে উৎপাত (১৯৮৫), দোজখের ওম (১৯৮৭), জাল স্বপ্ন স্বপ্নের জাল (১৯৯৭)।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. **সেলিনা হোসেন রচিত গল্পগ্রন্থ কোনটি?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]

ক. দোযখের ওম খ. ময়ূরীর মুখ

গ. কালো মাফলার ঘ. খোল করতাল

উত্তর : ঘ

ব্যাখ্যা : সেলিনা হোসেনের সমকালীন গল্পগ্রন্থ- 'খোল করতাল'। আখতারুজ্জামান ইলিয়াসের গল্পগ্রন্থ- দোজখের ওম (১৯৮৭), আল মাহমুদের গল্পগ্রন্থ- 'ময়ূরীর মুখ' (১৯৯৪)। মাহমুদুল হকের মুক্তিযুদ্ধের গল্প 'কালো মাফলার'।

২. **'জোঁক' ছোটগল্পের রচয়িতা কে?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রশাসনিক কর্মকর্তা-১৭]

ক. শাহেদ আলী খ. হাসান আজিজুল হক গ. আবুল ফজল

ঘ. আবু ইসহাক ঙ. কোনটিই নয়

উত্তর : ঘ

ব্যাখ্যা : আবু ইসহাকের ছোটগল্প জোঁক। এ গল্পের কেন্দ্রীয় চরিত্র ওসমান। এতে জমিদার কর্তৃক অশিক্ষিত প্রজাদের শোষণকে জোঁকের রক্ত চোষার সাথে তুলনা করা হয়েছে। তার গল্পগ্রন্থ- হারেম (১৯৬২), মহাপতঙ্গ (১৯৬৩)।

৩. **'নয়নচারা' কোন শ্রেণির রচনা?** [সাব রেজিস্ট্রার-১৬]

ক. উপন্যাস খ. কাব্য

গ. গল্প ঘ. নাটক

উত্তর : গ

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর গল্পগ্রন্থ- নয়নচারা (১৯৫১)। নয়নচারা গল্পের চরিত্র- আমু।

৪. **'নামহীন গোত্রহীন' গ্রন্থের লেখক-** [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা-১৬]

ক. শওকত আলী খ. শাহেদ আলী

গ. হাসান আজিজুল হক ঘ. আখতারুজ্জামান ইলিয়াস

উত্তর : গ

Scanned with CamScanner

ব্যাখ্যা : হাসান আজিজুল হকের গল্পগ্রন্থ- নামহীন গোত্রহীন (১৯৭৫), সমুদ্রের স্বপ্ন শীতের অরণ্য (১৯৬৪), জীবন ঘষে আগুন (১৯৭৩), পাতালে হাসপাতালে (১৯৮১)।

৫. 'পদ্মগোখরা' গল্পটির রচয়িতা কে? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর-১৬]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. মানিক বন্দ্যোপাধ্যায় ঘ. প্রেমেন্দ্র মিত্র
উত্তর : খ

৬. 'আত্মজা ও একটি করবী গাছ' গল্পের লেখক কে? [সহ.পরিবার পরিকল্পনা কর্মকর্তা-১৬]
ক. হাসান আজিজুল হক খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. আখতারুজ্জামান ইলিয়াস ঘ. শওকত ওসমান
উত্তর : ক

৭. 'ডাকহরকরা' গল্পটির রচয়িতা কে? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর-১৬]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম ঘ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
উত্তর : খ

ব্যাখ্যা : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের গল্প- রসকলি (১৯২৮), বেদেনী, ডাকহরকরা, তারিণী মাঝি।

৮. রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা প্রথম ছোটগল্প কোনটি? [পিএসসির সহকারী পরিচালক-১৬]
ক. ভিখারিণী খ. ছুটি
গ. সমাপ্তি ঘ. অপরিচিতা
উত্তর : ক

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'ভিখারিণী' (১৮৭৭) বাংলা সাহিত্যের প্রথম ছোটগল্প। তার রচিত 'দেনা পাওনা' বাংলা সাহিত্যে প্রথম সার্থক ছোটগল্প।

৯. বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা কোনটি? [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৪]
ক. কাব্য খ. ছোটগল্প
গ. নাটক ঘ. উপন্যাস
উত্তর : খ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা ছোটগল্প, প্রাচীনতম শাখা কাব্য।

১০. 'দোযখের ওম' গল্পগ্রন্থটি কার রচনা? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক-১৩]
ক. শওকত ওসমান খ. হাসান আজিজুল হক
গ. হুমায়ূন আহমেদ ঘ. আখতারুজ্জামান ইলিয়াস
উত্তর : ঘ

ব্যাখ্যা : আখতারুজ্জামান ইলিয়াসের গল্প 'দোযখের ওম'। এর প্রধান চরিত্র পক্ষাঘাতগ্রস্ত কামালউদ্দিন।

১১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা প্রথম গল্প/সাহিত্যকর্ম কোনটি কি? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-১৩]
ক. অভাগীর স্বর্গ খ. মামলার ফল
গ. মন্দির ঘ. মহেশ
উত্তর : গ

ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম প্রকাশিত গল্প- 'মন্দির'। এ গল্পের জন্য কুন্তলীন পুরস্কার লাভ করেন। অন্যান্য গল্প- বিলাসী (১৯২০), মামলার ফল (১৯২০), মহেশ (১৯২৬)।

১২. 'ইঁদুর' কার বিখ্যাত ছোটগল্পের নাম? [সহকারী রাজস্ব কর্মকর্তা-১২]
ক. হুমায়ুন আহমেদ খ.শহীদুল জহির
গ. সোমেন চন্দ ঘ. হুমায়ুন কবির
উত্তর : গ

ব্যাখ্যা : সোমেন চন্দ রচিত গল্প- ইঁদুর, দাঙ্গা, সংকেত, বনস্পতি, স্বপ্ন।

১৩. 'আত্মহত্যার অধিকার' কার লেখা? [
ক. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় খ. মা
গ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঘ. র

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় রচিত গল্প- 'আত্মহ

১৪. 'ছোট বকুলপুরের যাত্রী' গ্রন্থটির রচ
ক. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় খ.
গ. মানিক বন্দ্যোপাধ্যায় ঘ.

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় রচিত গল্পগ্রন্থ- '
গল্পগ্রন্থ- প্রাগৈতিহাসিক (১৯৩৭), মিহি ও মোটা

১৫. 'পথ জানা নাই'- গল্পটি কার লেখা
ক. আবুল মনসুর আহমদ খ.
গ. শওকত ওসমান ঘ.

ব্যাখ্যা : শামসুদ্দিন আবুল কালাম রচিত গল্পগ্রন্থ
পথ জানা নাই (১৯৫৩), দুই হৃদয়ের তীর (১৯

১৬. 'সূর্যগ্রহণ' গল্পগ্রন্থটি কে রচনা ক
ক. জহির রায়হান খ.
গ. শওকত ওসমান ঘ.

ব্যাখ্যা : জহির রায়হানের প্রথম গল্পগ্রন্থ- সূর্যগ্র

১৭. যৌতুক প্রথা প্রাধান্য পেয়েছে কে
ক. হৈমন্তী খ
গ. কোরবানী ঘ

ব্যাখ্যা : রবীন্দ্রনাথের ছোটগল্প- হৈমন্তী।
চট্টোপাধ্যায়ের গল্প- মহেশ, বিলাসী। কাজী ন

১৮. 'ছোট প্রাণ ছোট ব্যথা, ছোট
সম্পর্কে এ বক্তব্য কার? [পিএস
ক. প্রমথ চৌধুরী
গ. প্রেমেন্দ্র মিত্র

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের সর্বকনিষ্ঠ শাখা
ছোটগল্পের প্রকৃতি সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর
ছোট প্রাণ ছোট ব্য
নিত
সহস্র বিস্মৃতি রা
তারি
নাহি বর্ণনার
নাহি
অন্তরে অতৃপ্তি র
শেষ

১৯. 'চার ইয়ারী কথা' গ্রন্থটি কে
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. প্রমথ চৌধুরী

Scanned with CamScanner

১৩. 'আত্মহত্যার অধিকার' কার লেখা? *[বিআরসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)-১১]*

ক. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর : খ

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় রচিত গল্প- 'আত্মহত্যার অধিকার'।

১৪. 'ছোট বকুলপুরের যাত্রী' গ্রন্থটির রচয়িতা কে? *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]*

ক. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. মানিক বন্দ্যোপাধ্যায় ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর : গ

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় রচিত গল্পগ্রন্থ- 'ছোট বকুলপুরের যাত্রী' (১৯৪৯)। তার অন্যান্য গল্পগ্রন্থ- প্রাগৈতিহাসিক (১৯৩৭), মিহি ও মোটা কাহিনী (১৯৩৮), সরীসৃপ (১৯৩৯)।

১৫. 'পথ জানা নাই'- গল্পটি কার লেখা? *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-১০]*

ক. আবুল মনসুর আহমদ খ. আবু জাফর শামসুদ্দীন
গ. শওকত ওসমান ঘ. শামসুদ্দীন আবুল কালাম

উত্তর : ঘ

ব্যাখ্যা : শামসুদ্দিন আবুল কালাম রচিত গল্পগ্রন্থ - অনেক দিনের আশা (১৯৫২), ঢেউ (১৯৫৩), পথ জানা নাই (১৯৫৩), দুই হৃদয়ের তীর (১৯৫৫), পুঁই ডালিমের কাব্য (১৯৮৭) ইত্যাদি।

১৬. 'সূর্যগ্রহণ' গল্পগ্রন্থটি কে রচনা করেন? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০৯]*

ক. জহির রায়হান খ. নুরুল মোমেন
গ. শওকত ওসমান ঘ. শাহরিয়ার কবির

উত্তর : ক

ব্যাখ্যা : জহির রায়হানের প্রথম গল্পগ্রন্থ- সূর্যগ্রহণ। প্রকাশিত হয় ১৯৫৫ সালে।

১৭. যৌতুক প্রথা প্রাধান্য পেয়েছে কোন গল্পে? *[সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭]*

ক. হৈমন্তী খ. বিলাসী
গ. কোরবানী ঘ. মহেশ

উত্তর : ক

ব্যাখ্যা : রবীন্দ্রনাথের ছোটগল্প- হৈমন্তী। এতে যৌতুক প্রথা প্রাধান্য পেয়েছে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গল্প- মহেশ, বিলাসী। কাজী নজরুল ইসলাম রচিত কবিতা- কোরবানী।

১৮. 'ছোট প্রাণ ছোট ব্যথা, ছোট ছোট দুঃখ কথা নিতান্তই সহজ সরল'- ছোটগল্প সম্পর্কে এ বক্তব্য কার? *[পিএসসির সহকারী পরিচালক-০৬]*

ক. প্রমথ চৌধুরী খ. প্রমথনাথ বিশী
গ. প্রেমেন্দ্র মিত্র ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর : ঘ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের সর্বকনিষ্ঠ শাখা ছোটগল্প। বাংলা ছোটগল্পের জনক রবীন্দ্রনাথ ঠাকুর। ছোটগল্পের প্রকৃতি সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'বর্ষাযাপন' কবিতায় বলেছেন-

ছোট প্রাণ ছোট ব্যথা ছোট ছোট দুঃখ কথা
নিতান্ত সহজ সরল,
সহস্র বিস্মৃতি রাশি প্রত্যহ যেতেছে ভাসি
তারি দু-চারিটি অশ্রুজল।
নাহি বর্ণনার ছটা ঘটনার ঘনঘটা
নাহি তত্ত্ব নাহি উপদেশ।
অন্তরে অতৃপ্তি রবে সাঙ্গ করি মনে হবে
শেষ হয়ে হইল না শেষ।

১৯. 'চার ইয়ারী কথা' গ্রন্থটি কে রচনা করেন? *[সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতাল)-০৫]*

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. প্রমথ চৌধুরী ঘ. কাজী নজরুল ইসলাম

উত্তর : গ

Scanned with CamScanner

ব্যাখ্যা : চার ইয়ারী কথা (১৯১৬) প্রমথ চৌধুরী রচিত গল্পগ্রন্থ। এতে চারবন্ধুর প্রেম কাহিনি বর্ণিত হয়েছে এবং প্রত্যেকটি প্রেমই ছিল অভিশপ্ত। তার অন্যান্য গল্পগ্রন্থ- আহুতি (১৯১৯), নীললোহিত ও গল্পসংগ্রহ (১৯৪১)।

২০. 'জিব্রাইলের ডানা' গ্রন্থের রচয়িতা কে? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার-০৫]

ক. মিন্নাত আলী খ. শাহেদ আলী
গ. আবু রুশদ ঘ. বন্দে আলী মিয়া
উত্তর : খ

ব্যাখ্যা : জিব্রাইলের ডানা (১৯৫৩) গল্পগ্রন্থের রচয়িতা সাহিত্যিক শাহেদ আলী। তার রচিত গল্পগ্রন্থ- একই সমতলে (১৯৬৩), শা'নযর (১৯৬৫)। উপন্যাস- হৃদয় নদী (১৯৬৫)।

২১. 'পাদটীকা' গল্পটি কে লিখেছেন? [পিএসসির সহকারী পরিচালক-০৪]

ক. শওকত ওসমান খ. হুমায়ুন আহমদ
গ. সৈয়দ মুজতবা আলী ঘ. আনোয়ার পাশা
উত্তর : গ

ব্যাখ্যা : 'পাদটীকা' গল্পের লেখক সৈয়দ মুজতবা আলী। তার অন্যান্য গল্প- রসগোল্লা, রাজা উজির, ধূপছায়া, পুনশ্চ, তীর্থহীনা, রাক্ষসী, মা জননী, স্বয়ংবরা।

২২. 'ধানকন্যা'র লেখক কে? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২: ০৪]

ক. জহির রায়হান খ. আলাউদ্দিন আল আজাদ
গ. শহীদুল্লা কায়সার ঘ. মুহম্মদ মনসুর উদ্দিন
উত্তর : খ

ব্যাখ্যা : আলাউদ্দিন আল আজাদের গল্পগ্রন্থ- জেগে আছি (১৯৫০), ধানকন্যা (১৯৫১), যৃণালিনী (১৯৫৩), অন্ধকার সিঁড়ি (১৯৫৩), উজান তরঙ্গে (১৯৬২)।

২৩. 'টুনিমেম' কোন ধরনের রচনা? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী-০৪]

ক. কাব্য খ. ভ্রমণ কাহিনী
গ. গল্প ঘ. রম্য রচনা
উত্তর : গ

ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলীর ছোটগল্পগ্রন্থ- টুনি মেম। প্রকাশিত হয় ১৯৬৩ সালে।

২৪. কোন গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা? [দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর সহকারী পরিচালক-০৯]

ক. ক্ষুধিত পাষাণ খ. পদ্মগোখরা
গ. মাস্টার মশাই ঘ. একটি তুলসী গাছের কাহিনী
উত্তর : ক

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের অতি প্রাকৃত ছোটগল্প- ক্ষুধিত পাষাণ। কাজী নজরুল ইসলামের গল্প- পদ্মগোখরা। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের ছোটগল্প- মাস্টার মশাই। সৈয়দ ওয়ালীউল্লাহর গল্প- একটি তুলসী গাছের কাহিনী।

২৫. 'এলেবেলে' বইটি কার লেখা? [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার-০০]

ক. শংকর খ. হুমায়ূন আহমেদ
গ. তারাশঙ্কর ঘ. যাযাবর
উত্তর : খ

ব্যাখ্যা : হুমায়ূন আহমেদ রচিত গল্প- 'এলেবেলে'। উল্লেখ্য জিয়া হায়দার রচিত নাটক- 'এলেবেলে'।

২৬. 'গালিভারের সফরনামা' গল্পগ্রন্থের রচয়িতা কে?

ক. আবুল মনসুর আহমদ খ. সৈয়দ মুজতবা আলী
গ. প্রমথ চৌধুরী ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ
উত্তর : ক

ব্যাখ্যা : আবুল মনসুর আহমদ রচিত গ্রন্থ 'গালিভারের সফরনামা'। এটি Jonathan Swift এর Guliver Travels অবলম্বনে রচিত।

২৭. 'হঠাৎ আলোর ঝলকানি' কোন জা
ক. কাব্যগ্রন্থ খ.
গ. উপন্যাস ঘ.

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম গল্প 'হঠাৎ ও
প্রথম প্রকাশিত হয়। বুদ্ধদেব বসু রচিত প্রবন্ধগ্র

ব্যাংক বি

১. 'শিউলিমালা' কে লিখেছেন? [পূব
ক. কাজী নজরুল ইসলাম
গ. ফররুখ আহমদ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ- ব্য

২. 'তপুকে আবার ফিরে পাব, এ
থেকে নেওয়া? [প্রবাসী কল্যাণ ব
ক. একুশের গল্প
গ. ভাষার কথা

ব্যাখ্যা : 'একুশের গল্প' প্রবন্ধের রচয়িতা জা

৩. রবীন্দ্রনাথ রচিত নিচের যে গ
অফিসার-১৭]
ক. অতিথি
গ. কংকাল

ব্যাখ্যা : রবীন্দ্রনাথের অতিপ্রাকৃত গল্প 'কং

৪. 'প্রাগৈতিহাসিক' গল্পের রচয়ি
ক. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. আবু জাফর শামসুদ্দিন

ব্যাখ্যা : 'প্রাগৈতিহাসিক' গল্পের রচয়িতা
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত গল্প 'উ
তারা'। শওকত ওসমান রচিত গল্প 'জুনু

৫. কাজী নজরুল ইসলাম রচি
ব্যাংক (ক্যাশ) অফিসার-১১]
ক. গল্প
ঘ. নাটক

ব্যাখ্যা : 'ব্যাথার দান' (১৯২২) কাজী
প্রথম প্রকাশিত গ্রন্থ। এই গ্রন্থে মোট
ঘোরে, অতৃপ্ত কামনা, রাজ-বন্দীর
প্রেমকেন্দ্রিক।

Scanned with CamScanner

২৭. 'হঠাৎ আলোর ঝলকানি' কোন জাতীয় রচনা?

ক. কাব্যগ্রন্থ খ. গল্প
গ. উপন্যাস ঘ. প্রবন্ধগ্রন্থ উত্তর : খ

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম গল্প 'হঠাৎ আলোর ঝলকানি'। গল্পটি ঢাকা কলেজ ম্যাগাজিনে প্রথম প্রকাশিত হয়। বুদ্ধদেব বসু রচিত প্রবন্ধগ্রন্থ- হঠাৎ আলোর ঝলকানি (১৯৩৫)।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. 'শিউলিমালা' কে লিখেছেন? *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*

ক. কাজী নজরুল ইসলাম খ. আল মাহমুদ
গ. ফররুখ আহমদ ঘ. শামসুর রাহমান উত্তর : ক

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ- ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা, পদ্মগোখরা।

২. 'তপুকে আবার ফিরে পাব, একথা ভুলেও ভাবিনি কোন দিন'- নিম্নের কোনটি থেকে নেওয়া? *[প্রবাসী কল্যাণ ব্যাংক সিনিয়র অফিসার-১৮]*

ক. একুশের গল্প খ. মানুষ
গ. ভাষার কথা ঘ. বইকেনা উত্তর : ক

ব্যাখ্যা : 'একুশের গল্প' প্রবন্ধের রচয়িতা জহির রায়হান।

৩. রবীন্দ্রনাথ রচিত নিচের যে গল্পটির পরিণতি বেদনাবিধুর নয়- *[BDBL সিনিয়র অফিসার-১৭]*

ক. অতিথি খ. পোস্টমাস্টার
গ. কংকাল ঘ. ছুটি উত্তর : গ

ব্যাখ্যা : রবীন্দ্রনাথের অতিপ্রাকৃত গল্প 'কংকাল'।

৪. 'প্রাগৈতিহাসিক' গল্পের রচয়িতা কে? *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৬]*

ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. আবু জাফর শামসুদ্দিন ঘ. শওকত ওসমান উত্তর : ক

ব্যাখ্যা : 'প্রাগৈতিহাসিক' গল্পের রচয়িতা মানিক বন্দ্যোপাধ্যায়। ভিখু ও পাচি এই গল্পের চরিত্র। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত গল্প 'উপেক্ষিতা'। আবু জাফর শামসুদ্দিন রচিত গল্প 'শেষ রাত্রির তারা'। শওকত ওসমান রচিত গল্প 'জুনু আপা ও অন্যান্য গল্প'।

৫. কাজী নজরুল ইসলাম রচিত 'ব্যথার দান' কোন শ্রেণির রচনা? *[বাংলাদেশ কৃষি ব্যাংক (ক্যাশ) অফিসার-১১]*

ক. গল্প খ. প্রবন্ধ গ. কবিতা
ঘ. নাটক ঙ. গান উত্তর : ক

ব্যাখ্যা : 'ব্যাথার দান' (১৯২২) কাজী নজরুল ইসলাম রচিত একটি গল্পগ্রন্থ। এটি নজরুলের প্রথম প্রকাশিত গ্রন্থ। এই গ্রন্থে মোট ৬টি গল্প আছে- ব্যাথার দান, হেনা, বাদল বরিষণে, ঘুমের ঘোরে, অতৃপ্ত কামনা, রাজ-বন্দীর চিঠি। এ গল্পগুলোর ভাষা আবেগাশ্রয়ী, বক্তব্য নরনারীর প্রেমকেন্দ্রিক।

Scanned with CamScanner

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. কলেজের স্টাফরুমে একজন ফিসফিস করে 'জেনারেল মনসুন' বলতে কী বুঝিয়েছিলেন? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*
ক. পাকিস্তানি জেনারেল খ. রাশিয়ান জেনারেল
গ. বাংলার বাঘ ঘ. বাংলার বর্ষা
উত্তর : ঘ

২. রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পে কন্যাকে আশীর্বাদ করতে কাকে পাঠানো হয়েছিল? *[জবি (খ ইউনিট) ১৭-১৮]*
ক. হরিশকে খ. বিনুদাদাকে
গ. মামাকে ঘ. পিতাকে
উত্তর : খ

৩. 'অপরিচিতা' গল্পে কোন বয়সটা না দৈর্ঘ্যে না গুণে বড়? *[ঢাবি (ক ইউনিট) ১৭-১৮]*
ক. আঠার বছর খ. উনিশ বছর
গ. সাতাশ বছর ঘ. বত্রিশ বছর
উত্তর : গ

৪. 'পানকৌড়ির রক্ত' গ্রন্থের লেখক কে? *[জাবি (ঘ ইউনিট) ১৪-১৫]*
ক. আল মাহমুদ খ. শামসুর রাহমান
গ. সুফিয়া কামাল ঘ. সেলিম আল দীন
উত্তর : ক
ব্যাখ্যা : আল মাহমুদ রচিত গল্পগ্রন্থ- পানকৌড়ির রক্ত (১৯৭৫), সৌরভের কাছে পরাজিত (১৯৮৩), গন্ধবণিক (১৯৮৬), ময়ূরীর মুখ (১৯৯৪)।

৫. রবীন্দ্রনাথের কোন গল্পটিতে মামলা-মোকাদ্দমার প্রসঙ্গ নেই? *[চবি (ই ইউনিট) ১৩-১৪]*
ক. বোষ্টমী খ. শাস্তি গ. মেঘ ও রৌদ্র
ঘ. রাম কানাইয়ের নির্বুদ্ধিতা গ. কোনটিই নয়
উত্তর : ক

৬. 'কলিমদ্দি দফাদার' গল্পের লেখক কে? *[রাবি (আইন ইউনিট) ১২-১৩]*
ক. আবু জাফর ওবায়দুল্লাহ খ. আবু জাফর শামসুদ্দীন
গ. সিকান্দার আবু জাফর ঘ. শামসুদ্দীন মুহম্মদ ইলিয়াছ
উত্তর : খ
ব্যাখ্যা : আবু জাফর শামসুদ্দীন (১৯১১-১৯৮৮) এর গল্প 'কলিমদ্দি দফাদার'। এ গল্পটি তাঁর 'মুক্তিযুদ্ধের গল্প' থেকে সংকলিত হয়েছে। এ গল্পে গ্রাম এলাকার আনসার চৌকিদাররা কিভাবে মুক্তিযোদ্ধাদের সহায়তা করেছিল সেটি তুলে ধরা হয়েছে।

৭. 'রাজেন ঠাকুরের তীর্থযাত্রা' কার রচনা? *[জবি (এ ইউনিট) ১২-১৩]*
ক. কায়কোবাদ খ. আবু জাফর শামসুদ্দীন
গ. শামসুর রাহমান ঘ. জহির রায়হান
উত্তর : খ
ব্যাখ্যা : আজ আবু জাফর শামসুদ্দীনের গল্পগ্রন্থ- জীবন, রাজেন ঠাকুরের তীর্থযাত্রা, ল্যাংড়ী।

৮. 'ফিরিয়া ফল কী? পৃথিবীতে কে কাহার' উক্তিটি কোন গল্পের- *[রাবি ১১-১২]*
ক. মহেশ খ. পোস্টমাস্টার
গ. জলসাগর ঘ. প্রাগৈতিহাসিক
উত্তর : খ

ভ্রমণকাহিনী ও

বিসিএস এবং বিজেএস সেহকা

১. 'পালামৌ' ভ্রমণ কাহিনীটি কার রচনা? *[৩*
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. সুনীল
গ. সঞ্জীব চট্টোপাধ্যায় ঘ. তারাশ
ব্যাখ্যা : সঞ্জীব চট্টোপাধ্যায় রচিত ভ্রমণ কাহিনী- পাল

'প্রমথনাথ বসু' ছদ্মনামে প্রকাশিত হয়। বিহারের পা
উপজাতির জীবনাচার এবং তাদের সাথে লেখকের
বিবরণ নিয়ে লেখা এই ভ্রমণ সাহিত্যটি।

২. 'পঞ্চতন্ত্র' গ্রন্থের লেখক কে? *[৭ম বিজে*
ক. সত্যেন সেন খ. সৈয়দ
গ. সৈয়দ মুজতবা আলী ঘ. সমর
ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলী রচিত রম্যরচনা- প
(১৯৬৫), কত না অশ্রুজল (১৯৭১)।

পিএসসি'র নন-ক্যাডার ও

১. 'প্রবাসের দিনগুলি' গ্রন্থের রচয়িতা
ক. সৈয়দ মুজতবা আলী খ. সু
গ. জাহানারা ইমাম ঘ. ম
ব্যাখ্যা : জাহানারা ইমামের স্মৃতিচারণমূলক ভ্রমণ

২. 'হুতোম প্যাঁচার নকশা' কোন জাতী
ক. রম্যরচনা খ.
গ. চিত্রকর্ম ঘ.
ব্যাখ্যা : কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার ন
রচনা। এ গ্রন্থে কলকাতার কথ্য ভাষাকে সার্থক
কলকাতার হঠাৎ ধনী হওয়া নব্যসমাজের চিত্র ব্য

৩. 'ফুড কনফারেন্স' গ্রন্থের রচয়িতা-
ক. আবুল কালাম শামসুদ্দীন খ.
গ. আবুল ফজল ঘ.
ব্যাখ্যা : আবুল মনসুর আহমদের দ্বিতীয় ব্যঙ্গ-
গ্রন্থে ১৩৫০ সালের (পঞ্চাশের মন্বন্তর) দুর্ভিক্ষে
চেষ্টা করেছেন। এর গল্পগুলোর মাধ্যমে রাজনী

৪. নিচের কোনটি ভ্রমণ কাহিনী? *[*
ক. দুই দেশ, দুই মন
গ. জঙ্গম
ব্যাখ্যা : রাহুল সাংকৃত্যায়নের ভ্রমণকাহিনী-
'দুই দেশ, দুই মন'। শীর্ষেন্দু মুখোপাধ্যায়
রচিত উপন্যাস- 'জঙ্গম'।

Scanned with CamScanner

ভ্রমণকাহিনী ও রম্যরচনা

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. **'পালামৌ' ভ্রমণ কাহিনীটি কার রচনা?** *[৩২তম বিসিএস]*

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. সুনীল গঙ্গোপাধ্যায়
গ. সঞ্জীব চট্টোপাধ্যায় ঘ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় **উত্তর : গ**

ব্যাখ্যা : সঞ্জীব চট্টোপাধ্যায় রচিত ভ্রমণ কাহিনী- পালামৌ (১৮৮০-১৮৮২)। বঙ্গদর্শন পত্রিকায় 'প্রমথনাথ বসু' ছদ্মনামে প্রকাশিত হয়। বিহারের পালামৌ এলাকার পাহাড়ী অঞ্চলের 'কোল' উপজাতির জীবনাচার এবং তাদের সাথে লেখকের যাপিত জীবনের দিনলিপির একটি সংক্ষিপ্ত বিবরণ নিয়ে লেখা এই ভ্রমণ সাহিত্যটি।

২. **'পঞ্চতন্ত্র' গ্রন্থের লেখক কে?** *[৭ম বিজেএস (সহকারী জজ)-১২]*

ক. সত্যেন সেন খ. সৈয়দ শামসুল হক
গ. সৈয়দ মুজতবা আলী ঘ. সমরেশ বসু **উত্তর : গ**

ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলী রচিত রম্যরচনা- পঞ্চতন্ত্র (১৯৫২), ময়ূরকণ্ঠী (১৯৫২), বড়বাবু (১৯৬৫), কত না অশ্রুজল (১৯৭১)।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. **'প্রবাসের দিনগুলি' গ্রন্থের রচয়িতা কে?** *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী-১৬]*

ক. সৈয়দ মুজতবা আলী খ. সুফিয়া কামাল
গ. জাহানারা ইমাম ঘ. মলয় খান **উত্তর : গ**

ব্যাখ্যা : জাহানারা ইমামের স্মৃতিচারণমূলক ভ্রমণকাহিনী- প্রবাসের দিনগুলি (১৯৯২)।

২. **'হুতোম প্যাঁচার নকশা' কোন জাতীয় রচনা?** *[সহকারী থানা শিক্ষা অফিসার-১৫]*

ক. রম্যরচনা খ. উপন্যাস
গ. চিত্রকর্ম ঘ. প্রবন্ধ **উত্তর : ক**

ব্যাখ্যা : কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা' (১৮৬২) সামাজিক সমস্যামূলক ব্যক্তিগত রচনা। এ গ্রন্থে কলকাতার কথ্য ভাষাকে সার্থকভাবে প্রয়োগ করা হয়েছে। কালীপ্রসন্ন সিংহ এতে কলকাতার হঠাৎ ধনী হওয়া নব্যসমাজের চিত্র ব্যঙ্গাকারে ফুটিয়ে তুলেছেন।

৩. **'ফুড কনফারেন্স' গ্রন্থের রচয়িতা-** *[১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৪]*

ক. আবুল কালাম শামসুদ্দীন খ. আবুল মনসুর আহমদ
গ. আবুল ফজল ঘ. মাহবুবুল আলম **উত্তর : খ**

ব্যাখ্যা : আবুল মনসুর আহমদের দ্বিতীয় ব্যঙ্গ-রসাত্মক রচনা- ফুড কনফারেন্স (১৯৪৪)। আলোচ্য গ্রন্থে ১৩৫০ সালের (পঞ্চাশের মন্বন্তর) দুর্ভিক্ষের বাস্তব-করুণ চিত্র বিভিন্ন দৃষ্টিকোণ থেকে আঁকার চেষ্টা করেছেন। এর গল্পগুলোর মাধ্যমে রাজনীতিবিদদের ভণ্ডামীর চিত্র তুলে ধরেছেন।

৪. **নিচের কোনটি ভ্রমণ কাহিনী?** *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৩]*

ক. দুই দেশ, দুই মন খ. পার্থিব
গ. জঙ্গম ঘ. ভলগা থেকে গঙ্গা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : রাহুল সাংকৃত্যায়নের ভ্রমণকাহিনী- 'ভলগা থেকে গঙ্গা'। অজিত স্যানাল রচিত উপন্যাস- 'দুই দেশ, দুই মন'। শীর্ষেন্দু মুখোপাধ্যায় রচিত উপন্যাস- 'পার্থিব' (১৯৯৪)। বুদ্ধদেব বসু রচিত উপন্যাস- 'জঙ্গম'।

Scanned with CamScanner

৫. নিচের কোনটি রম্যরচনা? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-১৩]*

ক. পঞ্চতন্ত্র খ. ধীরে বহে নীল

গ. চোখের বালি ঘ.সাত-সাঁতার

উত্তর : ক

ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলী রচিত রম্যরচনা- 'পঞ্চতন্ত্র' (১৯৫২)। চানক্য সেনের লেখা থেকে 'ধীরে বহে নীল'। রবীন্দ্রনাথের উপন্যাস- 'চোখের বালি'। জহুরুল হকের আমেরিকা ভ্রমণকাহিনী- 'সাত-সাঁতার' (১৯৫৭)।

৬. কোনটি জসীমউদ্‌দীনের ভ্রমণকাহিনী? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-১২]*

ক. নকশী কাঁথার মাঠ খ. যে দেশে মানুষ বড়

গ. পদ্মরাগ ঘ. ঠাকুর বাড়ির আঙিনায়

উত্তর : ঘ

ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের ভ্রমণকাহিনী- চলে মুসাফির (১৯৫২), হলদে পরীর দেশে (১৯৬৭), যে দেশে মানুষ বড় (১৯৬৮)। কাব্য- নকশী কাঁথার মাঠ, স্মৃতিকথা- ঠাকুর বাড়ির আঙিনায়।

৭. 'বিলাতে সাড়ে সাত শ' দিন' ভ্রমণকাহিনী কে রচনা করেছেন? *[পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক-০৭]*

ক. আবুল মনসুর আহমদ খ. মোহাম্মদ মোফাজ্জল হায়দার চৌধুরী

গ. রশীদ তালুকদার ঘ. মুহম্মদ আবদুল হাই

উত্তর : ঘ

ব্যাখ্যা : মুহম্মদ আবদুল হাই রচিত ভ্রমণকাহিনী 'বিলাতে সাড়ে সাতশ দিন' (১৯৫৮)। এতে বিলাতের মানুষের জীবনযাপন, নিয়মকানুন এবং দর্শনীয় স্থানের বর্ণনা রয়েছে।

৮. বিদ্যাসাগরের রম্যরচনা কোনটি? *[জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী পরিচালক-০৬]*

ক. অতি অল্প হইল খ. মদ খাওয়া বড় দায়, জাত থাকার কি উপায়

গ. বুড়ো শালিকের ঘাড়ে রোঁ ঘ. একেই কি বলে সভ্যতা

উত্তর : ক

ব্যাখ্যা : বিদ্যাসাগরের রম্যরচনা- অতি অল্প হইল, আবার অতি অল্প হইল।

৯. ব্যঙ্গ-রসাত্মক রচনা কোনটি? *[সমাজসেবা অফিসার-০৬]*

ক. নদী ও নারী খ. যদি এমন হতো

গ. নেমেসিস ঘ. ফুড কনফারেন্স

উত্তর : ঘ

ব্যাখ্যা : আবুল মনসুর আহমদের ব্যঙ্গ-রসাত্মক রচনা- ফুড কনফারেন্স (১৯৪৪)। 'নদী ও নারী' (১৯৪৫) হুমায়ুন কবির রচিত উপন্যাস। নুরুল মোমেনের নাটক- যদি এমন হতো (১৯৬০), নেমেসিস (১৯৪৮)।

১০. 'হলদে পরীর দেশে' কোন জাতীয় রচনা? *[বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের AD-০৫]*

ক. আত্মজীবনী খ. ভ্রমণকাহিনী

গ. জীবনী ঘ. রম্য রচনা

উত্তর : খ

ব্যাখ্যা : কবি জসীম উদ্‌দীন আন্তর্জাতিক লোকসংগীত উৎসবে তৎকালীন যুগোস্লাভিয়া গিয়েছিলেন। সে ভ্রমণের গল্পই 'হলদে পরীর দেশে'। যাবার পথে রোমে কয়েকদিন ছিলেন। সে গল্পও আছে। উল্লেখ্য ১৯৯১ সালের পর যুগোস্লাভিয়া ভেঙ্গে ৭টি রাষ্ট্র হয়- বসনিয়া, ক্রোয়েশিয়া, কসভো, মেসিডোনিয়া, মন্তেনিগ্রো, সার্বিয়া, স্লোভেনিয়া।

১১. নিচের কোনটি ব্যঙ্গ রচনা? *[তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-০৪]*

ক. আয়না খ. তেইশ নম্বর তৈলচিত্র

গ. শবনম ঘ. মৃত্যুক্ষুধা

উত্তর : ক

ব্যাখ্যা : আবুল মনসুর আহমদ ব্যঙ্গ রচনা 'আয়না' (১৯৩৫)। আলাউদ্দিন আল আজাদের উপন্যাস- 'তেইশ নম্বর তৈলচিত্র' (১৯৬০)। কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস- 'মৃত্যুক্ষুধা' (১৯৩০)। সৈয়দ মুজতবা আলীর উপন্যাস- 'শবনম' (১৯৬০)।

Scanned with CamScanner

১২. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত গদ্যগ্রন্থ কোনটি? *[সাব রেজিস্ট্রার-০১]*

ক. য়ুরোপ প্রবাসীর পত্র খ. য়ুরোপ যাত্রীর ডায়রী
গ. জাপানযাত্রীর পত্র ঘ. জাভাযাত্রীর পত্র **উত্তর : ক**

ব্যাখ্যা : ১৮৭৮ সালে রবীন্দ্রনাথ ইংল্যান্ড যান ইংরেজি সাহিত্য পড়তে। সেই ইংল্যান্ড বাসের অভিজ্ঞতা নিয়ে লেখা পত্রগুলোর সংকলন হচ্ছে- 'য়ুরোপ প্রবাসীর পত্র' (১৮৮১) ভ্রমণকাহিনী। এটি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত গদ্যগ্রন্থ তথা চলিত ভাষায় লেখা প্রথম গ্রন্থ।

১৩. জসীম উদ্‌দীনের ভ্রমণ কাহিনীমূলক গ্রন্থ কোনটি? *[মাধ্যমিক বিদ্যালয় সহকারি শিক্ষক-০১]*

ক. ইস্তাম্বুর যাত্রীর পত্র খ. চলে মুসাফির
গ. বিলেতে সাড়ে সাতশ দিন ঘ. আমার দেখা তুরস্ক **উত্তর : খ**

ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের ভ্রমণকাহিনী 'চলে মুসাফির' (১৯৫২)। মুহম্মদ আবদুল হাইয়ের ভ্রমণকাহিনী- বিলেতে সাড়ে সাতশ দিন। শামসুন্নাহার মাহমুদের ভ্রমণকাহিনী- আমার দেখা তুরস্ক।

১৪. ইব্রাহীম খাঁ রচিত গ্রন্থ কোনটি? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-৯৮]*

ক. খোয়াবনামা খ. পদ্মানদীর মাঝি
গ. মোস্তফা চরিত ঘ. ইস্তাম্বুল যাত্রীর পত্র **উত্তর : ঘ**

ব্যাখ্যা : প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ রচিত ভ্রমণকাহিনী- ইস্তাম্বুল যাত্রীর পত্র (১৯৫৪), নয়া চীনে এক চক্কর, পাকিস্তানের পথে ঘাটে।

১৫. "বহুদিন ধরে সাবান ছিল না বলে আবদুর রহমানের পাগড়ি ময়লা। কিন্তু আমার মনে হয় চতুর্দিকে বরফের চেয়ে শুভ্রতর আবদুর রহমানের পাগড়ি আর শুভ্রতর আবদুর রহমানের হৃদয়।"- কোন গ্রন্থের উপসংহার?

ক. মুসাফির খ. জলে-ডাঙায়
গ. দেশে-বিদেশে ঘ. শবনম **উত্তর : গ**

১৬. 'সীমান্তের চিঠি' নামক ভ্রমণকাহিনীর লেখক কে?

ক. নূরুল মোমেন খ. সানাউল হক
গ. ইব্রাহিম খলিল ঘ. জাফর ইকবাল **উত্তর : গ**

ব্যাখ্যা : 'সীমান্তের চিঠি' ইব্রাহীম খলিল রচিত ভ্রমণ কাহিনি। সানাউল হকের ভ্রমণ কাহিনী 'বন্দর থেকে বন্দরে' অস্ট্রেলিয়া ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে লেখা।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. সৈয়দ মুজতবা আলীর 'দেশে বিদেশে' বইটিতে কোন শহরের কাহিনী প্রাধান্য পেয়েছে? *[কৃষি ব্যাংক অফিসার-১২]*

ক. দিল্লী খ. লাহোর
গ. তেহরান ঘ. কাবুল **উত্তর : ঘ**

ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলীর ভ্রমণকাহিনী- দেশে বিদেশে (১৯৪৯)। কাবুলে ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে লেখা গ্রন্থ 'দেশে বিদেশে'। কলকাতা থেকে পেশোয়ার হয়ে কাবুল যাওয়ার বর্ণনা দিয়ে শুরু হয় এবং কাবুল ত্যাগের করুণ কাহিনীর মধ্য দিয়ে শেষ হয় এই ভ্রমণ কাহিনী। এর প্রধান চরিত্র লেখকের ভৃত্য আব্দুর রহমান।

Scanned with CamScanner

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. আবুল মনসুর আহমদের রচনা কোনটি? *[চবি (খ ইউনিট) ১১-১২]*
ক. জনসেবা য়ূনিভার্সিটি খ. গলির ধারের ছেলেটি
ঘ. মহামায়া ঙ. স্ত্রীর পত্র
ব্যাখ্যা : আবুল মনসুর আহমদের ব্যঙ্গ-রসাত্মক রচনা- ফুড কনফারেন্স (১৯৪৪)। এর গল্প- ফো
মোর ফুড, মিছিল, জমিদারী উচ্ছেদ, জনসেবা য়ূনিভার্সিটি ইত্যাদি।
গ. ঘুষ
উত্তর : ঙ

২. 'ভাসানী যখন ইউরোপে' বইটির লেখক কে? *[ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)০৮-০৯]*
ক. শওকত ওসমান খ. আবু জাফর শামসুদ্দীন
গ. খোন্দকার মোহাম্মদ ইলিয়াস ঘ. বদরুদ্দীন উমর
ব্যাখ্যা : খোন্দকার মোহাম্মদ ইলিয়াছ রচিত গ্রন্থ 'ভাসানী যখন ইউরোপে' (১৯৫৭)। ১৯৫৪
সালে ২৫মে বিশ্ব শান্তি পরিষদের সভাপতি বৈজ্ঞানিক জুলি ও কুরির আমন্ত্রণে মাওলানা ভাসানীর
ইউরোপ ভ্রমণকে কেন্দ্র করেই গ্রন্থটি রচিত। এটি শুধু ভ্রমণকাহিনী নয় একটি রাজনৈতিক গ্রন্থ।
উত্তর : গ

৩. রম্য রচনার লেখক হিসেবে সুপরিচিত? *[ঢাবি (খ ইউনিট) ০৩-০৪]*
ক. প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ খ. গাজী শামসুর রহমান
গ. সৈয়দ মুজতবা আলী ঘ. মুহম্মদ আবদুল হাই
উত্তর : গ

জীবনী ও আত্মজীবনী

বিসিএস এবং বিজেএস সেহকারী জজ) প্রিলিমিনারি

১. মীর মশাররফ হোসেন রচিত গ্রন্থ হচ্ছে- *[৩৯তম বিসিএস]*
ক. আলালের ঘরের দুলাল খ. হুতোম প্যাঁচার নক্সা
গ. কলিকাতা কমলালয় ঘ. গাজী মিয়ার বস্তানী
ব্যাখ্যা : মীর মশার্‌রফ হোসেনের আত্মজীবনীমূলক রচনা 'গাজী মিয়াঁর বস্তানী' (১৮৯৯)। একে
সার্থক উপন্যাস বলা চলে না, সামাজিক নকশা জাতীয় রচনা। 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮)
উপন্যাসের রচয়িতা প্যারীচাঁদ মিত্র। 'হুতোম প্যাঁচার নক্সা' (১৮৬২) কালীপ্রসন্ন সিংহের একটি
সামাজিক নকশা। 'কলিকাতা কমলালয়' (১৮২৩) এর রচয়িতা ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়।
উত্তর : ঘ

২. কোনটি বিদ্যাসাগরের আত্মজীবনীমূলক লেখা? *[৩৮তম বিসিএস, ৩৫তম বিসিএস]*
ক. আত্মচরিত খ. আত্মকথা
গ. আত্মজিজ্ঞাসা ঘ. আমার কথা
ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আত্মজীবনীমূলক লেখা 'আত্মচরিত' (অসমাপ্ত)। আবুল মনসুর
আহমদ আত্মজীবনী- আত্মকথা (১৯৭৮)। প্রভাবতীদেবী সরস্বতীর উপন্যাস- 'আমার কথা'
(১৯২৪)।
উত্তর : ক

৩. কোনটি জসীমউদ্‌দীনের রচনা? *[৩৮তম বিসিএস]*
ক. গাজী মিয়াঁর বস্তানী খ. হাঁসুলী বাঁকের উপকথা
গ. ভাওয়াল গড়ের উপাখ্যান ঘ. ঠাকুর বাড়ির আঙিনা
উত্তর : ঘ

Scanned with CamScanner

ব্যাখ্যা : পল্লিকবি জসীম উদ্‌দীনের স্মৃতিকথা- ঠাকুর বাড়ির আঙিনায় (১৯৬১)। মীর মশাররফ হোসেনের আত্মজীবনীমূলক রচনা- গাজী মিয়াঁর বস্তানী (১৮৯৯)। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস- 'হাঁসুলী বাঁকের উপকথা' (১৯৪৭)। আবু জাফর শামসুদ্দীনের উপন্যাস- ভাওয়ালগড়ের উপাখ্যান (১৯৬৩)।

৪. **বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' প্রথম প্রকাশিত হয়-** *[১১তম বিজেএস (সহকারী জজ)]*

ক. ২০১০ সালে খ. ২০১১ সালে

গ. ২০১২ সালে ঘ. ২০১৩ সালে **উত্তর : গ**

ব্যাখ্যা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী'। বইটি প্রকাশিত হয় ২০১২ সালে। ১৯৬৭ সালের মাঝামাঝিতে ঢাকা কেন্দ্রীয় কারাগারে রাজবন্দী থাকাকালে তিনি এটি লেখা শুরু করেছিলেন। কিন্তু ১৯৬৮ সালের ১৭ জানুয়ারী আগরতলা ষড়যন্ত্র মামলায় আটক করে তাকে ঢাকা সেনানিবাসে নিয়ে গেলে লেখা বন্ধ হয়ে যায়। অসমাপ্ত এ লেখায় ১৯৩৮ থেকে ১৯৫৫ সালের রাজনৈতিক ঘটনা প্রবাহের বর্ণনা রয়েছে। বইটি ইংরেজি, উর্দু, আরবি, ফারসি, হিন্দিসহ বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে।

৫. **'উদাসীন পথিকের মনের কথা' কোন জাতীয় রচনা?** *[২৬তম বিসিএস]*

ক. নাটক খ. আত্মজৈবনিক উপন্যাস

গ. কাব্য ঘ. প্রবন্ধগ্রন্থ **উত্তর : খ**

ব্যাখ্যা : 'উদাসীন পথিকের মনের কথা' (১৮৯০) মীর মশাররফ হোসেন রচিত আত্মজৈবনিক উপন্যাস। একে নির্ভেজাল উপন্যাস বা নিছক আত্মজীবনী কোনটাই বলা যায় না। উপন্যাসের আদলে বাস্তব ঘটনার আলোকে মীর মশাররফ এটি রচনা করেছেন। এতে কুষ্টিয়া অঞ্চলের নীলচাষীদের সংগ্রামের কাহিনী বিবৃত হয়েছে।

৬. **কোনটি হযরত মুহম্মদ (সা.)-এর জীবনীগ্রন্থ?** *[২২তম বিসিএস]*

ক. মরুমায়া খ. মরুভাস্কর

গ. মরু তীর্থ ঘ. মরুর কুসুম **উত্তর : খ**

ব্যাখ্যা : 'মরুভাস্কর' (১৯৪১) হযরত মুহাম্মদ (সা.)-এর জীবনীগ্রন্থ, রচয়িতা মোহাম্মদ ওয়াজেদ আলী। হযরত মুহাম্মদ (সা.)-এর জীবনীভিত্তিক কাব্য 'মরুভাস্কর' (১৯৫১) এর রচয়িতা কাজী নজরুল ইসলাম। শাহাদাৎ হোসেন রচিত উপন্যাস- মরুর কুসুম। যতীন্দ্রনাথ সেনগুপ্ত রচিত কাব্য- মরুমায়া (১৯৩০)। 'মরুতীর্থ হিংলাজ' বাংলা ভাষায় রচিত একটি আত্মজীবনীমূলক উপন্যাস। রচয়িতা অবধূত তথা দুলালচন্দ্র মুখোপাধ্যায়।

৭. **'মোস্তফা চরিত' গ্রন্থের রচয়িতা-** *[১১তম বিসিএস]*

ক. মোঃ আবদুল হাই খ. মোহাম্মদ বরকতুল্লাহ

গ. ড. মোঃ শহীদুল্লাহ ঘ. মাওলানা আকরম খাঁ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : 'মোস্তফা চরিত' (১৯২৩, রাসুলুল্লাহর জীবনী) প্রবন্ধগ্রন্থের রচয়িতা মাওলানা আকরম খাঁ

৮. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তার কারাগার জীবনের লেখা দিনপঞ্জির নাম দিয়েছিলেন?** *[১২তম বিজেএস (সহকারী জজ)]*

ক. কারাগারের রোজনামচা খ. থালা-বাটি কম্বল, জেলখানার সম্বল

গ. অসমাপ্ত আত্মজীবনী ঘ. কারাগারের রাতদিন **উত্তর : খ**

ব্যাখ্যা : 'কারাগারের রোজনামচা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা আত্মজীবনী, ১৯৬৬ থেকে ১৯৬৮ সাল পর্যন্ত সময়ে বন্দিজীবনের দিনলিপি। ১৯৬৯ সালে বঙ্গবন্ধুকে কারাগার থেকে মুক্তি দেয়ার সময় পাকিস্তান সরকার কারাগারে লেখা তাঁর দুটো খাতা জব্দ করে। ২০১৪ সালে এসে খাতা দুটো উদ্ধার হয়। খাতা দুটোর মলাটের ওপর লেখা ছিল 'থালা-বাটি কম্বল, জেলখানার সম্বল'। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মবার্ষিকী উপলক্ষে 'কারাগারের রোজনামচা' বাংলা একাডেমি প্রকাশ করেছে। এর নামকরণ করেছেন বঙ্গবন্ধুর ছোট মেয়ে শেখ রেহানা।

Scanned with CamScanner

৯. 'জীবনস্মৃতি' কার আত্মজীবনী? *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ.বুদ্ধদেব বসু
গ. সৈয়দ মুজতবা আলী ঘ.রজনীকান্ত সেন
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী- জীবনস্মৃতি (১৯১২), ছেলেবেলা (১৯৪০), আত্মপরিচয়। **উত্তর : ক**

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'বিশ্বনবী' গ্রন্থের রচয়িতা কে? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর-১১]*
ক. ফররুখ আহমদ খ. আকরম খাঁ
গ. মীর মশাররফ হোসেন ঘ. গোলাম মোস্তফা
ব্যাখ্যা : কবি গোলাম মোস্তফা রচিত গদ্যগ্রন্থ- বিশ্বনবী (রাসুলুল্লাহর জীবনী, ১৯৪২), ইসলাম ও কমিউনিজম (১৯৪৬), ইসলাম ও জিহাদ (১৯৪৭), মরু দুলাল (জীবনী, ১৯৪৮), আমার চিন্তাধারা (১৯৫২)। **উত্তর : খ**

২. 'রেখাচিত্র' কোন জাতীয় রচনা? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]*
ক. জীবনী খ. আত্মজীবনী
গ. রম্যরচনা ঘ. ভ্রমণকাহিনী
ব্যাখ্যা : 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের অন্যতম কর্ণধার আবুল ফজল । 'শিখা' পত্রিকা পঞ্চম সংখ্যার (১৯৩১) সম্পাদক। তার রচিত আত্মজীবনীমূলক গ্রন্থগুলো হচ্ছে- রেখাচিত্র (১৯৬৬), লেখকের রোজনামচা (১৯৬৯), দুর্দিনের দিনলিপি (১৯৭২)। উল্লেখ্য, 'রেখাচিত্র' নামে বুদ্ধদেব বসুর একটি গল্পগ্রন্থ রয়েছে। **উত্তর : খ**

৩. শামসুর রাহমানের আত্মজীবনী কোনটি? *[সমাজসেবা অফিসার-১০]*
ক.বিধ্বস্ত নীলিমা খ. কালের ধূলোয় লেখা
গ.নিজ বাসভূমে ঘ.বন্দী শিবির থেকে
ব্যাখ্যা : শামসুর রাহমানের আত্মজীবনী- স্মৃতির শহর (১৯৭৯), কালের ধুলোয় লেখা (২০০৪)। **উত্তর : খ**

৪. 'রূপজালাল' নামে আত্মজীবনী কে লিখেছিলেন? *[পরিবেশ অধিদপ্তরের সহ.পরিচালক-০৭]*
ক. নূরুন্নেসা খ. নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী
গ. বেগম রোকেয়া ঘ. আবুল ফজল
ব্যাখ্যা : 'রূপজালাল' (১৮৭৬) আত্মজীবনীর রচয়িতা নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী। নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী ১৮৫৫ সালে কুমিল্লার লাকসাম উপজেলার পশ্চিম গাঁয়ের এক জমিদার পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি কবি ও সমাজসেবী। তার বিভিন্ন অবদানের স্বীকৃতিস্বরূপ ব্রিটিশ রানী ভিক্টোরিয়া ১৮৮৯ সালে তাঁকে 'নওয়াব' উপাধিতে ভূষিত করেন। **উত্তর : খ**

৫. মীর মশাররফ হোসেনের আত্মজীবনীমূলক রচনা-*[সহকারী থানা শিক্ষা অফিসার-০৫]*
ক. বিষাদ সিন্ধু খ. জমিদার দর্পণ
গ. রত্নবতী ঘ. গাজী মিয়ার বস্তানী
ব্যাখ্যা : মীর মশাররফ হোসেনের আত্মজীবনীমূলক রচনা- গাজী মিয়ার বস্তানী (১৮৯৯)। উপন্যাস- রত্নবতী (১৮৬৯), বিষাদ সিন্ধু (১৮৮৫-৯১), নাটক- জমিদার দর্পণ (১৮৭৩)। **উত্তর : ঘ**

৬. 'উদাসীন পথিকের মনের কথা' কার রচনা? *[তথ্য মন্ত্রণালয়ের টিভি প্রকৌশলী-০৪]*
ক. মীর মশাররফ হোসেন খ. শাহাদাৎ হোসেন
গ. ফররুখ আহমদ ঘ. প্রমথ চৌধুরী
ব্যাখ্যা : 'উদাসীন পথিকের মনের কথা' (১৮৯০) মীর মশাররফ হোসেনের আত্মজীবনীমূলক রচনা। 'উদাসীন পথিক' ছদ্মনামে লিখেছেন। এতে নীলকর কেনির অত্যাচার ও কৃষক ভূস্বামীদের প্রতিরোধের মুখে মি. কেনির শোচনীয় পরাজয় এ গ্রন্থের প্রধান বিষয়। **উত্তর : ক**

Scanned with CamScanner

৭. 'বাবু বৃত্তান্ত' কোন কবির লেখা গদ্যগ্রন্থ?
ক. আহসান হাবীব খ. শামসুর রাহমান
গ. সমর সেন ঘ. জীবনানন্দ দাশ
উত্তর : গ

ব্যাখ্যা : নাগরিক কবি সমর সেনের আত্মজীবনী- 'বাবু বৃত্তান্ত' (১৯৭৮)। শামসুর রাহমানের আত্মজীবনী- 'কালের ধুলোয় লেখা'।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. 'কাল নিরবধি' গ্রন্থটি যার আত্মজীবনী- *[পল্লী সঞ্চয় ব্যাংক (ক্যাশ)-১৮]*
ক. মুস্তাফা নূরউল ইসলাম খ. আনিসুজ্জামান
গ. মাহমুদুল হক ঘ. আব্দুল্লাহ আবু সায়ীদ
উত্তর : খ

ব্যাখ্যা : ড. আনিসুজ্জামানের আত্মজীবনী 'কাল নিরবধি' (২০০৩)। এটি শুরু হয়েছে লেখকের পূর্বপুরুষের বর্ণনা দিয়ে। শেষ হয়েছে মুক্তিযুদ্ধের সূচনা দিয়ে।

২. 'আগুনমুখার মেয়ে' গ্রন্থটি কে রচনা করেছেন? *[প্রবাসী কল্যাণ ব্যাংক সি. অফিসার-১৪]*
ক. তসলিমা নাসরিন খ. নাসরীন জাহান
গ. নূরজাহান বোস ঘ.সেলিনা হোসেন
উত্তর : গ

ব্যাখ্যা : নূরজাহান বোস ১৯৩৮ সালের ১৪ মার্চ পটুয়াখালীর কাটাখালী গ্রামে জন্মগ্রহণ করেন। তার রচিত আত্মজীবনী 'আগুনমুখার মেয়ে'। এতে দক্ষিণবঙ্গের জীবনচিত্র উঠে এসেছে।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'দুর্দিনের দিনলিপি' গ্রন্থের লেখক কে? *[চবি (ই ইউনিট) ১৩-১৪]*
ক. শহীদুল্লা কায়সার খ. শওকত আলী গ. শওকত ওসমান
ঘ. আবুল ফজল ঙ. শামসুর রাহমান
উত্তর : ঘ

ব্যাখ্যা : আবুল ফজলের আত্মজীবনীমূলক গ্রন্থ- রেখাচিত্র (১৯৬৬), লেখকের রোজনামচা (১৯৬৯), দুর্দিনের দিনলিপি (১৯৭২)।

কবি-সাহিত্যিকদের জীবন ও সাহিত্যকর্ম

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. স্বাধীনতা পদক প্রাপ্ত ব্যক্তিত্ব হলেন- *[৩৯তম বিসিএস]*
ক. সৈয়দ আলী আহসান খ. সৈয়দ শামসুল হক
গ. শামসুর রাহমান ঘ. সতীন সরকার
উত্তর : ব্যাখ্যা দ্র.

ব্যাখ্যা : বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ বেসামরিক সম্মাননা পদক 'স্বাধীনতা পদক'। ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীর শহীদদের স্মরণে ১৯৭৭ সাল থেকে প্রতি বছর বাংলাদেশের স্বাধীনতা দিবস ২৬শে মার্চ এই পদক প্রদান করা হয়। জাতীয় জীবনে সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন ক্ষেত্রে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ এ পদক প্রদান করা হয়ে থাকে। সৈয়দ আলী আহসান ১৯৮৭ সালে সাহিত্যে অবদানের জন্য, শামসুর রাহমান ১৯৯১ সালে সাহিত্যে অবদানের জন্য, সৈয়দ শামসুল হক ২০০০ সালে সাহিত্যে অবদানের জন্য, সতীন সরকার ২০১০ সালে শিক্ষায় অবদানের জন্য স্বাধীনতা পদক লাভ করেন।

Scanned with CamScanner

২. কোনটি শওকত ওসমানের রচনা নয়? *[৩৬তম বিসিএস]*
ক. চৌরসন্ধি খ. ক্রীতদাসের হাসি
গ. ভেজাল ঘ. বনি আদম
উত্তর : গ
ব্যাখ্যা : শওকত ওসমানের উপন্যাস- বনি আদম (১৯৪৩), ক্রীতদাসের হাসি (১৯৬২), চৌরসন্ধি (১৯৬৮), আর্তনাদ (১৯৮৫)। 'ভেজাল' (১৯৪৪) মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্পগ্রন্থ।

৩. নিচের কোন সাহিত্যিক আততায়ীর হাতে ঢাকায় মৃত্যুবরণ করেন? *[৩৫তম বিসিএস]*
ক. আবুল হাসান খ. সোমেন চন্দ
গ. হুমায়ুন কবির ঘ. কল্যাণ মিত্র
উত্তর : খ
ব্যাখ্যা : সোমেন চন্দ সাহিত্যিক ও রাজনীতিবিদ ছিলেন। ১৯৪২ সালের ৮মার্চ ফ্যাসিবাদ বিরোধী মিছিলে নেতৃত্ব দেওয়ার সময় ফ্যাসিবাদ সমর্থকদের হাতে (লক্ষ্মীবাজার হৃষিকেশ দাস লেন মোড়ে) নিহত হন। তাঁর স্মরণে প্রগতি লেখক সংঘ 'প্রতিরোধ' নামে একটি স্মরণিকা বের করে।

৪. 'অসমাপ্ত আত্মজীবনী' কার রচিত গ্রন্থ? *[৩৫তম বিসিএস]*
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ. এ.কে. ফজলুল হক
গ. মওলানা আবদুল হামিদ খান ভাসানী ঘ. শেখ হাসিনা
উত্তর : ক
ব্যাখ্য : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী'। ১৯৬৭ সালের মাঝামাঝিতে ঢাকা কেন্দ্রীয় কারাগারে রাজবন্দী থাকাকালে তিনি এটি লেখা শুরু করেছিলেন।

৫. কোনটি রবীন্দ্র রচনার অন্তর্গত নয়? *[৩৫তম বিসিএস]*
ক. কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও?
খ. অগ্নিগ্রাসী বিশ্বত্রাসি জাগুক আবার আত্মদান
গ. প্রাণের মানুষ আছে প্রাণে তাই হেরি তায় সকল খানে
ঘ. কি আঁচল বিছায়েছ বটের মূলে নদীর কুলে
উত্তর : খ

৬. রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ব পুরুষের আদি বসতি কোথায় ছিল? *[৩৫তম বিসিএস]*
ক. খুলনার দক্ষিণ ডিহি খ. ছোটনাগপুর মালভূমি
গ. যশোরের কেশবপুর ঘ. কুষ্টিয়ার শিলাইদহ
উত্তর : ক
ব্যাখ্যা : রবীন্দ্রনাথের পূর্বপুরুষ ছিলেন পীরালি ব্রাহ্মণ। তাদের আদি বসতি খুলনার ফুলতলা উপজেলার দক্ষিণডিহি গ্রাম। জগন্নাথ কুশারীর ছেলে পঞ্চানন কুশারী ১৮ শতকের শুরুতে খুলনার দক্ষিণডিহি থেকে কলকাতার গোবিন্দপুরে এসে জেলে পাড়ার পুরোহিত হিসেবে কাজ করলে অনেকে ঠাকুর বলে ডাকতে শুরু করেন।

৭. বাংলা সাহিত্যের জনক হিসেবে কার নাম চিরস্মরণীয়? *[৩৪তম বিসিএস]*
ক. মাইকেল মধুসূদন দত্ত খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
উত্তর :
ব্যাখ্যা : বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলা উপন্যাসের জনক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। বাংলা সনেটের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত।

৮. মাইকেল মধুসূদন দত্তের রচনা নয় কোনটি? *[৩৪তম বিসিএস]*
ক. তিলোত্তমা কাব্য খ. মেঘনাদবধ কাব্য
গ. বেতাল পঞ্চবিংশতি ঘ. বীরাঙ্গনা
উত্তর : গ
ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের রচনা- তিলোত্তমাসম্ভব কাব্য (১৮৬০), বীরাঙ্গনা কাব্য (১৮৬২), চতুর্দশপদী কবিতাবলী। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের গ্রন্থ- বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭)।

Scanned with CamScanner

৯. ১৯৮৫ সালের নাসিরউদ্দীন স্বর্ণ পদক কে পান? *[৩৪তম বিসিএস]*
ক. সৈয়দ আলী আহসান খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. সৈয়দ শামসুল হক ঘ. সিকান্দর আবু জাফর
উত্তর : ক

১০. গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ সম্পাদনা করেছেন- *[৩৩তম বিসিএস]*
ক. এজরা খ. টি. এস.এলিয়ট
গ. ডব্লিউ. বি. ইয়েটস ঘ. কীটস
উত্তর : গ

ব্যাখ্যা : গীতাঞ্জলি (১৯১০) কাব্যটি রবীন্দ্রনাথ নিজেই Song Offerings নামে ইংরেজিতে অনুবাদ করেন। W.B. Yeats এর ভূমিকা লিখেন। যা ১৯১২ সালে ইংল্যান্ড থেকে প্রকাশিত হয়।

১১. 'তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?' এ প্রবাদটির রচয়িতা কে? *[৩২তম বিসিএস]*
ক. মীর মশাররফ হোসেন খ. রোকেয়া সাখাওয়াত হোসেন
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর : গ

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক উপন্যাস 'কপালকুণ্ডলা' (১৮৬৬)। এ উপন্যাসের উল্লেখযোগ্য উক্তি- 'পথিক তুমি পথ হারাইয়াছ'। 'তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?'

১২. তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি? *[৩১তম বিসিএস]*
ক. জসীম উদ্‌দীন খ. ফররুখ আহমদ
গ. আবুল হাসান ঘ. শহীদ কাদরী
উত্তর : ক

ব্যাখ্যা : জসীম উদ্‌দীন ফরিদপুরের তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস ফরিদপুরের গোবিন্দপুর (বর্তমান আম্বিকাপুর) গ্রাম। ফররুখ আহমদের জন্মস্থান মাগুরা জেলার মাঝআইল গ্রামে। আবুল হাসানের গোপালগঞ্জের টুঙ্গিপাড়ার বর্ণি গ্রামে। শহীদ কাদরীর ঢাকায়।

১৩. 'ছিন্নপত্রে'র অধিকাংশ পত্র কাকে উদ্দেশ্য করে লেখা? *[৩১তম বিসিএস]*
ক. ইন্দিরা দেবী খ. কাদম্বরী দেবী
গ. মৃণালিনী দেবী ঘ. মৈত্রেয়ী দেবী
উত্তর : ক

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের পত্র সংকলন- 'ছিন্নপত্র' (১৯১২)। এতে মোট ১৫৩ টি পত্র আছে। এর প্রথম ৮টি পত্র শ্রীশচন্দ্র মজুমদার এবং বাকী ১৪৫টি পত্র ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে লেখা।

১৪. অধ্যাপক আহমদ শরীফের মৃত্যুসন কোনটি? *[৩১তম বিসিএস]*
ক. ১৯৯৭ খ. ১৯৯৮
গ. ১৯৯৯ ঘ. ২০০০
উত্তর : গ

ব্যাখ্যা : অধ্যাপক আহমদ শরীফ ১৯২১ সালের ১৩ ফেব্রুয়ারি চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার সুচক্রদণ্ডী গ্রামে জন্মগ্রহণ করেন। ২৪ ফেব্রুয়ারি ১৯৯৯ মারা যান।

১৫. 'ঠাকুরমার ঝুলি' কী জাতীয় রচনার সংকলন? *[৩০তম বিসিএস]*
ক. রূপকথা খ. ছোটগল্প
গ. গ্রাম্যগীতিকা ঘ. রূপকথা-উপকথা
উত্তর : ক

ব্যাখ্যা : শিশুতোষ কল্পকাহিনী হল রূপকথা। ইংরেজিতে বলা হয় Fairy Tales। 'ঠাকুরমার ঝুলি' (১৯০৭) [illegible] প্রচলিত রূপকথার সংকলন। এ গ্রন্থের

Scanned with CamScanner

১৬. **'কাঁঠালপাড়া'য় জন্মগ্রহণ করেন কোন লেখক?** *[৩০তম বিসিএস]*

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. সুভাষ মুখোপাধ্যায়

উত্তর : খ

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৩৮ সালের ২৬ জুন (১৩ আষাঢ়, ১২৪৫) পশ্চিমবঙ্গের চব্বিশ পরগণা জেলার কাঁঠালপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। আদিনিবাস- হুগলী জেলার দেশমুখো গ্রাম।

১৭. **মীর মশাররফ হোসেনের জীবনকাল কোনটি?** *[৩০তম বিসিএস]*

ক. ১৮৬৮-১৯৪৪ খ. ১৮২০-১৮৯১

গ. ১৮৪৭-১৯১১ ঘ. ১৮২৪-১৮৭৪

উত্তর : গ

ব্যাখ্যা : মীর মশাররফ হোসেন ১৮৪৭ সালের ১৩ নভেম্বর কুষ্টিয়ার কুমারখালী উপজেলার লাহিনীপাড়ায় জন্মগ্রহণ করেন। ১৯১১ সালে রাজবাড়ী জেলার বালিয়াকান্দির পদমদীতে মৃত্যু হয়।

১৮. **'পাহাড়তলী' গ্রামে জন্মগ্রহণ করেন-** *[৩০তম বিসিএস]*

ক. মুকুন্দরাম চক্রবর্তী খ.সৈয়দ শামসুল হক

গ. শামসুর রাহমান ঘ.সেলিম আল দীন

উত্তর : গ

ব্যাখ্যা : শামসুর রাহমানের পৈতৃক নিবাস- নরসিংদী জেলার রায়পুরা থানার পাড়াতলী গ্রামে। তিনি তার 'প্রিয় স্বাধীনতা' কবিতায় সেটা উল্লেখ করেছেন-

"মেঘনা নদী দেব পাড়ি কল-অলা এক নায়ে
আবার আমি যাব আমার পাড়াতলী গায়ে।"

১৯. **সনেট কবিতার প্রবর্তক কে?** *[২৯তম বিসিএস]*

ক. মাইকেল মধুসূদন দত্ত খ. দ্বিজেন্দ্রলাল রায়

গ. রজনীকান্ত সেন ঘ. অতুলপ্রসাদ সেন

উত্তর : ক

ব্যাখ্যা : বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত। তার রচিত 'চতুর্দশপদী কবিতাবলী' (১৮৬৬) বাংলা ভাষায় প্রথম সনেট কাব্য। সনেটের আদি কবি ইতালির পেত্রার্ক।

২০. **মুসলিম নারী জাগরণের কবি-** *[২৯তম বিসিএস]*

ক. বেগম রোকেয়া খ. ফজিলতুন্নেছা

গ. শামসুন্নাহার মাহমুদ ঘ. ফয়জুন্নেসা

উত্তর : গ

ব্যাখ্যা : মুসলিম নারী জাগরণের কবি শামসুন্নাহার মাহমুদ। তাঁর প্রথম কবিতা ড. মুহম্মদ শহীদুল্লাহ সম্পাদিত 'আঙ্কুর' পত্রিকায় প্রকাশিত হয়। মুসলিম নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া। তিনি মূলত প্রাবন্ধিক হিসেবে খ্যাত। ফজিলতুন্নেসা একজন শিক্ষাবিদ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলিম ছাত্রী। নারীশিক্ষা ও নারীমুক্তি বিষয়ক গল্প ও প্রবন্ধ লিখতেন।

২১. **শওকত ওসমান কোন উপন্যাসের জন্য 'আদমজী পুরস্কার' লাভ করেন?** *[২৮তম বিসিএস]*

ক. বনী আদম খ. জননী

গ. চৌরসন্ধি ঘ. ক্রীতদাসের হাসি

উত্তর : ঘ

ব্যাখ্যা : শওকত ওসমানের রূপকধর্মী উপন্যাস 'ক্রীতদাসের হাসি' (১৯৬২)। এর উদ্দেশ্য ছিল শাসকদের বিভ্রান্ত করা। তিনি সফলও হয়েছিলেন। তখনকার শাসক এ উপন্যাসের রূপকী ব্যঞ্জনা বুঝতে না পেরে এই উপন্যাসের জন্যই তাকে 'আদমজী সাহিত্য পুরস্কার' (১৯৬৬) প্রদান করেছিল।

২২. **বাংলা সাহিত্যের প্রথম মুসলিম ঔপন্যাসিকের নাম কি?** *[২৮তম বিসিএস]*

ক. মোতাহের হোসেন খ. ইসমাইল হোসেন সিরাজী

গ. মীর মশাররফ হোসেন ঘ. ফররুখ আহমদ

উত্তর : গ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম মুসলিম ঔপন্যাসিক মীর মশাররফ হোসেন। তাঁর রচিত প্রথম উপন্যাস 'রত্নবতী' (১৮৬৯)।

Scanned with CamScanner

২৩. 'জীবনে জ্যাঠামি ও সাহিত্যে ন্যাকামি' সহ্য করতে পারতেন না-[২৭তম বিসিএস]
ক. বঙ্কিমচন্দ্র খ. সৈয়দ মুজতবা আলী
গ. প্রমথ চৌধুরী ঘ. প্রমথনাথ বিশী
উত্তর : গ
ব্যাখ্যা : প্রমথ চৌধুরী বাংলা সাহিত্যে চলিত রীতির পক্ষে ছিলেন। সাধুরীতির ব্যবহারকে তিনি ন্যাকামি হিসেবে বিবেচনা করতেন।

২৪. কত সালে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় 'জগত্তারিণী' পদক লাভ করেন। [২৭তম বিসিএস]
ক. ১৯১৬ সালে খ. ১৯২৩ সালে
গ. ১৯৩৩ সালে ঘ. ১৯০৩ সালে
উত্তর : খ
ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে জগত্তারিণী স্বর্ণপদক লাভ করেন ১৯২৩ সালে। স্বাক্ষরবিহীন প্রেরিত 'মন্দির' গল্পের জন্য কুন্তলীন পুরস্কার লাভ (১৯০৩) করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডি.লিট (১৯৩৬) ডিগ্রি লাভ করেন।

২৫. 'তাজকেরাতুল আউলিয়া' অবলম্বনে 'তাপসমালা' কে রচনা করেন? [২৬তম বিসিএস]
ক. মুন্সী আব্দুল লতিফ খ. কাজী আকরাম হোসেন
গ. গিরিশচন্দ্র সেন ঘ. শেখ আব্দুল জব্বার
উত্তর : গ
ব্যাখ্যা : গিরিশচন্দ্র সেন 'তাজকেরাতুল আউলিয়া' অনুবাদ করেন 'তাপসমালা' নামে। এতে ৯৬ জন ওলী-আউলিয়ার জীবনচরিত রয়েছে। মিশকাত শরীফের অধিকাংশ অনুবাদ করেন 'হাদিস পূর্ব বিভাগ' নামে।

২৬. কোন গ্রন্থটি এয়াকুব আলী চৌধুরী রচিত? [২৪তম বিসিএস (বাতিল)]
ক. মোস্তফা রচিত খ. নয়া জাতির সৃষ্টা হযরত মোহাম্মদ (সা.)
গ. বিশ্বনবী ঘ. মানব মুকুট
উত্তর : ঘ
ব্যাখ্যা : এয়াকুব আলী চৌধুরী রচিত গ্রন্থ- ধর্মের কাহিনী (১৯১৪), শান্তিধারা (১৯১৯), মানব মুকুট (১৯২২)। মোহাম্মদ আকরম খাঁ রচিত গ্রন্থ- 'মোস্তফা চরিত'। মোহাম্মদ বরকতুল্লাহ রচিত প্রবন্ধ- 'নয়া জাতির সৃষ্টা হযরত মোহাম্মদ (সা.)'। গোলাম মোস্তফা রচিত গ্রন্থ- 'বিশ্বনবী'।

২৭. কোন সাহিত্যাদর্শের মর্মে নৈরাশ্যবাদ আছে? [২৪তম বিসিএস (বাতিল)]
ক. রোমান্টিসিজম খ. আধুনিকতাবাদ
গ. উত্তরাধুনিকতাবাদ ঘ. বাস্তববাদ
উত্তর : গ
ব্যাখ্যা : আধুনিকতাবাদ বিরোধী একটি দার্শনিক আন্দোলনের নাম উত্তর আধুনিকতাবাদ (Post-modernism)। এটি একটি বুদ্ধিবৃত্তিক মতাদর্শ। বস্তুত এর কোন নির্দিষ্ট সংজ্ঞা নেই। সাহিত্যের ক্ষেত্রে এ মতবাদ ব্যবহৃত হয় ১৯৭২ সালের দিকে। মূলত সাহিত্যিকদের নৈরাশ্যবোধ থেকে এ মতবাদের উৎপত্তি।

২৮. 'ভাষা মানুষের মুখে থেকে কলমের মুখে আসে, উল্টোটা করতে গেলে মুখে শুধু কালিই পড়ে'- উক্তিটি করেছেন- [২৪তম বিসিএস]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. প্রমথ চৌধুরী
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. বলাইচাঁদ মুখোপাধ্যায়
উত্তর : খ
ব্যাখ্যা : প্রমথ চৌধুরীর 'প্রবন্ধ সংগ্রহ' গদ্যগ্রন্থের 'কথার কথা' প্রবন্ধে লিখেছেন- 'ভাষা মানুষের মুখ হতে কলমের মুখে আসে, কলমের মুখ হতে মানুষের মুখে নয়। উল্টোটা চেষ্টা করতে গেলে মুখে শুধু কালি পড়ে'।

Scanned with CamScanner

২৯. কখনো উপন্যাস লেখেননি? [২৩তম বিসিএস]
ক. কাজী নজরুল ইসলাম খ. জীবনানন্দ দাশ
গ. সুধীন্দ্রনাথ দত্ত ঘ. বুদ্ধদেব বসু
ব্যাখ্যা : সুধীন্দ্রনাথ দত্ত ১৯০১ সালের ৩০ অক্টোবর কলকাতার হাতীবাগানে জন্মগ্রহণ করেন। তিনি কবি ও প্রাবন্ধিক। তিনি কখনো উপন্যাস লেখেননি। উত্তর :

৩০. কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত লেখা কোনটি? [২২তম বিসিএস]
ক. বাউণ্ডলের আত্মকাহিনী খ. মুক্তি
গ. হেবা ঘ. বিদ্রোহী
ব্যাখ্যা : কাজী নজরুলের প্রথম প্রকাশিত লেখা 'বাউণ্ডলের আত্মকাহিনী'। ১৯১৯ সালে সওগাত পত্রিকার মে-জুন সংখ্যায় প্রকাশিত হয়। উত্তর :

৩১. পদাবলি লিখেছেন-[২২তম বিসিএস]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. ঈশ্বরচন্দ্র গুপ্ত ঘ. কায়কোবাদ
ব্যাখ্যা : পদাবলি লিখেছেন রবীন্দ্রনাথ ঠাকুর। তাঁর গ্রন্থের নাম- ভানুসিংহ ঠাকুরের পদাবলী। মাইকেল মধুসূদন দত্ত, ঈশ্বরচন্দ্র গুপ্ত, কায়কোবাদ এদের কেউ পদাবলি রচনা করেন নি। উত্তর :

৩২. 'প্রভাবতী সম্ভাষণ' কার রচনা? [২১তম বিসিএস]
ক. দেবেন্দ্রনাথ ঠাকুর খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. রামমোহন রায় ঘ. কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়
ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত 'প্রভাবতী সম্ভাষণ' (১৮৯২) বাংলা সাহিত্যের প্রথম মৌলিকগ্রন্থ ও শোকগাঁথা। বন্ধুর বালিকা কন্যা প্রভাবতীর মৃত্যুতে শোকাহত হয়ে রচনা করেন। উত্তর :

৩৩. কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গ্রন্থ কোনটি? [২০তম বিসিএস]
ক. রাজবন্দীর জবানবন্দী খ. ব্যথার দান
গ. অগ্নিবীণা ঘ. নবযুগ

গ্রন্থ	ধরন	প্রকাশকাল
ব্যথার দান	গল্পগ্রন্থ	ফেব্রুয়ারি, ১৯২২
অগ্নিবীণা	কাব্যগ্রন্থ	সেপ্টেম্বর, ১৯২২
রাজবন্দীর জবানবন্দী	প্রবন্ধ	৭ জানুয়ারি, ১৯২৩
নবযুগ	সম্পাদিত পত্রিকা	১৯৪১

উত্তর :

৩৪. কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ কোনটি? [২০তম বিসিএস]
ক. অগ্নিকোণ খ. মরুশিখা
গ. মরুসূর্য ঘ. রাঙা জবা
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম রচিত সঙ্গীত বিষয়ক গ্রন্থ- রাঙা জবা। যতীন্দ্রনাথ সেনগুপ্ত রচিত কাব্য- মরুশিখা। আ.ন.ম. বজলুর রশীদ রচিত কাব্য- মরুসূর্য। উত্তর :

৩৫. সমগ্র পবিত্র কুরআনের প্রথম বাংলা অনুবাদ কে করেন? [১৬তম, ১০তম বিসিএস]
ক. গোলাম মোস্তফা খ. ফররুখ আহমদ
গ. ভাই গিরিশচন্দ্র সেন ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ব্যাখ্যা : গিরিশচন্দ্র সেন পবিত্র কুরআন শরীফ প্রথম বাংলায় অনুবাদ করেন। ১৮৮১-১৮৮৬ পর্যন্ত প্রায় দীর্ঘ ছয় বছর সাধনা ও পরিশ্রম করে পবিত্র কুরআনের অনুবাদ কাজ সমাপ্ত করেন এবং এ অনুবাদ সবার কাছে গ্রহণযোগ্য হয়। উত্তর :

Scanned with CamScanner

৩৬. **জীবনানন্দ দাশের জন্মস্থান কোন জেলায়?** *[১৬তম বিসিএস]*

ক. বরিশাল খ. ফরিদপুর
গ. ঢাকা ঘ. রাজশাহী **উত্তর : ক**

ব্যাখ্যা : জীবনানন্দ দাশ বরিশালের এক ব্রাহ্ম পরিবারে জন্মগ্রহণ করে। আদি নিবাস গাওপাড়া গ্রাম, বিক্রমপুর।

৩৭. **'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'- উক্তিটি কার?** *[১৫তম বিসিএস]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. লুৎফর রহমান ঘ. প্রমথ চৌধুরী **উত্তর : ঘ**

ব্যাখ্যা : 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত' প্রমথ চৌধুরীর বিখ্যাত উক্তি।

৩৮. **'প্রভাত চিন্তা' 'নিভৃত চিন্তা' 'নিশীথ চিন্তা' প্রভৃতি গ্রন্থের রচয়িতা কে?** *[১৫তম বিসিএস]*

ক. কালীপ্রসন্ন সিংহ খ. কালীপ্রসন্ন ঘোষ
গ. কৃষ্ণচন্দ্র মজুমদার ঘ. ওয়াজেদ আলী **উত্তর : খ**

ব্যাখ্যা : কালীপ্রসন্ন ঘোষ রচিত প্রবন্ধ- প্রভাত চিন্তা (১৮৭৭), নিভৃত চিন্তা (১৮৮৩), নিশীথ চিন্তা (১৮৯৬)। তিনি 'বান্ধব' (১৮৭৪) নামে একটি পত্রিকা সম্পাদনা করতেন।

৩৯. **কবি জসীম উদ্‌দীনের জীবনকাল কোনটি?** *[১৪তম বিসিএস]*

ক. ১৯০৩-১৯৭৬ খ. ১৮৮৯-১৯৬৬
গ. ১৮৯৯-১৯৭৯ ঘ. ১৯১০-১৯৮৭ **উত্তর : ক**

ব্যাখ্যা : পল্লীকবি জসীম উদ্‌দীন ১৯০৩ সালের ১ জানুয়ারি ফরিদপুরের তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭৬ সালের ১৩ মার্চ মৃত্যুবরণ করেন। তাঁর অন্তিম ইচ্ছানুসারে ১৪ মার্চ ফরিদপুরের আম্বিকাপুরে দাদীর কবরের পাশে তাকে দাফন করা হয়।

৪০. **কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম শতবার্ষিকী পালন করা হয়?** *[১৩তম বিসিএস]*

ক. ১৯৫১ খ. ১৯৬১
গ. ১৯৭১ ঘ. ১৯৮১ **উত্তর : খ**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ সালের ৭মে কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর বাড়িতে জন্মগ্রহণ করেন। ১৯৬১ সালে জন্ম শতবার্ষিকী পালিত হয়।

৪১. **'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে' এ উক্তিটির প্রকৃত তাৎপর্য হচ্ছে-** *[১৩তম বিসিএস]*

ক. আদিবাসী মানুষ অরণ্য জনপদে বাস করে খ. বনের পশু বনে থাকতেই ভালবাসে
গ. জীব মাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর ঘ. প্রকৃতির রূপ-সৌন্দর্য আদি ও অকৃত্রিম

ব্যাখ্যা : সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় রচিত ভ্রমণকাহিনী পালামৌ (১৮৮০-১৮৮২)। এ গ্রন্থের বিখ্যাত উক্তি- 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'। উত্তর : গ

৪২. **মাইকেল মধুসূদন দত্তের দেশপ্রেমের প্রবল প্রকাশ ঘটেছে-** *[১৩তম বিসিএস]*

ক. মহাকাব্যে খ. নাটকে
গ. সনেটে ঘ. পত্রকাব্যে **উত্তর : গ**

ব্যাখ্যা : মধুসূদন দত্তের প্রবল দেশপ্রেমের প্রকাশ ঘটেছে সনেটে। তার সনেটকাব্য 'চতুর্দশপদী কবিতাবলী' (১৮৬৬)-এর সনেটগুলো বিদেশে বসে লেখা। তিনি ইউরোপে বসবাস করেও বাংলার নদী নালা, খাল বিল প্রকৃতি ভুলতে পারেন নি সনেটে তা প্রকাশ পেয়েছে।

Scanned with CamScanner

৪৩. ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন প্রধানত- [১২তম বিসিএস]
ক. ভাষাতত্ত্ববিদ খ. সাহিত্যের ইতিহাস রচয়িতা
গ. ইসলাম প্রচারক ঘ.সমাজ সংস্কারক
উত্তর : ক
ব্যাখ্যা : ড. মুহম্মদ শহীদুল্লাহ ১৮৮৫ সালের ১০ জুলাই চব্বিশ পরগণা জেলার পেয়ারা গ্রামে জন্মগ্রহণ করেন। আকীকা হয়েছিল 'মুহম্মদ ইব্রাহিম' নামে। তিনি ভাষাবিদ, ভাষাবিজ্ঞানী, গবেষক ও শিক্ষাবিদ।

৪৪. বেগম রোকেয়ার রচনা কোনটি? [১১তম বিসিএস]
ক. বঙ্গভাষা ও সাহিত্য খ. আয়না
গ. লালসালু ঘ.অবরোধবাসিনী
উত্তর : ঘ
ব্যাখ্যা : 'অবরোধবাসিনী' বেগম রোকেয়া রচিত গ্রন্থ। দীনেশচন্দ্র সেন রচিত গ্রন্থ- 'বঙ্গভাষা ও সাহিত্য' (১৮৯৬)। আবুল মনসুর আহমদের রম্যরচনা- 'আয়না'। সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত উপন্যাস-'লালসালু'।

৪৫. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা কে? [১১তম বিসিএস]
ক. মুহম্মদ আব্দুল হাই খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ. আবুল মনসুর আহমদ ঘ. আতাউর রহমান
উত্তর : গ
ব্যাখ্যা : আবুল মনসুর আহমদের রাজনীতি বিষয়ক গ্রন্থ- আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর (১৯৬৯), শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু (১৯৭২)।

৪৬. কাজী নজরুল ইসলাম প্রথম কবে ঢাকায় আসেন? [৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]
ক. ১৯৭৬ খ. ১৯৭৪
গ. ১৯২৬ ঘ. ১৯৬২
উত্তর : গ
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম মোট ১৩ বার ঢাকায় আসেন। প্রথমবার আসেন ১৯২৬ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসেন মোট ৫ বার।

৪৭. কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের জাতীয় কবি ঘোষণা করা হয় কোন সনে? -[৫ম বিজেএস (সহকারী জজ)-১০]
ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে
গ. ১৯৭৪ সালে ঘ. ১৯৮০ সালে
উত্তর : ক
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামকে সর্বপ্রথম বাংলার জাতীয় কবি হিসেবে আখ্যায়িত করে আবুল কালাম শামসুদ্দীন 'সওগাত' পত্রিকায় একটি প্রবন্ধ লিখেন। বাংলাদেশ সরকারের আমন্ত্রণে কাজী নজরুল ইসলাম ১৯৭২ সালের ২৪ মে ঢাকায় আসেন এবং একই দিনে তাকে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। তবে সাংবিধানিক স্বীকৃতি এখনো দেওয়া হয় নি।

৪৮. বাংলাদেশের অন্যতম বিজ্ঞান বিষয়ক লেখক কে? [৫ম বিজেএস (সহকারী জজ)-১০]
ক. হুমায়ূন আহমেদ খ. আব্দুল্লাহ আল মুতি শরফুদ্দীন
গ. হুমায়ুন আজাদ ঘ. রশীদ করিম
উত্তর : খ
ব্যাখ্যা : বাংলাদেশের অন্যতম বিজ্ঞান বিষয়ক লেখক আব্দুল্লাহ আল মুতি শরফুদ্দীন। ১৯৩০ সালের ১ জানুয়ারি সিরাজগঞ্জ জেলার ফুলবাড়ি গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন শিক্ষাবিদ, বিজ্ঞান লেখক ও শিশুসাহিত্যিক।

Scanned with CamScanner

৪৯. বাংলা সাহিত্যে প্রথম চলিত রীতির ব্যবহারকারী কে? *[৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*

ক. প্রমথ চৌধুরী খ.টেকচাঁদ ঠাকুর

গ.রবীন্দ্রনাথ ঠাকুর ঘ.বনফুল

উত্তর : ক

ব্যাখ্যা : গদ্য সাহিত্যে চলিত রীতির প্রবর্তক প্রমথ চৌধুরী (বীরবল)। যা 'বীরবলী রীতি' নামে পরিচিত। প্রমথ চৌধুরী সম্পাদিত সবুজপত্র পত্রিকা এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। রবীন্দ্রনাথের কথা ভাষায় লেখা উপন্যাস শেষের কবিতা 'সবুজপত্রে' প্রকাশিত হলে তার চলিত ভাষার আন্দোলন ব্যাপক জনপ্রিয়তা লাভ করে।

৫০. কাজী নজরুল ইসলাম কোন সনে মৃত্যুবরণ করেন? *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*

ক. ১৯৭৫ খ. ১৯৭৬

গ. ১৯৭৭ ঘ. ১৯৭৮

উত্তর : খ

ব্যাখ্যা : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ২৯ শে আগস্ট ১৯৭৬ (১৩৮৩ বঙ্গাব্দ ১২ ভাদ্র) সকাল ১০ টা ১০ মিনিটে ঢাকার পিজি হাসপাতালে ইন্তিকাল করেন। বিকেল সাড়ে কবির মরদেহ ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে নেওয়া হয়। সেখানে স্মরণাতীত কালের এক বিশাল জানাযা অনুষ্ঠিত হয়। বিকেল সাড়ে পাঁচটায় পূর্ণ রাষ্ট্রীয় ও সামরিক মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে কবিকে সমাহিত করা হয়।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার লাভ করেন? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]*

ক. ১৯১০ খ. ১৯১১

গ. ১৯১৩ ঘ. ১৯২১

উত্তর : গ

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালের নভেম্বর মাসে 'গীতাঞ্জলী' কাব্যের জন্য সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি সাহিত্যে নোবেল পুরস্কার প্রাপ্ত প্রথম ভারতীয়।

২. বাংলাদেশের রণ সংগীতের রচয়িতা কে? *[কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার-১৮]*

ক. সুকান্ত ভট্টাচার্য খ. রবীন্দ্রনাথ ঠাকুর

গ. গোলাম মোস্তফা ঘ. কাজী নজরুল ইসলাম

উত্তর : ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের রণসংগীত- 'চল্ চল্ চল্ ঊর্ধ্ব গগনে বাজে মাদল, নিম্নে উতলা ধরণী তল'। গানটি কাজী নজরুলের 'সন্ধ্যা' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত। ১৯৭২ সালের ১৩ জানুয়ারি তৎকালীন মন্ত্রীসভার প্রথম বৈঠকে গানটিকে বাংলাদেশের রণসংগীত হিসেবে নির্বাচন করা হয়।

৩. বাংলা সাহিত্যের কোন কবি দুটি দেশের জাতীয় সংগীতের রচয়িতা? *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*

ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর

গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. সত্যেন্দ্রনাথ ঠাকুর

উত্তর : খ

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর একাধারে তিনটি দেশ- বাংলাদেশ, ভারত এবং শ্রীলঙ্কার জাতীয় সংগীতের রচয়িতা। বাংলাদেশের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা'। ভারতের জাতীয় সংগীত রবীন্দ্রনাথেরই লেখা ও সুর করা 'জনগণমন-অধিনায়ক জয় হে ভারতভাগ্যবিধাতা।' শ্রীলঙ্কার জাতীয়

Scanned with CamScanner



৪. **বিধবা বিবাহ আইন প্রচলনে কার অবদান ছিল?** *[সিনিয়র স্টাফ নার্স-১৮]*

ক. রাজা রামমোহন রায় খ. দেবেন্দ্রনাথ ঠাকুর
গ. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রচেষ্টায় ১৮৫৬ সালের ২৬ জুলাই বিধবাবিবাহ আইন পাশ হয়। বিধবা বিবাহের পক্ষে তার রচিত গ্রন্থ- 'বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব (১৮৫৫)।'

৫. **কাজী নজরুল ইসলামকে ভারতের নিম্নোক্ত জাতীয় পদক প্রদান করা হয়?** *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের (NSI)-এর সহকারী পরিচালক-১৭]*

ক. পদ্মশ্রী খ. পদ্মভূষণ
গ. পদ্মবিভূষণ ঘ. কোনটিই নয় **উত্তর : খ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামকে ভারত সরকার 'পদ্মভূষণ' পদক (১৯৬০) প্রদান করেন।

৬. **কবি সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মারা যান?** *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১৭]*

ক. ১৮ খ. ১৯
গ. ২০ ঘ. ২১ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : কবি সুকান্ত ভট্টাচার্য ১৯২৬ সালের ১৫ আগস্ট কলকাতার কালীঘাটে মাতামহের ৪৩, মহিম হালদার স্ট্রিটের বাড়িতে জন্মগ্রহণ করেন। ১৯৪৭ সালের ১৪ মে (২৯শে বৈশাখ ১৩৫৪) মাত্র ২১ বছর বয়সে যক্ষ্মায় আক্রান্ত হয়ে যাদবপুর টিবি হাসপাতালে মারা যান।

৭. **কাজী নজরুল ইসলামের জন্মস্থান-** *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-১৭]*

ক. কুমিল্লা খ. ত্রিশাল
গ. বর্ধমান ঘ. চট্টগ্রাম **উত্তর : গ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম ১৮৯৯ সালের ২৪ মে (১৩০৬ বঙ্গাব্দের ১১ জ্যৈষ্ঠ) বুধবার প্রত্যূষে পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার জামুরিয়া থানার (তখনকার রানিগঞ্জ থানা) পুরনো শেরগড় পরগনার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

৮. **রবীন্দ্রনাথ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসেন কত সালে?** *[রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী-১৭]*

ক. ১৯২২ খ. ১৯২৫
গ. ১৯২৬ ঘ. ১৯২৮ **উত্তর : গ**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঢাকায় আসেন দুই বার- ১৮৯৮, ১৯২৬ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসেন ১৯২৬ সালে।

৯. **কাজী নজরুল ইসলামের প্রথম নিষিদ্ধকৃত গ্রন্থ কোনটি?** *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. ভাঙার গান খ. প্রলয় শিখা
গ. বিষের বাঁশি ঘ. যুগবাণী **উত্তর : ঘ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের প্রথম নিষিদ্ধকৃত গ্রন্থ- যুগবাণী। নিষিদ্ধ হয় ২৩ নভেম্বর ১৯২২। 'বিষের বাঁশি' নিষিদ্ধ হয় ২২ অক্টোবর ১৯২৪। 'ভাঙার গান' নিষিদ্ধ হয় ১১ নভেম্বর ১৯২৪ এবং 'প্রলয় শিখা' নিষিদ্ধ হয় ১৭ সেপ্টেম্বর ১৯৩০।

১০. **'শকুন্তলা' উপাখ্যানে যে নদীর কথা উল্লেখ আছে?** *[বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. সমাগরা খ. তপোবন
গ. সারথি ঘ. মালিনী **উত্তর : ঘ**

Scanned with CamScanner

১১. 'রোগকে ঘৃণা করা যায়, রোগীকে কেন? একথা কে বলেছেন- *[বিভিন্ন মন্ত্রণালয়ের (এ্যাসিসটেন্ট প্রোগামার) নিয়োগ-১৭]*

ক. জহির রায়হান খ. আলমগীর কবির
গ. হুমায়ূন আহমেদ ঘ. হুমায়ুন আজাদ

উত্তর : গ

ব্যাখ্যা : হুমায়ূন আহমেদের 'অপরাহ্নের গল্প'-এর বিখ্যাত উক্তি- 'রোগকে ঘৃণা করা যায়, রোগীকে কেন?'

১২. 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন'- এখানে 'নীড়' শব্দটি কি অর্থে ব্যবহৃত হয়েছে। *[১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৬]*

ক. নান্দনিক খ. আশ্রয়
গ. রহস্যময় ঘ. পাখির বাসা

উত্তর : ক

১৩. আলালী ভাষা বা হুতোমী ভাষা বলা হয় কোন ভাষাকে? *[১৩তম প্রভাষক নিবন্ধন-১৬]*

ক. সাধু খ. সংস্কৃত
গ. ইংরেজি ঘ. চলিত

উত্তর : ঘ

ব্যাখ্যা : প্যারীচাঁদ মিত্র যে কথ্য বা চলিত ভাষা ব্যবহার করেছেন তা 'আলালী ভাষা' নামে পরিচিত। আর কালীপ্রসন্ন সিংহ যে কথ্য ভাষা ব্যবহার করেছেন তাকে 'হুতোমী বাংলা' বলা হয়।

১৪. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন শতকের মানুষ? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৬]*

ক. ১৪ শতক খ. ১৫ শতক
গ. ১৭ শতক ঘ. ১৯ শতক

উত্তর : ঘ

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন এবং ২৯ জুলাই ১৮৯১ কলকাতায় মারা যান। ১৮০১-১৯০০ পর্যন্ত উনিশ শতক। সেই হিসেবে তিনি উনিশ শতকে মানুষ।

১৫. লেটোগানের দলে যোগ দিয়েছিলেন কে? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৬]*

ক. হুমায়ূন আহমেদ খ. রফিক আজাদ
গ. কাজী নজরুল ইসলাম ঘ. আবুল ফজল

উত্তর : গ

ব্যাখ্যা : বাল্যকালে নজরুল লেটোগানের দলে যোগ দেন। মাঝেমধ্যে বড় বড় কবিয়ালদের সাথেও লড়াই করতেন। তখনকার বিখ্যাত কবিয়াল শেখ চাকার তাঁকে 'ব্যাঙাচি' বলে ডাকতেন।

১৬. কোন জন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন নি? *[পোস্ট মাস্টার জেনারেল (পূর্বাঞ্চল, চট্টগ্রাম)-এর কার্যালয়ের অধীনে পোস্টাল অপারেটর-১৬]*

ক. আবদুল হাকিম খ. আনিসুজ্জামান
গ. হুমায়ুন আজাদ ঘ. সনজীদা খাতুন

উত্তর : ক/ঘ

ব্যাখ্যা : আবদুল হাকিম ও সনজীদা খাতুন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন নি। আবদুল হাকিম মধ্যযুগের কবি। ড. কাজী মোতাহার হোসেনের মেয়ে সনজীদা খাতুন ছায়ানটের প্রতিষ্ঠাতা সদস্য। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন। ড. আনিসুজ্জামান ও হুমায়ুন আজাদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন।

১৭. শিলাইদহ ছাড়া রবীন্দ্রনাথ বাংলাদেশের আর কোন অঞ্চলে অবস্থান করতেন? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৬]*

ক. কুমিল্লা খ. পতিসর
গ. খুলনা ঘ. সাভার

উত্তর : খ

Scanned with CamScanner

ব্যাখ্যা : জমিদারী তদারকি করার জন্য রবীন্দ্রনাথ ঠাকুর শিলাইদহ, শাহজাদপুর, পতিসরে অবস্থান করেন। পতিসর নওগাঁ জেলার আত্রাই উপজেলার একটি গ্রাম। রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৯১ সালে প্রথম পতিসরে আসেন। ১৯৩৭ সালে শেষবার পতিসর পরিদর্শন করেন। মুলত রবীন্দ্রনাথের পূর্ব পুরুষদের আদি নিবাস। কুমিল্লা ও সাভারে কখনো আসেন নি।

১৮. কোন কবির স্মৃতিবিজড়িত ত্রিশাল থানাটি? [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা-১৬]
ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কায়কোবাদ ঘ. চন্দ্রাবতী
উত্তর : ক

ব্যাখ্যা : কাজী রফিজ উল্লাহ দারোগা ১৯১৪ সালে আসানসোলের রুটির দোকান থেকে কিশোর কবি নজরুলকে ত্রিশালে কাজীর শিমলায় নিজগ্রামে নিয়ে আসেন। কবি নজরুলকে ভর্তি করে দেন ত্রিশাল উপজেলা সদরের দরিরামপুর স্কুলে (বর্তমান নজরুল একাডেমি) সপ্তম শ্রেণিতে। কবি নজরুলের সেই বাল্য স্মৃতিকে ধরে রাখার জন্য এই গ্রামের বটতলা নামক স্থানে ২০০৬ সালে প্রতিষ্ঠা করা হয় 'জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়'।

১৯. আধুনিক বাংলা মুসলমান সাহিত্যিকদের পথিকৃৎ- [সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা-১৬]
ক. গোলাম মোস্তফা খ. কাজী নজরুল ইসলাম
গ. কায়কোবাদ ঘ. মীর মশাররফ হোসেন
উত্তর : ঘ

২০. বাংলাদেশের জাতীয় কবির নাম- [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক-১৫]
ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. শামসুর রাহমান ঘ. আল মাহমুদ
উত্তর : ক

ব্যাখ্যা : বাংলাদেশের জাতীয় কবির নাম- কাজী নজরুল ইসলাম। তিনি ১৯৭২ সালের ২৪ মে বাংলাদেশ সরকারের আমন্ত্রণে কবি ঢাকায় আসেন এবং একই দিনে তাকে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে স্বীকৃতি দেওয়া হয় (সাংবিধানিক স্বীকৃতি এখনো দেওয়া হয় নি)।

২১. হুমায়ুন আহমেদ বাংলা সাহিত্যে মূলত কি হিসেবে পরিচিত? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৫]
ক. কবি খ. ঔপন্যাসিক
গ. নাট্যকার ঘ. কথাসাহিত্যিক
উত্তর : ঘ

২২. মীর মশাররফ হোসেনের জন্মস্থান কোথায়? [সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]
ক. লাহিনীপাড়া খ. দেলদুয়ার
গ. কুসুমপুর ঘ. পদমদী
উত্তর : ক

ব্যাখ্যা : মীর মশাররফ হোসেন কুষ্টিয়ার কুমারখালী উপজেলার 'লাহিনীপাড়া'য় জন্মগ্রহণ করেন। টাঙ্গাইলের 'দেলদুয়ার' এস্টেটের ম্যানেজার ছিলেন। 'পদমদী'তে মৃত্যুবরণ করেন।

২৩. রাধাকৃষ্ণ বিষয়ক রচনা কোনটি? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৬]
ক. সারদামঙ্গল খ. বঙ্গসুন্দরী
গ. ব্রজাঙ্গনা ঘ. কৃষ্ণকুমারী
উত্তর : গ

ব্যাখ্যা : 'ব্রজাঙ্গনা' অর্থ বৃন্দাবনের অধিবাসী গোপ নারী। মাইকেল মধুসূদন দত্তের 'ব্রজাঙ্গনা' (১৮৬১) কাব্যটি রাধাকৃষ্ণ বিষয়ক একটি রচনা। মধুসূদন দত্তের নাটক- কৃষ্ণকুমারী। বিহারীলালের কাব্য- সারদামঙ্গল, বঙ্গসুন্দরী।

Scanned with CamScanner

২৪. কাজী নজরুল ইসলাম কত সালে সাহিত্যে একুশে পদক পান? *[সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]*

ক. ১৯৭৬ খ. ১৯৭৭
গ. ১৯৭৮ ঘ. ১৯৭৯ **উত্তর : ক**

ব্যাখ্যা : সাহিত্যে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ সরকার ১৯৭৬ সালের ২১ ফেব্রুয়ারি কাজী নজরুল ইসলামকে সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার একুশে পদকে ভূষিত করেন। রাষ্ট্রপতি বিচারপতি আবু সাদাত মুহম্মদ সায়েম আনুষ্ঠানিকভাবে নজরুলকে ঐ পদক পরিয়ে দেন।

২৫. রবীন্দ্রোত্তর যুগের অন্যতম প্রধান আধুনিক কবি যিনি রবীন্দ্রনাথের ব্যক্তিগত সচিব ছিলেন, তিনি হলেন- *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক-১৪]*

ক. অমিয় চক্রবর্তী খ. বুদ্ধদেব বসু
গ. অন্নদাশঙ্কর রায় ঘ. সমর সেন **উত্তর : ক**

ব্যাখ্যা : অমিয় চক্রবর্তী শান্তিনিকেতনে রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য সচিব (১৯২৬-১৯৩৩) ছিলেন।

২৬. গ্রিক ট্রাজেডি 'ইডিপাস' বাংলায় অনুবাদ করেন কে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ পরীক্ষা-১৪]*

ক. মুনীর চৌধুরী খ. আব্দুল হাফিজ
গ. কবীর চৌধুরী ঘ. সৈয়দ আলী আহসান **উত্তর : ঘ**

ব্যাখ্যা : গ্রিক ট্রাজেডি 'ইডিপাস' বাংলায় অনুবাদ করেন সৈয়দ আলী আহসান।

২৭. 'এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে'। এখানে 'অরিন্দম' কে? *[কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-১৪]*

ক. শত্রু দমনকারী খ. শত্রু পক্ষের দূত
গ. মিত্র ঘ. মিত্র পক্ষের দূত **উত্তর : ক**

ব্যাখ্যা : অরি শব্দের অর্থ শত্রু। অরিন্দম শব্দের অর্থ অরিকে দমন করে যে বা শত্রু দমনকারী। এখানে 'অরিন্দম' বলতে মেঘনাদবধ কাব্যের রাবণের পুত্র ইন্দ্রজিতকে বোঝানো হয়েছে।

২৮. বাংলা গদ্য সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে? *[১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৪, পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৯]*

ক. প্রমথ চৌধুরী খ.টেকচাঁদ ঠাকুর
গ.রবীন্দ্রনাথ ঠাকুর ঘ.বনফুল **উত্তর : ক**

ব্যাখ্যা : গদ্য সাহিত্যে চলিত রীতির প্রবর্তক প্রমথ চৌধুরী (বীরবল)। যা 'বীরবলী রীতি' নামে পরিচিত। প্রমথ চৌধুরী সম্পাদিত 'সবুজপত্র' পত্রিকা এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

২৯. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কতসালে জন্মগ্রহণ করেন? *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক-১৪]*

ক. ১৮২০ খ. ১৮২৪
গ. ১৮৪৪ ঘ. ১৮৫৭ **উত্তর : ক**

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন।

৩০. আমাদের জাতীয় সঙ্গীতের ইংরেজি অনুবাদ করেছেন কোন কবি? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-১৪]*

ক. সৈয়দ সাজ্জাদ হোসেন খ. সৈয়দ আলী আহসান
গ. সৈয়দ শামসুল হক ঘ. শামসুর রাহমান **উত্তর : খ**

Scanned with CamScanner

৩১. কায়কোবাদের আসল নাম কি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-১৪]
ক. মীর্জা কায়কোবাদ খ. কাজেম আল কোরেশী
গ. শাহ কাজেম বিন হাই ঘ. কায়কোবাদ বিন হাই
উত্তর : খ
ব্যাখ্যা : মহাকবি কায়কোবাদের আসল নাম কাজেম আল কোরেশী। তিনি ১৮৫৭ সালে ঢাকা জেলার নবাবগঞ্জ থানার আগলা গ্রামে জন্মগ্রহণ করেন।

৩২. মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ' কাব্যের কাহিনীর উৎস কি? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১৩, সমাজসেবা অফিসার-০৬]
ক. রামায়ণ খ. মহাভারত
গ. ভাগবত ঘ. কুমারসম্ভব
উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা ভাষার প্রথম সার্থক মহাকাব্য মাইকেল মধুসূদন দত্ত রচিত 'মেঘনাদবধ কাব্য'। এর কাহিনী রামায়ণ থেকে সংগৃহীত। 'রামায়ণ'-এর রাবণের সীতা হরণ, রাম-রাবণের লঙ্কাযুদ্ধ এবং যুদ্ধে রাবণের পরাজয়ের কাহিনী নিয়ে এ মহাকাব্য রচিত হয়েছে।

৩৩. কবি জসীম উদ্‌দীনের শিশুতোষ গ্রন্থ কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের AD-১৩]
ক. রাখালী খ. বালুচর
গ. এক পয়সার বাঁশি ঘ. ধানক্ষেত
উত্তর : গ
ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের শিশুতোষ- হাসু (১৯৩৮), এক পয়সার বাঁশি (১৩৫৬), ডালিমকুমার (১৯৫১)। কাব্যগ্রন্থ- রাখালী (১৯২৭), বালুচর (১৯৩০), ধানক্ষেত (১৯৩৩)।

৩৪. বাংলা সাহিত্যে 'পঞ্চপাণ্ডব' বলা হয়-[পল্লী উন্নয়ন বোর্ডের উপ-প্রকল্প কর্মকর্তা-১৩]
ক. রবীন্দ্র যুগের কবিদের খ. চল্লিশের দশকের কবিদের
গ. পঞ্চাশের কবিদের ঘ. ত্রিশের দশকের কবিদের
উত্তর : ঘ
ব্যাখ্যা: আধুনিক বাংলা সাহিত্যে ত্রিশের দশকের পাঁচজন প্রধান কবিকে একত্রে পঞ্চপাণ্ডব বলা হয়। তারা হলেন- অমিয় চক্রবর্তী, জীবনানন্দ দাশ, বুদ্ধদেব বসু, সুধীন্দ্রনাথ দত্ত ও বিষ্ণু দে। পঞ্চপাণ্ডবগণ রবীন্দ্র প্রভাবিত রোমান্টিক বলয়ের বাইরে গিয়ে বাংলা ভাষায় আধুনিক কাব্যধারা সৃষ্টির উদ্দেশ্যে কাব্যচর্চা শুরু করেছিলেন। উল্লেখ্য তারা সকলেই ইংরেজি সাহিত্যের ছাত্র ছিলেন।

৩৫. বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্পকার হলেন- [মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরিদর্শক-১৩]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. প্রমথ চৌধুরী
গ. বঙ্কিমচন্দ্র ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ
উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্পকার রবীন্দ্রনাথ ঠাকুর। তার 'ভিখারিণী' (১৮৭৭) বাংলা সাহিত্যের প্রথম ছোটগল্প। 'দেনা পাওনা' বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্প।

৩৬. কাজী নজরুল ইসলামের জীবনকাল কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের AD-১৩]
ক. ১৮২৪-১৮৭৩ খ. ১৮৫৬-১৯৩৭
গ. ১৮৬১-১৯৪১ ঘ. ১৮৯৯-১৯৭৬
উত্তর : ঘ
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের জীবনকাল ১৮৯৯-১৯৭৬। মাইকেল মধুসূদন দত্ত ১৮২৪-১৮৭৩। রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১-১৯৪১।

৩৭. 'দুঃসময়ের মুখোমুখি' কার লেখা? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক৩]
ক. সানাউল হক খ. শামসুর রাহমান
গ. আহসান হাবীব ঘ. শামসুল হক
উত্তর : খ

Scanned with CamScanner

৩৮. বাংলাদেশের চেতনার প্রবাহরীতির উপন্যাস কে লিখেছেন? *[কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১৩]*

ক. জহির রায়হান খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. শওকত ওসমান ঘ. কায়েস আহমদ **উত্তর : খ**

৩৯. আবু ইসহাকের জন্মস্থান কোন জেলায়? *[সাব রেজিস্ট্রার-১২]*

ক. মাদারিপুর খ. শরীয়তপুর
গ. রাজবাড়ি ঘ. গোপালগঞ্জ **উত্তর : খ**

ব্যাখ্যা : আবু ইসহাক ১৯২৬ সালে ১ নভেম্বর শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার শিরঙ্গল গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি মূলত কথাসাহিত্যিক ও অভিধানকার। ১৯৮৪ সালে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)-এর খুলনা বিভাগের প্রধান হিসেবে অবসর গ্রহণ করেন।

৪০. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত কাব্যগ্রন্থ নয়? *[সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*

ক. সোনারতরী খ. সেঁজুতি
গ. ক্ষণিকা ঘ. ফাল্গুনী **উত্তর : ঘ**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক- ফাল্গুনী (১৯১৬)। তাঁর রচিত কাব্য- সোনার তরী (১৮৯৪), ক্ষণিকা (১৯০০), সেঁজুতি (১৯৩৮)।

৪১. রবীন্দ্রনাথ ঠাকুর মৃত্যুবরণ করেন? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১২]*

ক. ৭ মে, ১৮৮৬ খ. ৭ জুন, ১৮৬১
গ. ৭ জুলাই, ১৮৬১ ঘ. ৭ আগস্ট, ১৯৪১ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ১৯৪১ সালের ৭ আগস্ট (২২ শ্রাবণ ১৩৪৮) মৃত্যুবরণ করেন।

৪২. স্ত্রীর মৃত্যুকে উপলক্ষ করে রবীন্দ্রনাথ রচনা করেন- *[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১২]*

ক. স্মরণ খ. উৎসর্গ
গ. নৈবেদ্য ঘ. খেয়া **উত্তর : ক**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর স্ত্রী মৃণালিনী দেবীর মৃত্যুকে কেন্দ্র করে 'স্মরণ' কাব্যটি রচনা করেন। 'নৈবেদ্য' কাব্যে বিভিন্নভাবে মৃত্যুর কথা এসেছে তবে তা স্ত্রীর মৃত্যুকে উপলক্ষ করে নয়। মৃণালিনী দেবীর মৃত্যুর পূর্বেই 'নৈবেদ্য' কাব্য প্রকাশিত হয়। নৈবেদ্য প্রকাশিত হয় ১৯০১ সালে, মৃণালিনী মৃত্যুবরণ করেন ১৯০২ সালে।

৪৩. মীর মশাররফ হোসেনের প্রথম গ্রন্থ কোনটি? *[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১২]*

ক. জমিদার দর্পণ খ. বসন্তকুমারী
গ. রত্নবতী ঘ. বিষাদ সিন্ধু **উত্তর : গ**

ব্যাখ্যা : মীর মশাররফ হোসেনে রচিত প্রথম গ্রন্থ 'রত্নবতী' (১৮৬৯)। এটি মুসলমান সাহিত্যিক রচিত প্রথম বাংলা উপন্যাস। বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫) প্রকাশের চার বছর পর 'রত্নবতী' উপন্যাস প্রকাশিত হয়।

৪৪. 'নাট্যাচার্য' হিসাবে খ্যাতি অর্জন করেছেন কোন নাট্যকার? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১২]*

ক. মামুনুর রশীদ খ. সৈয়দ শামসুল হক
গ. হুমায়ূন আহমেদ ঘ. সেলিম আল দীন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : সেলিম আল দীন 'নাট্যাচার্য' হিসাবে খ্যাতি অর্জন করেছেন। প্রকৃত নাম মঈনুদ্দীন আহমেদ। ২০০৮ সালের ১৪ জানুয়ারি ঢাকায় মারা যান।

Scanned with CamScanner

৪৫. বিভীষণের স্ত্রীর নাম কি? *[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১২]*

ক. উর্মিলা খ. মন্দাদরী
গ. চিত্রাঙ্গদা ঘ. সরমা

উত্তর : ঘ

ব্যাখ্যা : বিভীষণের স্ত্রী সরমা, রাবণের স্ত্রী মন্দাদরী, লক্ষ্মণের স্ত্রী উর্মিলা, অর্জুনের স্ত্রী চিত্রাঙ্গদা।

৪৬. বিহারীলাল চক্রবর্তীকে কে 'ভোরের পাখি' বলেছেন? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাইফার অফিসার-১২]*

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. কাজী নজরুল ইসলাম
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তর : গ

ব্যাখ্যা : গীতিকবিতার ক্ষেত্রে রবীন্দ্রনাথের কাব্যগুরু বিহারীলাল চক্রবর্তী। রবীন্দ্রনাথ তাকে 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেন। ভোরের পাখি যেমন ভোর বেলায় একাকী জাগে, মনের আনন্দে গান গায়। তেমনি বিহারীলাল চক্রবর্তী ইংরেজি ধারা কিংবা পৌরাণিক উপাখ্যানের অনুসরণ না করে নিভৃতে বসে নিজের ছন্দে, নিজের মনের কথা সবার আগে কবিতায় বলেছেন।

৪৭. সাহিত্যে বিশেষ অবদানের জন্য ফররুখ আহমদ স্বাধীনতা দিবস পুরস্কার পান- *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]*

ক. ১৯৮০ খ. ১৯৮১
গ. ১৯৭৬ ঘ. ১৯৮৩

উত্তর : ক

ব্যাখ্যা : ফররুখ আহমদ বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (১৯৬০), আদমজী পুরস্কার (১৯৬৬, হাতেমতায়ী গ্রন্থের জন্য), ইউনেস্কো পুরস্কার (১৯৬৬, পাখির বাসা গ্রন্থের জন্য) লাভ করেন।

৪৮. 'শিকওয়াহ ও জওয়াব-ই শিকওয়াহ' অনুবাদ গ্রন্থটির রচয়িতা কে? *[সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]*

ক. আবুল কালাম শামসুদ্দীন খ. কাজী আবদুল ওদুদ
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. ইব্রাহীম খাঁ

উত্তর : গ

ব্যাখ্যা : ভারতবর্ষের মুসলিম কবি, দার্শনিক এবং রাজনীতিবিদ ছিলেন আল্লামা মুহাম্মদ ইকবাল। তাঁর রচিত কবিতা আধুনিক যুগের ফার্সি ও উর্দু সাহিত্যে অন্যতম শ্রেষ্ঠ হিসেবে বিবেচনা করা হয়। তাঁর বিখ্যাত কবিতার মধ্যে রয়েছে- আসরার ই খুদি, শিকওয়া ও জওয়াবে শিকওয়া, বাআল ই জিবরাইল, জাভেদ নামা ইত্যাদি। 'শিকওয়াহ ও জওয়াবে শিকওয়াহ' বাংলায় অনুবাদ করেন ড. মুহম্মদ শহীদুল্লাহ। 'শিকওয়াহ ও জওয়াবে শিকওয়াহ' অর্থ অভিযোগ ও অভিযোগের উত্তর।

৪৯. জসীম উদ্‌দীনের আসমানী চরিত্রটির বাড়ি কোথায় ছিল? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১২]*

ক. গোপালগঞ্জ খ. ফরিদপুর
গ. রাজবাড়ি ঘ. মাদারীপুর

উত্তর : খ

ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের 'আসমানী' কবিতার আসমানী একটি বাস্তব চরিত্র। জসীম উদ্‌দীনের ভাই সরকারি রাজেন্দ্র কলেজের অধ্যাপক নুরুদ্দিন আহমেদের শ্বশুর বাড়ি ছিল আজকের ফরিদপুর সদরের ঈশান গোপালপুর ইউনিয়নের রসুলপুর গ্রামে। জসীম উদ্‌দীন রসুলপুরে বেড়াতে গিয়ে আসমানীর দেখা পান এবং সেখানে বসেই 'আসমানী' কবিতা রচনা করেন। ২০১২ সালের ১৮ আগস্ট ৯৭ বছর বয়সে আসমানী মারা যায়।

৫০. রম্যরচনার জন্য খ্যাত লেখক হলেন- *[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১২]*

ক. আল মাহমুদ খ. আব্দুল করিম সাহিত্য বিশারদ
গ. আবুল মনসুর আহমদ ঘ. আব্দুল কাদির

উত্তর : গ

Scanned with CamScanner

ব্যাখ্যা : রম্যরচনার জন্য খ্যাত লেখক আবুল মনসুর আহমদ। রম্যরচনার মাধ্যমে তিনি তখনকার স্বার্থদেষী সমাজসেবীদের মুখোশ উন্মোচনা করেছেন। তার রচিত ব্যঙ্গাত্মক গল্পগ্রন্থ- আয়না (১৯৩৫), খুদ কনফারেন্স (১৯৪৪)।

৫১. আহমদ ছফা কোন গ্রন্থটি লিখেছেন- [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১১]

ক. দক্ষিণায়নের দিন খ. আত্মজা একটি করবী গাছ
গ. যদ্যপি আমার গুরু ঘ. রেখাচিত্র
উত্তর : গ

ব্যাখ্যা : আহমদ ছফা রচিত স্মৃতিচারণমূলক গ্রন্থ- যদ্যপি আমার গুরু (১৯৯৭)। এটি জাতীয় অধ্যাপক আব্দুর রাজ্জাকে নিয়ে রচিত।

৫২. ইসমাইল হোসেন সিরাজীর জন্মস্থান কোথায়? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-১১]

ক. রাজশাহী খ. রংপুর
গ. কুষ্টিয়া ঘ. সিরাজগঞ্জ
উত্তর : ঘ

ব্যাখ্যা : সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী ১৮৮০ সালের ১৩ জুলাই সিরাজগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। এ জন্যই নামের শেষে 'সিরাজী' উপাধি যুক্ত হয়।

৫৩. জীবনানন্দ দাশের জন্ম কত সালে? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]

ক. ১৮৯৯ খ. ১৮৯৮
গ. ১৮৯৭ ঘ. ১৮৯৬
উত্তর : ক

ব্যাখ্যা : জীবনানন্দ দাশ ১৮৯৯ সালের ১৭ ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন। ২২ অক্টোবর ১৯৫৪ সালে কলকাতা ট্রাম দুর্ঘটনায় মারা যান।

৫৪. 'দি ক্যাপটিভ লেডি' গ্রন্থটি লিখেছেন? [পরিবার পরিকল্পনা সহকারী-১১]

ক. উইলিয়াম কেরি খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. প্রেমেন্দ্র মিত্র
উত্তর : খ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত প্রথমে ইংরেজি সাহিত্যচর্চার মাধ্যমে সাহিত্যিক জীবন শুরু করেন। তখন The Captive lady (১৮৪৯), Visions of the Past রচনা করেন। ইংরেজিতে সফল না হয়ে দ্বিতীয় পর্যায়ে বাংলায় সাহিত্য চর্চা করে সফলতা অর্জন করে বাংলা সাহিত্যের স্মরণীয় হয়ে আছেন।

৫৫. 'এসো বিজ্ঞানের রাজ্যে' গ্রন্থের লেখক কে? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]

ক. আবদুল হাই খ. আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন
গ. আবু জাফর শামসুদ্দীন ঘ. জাফর ইকবাল
উত্তর : খ

ব্যাখ্যা : আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন রচিত গ্রন্থ- এসো বিজ্ঞানের রাজ্যে (১৯৫৫), আবিষ্কারের নেশায় (১৯৬৯), রহস্যের শেষ নেই (১৯৬৯), তারার দেশের হাতছানি (১৯৮৪)।

৫৬. আবুল ফজল বাংলা একাডেমি পুরস্কার পান কোন সালে? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]

ক. ১৯৬৭ খ. ১৯৬৮ গ. ১৯৬৯ ঘ. ১৯৭০

ব্যাখ্যা : সঠিক উত্তর ১৯৬২ সালে।

৫৭. 'শকুন্তলা' কার লেখা গ্রন্থ? [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]

ক. উইলিয়াম কেরি খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. রামরাম বসু ঘ. চণ্ডিচরণ মুন্সি
উত্তর : খ

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুবাদ গ্রন্থ- 'শকুন্তলা' (১৮৫৪)। এটি সংস্কৃত কবি কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকের উপখ্যান ভাগের অনুবাদ।

Scanned with CamScanner

৫৮. 'আমরা আরম্ভ করি শেষ করি না, আড়ম্বর করি কাজ করি না, যাহা অনুষ্ঠান করি, তাহা বিশ্বাস করি না।'- এ উক্তিটি করেছেন- *[সহকারী থানা শিক্ষা অফিসার-১০]*

ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. অরুন্ধতী রায় ঘ. রাজা রামমোহন রায় **উত্তর : খ**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর 'চরিত্রপূজা' বইয়ের 'বিদ্যাসাগর-চরিত' এ বাঙ্গালীর চরিত্র সম্পর্কে বলেছেন- "আমরা আরম্ভ করি, শেষ করি না; আড়ম্বর করি, কাজ করি না; যাহা অনুষ্ঠান করি, তাহা বিশ্বাস করি না; যাহা বিশ্বাস করি তাহা পালন করি না; ভূরিপরিমাণ বাক্যরচনা করিতে পারি, তিলপরিমাণ আত্মত্যাগ করিতে পারি না; আমরা অহংকার দেখাইয়া পরিতৃপ্ত থাকি, যোগ্যতা লাভের চেষ্টা করি না; আমরা সকল কাজেই পরের প্রত্যাশা করি, অথচ পরের ত্রুটি লইয়া আকাশ বিদীর্ণ করিতে থাকি; পরের অনুকরণে আমাদের গর্ব, পরের অনুগ্রহে আমাদের সম্মান, পরের চক্ষে ধূলিনিক্ষেপ করিয়া আমাদের পলিটিকস্, এবং নিজের বাক্‌চাতুর্যে নিজের প্রতি ভক্তিবিহ্বল হইয়া উঠাই আমাদের জীবনের প্রধান উদ্দেশ্য। এই দুর্বল, ক্ষুদ্র, হৃদয়হীন, কর্মহীন, দাম্ভিক, তার্কিক জাতির প্রতি বিদ্যাসাগরের এক সুগভীর ধিক্‌কার ছিল। কারণ, তিনি সর্ববিষয়েই ইহাদের বিপরীত ছিলেন।"

৫৯. 'ছিন্নপত্র' রচনাটি কোন শ্রেণির? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]*

ক. ছোটগল্প খ. আত্মকথন
গ. নাটক ঘ. রম্যরচনা **উত্তর : খ**

৬০. রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় ছিলেন না? *[কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১০]*

ক. শাহজাদপুর খ. শিলাইদহ
গ. মনপুরা ঘ. পতিসর **উত্তর : গ**

ব্যাখ্যা : জমিদারী তদারকি করার জন্য রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৮৯ সালের নভেম্বর মাসে প্রথম কুষ্টিয়ার শিলাইদহে আসেন। সেখানেই 'সোনার তরী' কাব্য রচনা করেন। ১৮৯০ সালে শাহজাদপুরে এবং ১৮৯১ সালে পতিসর আসেন। মনপুরায় কখনো যান নি।

৬১. 'হুতোম প্যাঁচার নকশা'র রচয়িতা কে? *[সঞ্চয় পরিদপ্তরের হিসাবরক্ষক-১০,সমাজসেবা অফিসার-০৮]*

ক. রামরাম বসু খ. ভূদেব মুখোপাধ্যায়
গ. দীনবন্ধু মিত্র ঘ. কালীপ্রসন্ন সিংহ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা' (১৮৬২) সামাজিক সমস্যামূলক রচনা। এতে 'চড়ক' নামে একটি নকশা ছিল। এ গ্রন্থে কলকাতার কথ্য ভাষার সার্থকভাবে প্রয়োগ ঘটেছে।

৬২. হুতোমী গদ্যের লেখকের নাম কি? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৯]*

ক. টেকচাঁদ ঠাকুর খ. কালীপ্রসন্ন সিংহ
গ. ভানুসিংহ ঠাকুর ঘ. দীনবন্ধু মিত্র **উত্তর : খ**

ব্যাখ্যা : কালীপ্রসন্ন সিংহ 'হুতোম' ছদ্মনামে লিখতেন বলে তাঁর ভাষাকে 'হুতোমী বাংলা' বলা হয়।

৬৩. বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার- *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-০৯]*

ক. শহীদুল্লা কায়সার খ. আব্দুল মান্নান
গ. মামুনুর রশীদ ঘ. আবুল হোসেন **উত্তর : গ**

ব্যাখ্যা : বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার মামুনুর রশীদ। তার রচিত নাটক- ওরা কদম আলী (১৯৭৮), ওরা আছে বলেই (১৯৮০), এখানে নোঙর (১৯৮৬), গিনিপিগি (১৯৮৫)।

Scanned with CamScanner

৬৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান কোথায়? [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৯]

ক. নিমতা গ্রাম খ. দেবানন্দপুর গ্রাম
গ. গোধিয়া গ্রাম ঘ. করিমগঞ্জ উত্তর : খ

ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭৬ সালের ১৫ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের হুগলীর দেবানন্দপুর গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা মতিলাল চট্টোপাধ্যায়।

৬৫. সতীদাহ প্রথা রহিতকরণে কোন সমাজ সংস্কারকের ভূমিকা উল্লেখযোগ্য? [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৯]

ক. গোপাল কৃষ্ণ গোখলে খ. রাজা রামমোহন রায়
গ. সরোজিনী নাইডু ঘ. দাদাভাই নওরোজী উত্তর : খ

ব্যাখ্যা : রাজা রামমোহন রায়ের প্রচেষ্টায় ১৮২৯ সালের ৪ ডিসেম্বর লর্ড বেন্টিংক সতীদাহ প্রথা নিষিদ্ধ ঘোষণা করেন।

৬৬. 'দত্ত কুলোদ্ভব' কবি কে? [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৯]

ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ. সুধীন্দ্রনাথ দত্ত
গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. অজিদ দত্ত উত্তর : গ

ব্যাখ্যা : কবি মাইকেল মধুসূদন দত্ত 'দত্ত কুলোদ্ভব' কবি। কুল অর্থ বংশ, উদ্ভব অর্থ উৎপত্তি বা জন্ম। 'দত্ত কুলোদ্ভব' মানে দত্ত বংশে উৎপত্তি বা জন্ম। খৃষ্টীয় আঠার শতকে যশোরের সাগরদাঁড়ি গ্রামের দুর্দান্ত প্রতাপশালী বিত্তবান ব্যক্তি রামনিধি দত্ত। রামনিধি দত্তের চার পুত্রের মধ্যে কনিষ্ঠ রাজনারায়ণ দত্ত। তার পুত্র হলেন মাইকেল মধুসূদন দত্ত।

৬৭. প্রখ্যাত সাহিত্যিক শওকত ওসমানের প্রকৃত নাম কোনটি? [সঞ্চয় পরিদপ্তরের AD-০৯]

ক. শেখ আবুদল হালিম খ. শেখ আবদুল আজিজ
গ. শেখ হালিমুজ্জামান ঘ. শেখ আজিজুর রহমান উত্তর : ঘ

ব্যাখ্যা : শওকত ওসমানের প্রকৃত নাম শেখ আজিজুর রহমান। তিনি ১৯১৭ সালের ২ জানুয়ারি হুগলী জেলার সবলসিংহপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৯৮ সালের ১৪ মে ঢাকায় মারা যান।

৬৮. 'কৃষ্ণকান্তের উহল' এ রোহিনী আত্মহত্যা করতে চেয়েছিল কেন? [উপজেলা সমাজসেবা অফিসার-০৮]

ক. উইলচুরি জনিত আত্মগ্লানি খ. হরলালকে বিয়ে করতে ব্যর্থ হয়ে
গ. ভ্রমরের সুখী জীবন প্রত্যক্ষ করে ঘ. স্বীয় ব্যর্থ জীবনের হাহকারে উত্তর:ঘ

৬৯. সত্তরের দশকের একজন কবির নাম- [উপজেলা সমাজসেবা অফিসার-০৮]

ক. আবুল হাসান খ. রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ
গ. আবু কায়সার ঘ. মোহাম্মদ রফিক উত্তর : খ

ব্যাখ্যা : সত্তরের দশকের কবি ও গীতিকার রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ। তিনি 'প্রতিবাদী রোমান্টিক' কবি হিসেবে পরিচিত। তার রচিত কাব্য গ্রন্থ- উপদ্রুত উপকূল (১৯৭৯), ফিরে চাই স্বর্ণগ্রাম (১৯৮১), মানুষের মানচিত্র (১৯৮৬), ছোবল (১৯৮৬)।

৭০. ত্রিশোত্তর কালের সাহিত্যকার কারা? [উপজেলা সমাজসেবা অফিসার-০৮]

ক. উনিশ শ' ত্রিশের পর যে সাহিত্যকারকের জন্ম
খ. উনিশ শ' ত্রিশের পর যাঁরা সাহিত্য রচনা শুরু করেন
গ. উনিশ শ' ত্রিশের সাহিত্যবলয় হতে যারা মুক্ত হতে পারেন নি
ঘ. তেরশ শ' ত্রিশের পর যাদের সাহিত্যিক সূচনা ও বিকাশ হয় উত্তর : গ

Scanned with CamScanner

৭১. কোনটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের রচনা? *[সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭]*

ক. হুতোম পেচার নকশা খ. কীর্তিবিলাস
গ. বেতাল পঞ্চবিংশতি ঘ. শর্মিষ্ঠা

উত্তর : গ

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রথম প্রকাশিত গ্রন্থ- বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭)। 'হুতোম প্যাঁচার নকশা' কালীপ্রসন্ন সিংহ। 'কীর্তিবিলাস' যোগেশচন্দ্র গুপ্তের নাটক।

৭২. বুদ্ধদেব বসু কোন দশকের কবি হিসেবে খ্যাত? *[সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭]*

ক. ত্রিশ দশকের খ. পঞ্চাশ দশকের
গ. ষাট দশকের ঘ. চল্লিশ দশকের

উত্তর : ক

ব্যাখ্যা : বুদ্ধদেব বসু ত্রিশ দশকের কবি। বাংলা কাব্যের পঞ্চপাণ্ডবের অন্যতম।

৭৩. 'পঞ্চতন্ত্র' ও 'ময়ূরকণ্ঠী' গ্রন্থদ্বয়ের লেখক কে? *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-০৭]*

ক. সৈয়দ মুজতবা আলী খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. সৈয়দ আলী আহসান ঘ. সৈয়দ আলী আশরাফ

উত্তর : ক

ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলী রচিত রম্যরচনা- পঞ্চতন্ত্র (১৯৫২), ময়ূরকণ্ঠী (১৯৫২), বড়বাবু (১৯৬৫), কত না অশ্রুজল (১৯৭১)।

৭৪. কোন গ্রন্থ প্রকাশের মাধ্যমে বাংলা সাহিত্যে নতুন যুগের সূচনা হয়? *[সহকারী পরিদপ্তরের সহকারী পরিচালক-০৭]*

ক. ভ্রান্তিবিলাস খ. বেতাল পঞ্চবিংশতি
গ. প্রভাবতী সম্ভাষণ ঘ. সংস্কৃত সাহিত্যের ইতিহাস

উত্তর : খ

ব্যাখ্যা : ১৮৪৭ সালে 'বেতাল পঞ্চবিংশতি' প্রকাশের মাধ্যমে বাংলা সাহিত্যে নতুন যুগের সূচনা হয়। কারণ এ গ্রন্থেই প্রথম বিরাম চিহ্নের ব্যবহার হয়।

৭৫. কার কবিতাকে 'চিত্ররূপময়' বলা হয়েছে? *[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিধ-০৭]*

ক. জীবনানন্দ দাশ খ. বুদ্ধদেব বসু
গ. প্রেমেন্দ্র মিত্র ঘ. বিষ্ণু দে

উত্তর : ক

ব্যাখ্যা : জীবনানন্দ দাশের 'মৃত্যুর আগে' কবিতাটি বুদ্ধদেব বসুর 'কবিতা' পত্রিকার প্রথম সংখ্যায় ছাপা হয়। কবিতাটি পাঠ করে রবীন্দ্রনাথ ঠাকুর বুদ্ধদেব বসুকে লেখা এক চিঠিতে মন্তব্য করেন কবিতাটি 'চিত্ররূপময়'।

৭৬. প্রমথ চৌধুরী কোন বিষয়ে রবীন্দ্রনাথকে প্রভাবিত করেছিলেন? *[উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা-০৭]*

ক. উপন্যাস ইতিহাস বর্জনে খ. সাহিত্যে মুসলিম চরিত্র সৃষ্টি
গ. চলিত ভাষার ব্যবহারে ঘ. গদ্য কবিতা রচনা

উত্তর : গ

ব্যাখ্যা : প্রমথ চৌধুরীর চলিত ভাষা ব্যবহার আন্দোলন রবীন্দ্রনাথকে প্রভাবিত করেছিল। প্রমথ চৌধুরীর সবুজপত্র পত্রিকাকে কেন্দ্র করে একটি শক্তিশালী লেখক গোষ্ঠী গড়ে ওঠে। এ লেখকগোষ্ঠীর মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুর অন্যতম।

৭৭. মেঘনাদবধ কাব্যের কয়টি সর্গ রয়েছে? *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-০৭]*

ক. ১৫টি খ. ৮টি
গ. ১২টি ঘ. ৯টি

উত্তর : ঘ

ব্যাখ্যা : মেঘনাদবধ কাব্যে ৯টি সর্গ আছে- অভিষেক, অস্ত্রলাভ, সমাগম, অশোকবন, উদ্যোগ, বধ, শক্তিনির্ভেদ, প্রেতপুরী ও সৎক্রিয়া।

Scanned with CamScanner

৭৮. বাংলা সাহিত্যের প্রথম মুসলিম নাট্যকার কে? *[কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক-০৭, তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-০৬]*

ক. মীর মশাররফ হোসেন　　খ. কাজী নজরুল ইসলাম
গ. আবুল ফজল　　ঘ. শওকত ওসমান　　**উত্তর : ক**

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম মুসলিম নাট্যকার মীর মশাররফ হোসেন। প্রথম নাটক- বসন্তকুমারী (১৮৭৩)। এর অন্যনাম 'বৃদ্ধস্য তরুণী ভার্যা'। নাটকটি নবাব আবদুল লতিফ খাঁ বাহাদুরকে উৎসর্গ করা হয়।

৭৯. রোকেয়া সাখাওয়াত হোসেন-এর জন্মসাল কত? *[সহকারী আবহাওয়াবিধ-০৭]*

ক. ১৮৭০　　খ. ১৮৭৫
গ. ১৮৮০　　ঘ. ১৮৮৫　　**উত্তর : গ**

৮০. কোনটি নজরুলের রচনা? *[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিধ-০৭]*

ক. শিশু ভোলানাথ　　খ. লীলাবতী
গ. চোখের চাতক　　ঘ. বালুচর　　**উত্তর : গ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের গানের সংকলন- চোখের চাতক। রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য- শিশু ভোলানাথ (১৯০৯)। দীনবন্ধু মিত্রের নাটক- লীলাবতী (১৮৬৭)। জসীম উদ্‌দীন রচিত কাব্য- বালুচর (১৯৩০)।

৮১. মানিক বন্দ্যোপাধ্যায় কোন ইজম বা বাদ দ্বারা প্রভাবিত? *[বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট-০৭]*

ক. রোমান্টিসিজম　　খ. ক্লাসিসিজম
গ. মার্কসিজম　　ঘ.পোস্ট মডার্নিজম　　**উত্তর : গ**

৮২. বাংলায় টাইপ রাইটার নির্মাণ করেন কে? *[বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট-০৭]*

ক. মুহম্মদ আবদুল হাই　　খ. হুমায়ুন আজাদ
গ. মোস্তফা জব্বার　　ঘ. মুনীর চৌধুরী　　**উত্তর : ঘ**

ব্যাখ্যা : মুনীর চৌধুরী বাংলা টাইপ রাইটিংয়ের কী-বোর্ড 'মুনীর অপটিমা'র (১৯৬৫) উদ্ভাবক। মোস্তফা জব্বার 'বিজয় বায়ান্ন' এর উদ্ভাবক।

৮৩. প্রমথ চৌধুরী একজন- *[সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৭]*

ক. কবি　　খ. নাট্যকার
গ. প্রাবন্ধিক　　ঘ. ঔপন্যাসিক　　**উত্তর : গ**

ব্যাখ্যা : প্রমথ চৌধুরী ৭ আগস্ট ১৮৬৮ সালে পিতার কর্মস্থল যশোরে জন্মগ্রহণ করেন। তিনি মূলত প্রাবন্ধিক। বাংলা চলিত গদ্যরীতির প্রবর্তক। ২ সেপ্টেম্বর, ১৯৪৬ শান্তিনিকেতনে মারা যান।

৮৪. 'জন্মেছি মাগো তোমার কোলেতে সবি সেন ঐই [illegible]

Scanned with CamScanner

৮৫. রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'পূরবী' কাব্য কাকে উৎসর্গ করেছিলেন? [সচিবালয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৭]

ক. মৈত্রেয় দেবী খ. হেমন্তবালা দেবী
গ. ভিক্টোরিয়া ওকাম্পো ঘ. কাদম্বরী দেবী

উত্তর : গ

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'পূরবী' (১৯২৫) কাব্য আর্জেন্টিনার কবি ভিক্টোরিয়া ওকাম্পোকে উৎসর্গ করেন। ১৯১৪ সালে ভিক্টোরিয়া ওকাম্পো রবীন্দ্রনাথের গীতাঞ্জলির ফরাসী অনুবাদ পড়ে কবির অনুরাগী হয়েছিলেন। ১৯২৪ সালের শেষ দিকে রবীন্দ্রনাথ পেরু সরকারের আমন্ত্রণে পেরুর উদ্দেশ্যে রওয়ানা দিয়ে পথে আর্জেন্টিনায় অসুস্থ হয়ে পড়েন। সেখানে কবি ভিক্টোরিয়া ওকাম্পোর আতিথেয়তায় দু'মাসের বেশি সময় কাটান। রবীন্দ্রনাথ তাকে 'বিজয়া' বলে সম্বোধন করতেন।

৮৬. কোন দু'জন বাংলা কাব্যে প্রচুর পরিমাণ আরবি ও ফার্সি শব্দের ব্যবহার করেন? [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা-০৭]

ক. কাজী নজরুল ইসলাম ও ড. মুহম্মদ শহীদুল্লাহ
খ. মোহিতলাল মজুমদার ও কাজী নজরুল ইসলাম
গ. আবদুল করিম সাহিত্য বিশারদ ও ঈশ্বরচন্দ্র গুপ্ত
ঘ. মীর মশাররফ হোসেন ও কায়কোবাদ

উত্তর : ঘ

৮৭. কোরআন শরীফের বাংলা অনুবাদক 'গিরিশচন্দ্র সেন' কোন ধর্মের অনুসারী ছিলেন? [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা-০৬]

ক. হিন্দু ধর্ম খ. খ্রিস্টান ধর্ম
গ. নাথ ঘ. ব্রাহ্ম ধর্ম

উত্তর : ঘ

ব্যাখ্যা : গিরিশচন্দ্র সেন ব্রাহ্ম ধর্মের অনুসারী ছিলেন। গিরিশচন্দ্র তৎকালীন ব্রাহ্ম ধর্ম প্রচারক কেশবচন্দ্র সেনের কাছে ব্রাহ্ম ধর্মের দীক্ষা গ্রহণ করেন। ব্রাহ্মসমাজ তাঁর কর্মনিষ্ঠায় মুগ্ধ হয়ে তাকে 'ভাই' উপাধিতে ভূষিত করে। কেশবচন্দ্র সেনের অনুরোধেই তিনি ইসলামী দর্শনের উপর গবেষণা শুরু করেন।

৮৮. জসীম উদ্‌দীন তাঁর বন্ধুকে কোন গাঁয়ে নিমন্ত্রণ করেছিলেন? [পররাষ্ট্র মন্ত্রণালয় ব্যক্তিগত কর্মকর্তা-০৬]

ক. পল্লী গাঁয়ে খ. কাজল গাঁয়ে
গ. শ্যামল গাঁয়ে ঘ. সবুজ গাঁয়ে

উত্তর : খ

ব্যাখ্যা : জসীম উদ্‌দীনের 'নিমন্ত্রণ' কবিতার চরণ- 'তুমি যাবে ভাই- যাবে মোর সাথে, ছোট সে কাজল গাঁয়। গলাগলি ধরি কলা বন; যেন ঘিরিয়া রয়েছে তায়।'

৮৯. বিদ্যাসাগরের অনুবাদ গ্রন্থ নয়- [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৬]

ক. শকুন্তলা খ. সীতার বনবাস
গ. কথামালা ঘ. ভ্রান্তিবিলাস

উত্তর : ঘ

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পাঠ্যবই কথামালা (১৮৫৬)। শকুন্তলা (১৮৫৪) কবি কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকের উপাখ্যান ভাগের অনুবাদ। বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭) বিদ্যাসাগরের বৈতাল পচ্চীসীর অনুবাদ। ভ্রান্তিবিলাস (১৮৬৯) Comdey of Errors এর অনুবাদ।

৯০. বেগম সুফিয়া কামাল কোন ধরনের কবি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০৬]

ক. মহাকবি খ. গীতিকবি
গ. পল্লীকবি ঘ. ছন্দের কবি

উত্তর : খ

ব্যাখ্যা : বেগম সুফিয়া কামাল 'গীতিকবি'। তিনি ১৯১১ সালের ২০ জুন বরিশালের শায়েস্তাবাদে (মামার বাড়ি) জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস কুমিল্লা।

Scanned with CamScanner

৯১. 'শেষের কবিতা' উপন্যাসে কোন ভাষাবিদের নাম পাওয়া যায়? *[নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা-০৬]*

ক. সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ. সুকুমার সেন
গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. পবিত্র সরকার **উত্তর : ক**

৯২. রবীন্দ্রনাথ মানবজীবনের সাথে কোনটির তুলনা করেছেন? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যাক্তিগত কর্মকর্তা-০৬]*

ক. নদী খ. বৃক্ষ
গ. পথ ঘ. পাহাড় **উত্তর : ক**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ মানবজীবনের সাথে নদীর তুলনা করেছেন। বৃক্ষের সাথে তুলনা করেছেন মোতাহের হোসেন চৌধুরী।

৯৩. বেগম রোকেয়া লেখনী ধারণ করেছিলেন-*[বাংলাদেশ টেলিভিশনের প্রযোজক-০৬]*

ক. নারীদের ধর্মীয় শিক্ষায় অনুপ্রাণিত করতে
খ. সমাজে ধনী-দরিদ্রের বৈষম্য দূর করতে
গ. শিশুদের নীতিকথা শিক্ষা দিতে
ঘ. নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করতে **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বেগম রোকেয়া নারী জাগরণের অগ্রদূত। তিনি নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করতে লেখনী ধারন করেছিলেন।

৯৪. কোনটি কাজী নজরুল ইসলামের রচনা নয়? *[সমাজসেবা অফিসার-০৬]*

ক. দোলনচাঁপা খ. শেষ প্রশ্ন
গ. কুহেলিকা ঘ. অগ্নিবীণা **উত্তর : খ**

ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস- শেষ প্রশ্ন (১৯৩১)। কাজী নজরুল ইসলাম রচিত কাব্য- অগ্নিবীণা (১৯২২), দোলন-চাঁপা (১৯২৩)। উপন্যাস- কুহেলিকা (১৯৩১)।

৯৫. মাইকেল মধুসূদন দত্তের জন্ম সাল কোনটি? *[বাংলাদেশ টেলিভিশনের প্রযোজক-০৬]*

ক. ১৮১৪ খ. ১৮২৪
গ. ১৮৩৪ ঘ. ১৮৪৪ **উত্তর : খ**

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত ১৮২৪ সালের ২৫ জানুয়ারি কপোতাক্ষ নদীর তীরবর্তী যশোরের কেশবপুর উপজেলার সাগড়দাঁড়ি গ্রামে এক কায়স্ত পরিবারে জন্মগ্রহণ করেন। পিতা রাজনরায়ণ দত্ত, মাতা জাহ্নবী দেবী। ২৯ জুন ১৮৭৩ সালে কলকাতা আলীপুর হাসপাতালে মারা যান।

৯৬. 'যুগস্রষ্টা নজরুল' গ্রন্থটি কার রচনা?*[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পার্সোনাল অফিসার-০৬]*

ক. কবি আতাউর রহমান খ. কবি বেনজীর আহমদ
গ. মাহমুদ নুরুল হুদা ঘ. খান মুহাম্মদ মঈনুদ্দীন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : খান মুহাম্মদ মঈনুদ্দীনের স্মৃতিচারণমূলক গ্রন্থ- যুগস্রষ্টা নজরুল (১৯৫৭)। এ গ্রন্থের জন্য ইউনেস্কো পুরস্কার (১৯৬০) লাভ করেন।

৯৭. 'আমাদের স্বপ্ন হোক ফসলের সুষম বন্টন'- কোন কবি বলেছেন? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৬]*

ক. সুকান্ত ভট্টাচার্য খ. সমর সেন
গ. জসীমউদ্‌দীন ঘ. আল মাহমুদ **উত্তর : খ**

ব্যাখ্যা : 'আমাদের স্বপ্ন হোক ফসলের সুষম বন্টন'- কবি সমর সেনের বিখ্যাত উক্তি। সমর সেন 'নাগরিক কবি' হিসেবে খ্যাত। উল্লেখ্য, আল মাহমুদের 'সোনালী কাবিন' কাব্যের চরণ- 'আমাদের ধর্ম হোক ফসলের সুষম বন্টন'।

Scanned with CamScanner

৯৮. রাবেয়া খাতুন বাংলা একাডেমি পুরস্কার পান- [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক-০৬]
ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ উত্তর : খ

৯৯. 'আলালের ঘরের দুলাল'- [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী পরিচালক-০৬]
ক. বঙ্কিমচন্দ্র প্রশংসিত গ্রন্থ খ. বিদ্যাসাগর প্রশংসিত গ্রন্থ
গ. রবীন্দ্রনাথ প্রশংসিত গ্রন্থ ঘ. কালীপ্রসন্ন সিংহ প্রশংসিত গ্রন্থ উত্তর : ক
ব্যাখ্যা : প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' সম্পর্কে বঙ্কিমচন্দ্র বলেছেন-"উহার পরে উৎকৃষ্ট গ্রন্থ তৎপরে কেহ প্রণীত করে থাকিতে পারেন, অথবা ভবিষ্যতে কেউ করিয়া থাকিতে পারিবেন, কিন্তু এই গ্রন্থ দ্বারা বাংলা সাহিত্যের যে উপকার হইয়াছে, আর কোন বাংলা গ্রন্থ দ্বারা সেই রূপ হয় নাই। এবং ভবিষ্যতে হইবে কিনা সন্দেহ।"

১০০. বাংলা গীতিকবিতার পূর্ণবিকাশ ঘটে কার হাতে- [সহকারী থানা শিক্ষা অফিসার-০৫]
ক. সত্যেন্দ্রনাথ খ. কাজী নজরুল ইসলাম
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. রজনীকান্ত সেন উত্তর : গ
ব্যাখ্যা : আধুনিক যুগে বাংলা গীতিকবিতার সূচনা হয় বিহারীলাল চক্রবর্তীর হাতে, আর পূর্ণবিকাশ ঘটে রবীন্দ্রনাথের হাতে। রবীন্দ্রনাথ ছিলেন বিহারীলালের অনুসারী। রবীন্দ্রনাথের 'কবিকাহিনী', 'বনফুল' ও 'ভগ্নহৃদয়' কাব্যে বিহারীলালের প্রভাব সুস্পষ্ট।

১০১. কবি জসীম উদ্‌দীনের 'কবর' কবিতার বিষয়বস্তু হলো- [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার-০৫]
ক. স্ত্রী বিয়োগের বেদনা বিলা খ. প্রিয়জন হারানোর মর্মান্তিক স্মৃতিচারণ
গ. সন্তান হারানোর শোকগাথা ঘ. বন্ধু বিচ্ছেদের করুণ কাহিনী উত্তর : খ

১০২. মধুসূদন খ্রিষ্ট ধর্মে দীক্ষিত হন- [সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক-০৫]
ক. ১৭৪৩ সালে খ. ১৮৪৩ সালে
গ. ১৯৪৩ সালে ঘ. ১৮৪৪ সালে উত্তর : খ
ব্যাখ্যা : ইংল্যান্ডে যাওয়া সুবিধার জন্য মধুসূদন দত্ত ১৮৪৩ সালের ৯ ফেব্রুয়ারি ওল্ড মিশন চার্চে পাদ্রী ডিলট্রির কাছে হিন্দুধর্ম ত্যাগ করে খ্রিস্টধর্ম গ্রহণ করেন। এ দিন থেকে তার নামের আগে 'মাইকেল' শব্দটি যোগ হয়। তার ধর্ম পরিবর্তন সমাজে ব্যাপক আলোড়ন সৃষ্টি করে। পিতা রাজনারায়ণ দত্ত তাকে ত্যাজ্যপুত্র ঘোষণা করে। হিন্দু কলেজ থেকে তিনি বিতাড়িত হন।

১০৩. আহসান হাবীবের কোন কবিতাগুলো সহজেই পাঠককে আকৃষ্ট করে? [রেলওয়ে হাসপাতালের সহকারী সার্জন-০৫]
ক. ব্যঙ্গাত্মক কবিতা খ. কৌতুক মিশ্রিত কবিতা
গ. সামাজিক কবিতা ঘ. স্নিগ্ধসুরের কবিতা উত্তর : ক

১০৪. নওয়াব ফয়জুন্নেসা চৌধুরী রচিত বইটির নাম কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-০৫]
ক. অবরোধবাসিনী খ. সুলতানার স্বপ্ন
গ. রূপজালাল ঘ. মায়াবী পর্দা দুলে উঠো উত্তর : গ
ব্যাখ্যা : নওয়াব ফয়জুন্নেসা চৌধুরী রচিত গদ্য ও পদ্য ছন্দে রচিত আত্মজীবনী ও কল্পকাহিনীমূলক একটি গ্রন্থ 'রূপজালাল'। এটি বাংলার একজন মুসলিম মহিলা কর্তৃক রচিত প্রথম একটি পূর্ণাঙ্গ সাহিত্যকর্ম। কবি আল মাহমুদের কাব্যগ্রন্থ- মায়াবী পর্দা দুলে উঠো।

১০৫. সুকান্ত ভট্টাচার্যের কবিতায় [বিশ্বযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অ
ক. রাজনৈতিক বিরোধ ও অনৈক্য
গ. ব্যক্তিগত স্বার্থপরতা ও নীতিহীনতা
ব্যাখ্যা : কবি সুকান্ত ভট্টাচার্যের কবিতায় সামাজি
হয়েছে। উত্তর : খ

১০৬. মীর মশাররফ হোসেন কোন ধরা
সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচি
ক. প্রবন্ধ গ্রন্থ খ.
গ. কাব্যগ্রন্থ ঘ.

১০৭. কাজী নজরুল ইসলামের পর
ব্যবহার করেন কে? [প্রতিরক্ষা মন্ত্রণা
ক. আবু সায়ীদ আইউব খ.
গ. জসীমউদ্‌দীন ঘ

১০৮. কবি গোলাম মোস্তফা পরলোক
ক. ১৯৬০ সালের ২৩ অক্টোবর
গ. ১৯৬৪ সালের ১৩ অক্টোবর
ব্যাখ্যা : গোলাম মোস্তফা ঝিনাইদহ জেলার
(৭ পৌষ ১৩০৪) জন্মগ্রহণ করেন। তিনি ১

১০৯. 'বিবি কুলসুম' কার রচনা? [স
ক. মোজাম্মেল হক
গ. মীর মশাররফ হোসেন
ব্যাখ্যা : 'বিবি কুলসুম' (১৯১০) মীর
মশাররফ হোসেনের দ্বিতীয় স্ত্রী। ১৮৭
'শান্তিকুঞ্জে' বিবি কুলসুমকে নিয়ে বসবাস

১১০. রবীন্দ্রনাথ শান্তিনিকেতন প্র
ক. ১৯০০ সালে
গ. ১৯০২ সালে
ব্যাখ্যা : 'শান্তিনিকেতন' পশ্চিমবঙ্গের
রবীন্দ্রনাথের পিতা দেবেন্দ্রনাথ ঠাকুর ১

১১১. কাজী নজরুল ইসলামের
ক. দরিদ্র কৃষক
গ. মাজারের খাদেম
ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের পি
মাজারের খাদেম। ১৯০৮ সালে যখ
য়স মাত্র নয় বছর।

Scanned with CamScanner

১০৫. সুকান্ত ভট্টাচার্যের কবিতায় কিসের বিরুদ্ধে প্রবল প্রতিবাদ ধ্বনিত হয়েছে? *[গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার-০৫]*

ক. রাজনৈতিক বিরোধ ও অনৈক্য খ. সামাজিক অনাচার ও বৈষম্য

গ. ব্যক্তিগত স্বার্থপরতা ও নীতিহীনতা ঘ. স্বদেশ প্রেমের অভাব ও নীতিহীনতা

ব্যাখ্যা : কবি সুকান্ত ভট্টাচার্যের কবিতায় সামাজিক অনাচার ও বৈষম্যের প্রবল প্রতিবাদ ধ্বনিত হয়েছে। **উত্তর : খ**

১০৬. মীর মশাররফ হোসেন কোন ধরনের রচনায় কৃতিত্ব দেখিয়েছেন? *[পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব-০৫]*

ক. প্রবন্ধ গ্রন্থ খ. ভ্রমণকাহিনী

গ. কাব্যগ্রন্থ ঘ. সাহিত্যরস সমৃদ্ধ গ্রন্থ **উত্তর : ঘ**

১০৭. কাজী নজরুল ইসলামের পর সাহিত্যে সবচেয়ে বেশি আরবি-ফারসি শব্দ ব্যবহার করেন কে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার-০৫]*

ক. আবু সায়ীদ আইউব খ. সৈয়দ মুজতবা আলী

গ. জমীসউদ্দীন ঘ. আহসান হাবীব **উত্তর : খ**

১০৮. কবি গোলাম মোস্তফা পরলোক গমন করেন- *[রেলওয়ে হাসপাতালের সহকারী সার্জন-০৫]*

ক. ১৯৬০ সালের ২৩ অক্টোবর খ. ১৯৬২ সালের ১০ অক্টোবর

গ. ১৯৬৪ সালের ১৩ অক্টোবর ঘ. ১৯৭০ সালের ১৩ অক্টোবর **উত্তর : গ**

ব্যাখ্যা : গোলাম মোস্তফা ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার মনোহরপুর গ্রামে ১৮৯৭ সালে (৭ পৌষ ১৩০৪) জন্মগ্রহণ করেন। তিনি ১৩ অক্টোবর ১৯৬৪ সালে ঢাকায় মারা যান।

১০৯. 'বিবি কুলসুম' কার রচনা? *[সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা সংগঠক-০৫]*

ক. মোজাম্মেল হক খ. কাজী ইমদাদুল হক

গ. মীর মশাররফ হোসেন ঘ. কায়কোবাদ **উত্তর : গ**

ব্যাখ্যা : 'বিবি কুলসুম' (১৯১০) মীর মশাররফ হোসেনের সর্বশেষ গ্রন্থ। বিবি কুলসুম মীর মশাররফ হোসেনের দ্বিতীয় স্ত্রী। ১৮৭৩ সালে বিবি কুলসুমকে বিয়ে করেন। টাঙ্গাইলের 'শান্তিকুঞ্জে' বিবি কুলসুমকে নিয়ে বসবাস করতেন।

১১০. রবীন্দ্রনাথ শান্তিনিকেতন প্রতিষ্ঠা করেন- *[তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার-০৫]*

ক. ১৯০০ সালে খ. ১৯০১ সালে

গ. ১৯০২ সালে ঘ. ১৯০৩ সালে **উত্তর : খ**

ব্যাখ্যা : 'শান্তিনিকেতন' পশ্চিমবঙ্গের বীরভূম জেলার বোলপুর শহরের নিকট একটি আশ্রম। রবীন্দ্রনাথের পিতা দেবেন্দ্রনাথ ঠাকুর ১৮৬৩ সালে এ আশ্রম প্রতিষ্ঠা করেন।

১১১. কাজী নজরুল ইসলামের পিতা ছিলেন- *[তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী তথ্য অফিসার-০৫]*

ক. দরিদ্র কৃষক খ. যাত্রাদলের ম্যানেজার

গ. মাজারের খাদেম ঘ. রুটির দোকানদার **উত্তর : গ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের পিতা কাজী ফকির আহমদ ছিলেন স্থানীয় মসজিদের ইমাম ও মাজারের খাদেম। ১৯০৮ সালে যখন কাজী ফকির আহমদ মারা যান কাজী নজরুল ইসলামের বয়স মাত্র নয় বছর।

Scanned with CamScanner

১১২. কবি আহসান হাবীবের কবিতার বৈশিষ্ট্য কি? *[সহকারী প্রকৌশলী (গণপূর্ত)-০৫]*

ক. প্রকৃতি প্রেম খ. গভীর জীবনবোধ ও আত্মমগ্নতা
গ. আত্মমগ্নতা ও প্রকৃতি প্রেম ঘ. বস্তুনিষ্ঠতা ও বাস্তবজীবনবোধ **উত্তর : ঘ**

১১৩. কাজী নজরুল কত বছর বয়সে বাকশক্তি হারিয়ে ফেলেন? *[তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী তথ্য অফিসার-০৫]*

ক. তেতাল্লিশ খ. পঞ্চাশ
গ. ষাট ঘ. সত্তর **উত্তর : ক**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম ১৯৪২ সালের ৯ জুলাই 'পিক্স ডিজিজ' নামক দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হন। মাত্র ৪৩ বছর বয়সে ক্রমশ চিরতরে বাকশক্তি হারান।

১১৪. বেগম রোকেয়ার শ্রেষ্ঠ গ্রন্থ কোনটি? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৪]*

ক. অবরোধবাসিনী খ. পদ্মরাগ
গ. সুলতানার স্বপ্ন ঘ. মতিচূর **উত্তর : ক**

ব্যাখ্যা : বেগম রোকেয়ার শ্রেষ্ঠ গ্রন্থ অবরোধবাসিনী (১৯৩১)। এতে নারীদের অবরোধের বিভিন্ন কাহিনী নকশা আকারে ফুটিয়ে তোলা হয়েছে। এতে মোট ৪৭টি নকশাধর্মী কাহিনী রয়েছে।

১১৫. বাংলা সাহিত্যের একজন আধুনিক কবি ১৯৪২ সালে 'এডগার এলান পো' বিরচিত 'টু হেলেন' কবিতা থেকে নিম্নের কোন কবিতাটি রচনা করেন? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৪]*

ক. জন্মই আমার আজন্ম পাপ খ. নোলক
গ. প্রেমাংশুর রক্ত চাই ঘ. বনলতা সেন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : জীবনানন্দ দাশের 'বনলতা সেন' কবিতায় Edgar Allan poe রচিত To Helen কবিতার প্রভাব রয়েছে। দাউদ হায়দারের কাব্যগ্রন্থ-' জন্মই আমার আজন্ম পাপ'। নির্মলেন্দু গুণের কাব্য- 'প্রেমাংশুর রক্ত চাই'। আল মাহমুদের কবিতা- 'নোলক'।

১১৬. কবি কাজী নজরুল প্রথম মহাযুদ্ধে কোথা থেকে কোথায় গিয়েছিলেন? *[তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২ : ০৪]*

ক. লাহোর থেকে করাচি খ. পেশোয়ার থেকে মেসোপটেমিয়া
গ. ইরান থেকে ইরাক ঘ. আফগানিস্তান থেকে কাশ্মীর **উত্তর :**

ব্যাখ্যা : সেনাবাহিনী প্রশিক্ষণের জন্য কবি কাজী নজরুল প্রথমে কলকাতা ফোর্ট উইলিয়াম, পরে সীমান্তবর্তী শহর নওশেরা (পেশোয়ারের একটি মহকুমা) যান। প্রশিক্ষণ শেষে করাচি সেনানিবাসে আসেন। সৈনিক জীবনের বাকী সময় করাচিতেই কাটে। প্রথম বিশ্বযুদ্ধের অংশ গ্রহণের জন্য নজরুল বাহিনী ইরাক যাওয়ার কথা ছিল কিন্তু যুদ্ধ থেমে যাওয়ায় যাওয়া হয় নি।

১১৭. 'বাতায়ন পাশে গুবাক তরুর সারি' কবিতায় 'গুবাক' শব্দের অর্থ কি? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৪]*

ক. খেজুর খ. নারিকেল
গ. ঝাউ ঘ. সুপারি **উত্তর : ঘ**

ব্যাখ্যা : গুবাক শব্দের অর্থ সুপারি বা সুপারি গাছ। কাজী নজরুল একবার মুসলিম এডুকেশন সোসাইটির বার্ষিক সভার প্রধান অতিথি হিসেবে চট্টগ্রামে এসেছিলেন। অবস্থান করেছিলেন খান বাহাদুর আব্দুল আজিজের বাসভবন আজিজ মঞ্জিলে। আজিজ মঞ্জিলের পাশে সুপারি গাছের (গুবাক তরুর) সারি দেখে মুগ্ধ হয়ে লিখেন বিখ্যাত কবিতা- 'বাতায়ন পাশে গুবাক তরুর সারি'। পরবর্তীতে কবিতাটি 'চক্রবাক' কাব্যের অর্ন্তভূক্ত করা হয়।

১১৮. জাতীয় কবির রচনা হল- *[দুর্নী*

ক. বেণু ও বীণা
গ. সুরগরল

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম রচিত গানে এ গ্রন্থটি ১৪ অক্টোবর ১৯৩১ সালে নিষিদ্ধ (১৯৩৬)। মোহিতলাল মজুমদার রচিত কা কাব্য- 'নিশান্তিকা' (১৯৫৭)।

১১৯. কোন গ্রন্থটি সরকার কর্তৃক *অফিসার-০৪]*

ক. বাংলা ভাষা খ. পূর্ব
গ. ভাষা আন্দোলনের ইতিহাস

ব্যাখ্যা : বদরুদ্দীন উমর রচিত গ্রন্থ- 'পূর্ব গ্রন্থটি পাকিস্তান সরকার কর্তৃক নিষিদ্ধ ভাষা। আহমদ রফিকের গ্রন্থ- 'ভাষা আ গ্রন্থ- 'একুশে ফেব্রুয়ারি।'

১২০. 'কত ছবি কত গান'-এর

ক. আবু ইসহাক
গ. আলাউদ্দিন আল আজাদ

ব্যাখ্যা : খোন্দকার মোহাম্মদ ইলিয়াস গঠনে সক্রিয় ভূমিকা পালন করেন। তার ছবি কতো গান (১৯৬৮), মুজিববাদ (১

১২১. কাজী নজরুল ইসলামকে *নির্বাচন অফিসার-০৪]*

ক. যুক্তরাজ্য
ঘ. যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামকে নি 'নজরুল', পরিচালকের নাম- ফিলিপ

১২২. ১৮৫৫ সালে বিদ্যাসাগ *[দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের*

ক. শকুন্তলা
গ. বর্ণপরিচয়

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পাঠ্য অন্যান্য পাঠ্যবই- ঋজুপাঠ (৩খন্ড আখ্যানমঞ্জরি (১৮৬৩)।

১২৩. কত সালে শরৎচন্দ্র *দেওয়া হয়? [সহকারী শ্রম*

ক. ১৯৩২ সালে
গ. ১৯৪০ সালে

ব্যাখ্যা : ঢাকা বিশ্ববিদ্যালয় শরৎচন্দ্র

Scanned with CamScanner

১১৮. জাতীয় কবির রচনা হল- *[দুর্নীতি দমন কমিশনের পরিদর্শক-০৪]*

ক. বেণু ও বীণা খ. চন্দ্রবিন্দু

গ. স্মরগরল ঘ. নিশান্তিকা **উত্তর : খ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম রচিত গানের সংকলন- চন্দ্রবিন্দু (১৯৩১)। বিদ্রোহের অভিযোগে এ গ্রন্থটি ১৪ অক্টোবর ১৯৩১ সালে নিষিদ্ধ হয়। কবি সত্যেন্দ্রনাথ দত্তের কাব্য- 'বেণু ও বীণা' (১৯০৬)। মোহিতলাল মজুমদার রচিত কাব্য- 'স্মরগরল' (১৯৩৬)। যতীন্দ্রনাথ সেনগুপ্ত রচিত কাব্য- 'নিশান্তিকা' (১৯৫৭)।

১১৯. কোন গ্রন্থটি সরকার কর্তৃক বাজেয়াপ্ত ঘোষিত হয়েছিল? *[উপজেলা নির্বাচন অফিসার-০৪]*

ক. বাংলা ভাষা খ. পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি

গ. ভাষা আন্দোলনের ইতিহাস ঘ. একুশে ফেব্রুয়ারি **উত্তর : খ**

ব্যাখ্যা : বদরুদ্দীন উমর রচিত গ্রন্থ- 'পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি'। এ গ্রন্থটি পাকিস্তান সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত হয়। হুমায়ুন আজাদ সম্পাদনা করেছেন- বাংলা ভাষা। আহমদ রফিকের গ্রন্থ- 'ভাষা আন্দোলনের ইতিহাস'। হাসান হাফিজুর রহমান সম্পাদিত গ্রন্থ- 'একুশে ফেব্রুয়ারি।'

১২০. 'কত ছবি কত গান'-এর লেখক? *[পিএসসির সহকারী পরিচালক-০৪]*

ক. আবু ইসহাক খ. খোন্দকার মোঃ ইলিয়াস

গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. আবুল ফজল **উত্তর : খ**

ব্যাখ্যা : খোন্দকার মোহাম্মদ ইলিয়াস ভাষা আন্দোলনের অন্যতম নেতা। মাওলানা ভাসানীর ন্যাপ গঠনে সক্রিয় ভূমিকা পালন করেন। তার প্রকাশিত গ্রন্থ- ভাসানী যখন ইউরোপে (১৯৫৭), কতো ছবি কতো গান (১৯৬৮), মুজিববাদ (১৯৭২), রাষ্ট্রভাষা আন্দোলন প্রভৃতি।

১২১. কাজী নজরুল ইসলামকে নিয়ে কোন দেশে চলচ্চিত্র নির্মাণ করা হয়? *[উপজেলা নির্বাচন অফিসার-০৪]*

ক. যুক্তরাজ্য খ. কানাডা

ঘ. যুক্তরাষ্ট্র ঙ. ভারত **উত্তর : খ**

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামকে নিয়ে কানাডায় চলচ্চিত্র নির্মাণ করা হয়েছে। চলচ্চিত্রটির নাম 'নজরুল', পরিচালকের নাম- ফিলিপ স্পারেল।

১২২. ১৮৫৫ সালে বিদ্যাসাগরের লেখা কোন বইটি ক্লাসিক মর্যাদা লাভ করেছে? *[দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রকল্প কর্মকর্তা- ০৪, পিএসসির সহকারী পরিচালক-৯৮]*

ক. শকুন্তলা খ. সীতার বনবাস

গ. বর্ণপরিচয় ঘ. ভ্রান্তিবিলাস **উত্তর : গ**

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পাঠ্যবই 'বর্ণপরিচয়' (১৮৫৫) ক্লাসিক মর্যাদা লাভ করেছে। তার অন্যান্য পাঠ্যবই- ঋজুপাঠ (৩খন্ড, ১৮৫১-৫২), বোধোদয় (১৮৫১), কথামালা (১৮৫৬), আখ্যানমঞ্জরি (১৮৬৩)।

১২৩. কত সালে [illegible]

Scanned with CamScanner

১২৪. বাংলাদেশের আধুনিক ঔপন্যাসিকদের মধ্যে সর্বাধিক বিশিষ্ট ঔপন্যাসিক কে? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক-০৩]*

ক. আবু ইসহাক খ. শওকত ওসমান
গ. সফীউদ্দীন সরকার ঘ. হুমায়ূন আহমেদ

উত্তর : ঘ
ব্যাখ্যা : বাংলাদেশের আধুনিক ঔপন্যাসিকদের মধ্যে সবচেয়ে জনপ্রিয় হুমায়ূন আহমেদ।

১২৫. যে বইতে যাযাবর বলেছেন 'আধুনিক সভ্যতা দিয়েছে বেগ, নিয়েছে আবেগ' তার নাম- *[ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা-০৩]*

ক. বৃষ্টিপাত খ. কৃষ্টিপাত
গ. জামপাত ঘ. দৃষ্টিপাত

উত্তর : খ
ব্যাখ্যা : বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়ের ছদ্মনাম- যাযাবর। তিনি 'দৃষ্টিপাত' বইয়ে বলেছেন- 'আধুনিক সভ্যতা দিয়েছে বেগ, নিয়েছে আবেগ'।

১২৬. চলিত বাংলা গদ্যের সার্থক প্রবর্তন করেন কে? *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার-০৩]*

ক. টেকচাঁদ খ. বিদ্যাসাগর
গ. বীরবল ঘ. বনফুল

উত্তর : গ

১২৭. বাংলা কবিতায় ছন্দ রচনায় এবং ছন্দ উদ্ভাবনে অপ্রতিদ্বন্দ্বী ছিলেন- *[শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক-০৩]*

ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ.আব্দুল কাদির
গ. ফররুখ আহমদ ঘ. তালিম হোসেন

উত্তর : ক

১২৮.বাংলা সাহিত্যের প্রথম মহাকবি- *[গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক-০৩]*

ক. কায়কোবাদ খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. বিহারীলাল চক্রবর্তী

উত্তর : গ
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম মহাকবি মাইকেল মধুসূদন দত্ত। তার রচিত প্রথম মহাকাব্য 'মেঘনাদবধ কাব্য'।

১২৯. কোন প্রতিষ্ঠানের সংগ্রহে আবদুল করিম সাহিত্যবিশারদ কর্তৃক সংগৃহীত প্রাচীন পাণ্ডুলিপি নেই? *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী শ্রম অফিসার-০৩]*

ক. রামমালা রিসার্চ ইনষ্টিটিউট, কুমিল্লা খ. বরেন্দ্র রিসার্চ মিউজিয়াম, রাজশাহী
গ. ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ঘ. বাংলা একাডেমি, ঢাকা

উত্তর :ক
ব্যাখ্যা : রামমালা রিসার্চ ইনষ্টিটিউট, কুমিল্লা। বাকী তিন প্রতিষ্ঠানেই আবদুল করিমের সংগৃহীত প্রাচীন পাণ্ডুলিপি রয়েছে।

১৩০. বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা কবি বলা হয়? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর-০৩]*

ক. কামিনী রায় খ. খালেদা এদিব চৌধুরী
গ. সুফিয়া কামাল ঘ. নীলিমা ইব্রাহিম

উত্তর : গ
ব্যাখ্যা : বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা কবি বেগম সুফিয়া কামাল। খালেদা এদিব চৌধুরী ষাটের দশকের বিশিষ্ট কবি ও কথাসাহিত্যিক। তাঁর রচিত কাব্য- আমার দাহ আমার হাত (১৯৭৮), পাথরের আগুন (১৯৮৫)। উপন্যাস- অনন্ত মধ্যাহ্ন রাত (১৯৮০), ঝরো বৃষ্টি ঝরো (২০০৬)।

Scanned with CamScanner

১৩১. জীবনানন্দ দাশ প্রধানত-[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পুলিশ সহকারী রসায়নবিদ-০২]
ক. ছন্দের কবি খ. ভাবের কবি
গ. প্রকৃতির কবি ঘ. মানুষের কবি **উত্তর : গ**
ব্যাখ্যা : জীবনানন্দ দাশ প্রধানত- প্রকৃতির কবি। 'ছন্দের কবি' সত্যেন্দ্রনাথ দত্ত। 'গণমানুষের কবি' দিলওয়ার।

১৩২. 'জাতির পতাকা আজ খামচে ধরছে সেই পুরানো শকুন' উক্তিটি কার? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০১]
ক. নির্মলেন্দু গুণ খ. সিকান্দার আবু জাফর
গ. রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ ঘ. তসলিমা নাসরীন **উত্তর : গ**
ব্যাখ্যা : 'জাতির পতাকা আজ খামচে ধরছে সেই পুরানো শকুন' উক্তিটি রুদ্র মুহম্মদ শহিদুল্লাহর 'বাতাসে লাশের গন্ধ' কবিতা থেকে নেওয়া।

১৩৩. কবি জীবনানন্দ দাশের উপর যে বিদেশি গবেষক গবেষণা করেন তার নাম- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০১]
ক. আলবার্ট হেনরিখ খ. ইউলিয়াচ রাদিমি
গ. ক্লিনটন বি. সিলি ঘ. টেড হিউস **উত্তর : গ**
ব্যাখ্যা : মার্কিন অধ্যাপক ক্লিনটন বুথ সিলি মার্কিন শান্তি মিশনের সদস্য হিসেবে (১৯৬৩-৬৫) সালে পূর্ব বাংলায় এসেছিলেন। কর্মক্ষেত্র ছিল বরিশাল। তিনি জীবনানন্দ দাশের কবিতা নিয়ে পিএইচডি (১৯৭৬) করেছেন। জীবনানন্দ দাশ সম্পর্কে তার লেখা গ্রন্থ 'অ্যা পোয়েট অ্যাপার্ট'।

১৩৪. রবীন্দ্রনাথ কোন বিশ্ববিজ্ঞানীর সাথে দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেছিলেন? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]
ক. আইনস্টাইন খ. নিউটন
গ. শ্রডিঙ্গার ঘ. ম্যাক্স প্ল্যাংক **উত্তর : ক**
ব্যাখ্যা : বিশ্বকবি রবীন্দ্রনাথ বিজ্ঞানী আইনস্টাইন-এর সাথে দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেছিলেন। রবীন্দ্রনাথ ও আইস্টাইনের সাক্ষাৎ হয় মোট ৪ বার। প্রথমবার ১৯২৬ সালের ১৪ সেপ্টেম্বর জার্মানিতে এবং শেষবার ১৯৩০ সালের ১৫ ডিসেম্বর আমেরিকায়।

১৩৫. 'বিশ্বভারতী' কে প্রতিষ্ঠা করেন?[প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক-০১]
ক. মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. অবনীন্দ্রনাথ ঠাকুর ঘ. রথীন্দ্রনাথ ঠাকুর **উত্তর : খ**
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর ১৯০১ সালে শান্তি নিকেতনে 'ব্রহ্মচর্যাশ্রম' নামে একটি আবাসিক বিদ্যালয় স্থাপন করেন যা ১৯২১ সালে 'বিশ্বভারতী' বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়।

১৩৬. বাংলাদেশে নারী শিক্ষার প্রসারে অগ্রদূত? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক-০১]
ক. নবাব ফয়জুন্নেসা খ. বেগম শামসুন নাহার মাহমুদ
গ. বেগম সুফিয়া কামাল ঘ. বেগম রোকেয়া **উত্তর : ঘ**

১৩৭. মাইকেল মধুসূদন দত্তের প্রধান অবদান কোনটি? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপপরিচালক-০১]
ক. মহাকাব্য রচনা খ. দেশপ্রেম বিষয়ক রচনা
গ. সনেটের প্রবর্তন ঘ. প্রহসন রচয়িতা **উত্তর : ক**

Scanned with CamScanner

১৩৮. কাজী নজরুল ইসলামের কবর কোথায় অবস্থিত? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী রসায়নবিদ-০১]*

ক. আজিমপুর কবরস্থানে খ. মীরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে
গ. ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদের পাশে ঘ. বনানীতে

উত্তর : গ

ব্যাখ্যা : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ২৯ শে আগস্ট ১৯৭৬ (১৩৮৩ বঙ্গাব্দ ১২ ভাদ্র) সকাল ১০ টা ১০ মিনিটে ঢাকার পিজি হাসপাতালে ইন্তিকাল করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে তাকে সমাহিত করা হয়।

১৩৯. কোন সাহিত্যিক ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের শহীদ বুদ্ধিজীবী? *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]*

ক. জহির রায়হান খ. নিজাম উদ্দিন
গ. অধ্যাপক গিয়াস উদ্দীন ঘ. মুনীর চৌধুরী

উত্তর : ঘ

ব্যাখ্যা : মুনীর চৌধুরী ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর নিখোঁজ হন। জহির রায়হান ১৯৭২ সালের ৩০ জানুয়ারি মিরপুরে নিখোঁজ ভাই শহীদুল্লা কায়সারকে খুঁজতে গিয়ে আর ফিরে আসেন নি। তাঁর লাশও পাওয়া যায় নি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক গিয়াস উদ্দীন আহমেদকে ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর আল বদর বাহিনী মিরপুর বধ্যভূমিতে নিয়ে হত্যা করে।

১৪০. মাইকেল মধুসূদন দত্তের মৃত্যু হয় কোথায়? *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]*

ক. ভার্সাই নগরে খ. আলিপুর হাসপাতালে
গ. কলকাতা মেডিকেল কলেজ ঘ. সাগরদাঁড়ি নিজ হাসপাতালে

উত্তর : খ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত ২৯ জুন ১৮৭৩ সালে কলকাতা আলীপুর হাসপাতালে মারা যান।

১৪১. 'এলাটিং বেলাটিং' ও 'ধান ভানলে কুড়ো দেব' শিশুতোষ গ্রন্থের রচয়িতা কে? *[প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক-০১]*

ক. শামসুর রাহমান খ. রোকনুজ্জামান খান দাদাভাই
গ. আল মাহমুদ ঘ. জাফর ইকবাল

উত্তর : ক

ব্যাখ্যা : শামসুর রাহমানের শিশুতোষ গ্রন্থ- এলাটিং বেলাটিং (১৯৭৫), ধান ভানলে কুঁড়ো দেব (১৯৭৭), লাল ফুলকির ছড়া (১৯৯৫)।

১৪২. ..... গ্রন্থটি সৈয়দ মুজতবা আলীর লেখা? *[সাব রেজিস্ট্রার-০১]*

ক. বিলাতের পত্র খ. পথে-প্রবাসে
গ. অবিশ্বাস্য ঘ. ইয়োরোপা

উত্তর : গ

গ. ১৯৫২ খ্রিষ্টাব্দ ঘ. ১৩৫২ বঙ্গাব্দ
উত্তর : ক
ব্যাখ্যা : ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। পূর্বনাম বর্ধমান হাউস (তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন। স্থাপিত ১৯০৬)। উদ্বোধন করে তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী আবু হোসেন সরকার। ১৯৫৬ সালের প্রথম পরিচালক নিযুক্ত হন অধ্যাপক মুহম্মদ এনামুল হক। বাংলা একাডেমি থেকে প্রকাশিত প্রথম বই আহমদ শরীফ সম্পাদিত দৌলত উজির বাহরাম খানের 'লাইলী মজনু'। ১৯৬০ সাল থেকে বাংলা একাডেমি পুরস্কার দেওয়া হয়। ১৯৭২ সালের প্রথম মহাপরিচালক হিসেবে যোগদান করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক মযহারুল ইসলাম।

২. বাংলা একাডেমির 'আঞ্চলিক অভিধান' সম্পাদনা কে করেন? [২৪তম বিসিএস (বাতিল)]
ক. মুহম্মদ শহীদুল্লাহ খ. মুহম্মদ এনামুল হক
গ. মুহম্মদ মনসুর আহমদ ঘ. মুহম্মদ আবদুল হাই
উত্তর : ক
ব্যাখ্যা : মুহম্মদ শহীদুল্লাহ রচিত অভিধান- আঞ্চলিক ভাষার অভিধান (১৯৬৫)। এটি বাংলা ভাষার প্রথম আঞ্চলিক অভিধান। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের উপভাষার একটি সংকলনগ্রন্থ।

Scanned with CamScanner

৩. প্রথম বাংলা 'থিসরাস' (সমার্থক শব্দ) অভিধান সংকলন করেছেন-*[২৩তম বিসিএস]*
ক. অশোক মুখোপাধ্যায় খ. জগন্নাথ চক্রবর্তী
গ. মুহম্মদ হাবিবুর রহমান ঘ. মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর : ক**
ব্যাখ্যা : প্রথম বাংলা 'থিসরাস' বা সমার্থক শব্দ অভিধান সংকলন করেছেন অশোক মুখোপাধ্যায়। 'বাংলা একাডেমির ইংরেজি বাংলা অভিধান'-এর প্রধান সম্পাদক জিল্লুর রহমান সিদ্দিকী। 'বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান'-এর সম্পাদক আহমদ শরীফ। 'বাংলা একাডেমির আঞ্চলিক অভিধান' সম্পাদনা করেন- ড. মুহম্মদ শহীদুল্লাহ।

৪. 'বাংলা একাডেমির সংক্ষিপ্ত বাংলা অভিধান'-এর সম্পাদক কে? *[২২তম বিসিএস]*
ক. মুহম্মদ আব্দুল হাই খ. মুহম্মদ শহীদুল্লাহ
গ. মুহাম্মদ এনামুল হক ঘ. আহমদ শরীফ **উত্তর : ঘ**
ব্যাখ্যা : 'বাংলা একাডেমির সংক্ষিপ্ত বাংলা অভিধান'-এর সম্পাদক আহমদ শরীফ, 'বাংলা একাডেমি আঞ্চলিক অভিধান'-এর সম্পাদক ড. মুহম্মদ শহীদুল্লাহ, 'বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান'-এর সম্পাদক মুহম্মদ এনামুল হক ও শিবপ্রসন্ন লাহিড়ী।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. বাংলা ভাষায় বহুল প্রচলিত অভিধান 'চলন্তিকা' এর প্রণেতা কে? *[পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-১৮]*
ক. কাজী আব্দুল ওদুদ খ. হরিচরণ বন্দ্যোপাধ্যায়
গ. রাজশেখর বসু ঘ. সুবলমিত্র **উত্তর : গ**
ব্যাখ্যা : রাজশেখর বসু 'চলন্তিকা' অভিধানের প্রণেতা। হরিচরণ বন্দ্যোপাধ্যায় 'বঙ্গীয় শব্দকোষ' নামে অভিধান সংকলন করেন।

২. একুশে গ্রন্থমেলার আয়োজক সংস্থার নাম কী? *[সহকারী পরিবার পরিকল্পনা কর্মকতা-১৬]*
ক. শিল্পকলা একাডেমি খ. গ্রন্থাগার অধিদপ্তর
গ. শিক্ষা অধিদপ্তর ঘ. বাংলা একাডেমি **উত্তর : ঘ**
ব্যাখ্যা : একুশে গ্রন্থমেলার আয়োজক বাংলা একাডেমি। 'মুক্তধারা' প্রকাশনা প্রতিষ্ঠানের কর্ণধার চিত্তরঞ্জন সাহা প্রথম বাংলা একাডেমিতে বইমেলা শুরু করেন। ১৯৭৮ সাল থেকে আনুষ্ঠানিকভাবে বাংলা একাডেমি প্রাঙ্গণে বইমেলা শুরু হয়। ১৯৮৪ সালে বইমেলাকে 'অমর একুশে গ্রন্থমেলা' নামকরণ করা হয়।

৩. বাংলা একাডেমির ইংরেজি-বাংলা অভিধানের প্রধান সম্পাদক কে? *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদশক-০৩]*
ক. ড. আনিসুজ্জামান খ. জিল্লুর রহমান সিদ্দিকী
গ. নরেন বিশ্বাস ঘ. আবু ইসহাক **উত্তর : খ**

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. ২০১৪ সালে বাংলা একাডেমি থেকে ৩ খণ্ডে প্রকাশিত অভিধানটির নাম- *[রাবি (খ ইউনিট) ১৪-১৫]*
ক. বিবর্তনমূলক বাংলা অভিধান খ. বাংলা ভাষার বিবর্তনমূলক অভিধান
গ. বাংলা বিবর্তনমূলক অভিধান ঘ. বৃহৎ বাংলা অভিধান **উত্তর : খ**
ব্যাখ্যা : প্রায় সোয়া লাখ শব্দের সংযোজন করে ২০১৪ সালে বাংলা একাডেমি থেকে ৩ খণ্ডে প্রকাশিত হয়েছে 'বাংলা ভাষার বিবর্তনমূলক অভিধান'। অভিধানটি সম্পাদনা করেছেন অধ্যাপক ড. গোলাম মুরশিদ। এটি বাংলা ভাষায় রচিত সবচেয়ে বড় অভিধান। উল্লেখ্য ১৮১৭ সালে রামচন্দ্র বিদ্যাবাগীশ রচিত প্রথম বাংলা ভাষায় অভিধান প্রকাশিত হয়।

Scanned with CamScanner

২. বাংলা একাডেমির মূল ভবনের পূর্বনাম- *[ঢাবি (চ ইউনিট) ১৪-১৫]*
ক. বাংলা ভবন খ. বর্ধমান হাউজ
গ. চামেলী হাউজ ঘ. আহসান মঞ্জিল
উত্তর : খ

৩. 'যথাশব্দ' গ্রন্থটি কার লেখা? *[চবি (ই ইউনিট) ১৪-১৫]*
ক. আনিসুজ্জামান খ. সৈয়দ শামসুল হক গ. হায়াৎ মামুদ
ঘ. মুহাম্মদ হাবিবুর রহমান ঙ. মুহম্মদ ইদরিস আলী
উত্তর : ঘ
ব্যাখ্যা : বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান রচিত বাংলা ভাষার প্রথম ভাব অভিধান- 'যথাশব্দ'। গ্রন্থটি ১৯৭৪ সালের ডিসেম্বর মাসে বাংলা একাডেমি থেকে প্রকাশিত হয়।

৪. ইংরেজি বাংলা পরিভাষা রচনার ক্ষেত্রে স্মরণীয়- *[চবি (ই ইউনিট) ১৩-১৪]*
ক. রামেন্দ্রসুন্দর ত্রিবেদী খ. প্রমথ চৌধুরী গ. প্যারীচাঁদ মিত্র
ঘ. রাধানাথ শিকদার ঙ. সৈয়দ এয়াকুব আলী
উত্তর : ক

৫. বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত ব্যাকরণগ্রন্থের নাম-*[রাবি (আইন বিভাগ) ১২-১৩]*
ক. বাংলা ভাষার আদর্শ ব্যাকরণ খ. মান বাংলা ভাষার ব্যাকরণ
গ. প্রমিত ভাষার বাংলা ব্যাকরণ ঘ. প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ
উত্তর : ঘ
ব্যাখ্যা : বাংলা একাডেমি ও পশ্চিমবঙ্গের বাংলা আকাদেমির সহযোগিতায় ২০১২ সালের প্রকাশিত হয়েছে 'প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ' (২ খণ্ড)। গ্রন্থটি সম্পাদনা করেছেন বাংলাদেশের অধ্যাপক রফিকুল ইসলাম এবং পশ্চিমবঙ্গের অধ্যাপক পবিত্র সরকার। এতে ২৪ জন ব্যাকরণবিদের রচনা স্থান পেয়েছে।

৬. 'বাংলা আঞ্চলিক ভাষার অভিধান' কার কাজ? *[রাবি (খ ইউনিট) ১১-১২]*
ক. আহমদ শরীফ খ. মুহম্মদ এনামুল হক
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. গোলাম সাক্লায়েন
উত্তর : গ

বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ক গ্রন্থ

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থসমূহের মধ্যে কোনটি ড. মুহম্মদ শহীদুল্লাহর লেখা? *[৩৭তম বিসিএস, ২৬তম বিসিএস]*
ক. বঙ্গভাষা ও সাহিত্য খ. বাঙ্গালা সাহিত্যের ইতিহাস
গ. বাংলা সাহিত্যের ইতিবৃত্ত ঘ. বাংলা সাহিত্যের কথা
উত্তর : ঘ
ব্যাখ্যা : ড. মুহম্মদ শহীদুল্লাহর গ্রন্থের নাম- বাংলা সাহিত্যের কথা (১৯৫৩)। ড. দীনেশচন্দ্র সেন রচিত গ্রন্থ- 'বঙ্গভাষা ও সাহিত্য' (১৮৯৬)। সুকুমার সেন রচিত গ্রন্থ- 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস'। মুহম্মদ এনামুল হক ও সৈয়দ আলী আহসান যৌথভাবে রচনা করেন- 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত' (১৯৬৮)।

২. মুহম্মদ আবদুল হাই রচিত ধ্বনিবিজ্ঞান বিষয়ক গ্রন্থের নাম কি? *[৩৭তম বিসিএস]*
ক. বাংলা ধ্বনি বিজ্ঞান খ. আধুনিক বাংলা ধ্বনিবিজ্ঞান
গ. ধ্বনিবিজ্ঞানের কথা ঘ. ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব
উত্তর : ঘ
ব্যাখ্যা : মুহম্মদ আবদুল হাই রচিত 'ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব' (১৯৬৪) একটি গবেষণাগ্রন্থ। দশটি অধ্যায়ে সাজানো হয়েছে বইটি। ধ্বনিবিজ্ঞান ও ধ্বনিতত্ত্বের মত কঠিন বিষয়কে লেখক অত্যন্ত সহজ, সরলভাবে উপস্থাপন করেছেন।

Scanned with CamScanner

৩. **'The Origin and Development of Bengali Language' গ্রন্থটি রচনা করেছেন-** *[৩৩তম বিসিএস]*

ক. মুম্মদ শহীদুল্লাহ খ. সুনীতি কুমার চট্টোপাধ্যায়
গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. জর্জ গ্রিয়ারসন **উত্তর : খ**

ব্যাখ্যা : ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচিত গ্রন্থ 'Origin and Development of Bengali Language (ODBL)' (১৯২৬)। ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত গ্রন্থ- 'বাংলা সাহিত্যের কথা'।

৪. **বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ কোনটি?** *[২৭তম বিসিএস]*

ক. বঙ্গভাষা ও সাহিত্য খ. মুসলিম মানস ও বাংলা সাহিত্য
গ. বাংলা গদ্যরীতির ইতিহাস ঘ. বাংলা সাহিত্যের রূপরেখা **উত্তর : ক**

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ 'বঙ্গভাষা ও সাহিত্য' (১৮৯৬)। তবে বাংলা সাহিত্য ইতিহাস রচনার প্রথম প্রচেষ্টা রামগতি ন্যায়রত্নের 'বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য বিষয়ক প্রস্তাব' (১৮৭৩)। 'মুসলিম মানস ও বাংলা সাহিত্য' আনিসুজ্জামান রচিত গ্রন্থ। 'বাংলা সাহিত্যের রূপরেখা' গোপাল হালদার রচিত গ্রন্থ।

৫. **কে প্রথম সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?** *[২৬তম বিসিএস]*

ক. স্যার উইলিয়াম জোন্স খ. স্যার উইলিয়াম কেরী
গ. রাজীব লোচন মুখোপাধ্যায় ঘ. ব্রাসি হ্যালহেড **উত্তর : ঘ**

ব্যাখ্যা : নাথানিয়াল ব্রাসি হ্যালহেড ১৭৭৮ সালে সর্বপ্রথম A Grammar of the Bengal Language গ্রন্থে বাংলা মুদ্রিত অক্ষর ব্যবহার করেন।

৬. **বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস বিষয়ক গ্রন্থ কে রচনা করেন?** *[২৫তম বিসিএস, ২২তম বিসিএস]*

ক. সুকুমার সেন খ. দীনেশচন্দ্র সেন
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. অসিতকুমার বন্দ্যোপাধ্যায় **উত্তর : খ**

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস বিষয়ক গ্রন্থ রচনা করেন ড. দীনেশচন্দ্র সেন 'বঙ্গভাষা ও সাহিত্য' (১৮৯৬)। তিনি কুমিল্লায় অবস্থানকালে গ্রামবাংলার বিভিন্ন অঞ্চল ঘুরে পুঁথি সংগ্রহ করেন এবং এ সকল পুঁথি থেকে উপকরণ নিয়ে রচনা করেন এ অসাধারণ গ্রন্থ।

৭. **'বাঙ্গলা ভাষার ইতিবৃত্ত' কার রচনা?** *[২৪তম বিসিএস]*

ক. সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ. সুকুমার সেন
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. মুহম্মদ এনামুল হক **উত্তর : গ**

ব্যাখ্যা : ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত গ্রন্থ- বাংলা সাহিত্যের কথা (১৯৫৩), ভাষা ও সাহিত্য (১৯৩১), বাঙ্গলা ভাষার ইতিবৃত্ত (১৯৬৫)। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচিত গ্রন্থ 'ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' (১৯৩৯)। সুকুমার সেন- 'বাংলা সাহিত্যের ইতিহাস'। মুহম্মদ এনামুল হক- 'মুসলিম বাঙলা সাহিত্য' (১৯৫৭)।

৮. **'ভাষা প্রকাশ বাঙালা ব্যাকরণ' গ্রন্থের রচয়িতা কে?** *[২২তম বিসিএস]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচিত গ্রন্থ- বাংলা ভাষাতত্ত্বের ভূমিকা (১৯২৯), পশ্চিমের যাত্রী (১৯৩৮), ভাষা প্রকাশ বাঙালা ব্যাকরণ (১৯৩৯), ভারতের ভাষা ও ভাষা সমস্যা (১৯৪৪)।

Scanned with CamScanner

৯. বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (আধুনিক) কারা রচনা করেন? *[২২তম বিসিএস]*

ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ ও সৈয়দ আলী আহসান
খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ও মুহম্মদ আব্দুল হাই
গ. মুহম্মদ আব্দুল হাই, আনিসুজ্জামান ও আনোয়ার পাশা
ঘ. মুহম্মদ আব্দুল হাই ও সৈয়দ আলী আহসান

উত্তর : ঘ

ব্যাখ্যা : মুহম্মদ আবদুল হাই 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত' (১৯৬৮) গ্রন্থটি সৈয়দ আলী আহসান সহযোগে রচনা করেন। 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত' নামে অপর একটি গ্রন্থ রচনা করেন ড. অসিত কুমার বন্দ্যোপাধ্যায়।

১০. 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' কার রচনা? *[২১তম বিসিএস]*

ক. মুহম্মদ শহীদুল্লাহ খ. মুহম্মদ আব্দুল হাই
গ. মুনীর চৌধুরী ঘ. মোফাজ্জের হোসেন চৌধুরী

উত্তর : ক

ব্যাখ্যা : ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত গ্রন্থ- বাংলা সাহিত্যের কথা (১৯৫৩), বৌদ্ধ মর্মবাদীর গান (১৯৬০), ভাষা ও সাহিত্য (১৯৩১), বাংলা ব্যাকরণ (১৯৫৮), বাংলা ভাষার ইতিবৃত্ত (১৯৬৫)। তার রচিত প্রবন্ধ গ্রন্থ- ইকবাল (১৯৪৫), আমাদের সমস্যা (১৯৪৯), বাংলা আদব কি তারিখ।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. হুমায়ুন আজাদ রচিত শিশু-কিশোরদের গ্রন্থ কোনটি? *[ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]*

ক. লালনীল দীপাবলি খ. অচিন যাদুকর
গ. ঘুম ভাঙানো নদী ঘ. ফুল পাখি সৌরভ

উত্তর : ক

ব্যাখ্যা : হুমায়ুন আজাদ রচিত শিশু-কিশোরদের গ্রন্থ- 'লালনীল দীপাবলি'। এটি বাংলা সাহিত্য বিষয়ক গ্রন্থ। আমীরুল ইসলামের কিশোর উপন্যাস 'অচিন যাদুকর'। জুবাইদা গুলশান আরা রচিত শিশু কিশোর ছাড়া কবিতা গ্রন্থ- 'ঘুম ভাঙানো নদী'।

২. 'লাল নীল দীপাবলি' কার রচনা? *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক-১৩]*

ক. শামসুর রাহমান খ. হুমায়ুন আজাদ
গ. হুমায়ূন আহমেদ ঘ. সৈয়দ শামসুল হক

উত্তর : খ

ব্যাখ্যা : হুমায়ুন আজাদ রচিত ভাষা ও সাহিত্যের ইতিহাস বিষয়ক- লাল নীল দীপাবলি বা বাংলা সাহিত্যের জীবনী (১৯৭৬), কত নদী সরোবর বা বাংলা ভাষার জীবনী (১৯৮৭)।

৩. 'বাঙালি ও বাঙলা সাহিত্য' গ্রন্থের রচয়িতা হলেন- *[জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট-০৭]*

ক. মুহম্মদ শহীদুল্লাহ খ. মুহম্মদ আব্দুল হাই
গ. সৈয়দ আলী আহসান ঘ. আহমদ শরীফ

উত্তর : ঘ

ব্যাখ্যা : 'বাঙালি ও বাঙলা সাহিত্য' গ্রন্থের রচয়িতা আহমদ শরীফ। তার রচিত অন্যান্য গ্রন্থ- সাহিত্য সংস্কৃতি চিন্তা (১৯৬৯), স্বদেশ অন্বেষা (১৯৭০), জীবনে সমাজে সাহিত্যে (১৯৭০), বিচিত্র চিন্তা (১৯৮৬), স্বদেশ চিন্তা (১৯৯৭)।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

৪. 'কতো নদী সরোবর বা বাঙলা ভাষার জীবনী' কার লেখা? *[রাবি (আইন) ১২-১৩]*

ক. জ্যোতিভূষণ চাকী খ. আবুল কালাম মনজুর মোর্শেদ
গ. ড. হুমায়ুন আজাদ ঘ. ড. হায়াৎ মামুদ

উত্তর : গ

Scanned with CamScanner

৫. 'বাংলা ভাষার পরিচয়' গ্রন্থের লেখক কে? *[বেরোবি ১১-১২]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ. সুকুমার সেন ঘ. ড. এনামুল হক **উত্তর : ক**

৬. 'ভাষার ইতিবৃত্ত' বইটি রচনা করেন? *[চবি (ছ ইউনিট) ০৯-১০]*
ক. রাজা রামমোহন রায় খ. মুরারীমোহন সেন
গ. সুকুমার সেন ঘ. নরেন বিশ্বাস **উত্তর : গ**

ব্যাখ্যা : সুকুমার সেন রচিত গ্রন্থ- বাংলা সাহিত্যের গদ্য (১৯৩৪), বাংলা সাহিত্যের কথা (১৯৩৯), ভাষার ইতিবৃত্ত (১৯৩৯)।

ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত কাব্যগ্রন্থ কোনটি? *[৩৮তম বিসিএস]*
ক. নেকড়ে অরণ্য খ. বন্দী শিবির থেকে
গ. নিষিদ্ধ লোবান ঘ. প্রিয়যোদ্ধা প্রিয়তম **উত্তর : খ**

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত কাব্যগ্রন্থ শামসুর রাহমানের 'বন্দী শিবির থেকে' (১৯৭২)। বাকীগুলো মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। 'নেকড়ে অরণ্য' উপন্যাসের রচয়িতা শওকত ওসমান। 'নিষিদ্ধ লোবান' উপন্যাসের রচয়িতা সৈয়দ শামসুল হক। 'প্রিয়যোদ্ধা প্রিয়তম' উপন্যাসের রচয়িতা হাবীব হারুণ।

২. মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক- *[৩৬তম বিসিএস]*
ক. সুবচন নির্বাসনে খ. রক্তাক্ত প্রান্তর
গ. নূরলদীনের সারাজীবন ঘ. পায়ের আওয়াজ পাওয়া যায় **উত্তর : ঘ**

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হকের মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক- পায়ের আওয়াজ পাওয়া যায় (১৯৭৬)। ১৭৮৩ সালে রংপুরের কৃষক বিদ্রোহের নেতা নুরুলদীনের সামন্তবাদ বিরোধী সংগ্রাম অবলম্বনে রচিত নাটক- নূরলদীনের সারাজীবন (১৯৮২)। বাংলাদেশে স্বাধীনতা পরবর্তী সময়ে সামাজিক মূল্যবোধের অবক্ষয়কে কেন্দ্র রচিত আবদুল্লাহ আল মামুনের নাটক- সুবচন নির্বাসনে (১৯৭৪)।

৩. নিম্নোক্ত কোন উপন্যাসে বাংলাদেশের মুক্তিযুদ্ধোত্তর সময়ের চিত্র অঙ্কিত হয়েছে? *[৩৫তম বিসিএস]*
ক. দেবেশ রায়ের 'তিস্তাপাড়ের বৃত্তান্ত' খ. সুনীল গঙ্গোপাধ্যায়ের 'পূর্ব-পশ্চিম'
গ. শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের 'যাও পাখি' ঘ. অভিজিৎ সেনের 'বহুচণ্ডালের হাড়'

ব্যাখ্যা : ভারতীয় বাঙালি সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের একটি বৃহৎ উপন্যাস 'পূর্ব-পশ্চিম'। এতে ১৯৪৭ এর দেশ বিভাগ, পশ্চিমবঙ্গের নকশাল আন্দোলন এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধ স্থান পেয়েছে। **উত্তর : খ**

৪. ভাষা আন্দোলনভিত্তিক নাটক কোনটি? *[৩৪তম বিসিএস]*
ক. কবর খ. পায়ের আওয়াজ পাওয়া যায়
গ. জণ্ডিস ও বিবিধ বেলুন ঘ. ওরা কদম আলী **উত্তর : ক**

ব্যাখ্যা : ভাষা আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ করার কারণে মুনীর চৌধুরীকে ১৯৫২-৫৪ পর্যন্ত কারাভোগ করতে হয়। সেসময় বামপন্থী বিপ্লবী রাজনীতিবিদ রণেশ দাশগুপ্তের অনুরোধে ১৯৫৩ সালে প্রথম ভাষাদিবস উদযাপন উপলক্ষে পরিবেশনের জন্য তার বিখ্যাত 'কবর' নাটক রচনা করেন। নাটকটি কারাগারেই প্রথম মঞ্চস্থ হয়। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষিতে রচিত।

Scanned with CamScanner

৫. **'তুমি আসবে বলে স্বাধীনতা' কার রচনা?** *[৩৪তম বিসিএস]*

ক. কাজী নজরুল ইসলাম খ. নির্মলেন্দু গুণ
গ. শামসুর রাহমান ঘ. আল মাহমুদ

উত্তর : গ

৬. **'দেয়াল' রচনাটি কার?** *[৩৪তম বিসিএস]*

ক. হুমায়ূন আহমেদ খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. বুদ্ধদেব বসু ঘ. সেলিনা হোসেন

উত্তর : ক

ব্যাখ্যা : হুমায়ুন আহমেদ রচিত সর্বশেষ উপন্যাস- দেয়াল (২০১২)। উপন্যাসটি পাঁচটি পর্বে 'অন্যদিন' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। তখনই এ উপন্যাস নিয়ে বির্তকের সৃষ্টি হয়। পরে হাইকোর্টের পরামর্শ অনুযায়ী লেখক উপন্যাসটিতে পরিবর্তন সাধন করেন। উপন্যাসটি বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধ পরবর্তী রাজনৈতিক প্রেক্ষাপটে রচিত। উল্লেখ্য 'দেয়াল' নামে আবু জাফর শামসুদ্দীনের একটি উপন্যাস রয়েছে।

৭. **মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?** *[৩৪তম বিসিএস]*

ক. ক্রীতদাসের হাসি খ. মাটি আর অশ্রু
গ. হাঙর নদী গ্রেনেড ঘ. সারেং বউ

উত্তর : গ

ব্যাখ্যা : সেলিনা হোসেনের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস- হাঙর নদী গ্রেনেড (১৯৭৬)। মুক্তিযুদ্ধের সময়ের একটি সত্য ঘটনা অবলম্বনে উপন্যাসটি রচিত। ১৯৭২ সালে এ ঘটনা নিয়ে গল্প লিখেন। গল্পটি সমকালীন 'টেরেডাকটিল' নামে তরুণদের একটি পত্রিকায় প্রকাশিত হয়। ১৯৭৪ সালে এ গল্পটি উপন্যাস আকারে লিখেন। এ উপন্যাসের কেন্দ্রিয় চরিত্র বুড়ি। 'ক্রীতদাসের হাসি' শওকত ওসমান ও 'সারেং বউ' শহীদুল্লা কায়সারের উপন্যাস।

৮. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী আমি কি ভুলিতে পারি' গানটির সুরকার কে-** *[৩৪তম বিসিএস, ১৯তম বিসিএস, ১০তম বিসিএস]*

ক. আবদুল গাফফার চৌধুরী খ. আসাদ চৌধুরী
গ. আলতাফ মাহমুদ ঘ. আব্দুল লতিফ

উত্তর : গ

ব্যাখ্যা : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি.....' গানটি আবদুল গাফফার চৌধুরী ২১ফেব্রুয়ারি ১৯৫২ সালে রচনা করেন। প্রথম সুরকার আব্দুল লতিফ, বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। জহির রায়হান 'জীবন থেকে নেওয়া' (১৯৬৯) চলচ্চিত্রে গানটি ব্যবহার করেছেন।

৯. **মুক্তিযুদ্ধ নির্ভর রচনা কোনটি?** *[৩২তম বিসিএস]*

ক. এইসব দিনরাত্রি খ. নূরুলদীনের সারা জীবন
গ. একাত্তরের দিনগুলি ঘ. সৎ মানুষের খোঁজে

উত্তর : গ

ব্যাখ্যা : 'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমাম রচিত মুক্তিযুদ্ধের স্মৃতিকথা। ব্যক্তিগত দিনলিপি বা ডায়েরী আকারে লেখা বইটির ব্যাপ্তি ১৯৭১ সালের ১ মার্চ থেকে ১৭ ডিসেম্বর। হুমায়ূন আহমদের নাটক- এইসব দিনরাত্রি। মলয় ভৌমিক নির্দেশিত নাটক- সৎ মানুষের খোঁজে।

১০. **ভাষা আন্দোলন বিষয়ক উপন্যাস কোনটি?** *[৩২তম বিসিএস]*

ক. আরেক ফাল্গুন খ. জীবন ঘষে আগুন
গ. নন্দিত নরকে ঘ. পিঙ্গল আকাশ

উত্তর : ক

ব্যাখ্যা : জহির রায়হানের উপন্যাস 'আরেক ফাল্গুন' ১৯৫৫ সালের ২১ ফেব্রুয়ারি পালনের গল্প। 'নন্দিত নরকে' হুমায়ূন আহমেদের প্রথম প্রকাশিত উপন্যাস, শওকত আলীর উপন্যাস- পিঙ্গল আকাশ (১৯৬৪), হাসান আজিজুল হক রচিত উপন্যাস- জীবন ঘষে আগুন (১৯৭৩)।

Scanned with CamScanner

১১. **'একাত্তরের চিঠি' কী জাতীয় রচনা?** *[২৯তম বিসিএস]*

ক. মুক্তিযুদ্ধের পত্র সংকলন খ. মুক্তিযুদ্ধের কবিতা সংকলন
গ. মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র ঘ. মুক্তিযুদ্ধের নাটক **উত্তর : ক**

ব্যাখ্যা : 'একাত্তরের চিঠি' (২০০৯) মুক্তিযোদ্ধাদের পত্র সংকলন। এ গ্রন্থটি প্রথম আলো ও গ্রামীণফোন-এর যৌথ উদ্যোগে প্রথমা প্রকাশনী প্রকাশ করে।

১২. **মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?** *[২৮তম বিসিএস]*

ক. শঙ্খনীল কারাগার খ. কাঁটাতারে প্রজাপতি
গ. জাহান্নম হইতে বিদায় ঘ. আর্তনাদ **উত্তর : গ**

ব্যাখ্যা : শওকত ওসমানের 'জাহান্নম হইতে বিদায়' গ্রন্থের মূল উপজীব্য বাংলাদেশের মুক্তিযুদ্ধ। উপন্যাসটি ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসে কলকাতায় বসে লেখেন। এতে মুক্তিযুদ্ধের একেবারে প্রথম দিকের চালচিত্র উঠে এসেছে। এ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র শিক্ষক গাজী রহমান। 'আর্তনাদ' (১৯৮৫) ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস। সেলিনা হোসেনের 'কাঁটাতারে প্রজাপতি' (১৯৮৯) উপন্যাস নাচোলের তেভাগা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত।

১৩. **কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?** *[২০তম বিসিএস]*

ক. চিলেকোঠার সেপাই খ. আগুনের পরশমনি
গ. একাত্তরের দিনগুলি ঘ. পায়ের আওয়াজ পাওয়া যায় **উত্তর : খ**

ব্যাখ্যা : হুমায়ূন আহমেদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'আগুনের পরশমনি' (১৯৮৬)। আখতারুজ্জামান ইলিয়াসের ৬৯'র গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত উপন্যাস- চিলেকোঠার সেপাই (১৯৮৬)। সৈয়দ শামসুল হকের মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক- পায়ের আওয়াজ পাওয়া যায় (১৯৭৬)।

১৪. **'একুশে ফেব্রুয়ারি' সংকলনের প্রথম সম্পাদক কে?** *[২০তম বিসিএস]*

ক. হাসান হাফিজুর রহমান খ. বেগম সুফিয়া কামাল
গ. মুনীর চৌধুরী ঘ. আবুল বরকত **উত্তর : ক**

ব্যাখ্যা : ভাষা আন্দোলনের উপর প্রথম সংকলন 'একুশে ফেব্রুয়ারি' (মার্চ, ১৯৫৩)। সম্পাদনা করেন হাসান হাফিজুর রহমান। এতে ৬টি বিভাগে ২২ জন লেখকের লেখা আছে।

১৫. **'দ্যা লিবারেশন অব বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা?** *[১৯তম বিসিএস]*

ক. রফিকুল ইসলাম খ. মেজর জেনারেল সুখওয়ান্ত সিং
গ. রশীদ করিম ঘ. কর্ণেল সিদ্দিক মালিক **উত্তর : খ**

ব্যাখ্যা : ভারতীয় সেনাবাহিনীর মেজর জেনারেল সুখওয়ান্ত সিং রচিত গ্রন্থ- 'দ্যা লিবারেশন অব বাংলাদেশ'। রফিকুল ইসলাম রচিত গ্রন্থ- 'লক্ষ প্রাণের বিনিময়ে'।

১৬. **১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারির পটভূমিতে রচিত 'কবর' নাটকের রচয়িতা কে?** *[১৮তম বিসিএস]*

ক. কবির চৌধুরী খ. মুনীর চৌধুরী
গ. সৈয়দ শামসুল হক ঘ. মুনতাসীর মামুন **উত্তর : খ**

ব্যাখ্যা : 'কবর' নাটকের রচয়িতা মুনীর চৌধুরী। ভাষা আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ করার কারণে মুনীর চৌধুরীকে ১৯৫২-৫৪ পর্যন্ত কারাভোগ করতে হয়। সেসময় বামপন্থী বিপ্লবী রাজনীতিবিদ রণেশ দাশগুপ্তের অনুরোধে ১৯৫৩ সালে প্রথম ভাষাদিবস উদযাপন উপলক্ষে পরিবেশনের জন্য তার বিখ্যাত 'কবর' নাটক রচনা করেন। নাটকটি কারাগারেই প্রথম মঞ্চস্থ হয়। নাটকটি ভাষা আন্দোলনের প্রেক্ষিতে রচিত।

Scanned with CamScanner

১৭. 'একুশে ফেব্রুয়ারি' সংকলন গ্রন্থটি প্রকাশ করেন কে? *[১৬তম বিসিএস]*

ক. হাসান আজিজুল হক খ. আহসান হাবীব
গ. আবুল হোসেন ঘ. মোহাম্মদ সুলতান

উত্তর : ঘ

ব্যাখ্যা : হাসান হাফিজুর রহমান সম্পাদিত 'একুশে ফেব্রুয়ারি' সংকলনটি পুঁথিঘর প্রকাশনী থেকে প্রকাশিত হয়েছিল। প্রকাশক ছিলেন মোহাম্মদ সুলতান।

১৮. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস নয়? *[১২তম বিজেএস (সহকারী জজ)]*

ক. কাঁদো নদী কাঁদো খ. দুই সৈনিক
গ. রাইফেল রোটি আওরাত ঘ. নেকড়ে অরণ্য

উত্তর : ক

ব্যাখ্যা : আনোয়ার পাশার মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস- রাইফেল রোটি আওরাত (১৯৭৩)। শওকত ওসমানের উপন্যাস- দুই সৈনিক (১৯৭৩), নেকড়ে অরণ্য (১৯৭৩) মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত। সৈয়দ ওয়ালীউল্লাহ উপন্যাস 'কাঁদো নদী কাঁদো' (১৯৬৮)র বিষয়বস্তু কুমুরডাঙ্গার জনপদ এবং ছোট হাকিম মুহাম্মদ মুস্তফার জীবনালেখ্য।

১৯. মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র 'স্মৃতি ৭১' এর পরিচালক কে? *[১০ম বিজেএস (সহকারী জজ)-১৫]*

ক. জহির রায়হান খ. তারেক মাসুদ
গ. মোরশেদুল ইসলাম ঘ. তানভীর মোকাম্মেল

উত্তর : ঘ

২০. 'আমি বিজয় দেখেছি' গ্রন্থের রচয়িতা কে? *[৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*

ক. বদরুদ্দীন ওমর খ. এম. আর. আখতার মুকুল
গ. মাসুদা ভাট্টি ঘ. মেজর রফিকুল ইসলাম

উত্তর : খ

ব্যাখ্যা : এম. আর. আখতার মুকুল রচিত বিখ্যাত গ্রন্থ- 'আমি বিজয় দেখেছি' (১৯৮৫)। এটি তাঁর আত্মকাহিনী ভিত্তিক রচনা। বইটি সরাসরি আত্মজীবনী না হলেও মুক্তিযুদ্ধকে ঘিরে আবর্তিত তাঁর জীবন কথা। এতে সমাহার ঘটেছে অনেক প্রামাণ্য ঘটনার।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. মুক্তিযুদ্ধ ভিত্তিতে রচিত শওকত ওসমানের উপন্যাস কোনটি? *[পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]*

ক. নেত্রপথ খ. চৌরসন্ধি
গ. ডিগবাজী ঘ. জলাঙ্গী

উত্তর : ঘ

২. আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পটি কোন প্রেক্ষাপটে রচিত? *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]*

ক. উনসত্তরের গণঅভ্যুত্থান খ. ভাষা আন্দোলন
গ. একাত্তরের মুক্তিযুদ্ধ ঘ. সিপাহী বিদ্রোহ

উত্তর : গ

ব্যাখ্যা : আখতারুজ্জামান ইলিয়াসের গল্প 'রেইনকোট' (১৯৯৫)। এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়। মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। নূরুল হুদা এ গল্পের কথক।

৩. কোনটি মুক্তিযুদ্ধের উপন্যাস? *[রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী-১৭]*

ক. দুই সৈনিক খ. ক্ষুধা ও আশা
গ. বীরাঙ্গনা ঘ. নির্জন মেঘ

উত্তর : ক

ব্যাখ্যা : শওকত ওসমানের মুক্তিযুদ্ধের উপন্যাস- দুই সৈনিক (১৯৭৩), নেকড়ে অরণ্য (১৯৭৩)।

Scanned with CamScanner

৪. **'ষোল নয়, আমার মাতৃভাষার ষোলশত রূপ'- কে বলেছেন?** *[সহকারী মেইনটেইনার ইঞ্জিনিয়ার নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. ড. নীলিমা ইব্রাহিম খ. ড. মুহম্মদ রফিকুল ইসলাম
গ. মুনীর চৌধুরী ঘ. ড. আহমদ শরীফ **উত্তর : গ**

ব্যাখ্যা : ১৯৭০ সালে অধ্যাপক মুনীর চৌধুরী 'মাতৃভাষা' শীর্ষক একটি নাতিদীর্ঘ নিবন্ধে লিখেছিলেন- 'অভিধানে আছে ষোড়শ রমণী মাতৃ সম্বোধনীযোগ্য। শ্মশ্রু থেকে তনয়া, গর্ভধারিণী থেকে পিতৃরমণী। ষোল নয়, আমার মাতৃভাষার ষোলশত রূপ। তারা সব পদ্মিনীর সহচরী।'

৫. **মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?** *[সাব রেজিস্ট্রার-১৬]*

ক. চিলেকোঠার সেপাই খ. উপমহাদেশ
গ. নিষিদ্ধ লোবান ঘ. ওঙ্কার **উত্তর : গ**

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হক (১৯৩৫-২০১৬) এর মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'নিষিদ্ধ লোবান'। উপন্যাসের প্রধান চরিত্র বিলকিস। এ উপন্যাস অবলম্বনে নির্মিত হয়েছে নাসির উদ্দিন ইউসুফের 'গেরিলা' চলচ্চিত্র।

৬. **মুক্তিযুদ্ধভিত্তিক রচনা কোনটি?** *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী-১৬]*

ক. সংশপ্তক খ. খাঁচায়
গ. খোয়াব নামা ঘ. আগুন পাখি **উত্তর : খ**

ব্যাখ্যা : রশীদ হায়দারের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস- খাঁচায় (১৯৭৫)। আখতারুজ্জামান ইলিয়াসের 'খোয়াবনামা' (১৯৯৬)-এর উপজীব্য কাৎলাহার বিলের দু'ধারের চাষী-মাঝিদের জীবনচরিত। হাসান আজিজুল হকের উপন্যাস 'আগুন পাখি' (২০০৬) দেশবিভাগের পটভূমিতে লেখা।

৭. **'জোছনা ও জননীর গল্প' কার লেখা?** *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-১৫]*

ক. হুমায়ূন আহমেদ খ. সেলিনা হোসেন
গ. রিজিয়া রহমান ঘ. আনিসুল হক **উত্তর : ক**

ব্যাখ্যা : হুমায়ূন আহমেদের উপন্যাস 'জোছনা ও জননীর গল্প'। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের উপর ভিত্তি করে রচিত উপন্যাসটি ২০০৪ সালে প্রকাশিত হয়।

৮. **'A Search for identity' বইটি কার লেখা?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৪]*

ক. কবির চৌধুরী খ. মেজর আব্দুল জলিল
গ. মেজর রফিকুল ইসলাম ঘ. সিরাজুল ইসলাম চৌধুরী **উত্তর : খ**

৯. **'মুক্তিযুদ্ধের ইতিহাস সংকলনের দলিলপত্র' কে সম্পাদনা করেন?** *[তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার-১৩]*

ক. হাসান হাফিজুর রহমান খ. আবুল হাসান
গ. আহসান হাবীব ঘ. হাসান ফেরদৌস **উত্তর : ক**

ব্যাখ্যা : হাসান হাফিজুর রহমান ১৯৭৭ সালে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের 'মুক্তিযুদ্ধের ইতিহাস প্রকল্প'-এর প্রধান নিযুক্ত হন। তার সম্পাদনায় ১৫ খণ্ডে 'বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ: দলীলপত্র' প্রকাশিত (১৯৮২-৮৩) হয়।

১০. **'লক্ষ প্রাণের বিনিময়ে' গ্রন্থটির রচয়িতা কে?** *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহ পরিচালক-১৩]*

ক. সৈয়দ শামসুল হক খ. হুমায়ূন আহমেদ
গ. মেজর রফিকুল ইসলাম ঘ. সেলিনা বেগম **উত্তর : গ**

১১. **'ছাপ্পান্ন হাজার বর্গমাইল' গ্রন্থের লেখক কে?** *[খাদ্য অধিদপ্তরের উপখাদ্য পরিদর্শক-১২]*

ক. সৈয়দ শামসুল হক খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. হুমায়ুন আজাদ ঘ. শামসুর রাহমান **উত্তর : গ**

Scanned with CamScanner



ব্যাখ্যা : হুমায়ুন আজাদ রচিত মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস- 'ছাপ্পান্ন হাজার বর্গমাইল' (১৯৯৪)। এই উপন্যাস প্রকাশের মধ্য দিয়ে হুমায়ুন আজাদ ঔপন্যাসিক হিসেবে আত্মপ্রকাশ করেন। এই উপন্যাসের প্রধান চরিত্র রাশেদকে উপন্যাসটি উৎসর্গ করা হয়।

১২. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস- [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১২]

ক. শঙ্খনীল কারাগার খ. জলাঙ্গী

গ. খরাদাহ ঘ. কাঁটাতারে প্রজাপতি

উত্তর : খ

ব্যাখ্যা : শওকত ওসমানের মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত উপন্যাস- জলাঙ্গী (১৯৭৪)। হুমায়ুন আহমেদের উপন্যাস- 'শঙ্খনীল কারাগার' পারিবারিক-সামাজিক আবহে রচিত। সেলিনা হোসেনের উপন্যাস- কাঁটাতারে প্রজাপ্রতি (১৯৮৯)।

১৩. 'হাঙ্গর নদী গ্রেনেড' এর লেখক- [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]

ক. রাবেয়া খাতুন খ. সেলিনা হোসেন

গ. রিজিয়া বেগম ঘ. হুমায়ুন আহমেদ

উত্তর : খ

ব্যাখ্যা : 'হাঙ্গর নদী গ্রেনেড' উপন্যাসটির লেখক সেলিনা হোসেন। মুক্তিযুদ্ধের সময়ের একটি সত্য ঘটনা অবলম্বনে উপন্যাসটি লিখেন। ১৯৭২ সালে এ ঘটনা নিয়ে গল্প লিখেন। গল্পটি সমকালীন 'টেরেডাকটিল' নামে তরুণদের একটি পত্রিকায় প্রকাশিত হয়। ১৯৭৪ সালে এ গল্পটি উপন্যাস আকারে লিখেন।

১৪. 'জাহান্নম হইতে বিদায়' উপন্যাসটির লেখক কে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]

ক. আবু রুশদ খ. শওকত ওসমান

গ. আহসান হাবীব ঘ. আবুল ফজল

উত্তর : খ

ব্যাখ্যা : 'জাহান্নম হইতে বিদায়' শওকত ওসমান রচিত উপন্যাস। এ গ্রন্থের মূল উপজীব্য বাংলাদেশের মুক্তিযুদ্ধ। উপন্যাসটি ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসে কলকাতায় বসে লেখেন। 'দেশ পত্রিকা'য় শারদীয় সংখ্যায় প্রকাশের জন্য সম্পাদক সাগরময় ঘোষ তাড়া দিয়ে এটি লেখান। এ উপন্যাসে মুক্তিযুদ্ধের একেবারে প্রথম দিকের চালচিত্র উঠে এসেছে। এ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র শিক্ষক গাজী রহমান।

১৫. 'আমি বীরাঙ্গনা বলছি' গ্রন্থের লেখক কে? [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]

ক. নীলিমা ইব্রাহিম খ. সুফিয়া কামাল

গ. জোবেদা খানম ঘ. পান্না কায়সার

উত্তর : ক

ব্যাখ্যা : ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে অগণিত নারী তাদের সম্ভ্রম হারিয়েছেন। এই মহান বীরাঙ্গনাদের আত্মকথা নিয়ে ড. নীলিমা ইব্রাহিম রচনা করেছেন 'আমি বীরাঙ্গনা বলছি' গ্রন্থটি। যাদের কাহিনী এ গ্রন্থে বর্ণনা করা হয়েছে তারা হলেন- তার ব্যানার্জি, মেহেরজান, রীনা, শেফালী, ময়না, ফাতেমা ও মীনা।

১৬. 'একাত্তরের ডায়েরি' কার রচনা? [সমাজসেবা অফিসার-১০]

ক. সেলিনা হোসেন খ. সুফিয়া কামাল

গ. জাহানারা ইমাম ঘ. আয়েশা ফয়েজ

উত্তর : খ

ব্যাখ্যা : সুফিয়া কামাল-'একাত্তরের ডায়েরি'। সেলিনা হোসেন- একাত্তরের ঢাকা (১৯৯০)। জাহানারা ইমাম- একাত্তরের দিনগুলি (১৯৮৬)। আয়েশা ফয়েজ- 'জীবন যে রকম', 'শেষ চিঠি'।

১৭. নিচের কোন গ্রন্থটি মুক্তিযুদ্ধের পটভূমিকায় রচিত? [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]

ক. ফেরারী ডায়েরী খ. কর্ণফুলী

গ. আরেক ফাল্গুন ঘ. স্মৃতির শহর

উত্তর : ক

ব্যাখ্যা : আলাউদ্দিন আল আজাদের মুক্তিযুদ্ধের স্মৃতিকথা- ফেরারী ডায়েরী (১৯৭৮)।

Scanned with CamScanner

১৮. মুক্তিযুদ্ধের উপর লিখিত গ্রন্থ 'আমার কিছু কথা'-এর লেখক কে? *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ)-০৯]*

ক. নীলিমা ইব্রাহিম খ. জহির রায়হান
গ. শেখ মুজিবুর রহমান ঘ. আব্দুল গাফফার চৌধুরী **উত্তর : গ**

১৯. কোনটি সঠিক? *[সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৭]*

ক. একাত্তরের ঢাকা- রাবেয়া খাতুন খ. একাত্তরের ডায়েরি- সেলিনা হোসেন
গ. একাত্তরের নিশান-সুফিয়া কামাল ঘ. একাত্তরের দিনগুলি-জাহানারা ইমাম

ব্যাখ্যা : 'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমামের স্মৃতিকথা। একাত্তরের ডায়েরি- সুফিয়া কামাল। একাত্তরের নিশান- রাবেয়া খাতুন, একাত্তরের ঢাকা- সেলিনা হোসেন। **উত্তর : ঘ**

২০. 'পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি' গ্রন্থের রচয়িতা কে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা-০৬]*

ক. অলি আহাদ খ. মাহবুবুল আলম চৌধুরী
গ. আহমদ ছফা ঘ. বদরুদ্দীন উমর **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বদরুদ্দীন উমর রচিত গ্রন্থ- 'পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি'। এ গ্রন্থটি পাকিস্তান সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত হয়।

২১. নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ নয়? *[বাংলাদেশ টেলিভিশন এর প্রযোজক-০৬]*

ক. একাত্তরের দিনগুলি খ. বিরহ বিলাপ
গ. আমি বীরাঙ্গনা বলছি ঘ. বকুলপুরের স্বাধীনতা **উত্তর : খ**

ব্যাখ্যা : কায়কোবাদের প্রথম কাব্যগ্রন্থ- বিরহ বিলাপ (১৮৭০)। এটি মুক্তিযুদ্ধভিত্তিক নয়। বাকীগুলো মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ। 'আমি বীরাঙ্গনা বলছি' নীলিমা ইব্রাহিমের প্রবন্ধগ্রন্থ। 'বকুলপুরের স্বাধীনতা' মমতাজ উদ্দিন আহমদের মুক্তিযুদ্ধভিত্তিক নাটক।

২২. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক কোনটি? *[কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-০৬]*

ক. বিদ্রোহে বাঙালি খ. মূলধারা
গ. বাঙালীর ইতিহাস ঘ. বাংলা বিদ্রোহী **উত্তর : ক**

ব্যাখ্যা : দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় রচিত গ্রন্থ- বিদ্রোহে বাঙালি। এটি মূলত ১৮৫৭ সালের মহাবিদ্রোহ নিয়ে লেখা।

২৩. 'জাতীয় রাজনীতি ১৯৪৫ থেকে ৭৫' গ্রন্থটির রচয়িতা কে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ও পার্সোনাল অফিসার-০৬]*

ক. আবুল মনসুর আহমদ খ. অলি আহাদ
গ. আবদুল গাফফার চৌধুরী ঘ. মুনতাসির মামুন **উত্তর : খ**

ব্যাখ্যা : অলি আহাদ (১৯২৮-২০১২) একজন ভাষা সৈনিক ও রাজনীতিবিদ। ১৯৪৭-১৯৭৫ সময়কালীন জাতীয় রাজনীতিতে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। জাতীয় রাজনীতিতে তাঁর অভিজ্ঞতা সম্বলিত গ্রন্থ 'জাতীয় রাজনীতি ১৯৪৫ থেকে ৭৫' (১৯৮২)। এতে সুদীর্ঘ সময়ের রাজনৈতিক ঘটনারাজী সময়ানুক্রমিকভাবে লিপিবদ্ধ করা হইয়াছে।

২৪. মুক্তিযুদ্ধ বিষয়ক কাব্য কোনটি? *[বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-০৫]*

ক. নেকড়ে অরণ্য খ. হাঙর নদী গ্রেনেড
গ. বাসন ঘ. নিজ বাসভূমে **উত্তর : গ**

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধ বিষয়ক কাব্য- বাসন। মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস- শওকত ওসমানের 'নেকড়ে অরণ্য'। সেলিনা হোসেনের 'হাঙর নদী গ্রেনেড'। শামসুর রাহমানের কাব্য- নিজ বাসভূমে।

Scanned with CamScanner

২৫. 'একাত্তরের বিজয় গাঁথা' কার লেখা? [জরিপ অধিদপ্তরের সহকারী সুপার অব সার্ভে-০৫]
ক. অ্যান্থনি মাসকারেনহাস খ. মেজর রফিকুল ইসলাম
গ. রাবেয়া খাতুন ঘ. আব্দুল গাফফার চৌধুরী উত্তর : খ

২৬. 'ভাষা আন্দোলন' সম্পর্কে সবচেয়ে প্রামাণ্য ও মৌলিক গ্রন্থের লেখক কে? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারি প্রধান শিক্ষক-০৩]
ক. বশীর আল হেলাল খ. রফিকুল ইসলাম
গ. বদরুদ্দীন উমর ঘ. আহমদ শরীফ উত্তর : গ

২৭. মুক্তিযুদ্ধের একটি নাটক- [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]
ক. আমি বিজয় দেখেছি খ. একাত্তরের দিনগুলি
গ. কী চাহ শঙ্খচিল ঘ. তরঙ্গভঙ্গ উত্তর : গ
ব্যাখ্যা : মমতাজ উদ্দিন আহমদের মুক্তিযুদ্ধ ভিত্তিক নাটক- কী চাহ শঙ্খচিল। এম. আর. আখতার মুকুল রচিত গ্রন্থ- আমি বিজয় দেখেছি (১৯৮৫)। জাহানারা ইমামের মুক্তিযুদ্ধের স্মৃতিকথা- একাত্তরের দিনগুলি। সৈয়দ ওয়ালীউল্লাহর নাটক- তরঙ্গভঙ্গ।

২৮. 'কবর' নাটকটিতে কয়টি চরিত্রের বিকাশ লক্ষ্য করা যায়? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০১]
ক. দুটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি উত্তর : গ
ব্যাখ্যা : মুনীর চৌধুরীর 'কবর' একাঙ্ক বিশিষ্ট নাটক। এর চারটি চরিত্র দৃশ্যমান- নেতা, পুলিশ ইন্সপেক্টর হাফিজ, মুর্দা-ফকির ও কবরস্থানের একজন গার্ড।

২৯. "শহীদের ঝলকিত রক্তের বুদবুদ, স্মৃতিগন্ধে ভরপুর। একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রঙ।" রচয়িতা কে? [সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার-৯৮]
ক. নির্মলেন্দু গুণ খ. সিকান্দার আবু জাফর
গ. শামসুর রাহমান ঘ. হায়াৎ মাহমুদ উত্তর : গ
ব্যাখ্যা : কবি শামসুর রাহমানের 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার বিখ্যাত চরণ- "আবার ফাল্গুনে দেখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে কেমন নিবিড় হয়ে। কখনো মিছিলে কখনো বা একা হেঁটে যেতে যেতে মনে হয়- ফুল নয়, ওরা শহীদের ঝলকিত রক্তের বুদবুদ, স্মৃতিগন্ধে ভরপুর। একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রঙ।"

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস নয়- [অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]
ক. দেয়াল খ. নীল দংশন
গ. একটি কালো মেয়ের কথা ঘ. অহিংসা উত্তর : ঘ
ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায়ের 'অহিংসা' উপন্যাসটি মুক্তিযুদ্ধভিত্তিক নয়। বাকীগুলো মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। 'দেয়াল' উপন্যাসের রচয়িতা হুমায়ূন আহমেদ। 'নীল দংশন' উপন্যাসের রচয়িতা সৈয়দ শামসুল হক। 'একটি কালো মেয়ের কথা' উপন্যাসের রচয়িতা তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

২. নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস? [বাংলাদেশ কৃষি ব্যাংক সিনিয়র অফিসার-১৮]
ক. সংশপ্তক খ. একটি কালো মেয়ের কথা
গ. চিলেকোঠার সেপাই ঘ. ক্রীতদাসের হাসি উত্তর : খ
ব্যাখ্যা : বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে রচিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস- 'একটি কালো মেয়ের কথা'। এর কেন্দ্রীয় চরিত্র নাজমা নামে এক কালো মেয়ে।

৩. মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র 'স্টপ জেনোসাইড' ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৬]
ক. আলমগীর কবির খ. জহির রায়হান
গ. গীতা মেহতা ঘ. বাবুল চৌধুরী
ব্যাখ্যা : বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র 'স্টপ জেনোসাইড'। চিত্রটির এই তথ্যচিত্রটি জহির রায়হান মুক্তিযুদ্ধ চলাকালে

বিশ্ববিদ্যালয় ভর্তি

১. 'একাত্তরের ঢাকা' গ্রন্থটির রচয়িতা কে? [
ক. সেলিনা হোসেন খ. এম আ
গ. নাসিরউদ্দিন ইউসুফ ঘ. এ আ

২. একুশের প্রথম কবিতা লিখেছেন কে? [চ
ক. আবদুল গাফফার চৌধুরী খ. সিকা
গ. শামসুর রাহমান ঘ. মাহ
ব্যাখ্যা : একুশের প্রথম কবিতা লিখেছেন মাহবুবুল আ
নিয়ে এসেছি।' ১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি কবিতা
চৌধুরী হারুনুর রশীদ।

৩. 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসের
ক. ৭ মার্চের ঘটনা খ. ২
গ. '৭১এর বিজয়ের ঘটনা ঘ. ৩

৪. 'নারী' গ্রন্থটির রচয়িতা কে? [চবি (ই
ক. বেগম রোকেয়া খ.
ঘ. তসলিমা নাসরিন ঙ.

৫. '১৯৭১ : বন্ধুর মুখ শত্রুর ছায়া' ব
ক. আখতারুজ্জামান মুকুল খ.
গ. সেলিনা হোসেন ঘ.
ব্যাখ্যা : '১৯৭১ : বন্ধুর মুখ শত্রুর ছায়া'
বাংলাদেশের মুক্তিযুদ্ধে সহায়তাকারী বিদেশি র
মুক্তিযুদ্ধের বিরোধী শক্তির কথাও উল্লেখ আছে

৬. 'বিজয়-৭১' এর লেখক কে? [ইবি
ক. হুমায়ূন আহমেদ
গ. জহির রায়হান
ব্যাখ্যা : এম আর আখতার মুকুল রচিত গ্রন্থ-

৭. 'তালাশ' কার উপন্যাস? [রাবি
ক. শাহীন আখতার
গ. শওকত আলী
ব্যাখ্যা : শাহীন আখতার রচিত মুক্তিযুদ্ধ
মুক্তিযুদ্ধে বীরাঙ্গনাদের প্রতিনিধি মরিয়ম
যুদ্ধোত্তর আরো তিন দশক জুড়ে।

Scanned with CamScanner

৩. মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র 'স্টপ জেনোসাইড'-এর পরিচালক কে? *[জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৬]*

ক. আলমগীর কবির খ. জহির রায়হান
গ. গীতা মেহতা ঘ. বাবুল চৌধুরী **উত্তর : খ**

ব্যাখ্যা : বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর নির্মিত একটি প্রামাণ্য চলচ্চিত্র 'স্টপ জেনোসাইড'। ২০ মিনিটের এই তথ্যচিত্রটি জহির রায়হান মুক্তিযুদ্ধ চলাকালেই তৈরি করেন।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'একাত্তরের ঢাকা' গ্রন্থটির রচয়িতা কে? *[ঢাবি (চ ইউনিট) ১৭-১৮]*

ক. সেলিনা হোসেন খ. এম আর আখতার মুকুল
গ. নাসিরউদ্দিন ইউসুফ ঘ. এ আর মল্লিক উত্তর : ক

২. একুশের প্রথম কবিতা লিখেছেন কে? *[চবি (ডি ইউনিট) ১৪-১৫]*

ক. আবদুল গাফফার চৌধুরী খ. সিকান্দার আবু জাফর
গ. শামসুর রাহমান ঘ. মাহবুবুল আলম চৌধুরী **উত্তর : ঘ**

ব্যাখ্যা : একুশের প্রথম কবিতা লিখেছেন মাহবুবুল আলম চৌধুরী- 'কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি।' ১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি কবিতাটি চট্টগ্রামের লালদীঘি ময়দানে আবৃত্তি করেন চৌধুরী হারুনুর রশীদ।

৩. 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসের প্রতিপাদ্য বিষয় কি? *[রাবি (ক ইউনিট) ১৩-১৪]*

ক. ৭ মার্চের ঘটনা খ. ২৫ মার্চ থেকে দু'দিনের ঘটনা
গ. '৭১এর বিজয়ের ঘটনা ঘ. ৩ মার্চের পরের ঘটনা উত্তর : খ

৪. 'নারী' গ্রন্থটির রচয়িতা কে? *[চবি (ই ইউনিট) ১২-১৩]*

ক. বেগম রোকেয়া খ. মীর মশাররফ হোসেন গ.সেলিনা হোসেন
ঘ. তসলিমা নাসরিন ঙ. হুমায়ুন আজাদ **উত্তর : ঙ**

৫. '১৯৭১ : বন্ধুর মুখ শত্রুর ছায়া' বইটি কে লিখেছেন? *[ইবি (শাপলা) ১১-১২]*

ক. আখতারুজ্জামান মুকুল খ. বদরউদ্দীন ওমর
গ. সেলিনা হোসেন ঘ. হাসান ফেরদৌস **উত্তর : ঘ**

ব্যাখ্যা : '১৯৭১ : বন্ধুর মুখ শত্রুর ছায়া' হাসান ফেরদৌস রচিত গ্রন্থ। এতে একাত্তরে বাংলাদেশের মুক্তিযুদ্ধে সহায়তাকারী বিদেশি রাষ্ট্র, ব্যক্তি, সংস্থার কথা আলোচিত হয়েছে। তেমনি মুক্তিযুদ্ধের বিরোধী শক্তির কথাও উল্লেখ আছে।

৬. 'বিজয়-৭১' এর লেখক কে? *[ইবি (খ ইউনিট) ০৭-০৮]*

ক. হুমায়ূন আহমেদ খ. এম আর আখতার মুকুল
গ. জহির রায়হান ঘ. পান্না কায়সার উত্তর : খ

ব্যাখ্যা : এম আর আখতার মুকুল রচিত গ্রন্থ- বিজয় একাত্তর (১৯৯০)।

৭. 'তালাশ' কার উপন্যাস? *[রাবি (খ ইউনিট) ০৫-০৬]*

ক. শাহীন আখতার খ. আল মাহমুদ
গ. শওকত আলী ঘ. শওকত ওসমান **উত্তর : ক**

ব্যাখ্যা : শাহীন আখতার রচিত মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস 'তালাশ' (২০০৪)। উপন্যাসে চরিত্র মুক্তিযুদ্ধে বীরাঙ্গনাদের প্রতিনিধি মরিয়ম। তাকে ঘিরেই উপন্যাসের কাহিনি আবর্তিত হয়েছে যুদ্ধোত্তর আরো তিন দশক জুড়ে।

Scanned with CamScanner

অন্যান্য গ্রন্থ ও রচয়িতা

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. সৈয়দ মুস্তফা সিরাজের গ্রন্থ কোনটি? *[৩৭তম বিসিএস]*

ক. রহু চন্ডালের হাড় খ. কৈবর্ত খন্ড
গ. ফুল বউ ঘ. অলীক মানুষ

উত্তর : ঘ

ব্যাখ্যা : সৈয়দ মুস্তফা সিরাজের উপন্যাস- অলীক মানুষ। অভিজিৎ সেনের উপন্যাস- রহু চন্ডালের হাড়। মহাশ্বেতা দেবীর উপন্যাস- কৈবর্ত খণ্ড। আবুল বাশারের উপন্যাস- ফুল বউ।

২. 'শাহনামা' মৌলিক গ্রন্থটি কার? *[২৬তম বিসিএস]*

ক. মালিক জায়সী খ. ফেরদৌসী
গ. সৈয়দ হামজা ঘ. দৌলত কাজী

উত্তর : খ

ব্যাখ্যা : ফারসি ভাষায় রচিত মহাকাব্য 'শাহনামা'। সুলতান মাহমুদের অনুরোধে কবি আবুল কাশেম ফেরদৌসী এটি রচনা করেন। এতে পারস্যের (বর্তমান ইরান) ইতিহাস ও ঐতিহ্যকে তুলে ধরা হয়েছে।

৩. কোনটি এনামুল হকের রচনা? *[২৫তম বিসিএস]*

ক. বাংলা ভাষার ইতিবৃত্ত খ. বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান
গ. মনীষা মঞ্জুষা ঘ. আধুনিক ভাষাতত্ত্ব

উত্তর : গ

ব্যাখ্যা : মুহম্মদ এনামুল হক রচিত গ্রন্থ 'মনীষা মঞ্জুষা', ঝর্ণাধারা (১৯২৮, কবিতা সংকলন), রঙ্গে সূফী প্রভাব (১৯৩৫), ব্যাকরণ মঞ্জুরি (১৯৫২)। ভ্রমণ কাহিনী- বুলগেরিয়া ভ্রমণ। ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত- 'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' ও 'বাংলা ভাষার ইতিবৃত্ত' (১৯৬৫)।

৪. 'আবোল-তাবোল' কার লেখা? *[২১তম বিসিএস]*

ক. উপেন্দ্রকিশোর রায় চৌধুরী খ. দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
গ. সুকুমার রায় ঘ. সত্যজিৎ রায়

উত্তর : গ

ব্যাখ্যা : সুকুমার রায় একজন ছড়াকার ও শিশুসাহিত্যিক। তার রচিত শিশুতোষ গ্রন্থ- 'আবোল-তাবোল' (১৯২৩), হ-য-ব-র-ল (১৯২৪), পাগলা দাশু (১৯৪০), বহুরূপী (১৯৪৪)। উল্লেখ্য উপেন্দ্রকিশোর রায় চৌধুরী তার পিতা, সত্যজিৎ রায় তার ছেলে।

৫. 'আত্মঘাতী বাঙালি' কার রচিত গ্রন্থ? *[২০তম বিসিএস]*

ক. অশোক মিত্র খ. দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়
গ. নীরদচন্দ্র চৌধুরী ঘ. অতুল সুর

উত্তর : গ

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. শাহ আবদুর করিম রচিত গ্রন্থ- *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]*

ক. ধলমেলা খ. সারাদুপুর
গ. ছায়াহরিণ ঘ. নতুন সকাল

উত্তর : ক

ব্যাখ্যা : বাউল সম্রাট শাহ আবদুল করিম রচিত গ্রন্থ- কালনীর ঢেউ (১৯৮১), ধলমেলা (১৯৯০), ভাটির চিঠি (১৯৯৮)। আহসান হাবীব রচিত কাব্যগ্রন্থ- ছায়াহরিণ (১৯৬২), সারা দুপুর (১৯৬৪)। সিকান্দার আবু জাফরের উপন্যাস- নতুন সকাল (১৯৪৫)।

Scanned with CamScanner

২. 'বঙ্গবন্ধু শেখ মুজিব' গ্রন্থের রচয়িতা কে? *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]*

ক. সেলিনা হোসেন খ. রশিদ করিম
গ. মযহারুল ইসলাম ঘ. সৈয়দ শামসুল হক **উত্তর : গ**

৩. 'হৃদয়ে বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা কে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের স্টোরম্যান-১৮]*

ক. পান্না কায়সার খ. সেলিনা হোসেন
গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. সালমা হোসেন **উত্তর : ক**

ব্যাখ্যা : শহীদুল্লা কায়সারের সহধর্মিণী পান্না কায়সার। তিনি ১৯৯৬-২০০১ সালে জাতীয় সংসদে আওয়ামী লীগের একজন সাংসদ ছিলেন। তার লিখিত গ্রন্থ- মুক্তিযুদ্ধ: আগে ও পরে (১৯৯১), নীলিমায় নীল (১৯৯২), হৃদয়ে বাংলাদেশ (১৯৯৩) প্রভৃতি।

৪. 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির লেখক কে? *[জাতীয় বিশ্ববিদ্যালয় সেকশন অফিসার নিয়োগ-১৭]*

ক. শেরে বাংলা এ কে ফজলুল হক খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী ঘ. আবুল মনসুর আহমদ **উত্তর : খ**

ব্যাখ্যা : 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির লেখক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৬৬ থেকে ১৯৬৮ সাল পর্যন্ত এই সময়ের বন্দিজীবনের দিনলিপির বিবরণ উঠে এসেছে এতে।

৫. 'বাংলাদেশ ও বঙ্গবন্ধু' গ্রন্থটির লেখক কে? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১৭]*

ক. মোনায়েম সরকার খ. এম. আর. আখতার মুকুল
গ. শওকত ওসমান ঘ. উপরের কেউ নন **উত্তর : ক**

৬. 'সাহিত্যের কাছে প্রত্যাশা' কার লেখা বই? *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৬]*

ক. আহমদ রফিক খ. বদরুদ্দীন উমর
গ. যতীন সরকার ঘ. সিরাজুল ইসলাম চৌধুরী **উত্তর : গ**

৭. আহমদ শরীফের রচনা কোনটি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী-১৬]*

ক. সংস্কৃতি কথা খ. সাহিত্য সংস্কৃতি চিন্তা
গ. সাহিত্য খেলা ঘ. স্বদেশ ও সংস্কৃতি **উত্তর : খ**

ব্যাখ্যা : আহমদ শরীফ রচিত গ্রন্থ- সাহিত্য সংস্কৃতি চিন্তা (১৯৬৯), স্বদেশ অন্বেষা (১৯৭০), জীবনে সমাজে সাহিত্যে (১৯৭০), বিচিত্র চিন্তা (১৯৮৬), স্বদেশ চিন্তা (১৯৯৭)।

৮. অনূদিত গ্রন্থ 'নিঃসঙ্গতার একশ বছর'- এর মূল লেখক- *[বাংলাদেশ ব্যাংক AD-১৮]*

ক. লিও তলস্তয় খ. রাহুল সাংকৃত্যায়ন
গ. দস্তয়ভস্কি ঘ. গাব্রিয়েল গার্সিয়া মার্কেজ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : গাব্রিয়েল গার্সিয়া মার্কেজ (১৯২৭-২০১৪) কলম্বিয়ায় জন্মগ্রহণ করেন। ১৯৬৭ সালে প্রকাশিত যুগান্তকারী উপন্যাস 'সিয়ন আনিওস দে সোলেদাদ' বা 'নিঃসঙ্গতার একশ বছর'। এ উপন্যাসের জন্য ১৯৮২ সালে তিনি নোবেল পুরস্কার পান। গোটা লাতিন আমেরিকায় তিনি গাবো নামে পরিচিত।

৯. 'বাঙালীর ইতিহাস' বইটির লেখক কে? *[পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী...*

ক. নীহাররঞ্জন রায়
গ. অধ্যাপ...

Scanned with CamScanner

১০. 'পরার্থপরতার অর্থনীতি'র লেখক কে? *[পিএসসি কর্তৃক ১২টি পদ-০১]*

ক. আকবর আলী খান খ. ড. মুহম্মদ ইউনূস
গ. ড. দেবপ্রিয় ভট্টাচার্য ঘ. ড. আতিউর রহমান

উত্তর : ক

ব্যাখ্যা : ড. আকবর আলী খান রচিত গ্রন্থ 'পরার্থপরতার অর্থনীতি'। ড. মুহম্মদ ইউনূস রচিত গ্রন্থ- 'দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে', 'সামাজিক ব্যবসা'।

১১. 'রিয়াজ আস সালাতিন' এটা কী ধরনের গ্রন্থ?

ক. উপন্যাস খ. মহাকাব্য
গ. ঐতিহাসিক ঘ. প্রবন্ধ

উত্তর : গ

ব্যাখ্যা : গোলাম হোসেন সলিম রচিত 'রিয়াজ আস সালাতিন' একটি ঐতিহাসিক গ্রন্থ। এটি ফারসি ভাষায় লিখিত।

১২. ড. মুহম্মদ ইউনুসের আত্মজীবনীমূলক গ্রন্থ কোনটি? *[আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার-০৭]*

ক. দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে খ. সচ্ছল বাংলাদেশের সন্ধানে
গ. স্বনির্ভর স্বদেশের সন্ধানে ঘ. দারিদ্রহীন বিশ্বের প্রয়াসে

উত্তর : ক

ব্যাখ্যা : ড. মুহম্মদ ইউনূস রচিত গ্রন্থ- 'দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে', 'সামাজিক ব্যবসা'।

১৩. 'আইন ই আকবরী' গ্রন্থের প্রণেতা কে? *[অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার- ১৩, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক-০৪]*

ক. টোডরমল খ. বীরবল
গ. আবুল ফজল ঘ. তানসেন

উত্তর : গ

ব্যাখ্যা : সম্রাট আকবরের দরবারী ঐতিহাসকি আবুল ফজল রচিত গ্রন্থ- 'আইন ই আকবরী'। এটি 'আকবরনামা' গ্রন্থের তৃতীয় খণ্ডের নাম। এতে সম্রাট আকবরের শাসন ব্যবস্থার বিভিন্ন বিবরণ পাওয়া যায়।

১৪. 'শাহনামা' বাংলায় অনুবাদ করেন কে? *[ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহ. পরিচালক-০৫*

ক. এয়াকুব আলী চৌধুরী খ. মোজাম্মেল হক
গ. সৈয়দ এমদাদ আলী ঘ. কাজী ইমদাদুল হক

উত্তর : খ

ব্যাখ্যা : কবি আবুল কাশেম ফেরদৌসীর 'শাহনামা' কাব্য বাংলায় অনুবাদ করেন কবি মোজাম্মেল হক। তিনি ১৯০৯ সালে মূল ফারসি শাহনামার প্রথমাংশ অনুবাদ করেন।

১৫. 'হুমায়ুননামা'-এর রচয়িতা কে? *[গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী-৯৯]*

ক. নূরজাহান খ. গুলবদন
গ. হুমায়ূন ঘ. আবুল ফজল

উত্তর : খ

ব্যাখ্যা : মুগল সম্রাট বাবরের কন্যা ও সম্রাট হুমায়ুনের বোন গুলবদন বেগম। 'হুমায়ুননামা' গুলবদন বেগম রচিত ইতিহাসগ্রন্থ। ফারসি ভাষায় রচিত গ্রন্থের একমাত্র কপিটি ব্রিটিশ মিউজিয়ামে সংরক্ষিত আছে।

১৬. 'রূপালী বাতাস সোনালী আকাশ' গ্রন্থের রচয়িতা কে?

ক. ড. আশরাফ সিদ্দকী খ. জাহানারা ইমাম
গ. এম.আর.আখতার মুকুল ঘ. সানাউল হক

উত্তর : গ

ব্যাখ্যা : এম. আর. আখতার মুকুল রচিত অন্যান্য গ্রন্থ- রূপালী বাতাস (১৯৭২), চল্লিশ থেকে একাত্তর (১৯৮৫), ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা (১৯৯৯)।

Scanned with CamScanner

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. **'দ্বিজাতিতত্ত্বের সত্য-মিথ্যা'র লেখক কে?** *[রাবি (বি ইউনিট) ১৪-১৫]*
ক. সনৎ কুমার সাহা খ. জুলফিকার মতিন
গ. যতীন সরকার ঘ. অনুপম সেন
উত্তর :
ব্যাখ্যা : 'দ্বিজাতিতত্ত্বের সত্য-মিথ্যা' (১৯৯২) গ্রন্থের রচয়িতা সিরাজুল ইসলাম চৌধুরী। তাঁর ছদ্মনাম 'গাছপাথর'।

২. **ড. আনিসুজ্জামানের লেখা গ্রন্থ কোনটি?** *[চবি (খ ইউনিট) ১৩-১৪]*
ক. গণদেবতা খ. ফেরারী গ. কি পাই নি
ঘ. মুসলিম মানস ও বাংলা সাহিত্য ঙ. বিহঙ্গ পুরাণ
উত্তর : ঘ
ব্যাখ্যা : ড. আনিসুজ্জামানে রচিত গ্রন্থ- মুসলিম মানস ও বাংলা সাহিত্য (১৯৬৪), মুসলিম বাংলার সাময়িকপত্র (১৯৬৯), স্বরূপের সন্ধানে (১৯৭৬), আঠারো শতকের বাংলা চিঠি (১৯৮৩), পুরানো বাংলা গদ্য (১৯৮৪)।

৩. **'গঙ্গাঋদ্ধি থেকে বাংলাদেশ' গ্রন্থের লেখক কে?** *[চবি (খ ইউনিট) ১২-১৩]*
ক. আনিসুজ্জামান খ. আহমদ শরীফ গ. আহমদ রফিক
ঘ. মুহাম্মদ হাবিবুর রহমান ঙ. সিরাজুল ইসলাম চৌধুরী
উত্তর : ঘ
ব্যাখ্যা : সাবেক প্রধান বিচারপতি, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা মুহাম্মদ হাবিবুর রহমান রচিত গ্রন্থ- 'গঙ্গাঋদ্ধি থেকে বাংলাদেশ'। এতে বাংলাদেশের দুই হাজার দুইশত বছরের ইতিহাস তুলে ধরা হয়েছে মাত্র দেড়শত পৃষ্ঠায়।

৪. **কোনটি ধর্মগ্রন্থ নয়?** *[জাবি (গ ইউনিট) ১১-১২]*
ক. ত্রিপিটক খ. তাবাকাত ই নাসিরী
গ. বাইবেল ঘ. গীতা
উত্তর : খ
ব্যাখ্যা : 'তাবাকাত ই নাসিরী' মিনহাজ ই সিরাজ রচিত মধ্যযুগের সাধারণ ইতিহাস গ্রন্থ। এ গ্রন্থে বিভিন্ন নবী রাসূলের ইতিহাস থেকে শুরু করে মিনহাজ ই সিরাজ তাঁর নিজের সময় পর্যন্ত ঘটনাবলি বর্ণনা করেছেন।

৫. **'মাসুদ রানা' সিরিজের লেখক কে?** *[চবি (খ ইউনিট) ১১-১২]*
ক. কাজী আনোয়ার হোসেন খ. হুমায়ূন আহমেদ গ. সমর সেন
ঘ. প্রমথ চৌধুরী ঙ. ঈশ্বরচন্দ্র গুপ্ত
উত্তর : ক
ব্যাখ্যা : 'মাসুদ রানা সিরিজে'র লেখক কাজী মোতাহার হোসেনের ছেলে কাজী আনোয়ার হোসেন।

বাংলা গান ও চলচ্চিত্র

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. **'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রটির পরিচালক কে?** *[৩৯তম বিসিএস]*
ক. আলমগীর খ. জহির রায়হান
গ. সুভাষ দত্ত ঘ. আমজাদ হোসেন
উত্তর : খ

Scanned with CamScanner

ব্যাখ্যা : 'জীবন থেকে নেয়া' জহির রায়হান পরিচালিত একটি বাংলা চলচ্চিত্র। এই চলচ্চিত্রটি ১৯৭০ সালের এপ্রিলে মুক্তি পায়। পারিবারিক ড্রামা নির্ভর এই চলচ্চিত্রে তৎকালীন বাঙালি স্বাধীনতা আন্দোলনকে রূপকের মাধ্যমে তুলে ধরা হয়েছে। ছবিটিতে অভিনয় করেছিলেন রাজ্জাক, সুচন্দা, রোজী সামাদ, খান আতাউর রহমান, রওশন জামিল, আনোয়ার হোসেন প্রমুখ। প্রথমে চলচ্চিত্রটির নাম ঠিক করা হয়েছিল 'তিনজন মেয়ে ও এক পেয়ালা বিষ'। কিন্তু পরবর্তীতে জহির রায়হান নাম পাল্টে রাখলেন 'জীবন থেকে নেয়া'।

২. 'আমার ঘরের চাবি পরের হাতে'- গানটির রচয়িতা কে? [৩৮তম বিসিএস]

ক. লালন শাহ খ. হাসন রাজা
গ. পাগলা কানাই ঘ. রাধারমণ দত্ত

উত্তর : ক

ব্যাখ্যা : লালন শাহ তিনি একাধারে বাউল সাধক, বাউল গানের গীতিকার, সুরকার ও গায়ক। তাঁকে 'বাউল সম্রাট' বলা হয়। তাঁর রচিত কয়েকটি জনপ্রিয় গান-

- ✓ আমার ঘরের চাবি পরের হাতে
- ✓ আমার ঘরখানায় কে বিরাজ করে
- ✓ খাঁচার ভিতর অচিন পাখি
- ✓ বাড়ির কাছে আরশিনগর
- ✓ সব লোকে কয় লালন কি জাত সংসারে
- ✓ সময় গেলে সাধন হবে না

৩. "প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে।"- গানটির গীতিকার কে? [৩৫তম বিসিএস]

ক. শাহ আবদুল করিম খ. শেখ ওয়াহিদ
গ. রাধারমন ঘ. কুদ্দুস বয়াতি

উত্তর : খ

ব্যাখ্যা : 'প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে'- গানটির গীতিকার শেখ ওয়াহিদ। এ গানের কণ্ঠশিল্পী কাঙ্গালিনী সুফিয়া। উল্লেখ্য কাঙ্গালিনী সুফিয়ার আসল নাম টুনি হালদার। ইসলাম গ্রহণ করার পর টুনি হালদার থেকে নাম হয় সুফিয়া খাতুন। শিল্পকলা একাডেমির সাবেক ডিজি মুস্তাফা মনোয়ার তাঁকে 'কাঙ্গালিনী' উপাধি প্রদান করেন।

৪. গাড়ি চলে না, চলে না, চলে নারে..... গানের গীতিকার কে? [৩১তম বিসিএস]

ক. সঞ্জীব চৌধুরী খ. বাপ্পা মজুমদার
গ. শাহ আব্দুল করিম ঘ. দাশরথি রায়

উত্তর : গ

ব্যাখ্যা : গণসংগীত শিল্পী ও মুক্তিযুদ্ধের সংগঠক, বাউল সম্রাট শাহ আবদুল করিম ১৯১৬ সালের ১৫ ফেব্রুয়ারি সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার উজানধল গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৫৭ সালে মাওলানা ভাসানীর নেতৃত্বে কাগমারী সম্মেলনে কবিয়াল রমেশ শীলের সাথে গণসঙ্গীত পরিবেশন করেন। ১২ সেপ্টেম্বর ২০০৯ সালে সিলেটে মৃত্যুবরণ করেন।

তাঁর জনপ্রিয় কিছু গান-

- ✓ বন্দে মায়া লাগাইছে, পিরিতি শিখাইছে...
- ✓ আগে কি সুন্দর দিন কাটাইতাম...
- ✓ গাড়ি চলে না, চলে না, চলে নারে...
- ✓ কোন মেস্তরি নাও বানাইছে।
- ✓ বসন্ত বাতাসে সইগো, বসন্ত বাতাসে...।
- ✓ সখী কুঞ্জ সাজাও গো।

Scanned with CamScanner

৫. 'কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো জাত ভিন্ন বলায়' এই পঙ্‌ক্তিটি নিচের একজনের লেখা- *[১৭তম বিসিএস]*

ক. লালন শাহ খ. সিরাজ সাঁই
গ. মদন বাউল ঘ. পাগলা কানাই **উত্তর : ক**

ব্যাখ্যা : এটি বাউল পদাবলীর অন্তর্গত। বাউল সম্রাট লালনের একটি গান। লালনের গান 'লালন গীতি' বা 'লালন সংগীত' নামে পরিচিত।

৬. 'মোদের গরব মোদের আশা আ-মরি বাংলা ভাষা' গানটির রচয়িতা কে? *[১২তম বিসিএস]*

ক. দ্বিজেন্দ্রলাল খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. অতুলপ্রসাদ সেন ঘ. কামিনী রায় **উত্তর : গ**

ব্যাখ্যা : অতুলপ্রসাদ সেন ১৮৭১ সালের ২০ অক্টোবর ঢাকা জেলায় জন্মগ্রহণ করেন। আদি নিবাস শরিয়তপুর জেলার মগর গ্রাম। তিনি ছিলেন একাধারে কবি, গীতিকার ও গায়ক। তিনি বাংলা গানে ঠুংরি ধারার প্রবর্তক। তার রচিত গানে সংখ্যা প্রায় ২০৬টি। তার একটি বিখ্যাত গান- 'মোদের গরব, মোদের আশা আ মরি বাংলা ভাষা'। গানটি ষাটের দশকে পূর্ববাংলার বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনকারীদের ব্যাপকভাবে উদ্দীপ্ত করেছিল। গানটি বাংলাদেশের মুক্তিযুদ্ধেও বিশেষ অনুপ্রেরণা যুগিয়েছিল।

৭. 'সব কটা জানালা খুলে দাও না' গানটির গীতিকার কে? *[৫ম বিজেএস (সহকারী জজ)-১০, সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*

ক. আলতাফ মাহমুদ খ. আবু হেনা মোস্তফা কামাল
গ. মনিরুজ্জামান ঘ. নজরুল ইসলাম বাবু **উত্তর : ঘ**

ব্যাখ্যা : নজরুল ইসলাম বাবুর রচনা, আহমেদ ইমতিয়াজ বুলবুলের সুর ও সাবিনা ইয়াসমিনের গাওয়া জনপ্রিয় দেশাত্মবোধক গান- 'সব কটা জানালা খুলে দাও না'। নজরুল ইসলাম বাবু রচিত অন্যান্য গান- 'একটি বাংলাদেশ তুমি জাগ্রত জনতার', 'আমায় গেঁথে দাও না মাগো একটা পলাশ ফুলের মালা।'

৮. 'খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়'- পঙক্তিটির উৎস কী? *[৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*

ক. বাউল পদাবলীর অন্তর্গত খ. শাক্ত পদাবলীর অন্তর্গত
গ. বৈষ্ণব পদাবলীর অন্তর্গত ঘ. কোনটিই নয়। **উত্তর : ক**

ব্যাখ্যা : এটি বাউল পদাবলীর অন্তর্গত। বাউল সম্রাট লালনের একটি গান। লালনের গান 'লালন গীতি' বা 'লালন সংগীত' নামে পরিচিত। কবিগুরু রবীন্দ্রনাথও লালনের গানে প্রভাবিত হয়েছিলেন এবং এ গান সংগ্রহ ও প্রকাশ করেন। মূলত রবীন্দ্রনাথের প্রচেষ্টায়ই লালন সংগীত মানুষের কাছে পরিচিতি পায়।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি'- চরণটি কোন কবির রচনা? *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক-১৯]*

ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. জসীমউদ্দীন
ঘ. মধুসূদন দত্ত ঙ. কোনটিই নয় **উত্তর : ক**

২. **মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত চলচ্চিত্র কোনটি?** *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৮]*

ক. কালান্তর খ. হাঙর নদী গ্রেনেড
গ. সারেং বউ ঘ. কৃতদাসের হাসি

উত্তর : খ

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের একটি সত্য ঘটনা অবলম্বনে রচিত সেলিনা হোসেনের উপন্যাস 'হাঙর নদী গ্রেনেড' (১৯৭৬) । এ উপন্যাস অবলম্বনে ১৯৯৭ সালে চাষী নজরুল ইসলাম চলচ্চিত্র নির্মাণ করেন।

৩. **মুক্তিযুদ্ধভিত্তিক ছায়াছবি 'গেরিলা' এর নির্মাতা-** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক-১৮]*

ক. চাষী নজরুল ইসলাম খ. নাসির উদ্দীন ইউসুফ
গ. তানভির মোকাম্মেল ঘ. নাসির আল মামুন

উত্তর : খ

ব্যাখ্যা : নাসির উদ্দীন ইউসুফ পরিচালিত মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত একটি চলচ্চিত্র 'গেরিলা' (২০১১)। চলচ্চিত্রটি সৈয়দ শামসুল হকের 'নিষিদ্ধ লোবান' উপন্যাস অবলম্বনে নির্মিত। এতে অভিনয় করেছেন- জয়া আহসান, ফেরদৌস, এটিএম শামসুজ্জামান, রাইসুল ইসলাম আসাদ, শতাব্দী ওয়াদুদ, শম্পা রেজা প্রমুখ।

৪. **'আমারও পরাণ যাহা চায়' গানটির রচয়িতা কে?** *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের স্টোরম্যান-১৮]*

ক. কবি শামসুর রাহমান খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. জসীমউদ্‌দীন ঘ. কাজী নজরুল ইসলাম

উত্তর : খ

৫. **'কর্মই ধর্ম ..... মুক্তি'- শূন্যস্থানে কোন শব্দ বসবে?** *[জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর-১৮]*

ক. তাতেই খ. ধর্মেই
গ. কর্মেই ঘ. এতেই

উত্তর : খ

৬. **'এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলে যারা'- কে লিখেছেন গানটি?** *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]*

ক. আবু হেনা মোস্তফা কামাল খ. গাজী মাযহারুল আনোয়ার
গ. মোহাম্মদ মনিরুজ্জামান ঘ. গোবিন্দ হালদার

উত্তর : ঘ

৭. **'জয় বাংলা বাংলার জয়'- গানটির গীতিকার কে?** *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (ফিল্ড সুপারভাইজার)-১৮]*

ক. গোবিন্দ হালদার খ. নজরুল ইসলাম বাবু
গ. গাজী মাযহারুল আনোয়ার ঘ. আপেল মাহমুদ

উত্তর : গ

ব্যাখ্যা : ১৯৭০ সালের মার্চে গীতিকার গাজী মাজহারুল আনোয়ার এই গানটি লেখেন।

৮. **সেলিনা হোসেনের কোন গ্রন্থ অবলম্বনে চলচ্চিত্র নির্মিত হয়েছে?** *[বিআরটিএ-র মোটরযান পরিদর্শক-১৭]*

ক. কাঁটাতারে প্রজাপতি খ. পোকামাকড়ের ঘরবসতি
গ. কালকেতু ও ফুল্লরা ঘ. নিরন্তর ঘন্টাধ্বনি

উত্তর : খ

ব্যাখ্যা : সেলিনা হোসেনের 'পোকামাকড়ের ঘরবসতি' উপন্যাস অবলম্বনে ১৯৯৬ সালে চলচ্চিত্র নির্মাণ করেন আখতারুজ্জামান। চলচ্চিত্রটি প্রযোজনা করেছেন চিত্রনায়িকা ববিতা। এতে প্রধান চরিত্রে অভিনয় করেন খালেদ খান, ববিতা, আলমগীর প্রমুখ।

Scanned with CamScanner

৯. **'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি'-গানটির রচয়িতা কে?** *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (জেলা সমন্বয়ক)-১৭]*

ক. গোবিন্দ হালদার খ. আব্দুল জব্বার
গ. আপেল মাহমুদ ঘ. রফিকুজ্জামান **উত্তর : ক**

ব্যাখ্যা : গোবিন্দ হালদার একজন গীতিকার। তার রচিত গান- 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি'। গানটির শিল্পী আপেল মাহমুদ।

১০. **'আগে কি সুন্দর দিন কাটাইতাম' এ গানটির সুরকার কে?** *[ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার-১৭]*

ক. শাহ আবদুল করিম খ. সত্য সাহা
গ. সঞ্জীব চৌধুরী ঘ. বাপ্পা মজুমদার **উত্তর : ক**

১১. **'বাড়ীর পাশে আরশিনগর, সেথায় এক পড়শী বসত করে.....' এই পঙক্তিটি কার লেখা?** *[ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার-১৭]*

ক. হাছন রাজা খ. লালন শাহ
গ. পাগলা কানাই ঘ. রাধারমণ দত্ত **উত্তর : খ**

ব্যাখ্যা : এটি লালনের একটি জনপ্রিয় গান। গানের শব্দগুলো রূপক- 'বাড়ির কাছে (শরীরের ভিতর) আরশিনগর (সৃষ্টিকর্তা যেখানে বসবাস করে), সেথায় এক পড়শী (সৃষ্টিকর্তা) বসত করে। আমি একদিনওনা দেখিলাম তারে।' অর্থাৎ সৃষ্টার অস্তিত্ব মানুষের মধ্যেই লুকায়িত। কিন্তু তাকে দেখা যায় না।

১২. **'স্মৃতি ঝলমল সুনীল মাঠের কাছে আমার অনেক ঋণ আছে'- গানটি কার রচনা?** *[সহকারী মেইনটেইনার ইঞ্জিনিয়ার নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. শামসুর রাহমান খ. আল মাহমুদ
গ. ডি এল রায় ঘ. নজরুল ইসলাম বাবু **উত্তর : ক**

ব্যাখ্যা : 'স্মৃতি ঝলমল সুনীল মাঠের কাছে, পানি টলটল মেঘনা নদীর কাছে, আমার অনেক ঋণ আছে।' গানটির রচয়িতা শামসুর রাহমান, সুরকার খন্দকার নুরুল আলম, শিল্পী রুনা লায়লা।

১৩. **'ধনধান্য পুষ্প ভরা, আমাদের এই বসুন্ধরা' দেশাত্মবোধক গানটির রচয়িতা কে?** *[উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা-১৬]*

ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. গোবিন্দ দাস **উত্তর : গ**

ব্যাখ্যা : দ্বিজেন্দ্রলাল রায় রচিত গানগুলো দ্বিজেন্দ্রগীতি নামে পরিচিত। তার একটি দেশাত্মবোধক গান- 'ধনধান্য পুষ্প ভরা, আমাদের এই বসুন্ধরা'। এ গানটি সাজাহান নাটকে সংযোজিত হয়েছে।

১৪. **'আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সত্যসুন্দর'- এই শাশ্বত বাণী রচনা করেছেন**

Scanned with CamScanner



১৫. 'ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়'- গানটির রচয়িতা কে? *[সহকারী পরিচালক NSI-১৫]*
ক. আবদুল লতিফ খ. গোবিন্দ হালদার
গ. আলতাফ মাহমুদ ঘ. গৌরী প্রসন্ন মজুমদার উত্তর : ক
ব্যাখ্যা : আব্দুল লতিফ একজন খ্যাতনামা (১৯২৪-২০০৬) সঙ্গীতশিল্পী, গীতিকার ও সুরকার। তিনি 'ওরা আমার মুখের কথা কাইড়া নিতে চায়' 'দাম দিয়ে কিনেছি বাংলা কারো দানে পাওয়া নয়' ইত্যাদির গানের রচয়িতা। এছাড়াও 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' এর প্রথম সুরকার।

১৬. আমাদের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি'- এ গানের সুর রবীন্দ্রনাথের কোন ধরনের সুর থেকে নিয়েছেন? *[অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৫]*
ক. গালা গানের খ. বাউল গানের
গ. ভাটিয়ালি গানের ঘ. মুর্শিদি গানের উত্তর : খ
ব্যাখ্যা : শিলাইদহ কুঠিবাড়িতে থাকাকালে স্থানীয় বাউল 'গগন হরকরা'র সাথে রবীন্দ্রনাথের পরিচয় হয়। গগন হরকরা ছিলেন পেশায় একজন ডাকপিয়ন (তখনকার দিনে ডাকপিয়নদের হরকরা বলা হতো)। গগন হরকরার একটি গান-
আমি কোথায় পাবো তারে
আমার মোনের মানুষ যেরে।
হারায়ে সেই মানুষে, তার উদ্দেশ্যে,
দেশে বিদেশে বেড়াই ঘুরে॥
রবীন্দ্রনাথ ঠাকুর গগন হরকরার গানের সুর থেকেই আমাদের জাতীয় সঙ্গীতের সুর নিয়েছেন। এই গানটির হুবহু সুরে 'আমার সোনার বাংলা....' গানটি গাওয়া হয়।

১৭. 'ঘেটুপুত্র কমলা' চলচ্চিত্রের পরিচালক কে? *[পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*
ক. মোরশেদুল ইসলাম খ. সুভাষ দত্ত
গ. হুমায়ূন আহমদ ঘ. চাষী নজরুল ইসলাম উত্তর : গ

১৮. 'ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা' পংক্তিটি কার রচনা? *[পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার-১২]*
ক. দীনবন্ধু মিত্র খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. দ্বিজেন্দ্রলাল রায়
ঘ. কাজী নজরুল ইসলাম ঙ. অতুল প্রসাদ সেন উত্তর : খ
ব্যাখ্যা : 'ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা' রবীন্দ্রনাথের একটি দেশাত্মবোধক গান। গানটির রচনাকাল ১৯০৫ সাল (১৩১২ বঙ্গাব্দ) এবং স্বরলিপিকার ইন্দিরা দেবী।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'ধনধান্য পুষ্প ভরা, আমাদের এই বসুন্ধরা'- পরের লাইন কোনটি? *[ঢাবি (চ ইউনিট) ১৪-১৫]*
ক. এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
খ. তাহা ফুলের ওপর ঘুমিয়ে পড়ে ফুলের মধু খেয়ে
গ. ভায়ের মায়ের এত স্নেহ কোথায় গেলে পাবে কেহ?
ঘ. তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা উত্তর : ঘ

২. 'মনের মানুষ' চলচ্চিত্রের পরিচালক কে? *[জাবি (*
ক. ঋতুপর্ণ ঘোষ খ. গৌতম ঘোষ
গ. তারেক মাসুদ ঘ. তানভীর মো
ব্যাখ্যা : গৌতম ঘোষ পরিচালিত বাংলা চলচ্চিত্র- 'মনের এবছরের নির্মিত এ ছবিটি ২০১০ সালে মুক্তি পায়। ছবিটি সিলেট অঞ্চলের পটভূমিতে নির্মিত। এতে লালনের জীবন ও কর্মের বি

৩. 'আকাশ ভরা সূর্য তারা বিশ্বভরা প্রাণ'- *[জাবি (*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজ
গ. মোহাম্মদ মনিরুজ্জামান ঘ. আবু হেনা
ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের গান- 'আকাশভরা সূর্য-তারা, পেয়েছি মোর স্থান। বিস্ময়ে তাই জাগে আমার গান॥'

৪. 'শাখা প্রশাখা' চলচ্চিত্রের নির্মাতা- *[ঢাবি (গ*
ক. মৃণাল সেন খ. সত্যজিৎ
গ. চাষী নজরুল ইসলাম ঙ. জহির র
ব্যাখ্যা : 'শাখা প্রশাখা' চলচ্চিত্রের পরিচালক সত্যজিৎ র যেখানে সত্যজিৎ রায় সমাজে দুর্নীতির সর্বগ্রাসী রূপ তুলে

বিবিধ

১. "মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ
ক. মীর মশাররফ হোসেনের খ. ইসম
গ. রবীন্দ্রনাথ ঠাকুরের ঘ. কাজী

২. বাংলাদেশের জাতীয় সঙ্গীতে কোন বি
ক. বাংলা প্রকৃতির কথা খ. বাং
গ. বাংলার ইতিহাসের কথা ঘ. বা

৩. "আমরা হিন্দু বা মুসলমান যেমন স
উক্তিটি করেন- *[৯ম বিজেএস (সহক*
ক. মুহম্মদ আব্দুল হাই খ.
গ. মওলানা আকরম খাঁ ঘ.
ব্যাখ্যা : ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রে
'আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য; তার চে

শিক্ষসিদ্ধি'র বন-ক্যাডার

১. ওমর খৈয়াম কোন দেশের কবি
ক. পাকিস্তান
গ. তুরস্ক

Scanned with CamScanner

২. **'মনের মানুষ' চলচ্চিত্রের পরিচালক কে?** *[জাবি (গ ইউনিট) ১৪-১৫]*

ক. ঋতুপর্ণ ঘোষ খ. গৌতম ঘোষ
গ. তারেক মাসুদ ঘ. তানভীর মোকাম্মেল **উত্তর : খ**

ব্যাখ্যা : গৌতম ঘোষ পরিচালিত বাংলা চলচ্চিত্র- 'মনের মানুষ'। বাংলাদেশ ভারত যৌথ প্রযোজনায় নির্মিত এ ছবিটি ২০১০ সালে মুক্তি পায়। ছবিটি সুনীল গঙ্গোপাধ্যায়ের 'মনের মানুষ' উপন্যাস অবলম্বনে নির্মিত। এতে লালনের জীবন ও কর্মের কিছু চিত্র ফুটিয়ে তোলা হয়েছে।

৩. **'আকাশ ভরা সূর্য তারা বিশ্বভরা প্রাণ'-** *[জাবি (গ ইউনিট) ১৪-১৫]*

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. মোহাম্মদ মনিরুজ্জামান ঘ. আবু হেনা মোস্তফা কামাল **উত্তর : ক**

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের গান- 'আকাশভরা সূর্য-তারা, বিশ্বভরা প্রাণ। তাহারি মাঝখানে আমি পেয়েছি মোর স্থান। বিস্ময়ে তাই জাগে আমার গান॥'

৪. **'শাখা প্রশাখা' চলচ্চিত্রের নির্মাতা-** *[ঢাবি (গ ইউনিট) ০৪-০৫]*

ক. মৃণাল সেন খ. সত্যজিৎ রায় গ. হুমায়ূন আহমেদ
ঘ. চাষী নজরুল ইসলাম ঙ. জহির রায়হান **উত্তর : খ**

ব্যাখ্যা : 'শাখা প্রশাখা' চলচ্চিত্রের পরিচালক সত্যজিৎ রায়। ছবিটি ১৯৯০ সালে মুক্তি পায়। এর মাধ্যমে সত্যজিৎ রায় সমাজে দুর্নীতির সর্বগ্রাসী রূপ তুলে ধরেছেন।

বিবিধ

১. **"মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে।"- কার উক্তি?** *[৩৭তম বিসিএস]*

ক. মীর মশাররফ হোসেনের খ. ইসমাইল হোসেন সিরাজীর
গ. রবীন্দ্রনাথ ঠাকুরের ঘ. কাজী নজরুল ইসলামের **উত্তর : ক**

২. **বাংলাদেশের জাতীয় সঙ্গীতে কোন বিষয়টি প্রধানভাবে আছে?** *[১৬তম বিসিএস]*

ক. বাংলা প্রকৃতির কথা খ. বাংলার মানুষের কথা
গ. বাংলার ইতিহাসের কথা ঘ. বাংলার সংস্কৃতির কথা **উত্তর : ক**

৩. **"আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য; তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি" উক্তিটি করেন-** *[৯ম বিজেএস (সহকারী জজ)-১৪]*

ক. মুহম্মদ আব্দুল হাই খ. আনোয়ার পাশা
গ. মওলানা আকরম খাঁ ঘ. ড. মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে ড. মুহম্মদ শহীদুল্লাহর বিখ্যাত উক্তি- "আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য; তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি"।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. **ওমর খৈয়াম কোন দেশের কবি?** *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিয়োগ পরীক্ষা (NSI)-১৭]*

ক. পাকিস্তান খ. ইরাক
গ. তুরস্ক ঘ. কোনটিই নয় **উত্তর : ঘ**

Scanned with CamScanner

ব্যাখ্যা : ওমর খৈয়াম পারস্যের কবি, গণিতবিদ, দার্শনিক। তিনি ১০৪৮ সালের ১৮ মে পারস্যের খোরাসানের নিশাপুরে জন্মগ্রহণ করেন। ৪ ডিসেম্বর ১১৩১ সালে ৮৩ বছর বয়সে মৃত্যু বরণ করেন। তিনি 'রুবাইয়াত' এর জন্য বিশ্বসাহিত্যে চিরস্মরণীয়। তাঁর বিখ্যাত উক্তি- "কচি মন ফুরিয়ে যাবে, প্রিয়ার কালো চোখ ঘোলাটে হয়ে আসবে, কিন্তু বইখানা অনন্ত যৌবনা, যদি তেমন বই হয়।"

২. 'কালিদাস' কার সভাকবি ছিলেন? *[পিটিআই এর ইন্সট্রাক্টর পদে নিয়োগ-১৬]*

ক. প্রথম চন্দ্রগুপ্ত খ. দ্বিতীয় চন্দ্রগুপ্ত
গ. অশোক ঘ. লক্ষণ সেন

উত্তর : খ

ব্যাখ্যা : কালিদাস সংস্কৃত কবি ও নাট্যকার। বিক্রমাদিত্য নামে পরিচিত গুপ্ত সম্রাট দ্বিতীয় চন্দ্রগুপ্তের সভাকবি হিসেবে কালিদাসের সুখ্যাতি রয়েছে।

৩. কোন প্রতিষ্ঠানের উদ্যোগে 'বাংলাপিডিয়া' প্রকাশিত হয়েছিল? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৬, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১৫]*

ক. শিল্পকলা একাডেমি খ. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
গ. ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ. বাংলা একাডেমি

উত্তর : খ

ব্যাখ্যা : 'বাংলাপিডিয়া' বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত বাংলাদেশের প্রথম জাতীয় জ্ঞানকোষ। এর সম্পাদক সিরাজুল ইসলাম। এতে দেশ বিদেশের ১৪৫০ জন লেখকের লেখা স্থান পেয়েছে। ১০ খণ্ডের এ জ্ঞানকোষটি ২০০৩ সালে প্রকাশিত হয়।

৪. প্রাচীন বাংলার জনপদ ও অর্থনীতির পরিচয় প্রথম কার কোন গ্রন্থে গুরুত্বসহ উল্লেখ করা হয়। *[PKSF-এর অ্যাসিসটেন্ট ম্যানেজার-১৪]*

ক. নীহাররঞ্জন রায়ের 'বাঙালীর ইতিহাস' খ. আহমদ শরীফের 'বাঙালী ও বাঙলা সাহিত্য'
গ. অতুল সুরের 'বাঙালির নৃতাত্ত্বিক ইতিহাস' ঘ. দীনেশচন্দ্র সেনের বৃহৎবঙ্গ। উত্তর : ক

৫. 'দহনকাল' উপন্যাসটির জন্য কথাসাহিত্যে 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১২' পদকে ভূষিত হন- *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৩]*

ক. হুমায়ূন আহমেদ খ. আনিসুল হক গ. সনৎকুমার সাহা
ঘ. হরিশংকর জলদাস ঙ. শামসুর রাহমান

উত্তর : ঘ

ব্যাখ্যা : হরিশংকর জলদাস বাংলাদেশের একজন উপন্যাসিক। জন্ম ১৯৫৫ সালের ১২ অক্টোবর চট্টগ্রামে। তার রচিত উপন্যাস- দহনকাল (২০১০), কসবি (২০১১), হৃদয়নদী (২০১৩) ইত্যাদি।

৬. মুক্তবুদ্ধির লেখক হিসেবে বিশেষ উল্লেখযোগ্য-*[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে AD-০৮]*

ক. এয়াকুব আলী চৌধুরী খ. শেখ ফজলল করিম
গ. কাজী আব্দুল ওদুদ ঘ. কায়কোবাদ

উত্তর : গ

৭. 'আপন ঘরে বোঝাই সোনা/ পরে করে লেনা দেনা'- চরণ দু'টির রচয়িতা কে? *[থানা/উপজেলা নির্বাচন অফিসার-০৪]*

ক. প্রমথ চৌধুরী খ. নির্মলেন্দু গুণ
গ. হাছন রাজা ঘ. লালন শাহ

উত্তর : ঘ

৮. কবি ফেরদৌসীর জন্মস্থান কোথায়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে মেডিকেল অফিসার-০৫]*

ক. ইরাক খ. মিশর
গ. ইরান ঘ. তুরস্ক

উত্তর : গ

ব্যাখ্যা : কবি আবুল কাশেম ফেরদৌসি হিজরী ৩২৯ সালে ইরানের সমরখন্দ অঞ্চলের তুস নগরের বাঝ গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা ইসহাক বিন শরফ।

৯. রচয়িতার মূল গ্রন্থ থেকে যারা প্রাচীন পাণ্ডুলিপি *[শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক-০৩]*

ক. অনুবাদক খ. নকলনবিশ
গ. লেখক ঘ. লিপিকার

১০. উনিশ শতকের প্রথম মুসলিম লেখকের নাম *[বুয়েটের উপসহকারী পরিচালক-০১]*

ক. গোলাম হোসেন খ. খোন্দকার
গ. হামিদুল্লাহ খাঁ ঘ. মীর মশার

ব্যাখ্যা : উনিশ শতকের প্রথম মুসলিম বাংলা গদ্য লে... দিদিরী। তিনি ১৮০৮ সালে বর্ধমানের সর্বমঙ্গল গ্রামে জন্ম... গদ্য-পদ্যে মিশ্রিত সুফিতত্ত্বের উপর লিখিত তার গ্রন্থ 'উ... হোসেনের রচনাবলী প্রকাশিত হয় এরও নয় বছর পর।

১১. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হ...

ক. ১৯৫০ খ. ১৯৫২
গ. ১৯৫৪ ঘ. ১৯৫৬

ব্যাখ্যা : এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় ১৭৮৪ সালে... সালে প্রতিষ্ঠিত পাকিস্তান এশিয়াটিক সোসাইটি। স্বাধীনতা... হয় 'বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি'।

১২. 'অমরকোষ' কি ধরনের গ্রন্থ?

ক. মহাকাব্য খ. নাটক
গ. অভিধান ঘ. উপন্যা...

ব্যাখ্যা : 'অমরকোষ' সংস্কৃত ভাষায় রচিত প্রাচীন ও ... প্রকৃত নাম- 'নামলিঙ্গানুশাসন'। রচয়িতা অমরসিংহ। ... অনুবাদ করেন।

ব্যাংক নিয়ে...

১. 'শামখোলা' হলো এক ধরনের-*[সমন্বিত...*

ক. মাছ খ. পাখি
গ. পতঙ্গ ঘ. জল...

ব্যাখ্যা : শামখোল এক ধরনের পাখি। ইছামতীর তী... শামুকখোল, শামুকভাঙ্গা ও হাইতোলা মুখ নামে পরি...

২. অনুবাদের সময় যে বিষয়ের প্রতি বি... *অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. অনুবাদকের দক্ষতা খ. র...
গ. মূলপাঠের শৈলী ঘ. স...

৩. 'বিদেশী ভাষা শিখিব মাতৃভাষায় ... *[অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]*

ক. প্রমথ চৌধুরীর খ. ...
গ. আবুল মনসুর আহমদের ঘ. ...

Scanned with CamScanner

৯. রচয়িতার মূল গ্রন্থ থেকে যারা প্রাচীন পাণ্ডুলিপি লিপিবদ্ধ করতেন তাদের বলা হয়- *[শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক-০৩]*

ক. অনুবাদক খ. নকলনবিশ
গ. লেখক ঘ. লিপিকার **উত্তর : ঘ**

১০. উনিশ শতকের প্রথম মুসলিম লেখকের নাম- *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]*

ক. গোলাম হোসেন খ. খোন্দকার শামসুদ্দিন সিদ্দিকী
গ. হামিদুল্লাহ খাঁ ঘ. মীর মশাররফ হোসেন **উত্তর : খ**

ব্যাখ্যা : উনিশ শতকের প্রথম মুসলিম বাংলা গদ্য লেখক খোন্দকার শামসুদ্দীন মোহাম্মদ সিদ্দিকী। তিনি ১৮০৮ সালে বর্ধমানের সর্বমঙ্গল গ্রামে জন্মগ্রহণ করেন। ১৮৭০ সালে মারা যান। গদ্য-পদ্যে মিশ্রিত সুফিতত্ত্বের উপর লিখিত তার গ্রন্থ 'উচিত শ্রবণ' (১৮৬০) । মীর মশাররফ হোসেনের রচনাবলী প্রকাশিত হয় এরও নয় বছর পর।

১১. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়- *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকতা-৯৭]*

ক. ১৯৫০ খ. ১৯৫২
গ. ১৯৫৪ ঘ. ১৯৫৬ **উত্তর : খ**

ব্যাখ্যা : এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় ১৭৮৪ সালে কলকাতায়। দেশ বিভাগের পর ১৯৫২ সালে প্রতিষ্ঠিত পাকিস্তান এশিয়াটিক সোসাইটি। স্বাধীনতার পর ১৯৭২ সালে এর নামকরণ করা হয় 'বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি'।

১২. 'অমরকোষ' কি ধরনের গ্রন্থ?

ক. মহাকাব্য খ. নাটক
গ. অভিধান ঘ. উপন্যাস **উত্তর : গ**

ব্যাখ্যা : 'অমরকোষ' সংস্কৃত ভাষায় রচিত প্রাচীন ও সবচেয়ে প্রসিদ্ধ শব্দকোষ বা অভিধান। এর প্রকৃত নাম- 'নামলিঙ্গানুশাসন'। রচয়িতা অমরসিংহ। প্রসন্নকুমার শাস্ত্রী 'অমরকোষ'-এর বাংলা অনুবাদ করেন।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. 'শামখোলা' হলো এক ধরনের-*[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. মাছ খ. পাখি
গ. পতঙ্গ ঘ. জলজ উদ্ভিদ **উত্তর : খ**

ব্যাখ্যা : শামখোল এক ধরনের পাখি। ইছামতীর তীরে এ পাখি দেখতে পাওয়া যায়। অঞ্চলভেদে শামুকখোল, শামুকভাঙ্গা ও হাইতোলা মূখ নামে পরিচিত।

২. অনুবাদের সময় যে বিষয়ের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া আবশ্যক-*[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. অনুবাদকের দক্ষতা খ. রচয়িতার উদ্দেশ্য
গ. মূলপাঠের শৈলী ঘ. সরল ভাষা **উত্তর : ঘ**

৩. 'বিদেশী ভাষা শিখিব মাতৃভাষায় শিক্ষিত হইবার পর, আগে নয়।' উদ্ধৃতটি- *[অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]*

ক. প্রমথ চৌধুরীর খ. রবীন্দ্রনাথ ঠাকুরের
গ. আবুল মনসুর আহমদের ঘ. সৈয়দ মুজতবা আলীর **উত্তর : গ**

Scanned with CamScanner

৪. নিচের কোন দু'জন লেখক বাংলাদেশ রাষ্ট্রের বাইরে মৃত্যুবরণ করেছেন? *[ব্যাংক জুনিয়র অফিসার-১৩]*
ক. রণেশ দাশগুপ্ত, হুমায়ুন আজাদ খ. হাসান হাফিজুর রহমান, জিয়া হায়দার
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ, আবু হেনা মোস্তফা কামাল
ঘ. হুমায়ুন আজাদ, মোহাম্মদ মনিরুজ্জামান
উত্তর : ক
ব্যাখ্যা : হুমায়ুন আজাদ ১১ আগস্ট ২০০৪ জার্মানীর মিউনিখে মারা যান। ১২ আগস্ট তার ফ্ল্যাট থেকে লাশ উদ্ধার করা হয়। রণেশ দাশগুপ্ত ৪ নভেম্বর ১৯৯৭ সালে কলকাতায় মারা যান। ৬ নভেম্বর ঢাকার পোস্তগলা শ্মশানে তাকে দাহ করা হয়।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত বায়ান্নর দিনগুলো নিচের কোন গ্রন্থ থেকে চয়ন করা হয়েছে? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*
ক. জেলখানার জীবন খ. কারাগারের রোজনামচা
গ. অলিখিত আত্মজীবনী ঘ. অসমাপ্ত আত্মজীবনী
উত্তর : ঘ

২. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।'- বাক্যটি যে রচনার অর্ন্তগত- *[ঢাবি (খ ইউনিট) ১৮-১৯]*
ক. বায়ান্নর দিনগুলো খ. আহবান
গ. রেইনকোট ঘ. মাসি-পিসি
উত্তর : ক
ব্যাখ্যা : 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে' বাক্যটি 'বায়ান্নর দিনগুলো' থেকে নেওয়া হয়েছে। কথাটি ভাষা আন্দোলনে গুলিবর্ষণ সম্পর্কে বলা হয়েছে।

৩. দিলওয়ার কোন জেলার কবি? *[চবি (ঘ ইউনিট) ১৮-১৯]*
ক. বরিশাল খ. সিলেট
গ. কুমিল্লা ঘ. ঢাকা
উত্তর : খ
ব্যাখ্যা : সুরমা পারের কবি খ্যাত দিলওয়ার (১৯৩৭-২০১৩) সিলেট শহর সংলগ্ন সুরমা নদীর দক্ষিণ তীরবর্তী ভার্থখলা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি 'গণমানুষের কবি' হিসেবে পরিচিত।

৪. 'নেকলেস' গল্পের লেখক কোন দেশের? *[চবি (ঘ ইউনিট) ১৮-১৯]*
ক. ফ্রান্স খ. জার্মানি
গ. স্পেন ঘ. আয়ারল্যান্ড
উত্তর : ক

৫. 'পুষ্প আপনার জন্য ফুটে না, পরের জন্য তোমার হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত করিও'- উক্তিটি করা? *[জবি (ক ইউনিট) ১৩-১৪]*
ক. বঙ্কিমচন্দ্র খ. মীর মশাররফ হোসেন
গ. বরীন্দ্রনাথ ঠাকুর ঘ. কায়কোবাদ
উত্তর : ক

৬. নিচের কোনটি বাংলা সাহিত্যের সাথে জড়িত? *[জাবি (জ ইউনিট) ১১-১২]*
ক. ইয়ং বেঙ্গল খ. মোহামেডান লিটারেরি সোসাইটি
গ. ক ও খ দুটোই ঘ. কোনটিই নয়
উত্তর : গ

৭. বঙ্গীয় শব্দকোষ-এর প্রণেতা- *[ঢাবি (খ ইউনিট) ০৫-০৬]*
ক. জ্ঞানেন্দ্রমোহন দাস খ. মুহম্মদ এনামুল হক
গ. হরিচরণ বন্দ্যোপাধ্যায় ঘ. ড. মুহম্মদ শহীদুল্লাহ
উত্তর : গ
ব্যাখ্যা : 'বঙ্গীয় শব্দকোষ' হরিচরণ বন্দ্যোপাধ্যায় সংকলিত বাংলা অভিধান। ১৩৪১ বঙ্গাব্দে কলকাতা থেকে প্রথম প্রকাশিত হয়।

Scanned with CamScanner


শীকর বাংলা প্রশ্ন-পত্র

ত্যবরণ করেছেন? [রূপসী

নুর রহমান, জিয়া হায়দার

উত্তর : ক

যান। ১২ আগস্ট তার ক্লাস

ন কলকাতায় মারা যান। ৬

ন

া নিচের কোন গ্রন্থ থেকে

মচা

উত্তর : ঘ

তে থাকে।'- বাক্যটি যে

উত্তর : ক

বাক্যটি 'বায়ান্নর দিনগুলো

া হয়েছে।

উত্তর : খ

টি শহর সংলগ্ন সুরমা নদীর

বি' হিসেবে পরিচিত।

) ১৮-১৯]

উত্তর : ক

র হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত

সন

উত্তর : ক

(জ ইউনিট) ১১-১২]

রি সোসাইটি

উত্তর : গ

৬]

উত্তর : গ

ক

১৩৪১ বঙ্গাব্দ

ব্যাকরণ

Scanned with CamScanner

বাংলা ভাষা ও লিপি

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি? *[৩২তম বিসিএস]*

ক. বর্ণ খ. শব্দ
গ. পদ ঘ. ধ্বনি **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ভাষার মূল উপকরণ- বাক্য, বাক্যের ক্ষুদ্রতম একক- শব্দ, ভাষার ক্ষুদ্রতম একক- ধ্বনি, ক্ষুদ্রতম একক- ধ্বনি।

২. সাধু ভাষা সাধারণত কোথায় অনুপযোগী? *[১৮তম বিসিএস]*

ক. কবিতা পঙক্তিতে খ. গানের কলিতে
গ. গল্পের সংলাপে ঘ. নাটকের সংলাপে **উত্তর : ঘ**

ব্যাখ্যা : উনিশ শতকে বাংলা ভাষার যে লিখিত রূপ গড়ে উঠে তার নাম দেওয়া হয় 'সাধু ভাষা'। সাধু ভাষার বৈশিষ্ট্য-

- ✓ সর্বজনস্বীকৃত লেখ্য রূপ। এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।
- ✓ বাংলা লেখ্য সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।
- ✓ সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী।

৩. বাংলা ভাষার উদ্ভব হয়েছে নিম্নোক্ত একটি ভাষা থেকে- *[১৭তম বিসিএস, ৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*

ক. সংস্কৃত খ. পালি
গ. প্রাকৃত ঘ. অপভ্রংশ **উত্তর : গ**

ব্যাখ্যা : বাংলা ভাষার উৎপত্তি 'প্রাকৃত' ভাষা থেকে। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও স্যার জর্জ গ্রিয়ার্সনের মতে- মাগধী প্রাকৃত। ড. শহীদুল্লাহর মতে- গৌড়ীয় প্রাকৃত। প্রাকৃত ভাষার শেষ স্তরের নাম অপভ্রংশ বা অবহট্‌ঠ অর্থাৎ যা খুব বিকৃত হয়ে গেছে। বাংলা ভাষার উৎপত্তি এককথায়, ইন্দো-ইউরোপীয়>শতম>আর্য>প্রাকৃত>অপভ্রংশ>বাংলা।

৪. সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য- *[১৬তম বিসিএস, ১৫তম বিসিএস]*

ক. তৎসম ও তদ্ভব শব্দের ব্যবহারে খ. বাক্যের সরলতা ও জটিলতায়
গ. ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায় ঘ.শব্দের কথ্য ও লেখ্যরূপে **উত্তর : গ**

৫. বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল কোনটি? *[১৪তম বিসিএস]*

ক. দশম থেকে চতুর্দশ শতাব্দী খ. একাদশ থেকে পঞ্চদশ শতাব্দী
গ. দ্বাদশ থেকে ষোড়শ শতাব্দী ঘ. ত্রয়োদশ থেকে সপ্তদশ শতাব্দী **উত্তর: ক**

ব্যাখ্যা : বাংলা ভাষার ইতিহাসকে তিনটি স্তরে ভাগ করে স্থিতিকাল বিবেচনা করা হয়।

Scanned with CamScanner

ব্যাখ্যা : ব্রাহ্মী লিপি থেকে বিকশিত হয়েছে বাংলা লিপি। ব্রাহ্মী ভারতবর্ষের প্রাচীনতম ও বহুল প্রচলিত লিপি। তবে এ লিপির উৎপত্তিকাল ও নামকরণ সম্পর্কে সঠিক তথ্য পাওয়া যায় না। খ্রিস্টপূর্ব তৃতীয় শতকের মৌর্য সম্রাট অশোকের সময় এ লিপির অস্তিত্বের সন্ধান পাওয়া যায়।

৭. বাংলা ভাষার উৎপত্তিকাল-[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]
ক. সপ্তম শতাব্দী খ. অষ্টম শতাব্দী
গ. নবম শতাব্দী ঘ. দ্বাদশ শতাব্দী
উত্তর : ক

ব্যাখ্যা : বাংলা ভাষার উৎপত্তি সপ্তম শতাব্দীতে।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ- [১৫তম শিক্ষক (কলেজ) নিবন্ধন-১৯]
ক. মূর্খদের ভাষা খ. পণ্ডিতদের ভাষা
গ. জনগণের ভাষা ঘ. লেখকদের ভাষা
উত্তর : গ

২. কোন বাক্যটি প্রমিত চলিত রীতিতে লেখা হয়েছে? [পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]
ক. খেয়ে দেয়ে শুয়ে পড়লাম খ. খাইয়া দাইয়া শুইয়া পড়িলাম
গ. খাইয়া দাইয়া শুয়ে পড়লাম ঘ. খেয়ে দেয়ে শুইয়া পড়লাম
উত্তর : ক

৩. 'বন্য' শব্দটির চলিত রূপ কোনটি? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. বন্যে খ. বুনো
গ. বনো ঘ. বণ্য
উত্তর : খ

৪. বাংলা ভাষায় সাধুরীতির বৈশিষ্ট্য কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৮]
ক. সর্বনাম ও বিশেষণ এক বিশেষ পদ্ধতি মেনে চলে
খ. বিশেষ্য ও সর্বনাম এক বিশেষ পদ্ধতি মেনে চলে
গ. সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ পদ্ধতি মেনে চলে
ঘ. বিশেষ্য ও বিশেষণ এক বিশেষ পদ্ধতি মেনে চলে
উত্তর : গ

৫. ভাষার সংবিধান কোনটি? [যুব উন্নয়ন অধিদপ্তর (ক্যাশ)-১৮]
ক. বর্ণমালা খ. ধ্বনি
গ. ব্যাকরণ ঘ. সমাস
উত্তর : গ

ব্যাখ্যা : ব্যাকরণের কাজ হচ্ছে ভাষার গতিবিধি লক্ষ করা এবং ভাষাকে বিশ্লেষণ করা। ভাষার মৌলিক উপাদান ধ্বনি, শব্দ, বাক্য- এগুলোর অভ্যন্তরীণ শৃঙ্খলা আনয়নের জন্য ব্যাকরণের সৃষ্টি হয়েছে। ব্যাকরণকে ভাষার সংবিধান বলা হয়।

৬. হ-কার লোপের প্রবণতা কোন ভাষার অন্যতম বৈশিষ্ট্য? [যুব উন্নয়ন অধিদপ্তর (ক্যাশ)-১৮]
ক. সাধু খ. চলিত
গ. কথ্য ঘ. লেখ্য
উত্তর : খ

ব্যাখ্যা : হ-কার লোপের প্রবণতা চলিত ভাষার অন্যতম বৈশিষ্ট্য। যেমন- গাহিল>গাইল, চাহে>চায় ইত্যাদি।

৭. প্রাকৃত ভাষাগুলোর শেষ স্তরের নাম কী? [বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-১৭]
ক. বৈদিক খ. সংস্কৃত
গ. মাগধী ঘ. অপভ্রংশ
উত্তর : ঘ

Scanned with CamScanner



ব্যাখ্যা : প্রাকৃত ভাষা (প্রাচীন ভারতীয় আর্য কথ্য ভাষা) খ্রিস্টপূর্ব ৪০০ অব্দ থেকে ১০০০ খ্রিস্টাব্দ পর্যন্ত ভারতের বিভিন্ন স্থানে প্রচলিত ছিল। প্রাকৃত ভাষারও কয়েকটি স্তর রয়েছে। এরমধ্যে শেষ স্তরের নাম অপভ্রংশ বা অবহট্‌ঠ অর্থাৎ যা খুব বিকৃত হয়ে গেছে।

৮. বাংলাদেশ ছাড়াও কোন জায়গায় মানুষের মুখের ভাষা বাংলা? [সমাজসেবা অধিদপ্তরের লিখিত পরীক্ষা-১৭]

ক. নদীয়া খ. আরাকান
গ. অযোধ্যা ঘ. পশ্চিমবঙ্গ ও আসাম

উত্তর : ঘ

৯. সাধু ভাষা কত খ্রিস্টাব্দের দিকে জন্ম হয়েছে? [বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-১৭]

ক. ১৮০০ খ. ১৮২০
গ. ১৮৩০ ঘ. ১৮৫০

উত্তর : ঘ

ব্যাখ্যা : সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের মতে- 'সাধারণ গদ্য সাহিত্যে ব্যবহৃত বাংলা ভাষাকে সাধু ভাষা বলে।' ১৮০০ সালের দিকে সাধু ভাষার প্রচলন শুরু হয়। সংস্কৃত ব্যুৎপত্তিসম্পন্ন মানুষের ভাষাকে 'সাধু ভাষা' বলে প্রথম অভিহিত করেন রাজা রামমোহন রায়।

১০.বাংলা লিপির গঠনকার্য কোন আমলে শুরু হয়? [সহকারী ব্যবস্থাপক বাংলাদেশ গ্যাস ফিল্ডস লি.-১৭]

ক. সেন আমলে খ. গুপ্ত আমলে
গ. পাল আমলে ঘ. পাঠান আমলে

উত্তর : ঘ

ব্যাখ্যা : সেন আমলে বাংলা লিপি অক্ষর গঠনের কাজ শুরু হয়। পাঠান আমলে (পনের শতকে) তা স্থায়ী রূপ লাভ করে। ১৮০০ সালে শ্রীরামপুর মিশন প্রেস স্থাপিত হওয়ার পূর্ব পর্যন্ত সুদীর্ঘ সময়ে হাতে লেখা হয়েছে বলে বাংলা লিপি নানা পরিবর্তনের মাধ্যমে অগ্রসর হয়েছে।

১১.ভাষার মৌলিক অংশ কয়টি? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের (NSI)-এর সহকারী পরিচালক-১৭]

ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৬টি

উত্তর : গ

ব্যাখ্যা : প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। অংশগুলো হল- ধ্বনি, শব্দ, বাক্য, অর্থ।

১২.ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল? [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৪]

ক. চলিত রীতি খ. সাধু রীতি
গ. কথ্য রীতি ঘ. লেখ্য রীতি

উত্তর : ক

১৩.ভাষার মূল উপকরণ কী? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]

ক. বর্ণ খ. শব্দ
গ. ধ্বনি ঘ. বাক্য

উত্তর : ঘ

ব্যাখ্যা : ভাষার মূল উপকরণ-বাক্য, ভাষার মূল উপাদান-ধ্বনি, বাক্যের মূল উপাদান- শব্দ (পদ), বাক্যের ক্ষুদ্রতম একক-শব্দ।

১৪. কোনটি ভাষার বৈশিষ্ট্য নয়? [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৪]

ক. অর্থদ্যোতকতা খ. ইশারা বা অঙ্গভঙ্গি
গ. মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি ঘ. জনসমাজে ব্যবহার যোগ্যতা

উত্তর : খ

১৫.দেশ-কাল ও পরিবেশ ভেদে কিসের পার্থক্য ঘটে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের AD(প্রশাসন)-১৪]

ক. ধ্বনির খ. ভাষার
গ. অর্থের ঘ. শব্দের

উত্তর : খ

Scanned with CamScanner

১৬. চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয়- *[৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৩]*

ক. সাধু ভাষা খ. প্রমিত ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. উপভাষা **উত্তর : খ**

১৭. বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে? *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-১২]*

ক. গৌর দাস খ. চালর্স উইলকিন্স
গ. পঞ্চানন কর্মকার ঘ. গঙ্গাকিশোর ভট্টাচার্য **উত্তর : গ**

ব্যাখ্যা : বাংলা মুদ্রাক্ষরের জনক পঞ্চানন কর্মকার। তিনি প্রথম ১৭৭৮ সালে বাংলা মুদ্রণযন্ত্রে বাংলা ভাষার লেখা ছাপেন। ১৭৭৮ সালে চালর্স উইলকিন্স নাথানিয়াল ব্রাশি হ্যালহেডের A Grammar of the Bengal Language গ্রন্থটি বাংলা অক্ষরে মুদ্রণের উদ্যোগ গ্রহণ করলে পঞ্চানন তার মুদ্রণ সম্পর্কিত প্রযুক্তি নিয়ে এগিয়ে আসেন।

১৮. 'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন- *[৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১২]*

ক. রাজা মনিমোহন রায় খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. অক্ষয় কুমার দত্ত **উত্তর : খ**

ব্যাখ্যা : উনিশ শতকে বাংলা ভাষার যে লিখিত রূপ গড়ে উঠে তার নাম দেওয়া হয় 'সাধু ভাষা'। সংস্কৃত ব্যুৎপত্তিসম্পন্ন মানুষের ভাষাকে 'সাধু ভাষা' বলে প্রথম অভিহিত করেন রামমোহন রায়।

১৯.কোন লিপি ডান দিক থেকে লেখা শুরু হয়? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর-১১]*

ক. ব্রাহ্মী লিপি খ. খরোষ্ঠীলিপি
গ. আরবিলিপি ঘ. উদ্ধালিপি **উত্তর : খ**

ব্যাখ্যা : প্রাচীন ভারতে দুটি লিপির কথা পাওয়া যায়। একটি ব্রাহ্মী লিপি, অপরটি খরোষ্ঠি লিপি। ব্রাহ্মী লিপি লেখা হতো বাম থেকে ডানদিকে, আর খরোষ্ঠি লিপি লেখা হতো ডান থেকে বামে।

২০. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়- *[৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১১]*

ক. অব্যয় খ. সম্বোধন পদ
গ. সর্বনাম পদ ঘ. ক্রিয়া **উত্তর : ক**

২১. বাংলা ভাষার পূর্ব স্তরের নাম কি? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক-১১]*

ক. প্রত্ন-বাঙ্গালা খ. প্রত্র-উড়িয়া
গ. প্রাকৃত ঘ. বৈদিক ভাষা **উত্তর : গ**

ব্যাখ্যা : বাংলা ভাষার পূর্ব স্তরের নাম প্রাকৃত। প্রাকৃত অর্থ স্বাভাবিক। প্রাকৃত ভাষারও কয়েকটি স্তর রয়েছে। এরমধ্যে শেষ স্তরের নাম অপভ্রংশ বা অবহট্ঠ অর্থাৎ যা খুব বিকৃত হয়ে গেছে।

২২. কোন শাসনামলে বাংলা লিপির স্থায়ী রূপ তৈরী করে অক্ষর গঠনের কাজ শুরু করে? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক-১১]*

ক. পাল আমলে খ. সেন আমলে
গ. গুপ্ত আমলে ঘ. পাঠান আমলে **উত্তর : ঘ**

ব্যাখ্যা : পাল আমলে বাংলা লিপির প্রাধান্য পরিলক্ষিত হয়। সেন বংশের শাসনামলে বাংলা লিপি অক্ষর গঠনের কাজ শুরু হয়। পাঠান আমলে (পনের শতকে) তা স্থায়ী রূপ লাভ করে।

Scanned with CamScanner



২৩. লোকসংখ্যার অনুপাতে বিশ্বে বাংলা ভাষার স্থান-[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-০৬]
ক. প্রথম খ. ষষ্ঠ
গ. সপ্তম ঘ. নবম
উত্তর : গ
ব্যাখ্যা : মাতৃভাষার বিবেচনায় বিশ্বে বাংলা ভাষার স্থান চতুর্থ। আর ভাষিক বিচারে বাংলার স্থান সপ্তম। এ বিচারে বিশ্বের প্রধান ভাষাগুলো হলো- মান্দারিন (চীনা), ইংরেজি, হিন্দি, স্প্যানিশ, রুশ, আরবি, বাংলা, পর্তুগিজ, মালয়-ইন্দোনেশিয়ান ও ফরাসি।

২৪. উপভাষা (Dialect) কোনটি? [উপজেলা সমাজসেবা অফিসার-০৬]
ক. সাহিত্যের ভাষা খ. অঞ্চল বিশেষের মানুষের মুখের ভাষা
গ. লেখ্য ভাষা ঘ. পাঠ্যপুস্তকের ভাষা
উত্তর : খ
ব্যাখ্যা : প্রমিত ভাষার পাশাপাশি বিভিন্ন অঞ্চলের লোকজন নিজ নিজ অঞ্চলের ভাষায় কথা বলে। এ ভাষাকে কথ্য ভাষা, আঞ্চলিক ভাষা বা উপভাষা বলে।

২৫. মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনি সমষ্টিকে বলে- [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৫]
ক. বর্ণ খ. শব্দ
গ. বাক্য ঘ. ভাষা
উত্তর : ঘ

২৬. ইন্দো-ইউরোপীয় ভাষার ক'টা শাখা? [সমাজসেবা অধিদপ্তরের সমাজ সংগঠক-০৫]
ক. এক খ. দুই
গ. তিন ঘ. চার
উত্তর : খ
ব্যাখ্যা : ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীকে প্রধান দুটি শাখায় ভাগ করা হয়েছে- কেন্তম ও শতম। ইউরোপীয় ভাষাগুলোকে কেন্তম ও ইন্দো-ইরানীয় ভাষাগুলোকে শতম শাখায় ধরা হয়।

২৭. নিচের কোনটি সহোদর ভাষা গোষ্ঠীর অর্ন্তভূক্ত? [সমাজসেবা অধিদপ্তরের সমাজ সংগঠক-০৫]
ক. বাংলা ও উর্দু খ. বাংলা ও হিন্দি
গ. বাংলা ও অহমিয়া ঘ. বাংলা ও সংস্কৃত
উত্তর : গ

২৮. উপমহাদেশের প্রথম ছাপাখানা স্থাপিত হয়- [এলজিইডির সহকারী প্রকৌশলী-০৫]
ক. ১২৯৮ খ. ১৩৯৮
গ. ১৪৯৮ ঘ. ১৫৯৮
উত্তর : গ
ব্যাখ্যা : উপমহাদেশের প্রথম ছাপাখানা স্থাপিত হয় ১৪৯৮ সালে ভারতের গোয়ায়। কাজটি করেন পর্তুগিজরা। এই প্রেস থেকে প্রথম মুদ্রিত বই পর্তুগিজ ভাষার 'কনুকসোজ'। বাংলায় প্রথম ছাপাখানা স্থাপিত হয় ১৭৭৮ সালে হুগলিতে। বাংলাদেশের প্রথম ছাপাখানা 'বার্তাবহ যন্ত্র' ১৮৪৭ সালে রংপুরে প্রতিষ্ঠিত হয়।

২৯. বাংলা ভাষা ও সাহিত্য কার কাছে প্রত্যক্ষভাবে ঋণী? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ-০৪]
ক. পালি খ. অপভ্রংশ
গ. অবহট্ট ঘ. সংস্কৃত
উত্তর : খ
ব্যাখ্যা : প্রত্যক্ষভাবে ঋণী বলতে বুঝায় বাংলা ভাষার ঠিক আগের রূপ, যার থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে। বাংলা ভাষার উৎপত্তি ইন্দো-ইউরোপীয়>শতম>আর্য>প্রাকৃত>অপভ্রংশ>বাংলা।

৩০. বাংলা ভাষার বয়স কত? [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিদর্শক-০৪]
ক. ২০০০ বছর খ. ১০০০ বছর
গ. ২৫০০ বছর ঘ. ২৭০০ বছর
উত্তর : খ
ব্যাখ্যা : বাংলা ভাষার বয়স আনুমানিক ১০০০-১৪০০ বছর।

Scanned with CamScanner

৩১. বাংলাদেশের প্রথম ছাপাখানার প্রতিষ্ঠিত হয়? *[সড়ক ও জনপদ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী-০১]*

ক. ঢাকায় খ. রাজশাহীতে
গ. রংপুরে ঘ. যশোরে

উত্তর : গ

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় রংপুরে ১৮৪৭ সালে। এর নাম 'বার্তাবহ যন্ত্র'। ছাপাখানাটি থেকে প্রকাশিত হতো রংপুরের প্রথম সাময়িকপত্র 'রঙ্গপুর বার্তাবহ'। পত্রিকাটির প্রকাশক ছিলেন গুরুচরণ রায়।

৩২. ঢাকায় স্থাপিত প্রথম ছাপাখানার নাম কি ছিল?

ক. বাংলা প্রেস খ. ঢাকা প্রেস
গ. ঢাকা মুদ্রাণালয় ঘ. আজিমপুর প্রেস

উত্তর : ক

ব্যাখ্যা : ঢাকার প্রথম ছাপাখানা 'বাংলা প্রেস'। প্রতিষ্ঠিত হয় ১৮৬০ সালে আজিমপুরে। প্রতিষ্ঠাতা ছিলেন সুন্দর মিত্র। এখান থেকে প্রকাশিত হতো 'দ্য ঢাকা নিউজ' নামে পত্রিকাটি। 'বাংলা প্রেস' থেকে মুদ্রিত প্রথম গ্রন্থ দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' (১৮৬০)।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. কোনটি লিপির বিবর্তনের ধাপ নয়? *[সমন্বিত চার ব্যাংক অফিসার-১৯]*

ক. চৈনিক লিপি খ. জাপানি লিপি
গ. দেব লিপি ঘ. চীনা লিপি

উত্তর : গ

২. ভাষার মৌলিক অংশ নয় কোনটি? *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*

ক. ধ্বনি খ. শব্দ
গ. ছন্দ ঘ. বাক্য

উত্তর : গ

ব্যাখ্যা : প্রতিটি ভাষারই ৪টি মৌলিক অংশ থাকে- ধ্বনি, শব্দ, বাক্য ও অর্থ। আর তাই সব ভাষার ব্যাকরণই প্রধানত এই ৪টি অংশ নিয়েই আলোচনা করে। ছন্দ ভাষার মৌলিক অংশ নয়।

৩. নিচের যে ভাষাগুচ্ছ একই পরিবারভুক্ত নয়- *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৮]*

ক. বাংলা, মগধি, ভোজপুরি খ. আসামি, তামিল, ওড়িয়া
গ. হিন্দি, গুজরাটি, মারাঠি ঘ. পাঞ্জাবি, বাংলা, মারাঠি

উত্তর : ঘ

৪. পশতু কোন এলাকার ভাষা? *[ICB (ক্যাশ) নিয়োগ-১৮]*

ক. পাঞ্জাব খ. ত্রিপুরা
গ. সিলেট ঘ. ছাতক

উত্তর : ক

ব্যাখ্যা : পশতু ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবারে ইরানী শাখার একটি ভাষা। এটি মূলত আফগানিস্তানের একটি ভাষা। তবে পাকিস্তানের প্রায় ৯৫ লাখ লোক এ ভাষায় কথা বলে।

৫. কোন ভাষায় সাহিত্যের গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায়? *[বাংলাদেশ ব্যাংক অফিসার-১৫]*

ক. সাধু ভাষায় খ. চলিত ভাষায়
গ. আঞ্চলিক ভাষায় ঘ. কথ্য ভাষায়

উত্তর : ক

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. কোনটি লিপি বিবর্তনের ধাপ নয়? *[জাবি (সি ইউনিট) ১৭-১৮]*

ক. মিসরীয় লিপি খ. ফিনিসীয় লিপি
গ. শিলালিপি ঘ. আরবি

উত্তর : গ

Scanned with CamScanner



ব্যাখ্যা : মধ্যযুগে বিভিন্ন স্থাপনার গায়ে সাঁটা পাথরে উৎকীর্ণ লিপি হচ্ছে শিলালিপি। বাকীগুলো লিপি বা লিখন পদ্ধতির বিবর্তনের ধাপ।

২. বাংলা লিপির সঙ্গে সবচেয়ে ঘনিষ্টতা রয়েছে- *[রাবি (ডি ইউনিট) ১৭-১৮]*
ক. আসামি ভাষার লিপির খ. বর্মি ভাষার লিপির
গ. সিংহলি ভাষার লিপির ঘ. নেপালি ভাষার লিপির
উত্তর : ক

৩. ভাষাশিক্ষার সফলতম পর্যায় কোনটি? *[চবি (ডি ইউনিট) ১৭-১৮]*
ক. শোনা খ. বলা
গ. পড়া ঘ. লেখা
উত্তর : ঘ

৪. 'র' বর্ণটির ব্যবহারে বাংলা ভাষায় কতটি লিপি চিহ্নের অস্তিত্ব পাওয়া যায়? *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি (ডি ইউনিট) ১৭-১৮]*
ক. ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. ৪টি
উত্তর : খ

৫. 'জেন্দা' কী? *[ঢাবি (খ ইউনিট) ১৬-১৭]*
ক. ভাষা খ. জাতি
গ. গ্রন্থ ঘ. গোষ্ঠী
উত্তর : ক

ব্যাখ্যা : 'জেন্দা' একটি ভাষা। পারস্যের অগ্নি উপাসকদের একটি ধর্মগ্রন্থ হলো 'আবেস্তা'। যার ভাষা হলো জেন্দা।

৬. বাংলাদেশ সরকার 'বাংলা ভাষা প্রচলন আইন' পাস করে- *[রাবি (খ ইউনিট) ১৪-১৫]*
ক. ১৯৭২ সালে খ. ১৯৭৫ সালে
গ. ১৯৮৭ সালে ঘ. ১৯৯৯ সালে
উত্তর : গ

ব্যাখ্যা : বাংলাদেশ সংবিধানের ৩নং অনুচ্ছেদের বিধানকে পূর্ণরূপে কার্যকর করার উদ্দেশ্যে প্রণীত হয় 'বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭'। এটি ১৯৮৭ সালের ২নং আইন।

৭. বাংলা ভাষার অন্তর্নিহিত শৃঙ্খলা হলো- *[জবি (ক ইউনিট) ১৪-১৫]*
ক. চলিত ভাষা খ. ধ্বনি, শব্দ, বাক্য, অর্থ, ব্যঞ্জনা
গ. ভাষার ব্যঞ্জনা ঘ. প্রমিত উচ্চারণ
উত্তর : খ

৮. 'বঙ্গ-কামরুপী' থেকে সৃষ্ট একটি ভাষা বাংলা, অপর ভাষা কোনটি? *[ঢাবি (ঘ ইউনিট) ১২-১৩]*
ক. অসমিয়া খ. উড়িয়া
গ. হিন্দি ঘ. ব্রজবুলি
উত্তর : ক

৯. সাধু ও চলিত রূপের মধ্যে তুলনামূলক গবেষণা করেন কে? *[জাবি (জ ইউনিট) ১১-১২]*
ক. উইলিয়াম কেরি খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. প্রমথ চৌধুরী
উত্তর : ঘ

১০. ভাষা প্রকাশের মাধ্যম কয়টি? *[ইবি (খ ইউনিট) ১১-১২]*
ক. ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. ৪টি
উত্তর : খ

Scanned with CamScanner

১১. বাক্যের মৌলিক উপাদান কী? *[রাবি (ক ইউনিট) ১০-১১]*
ক. পদ খ. শব্দ
গ. ধ্বনি ঘ. ভাষা
উত্তর : খ

১২. কোন অঞ্চলের মৌখিক ভাষাকে ভিত্তি করে চলতি ভাষা গড়ে উঠেছে? *[চবি (খ) ০৯-১০]*
ক. যশোর খ. ঢাকা
গ. কলকাতা ঘ. বিহার
উত্তর : ক

১৩. বাংলা ভাষার উৎপত্তি হয়েছে যেখান থেকে- *[জবি (খ ইউনিট) ০৭-০৮]*
ক. ইন্দো-ইউরোপীয় খ. ইন্দো-দ্রাবিড়িয়ান
গ. আর্য ঘ. আর্য ইউরোপীয়
উত্তর : ক
ব্যাখ্যা : ভাষা বিজ্ঞানীগণ পৃথিবীর সকল ভাষাকে কয়েকটি ভাগে (কাল্পনিক নাম দিয়ে) ভাগ করেছেন। এর মধ্যে একটি ভাষাগোষ্ঠীর নাম ইন্দো-ইউরোপীয়। ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর শতম শাখার একটি ভাষা বাংলা।

১৪. ভারতীয় মৌলিক লিপি কোনটি? *[জাবি (খ ইউনিট) ০৪-০৫]*
ক. খরোষ্ঠী খ. ব্রাহ্মী
গ. সারদা ঘ. নাগর
উত্তর : খ
ব্যাখ্যা : ভারতীয় মৌলিক লিপি ব্রাহ্মী লিপি। এ লিপি কুষাণ ও গুপ্ত রাজাদের আমলে পরিবর্তিত হয়ে তিনটি রূপ লাভ করে। যথা- সারদা, নাগর ও কুটিল। মূলত ব্রাহ্মী লিপির কুটিল রূপ থেকে বাংলা লিপির সৃষ্টি হয়।

১৫. ভাবের উৎসই হচ্ছে- *[রাবি (খ ইউনিট) ০৩-০৪]*
ক. শব্দ খ. বর্ণ
গ. কাল ঘ. ভাষা
উত্তর : ঘ

১৬. কোন অপভ্রংশ থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে বলে ড. মুহম্মদ শহীদুল্লাহ মনে করেন? *[ঢাবি (ক ইউনিট) ০৩-০৪]*
ক. গৌড়ীয় অপভ্রংশ খ. শৌরশেনী অপভ্রংশ
গ. মাগধী অপভ্রংশ ঘ. মহারাষ্ট্রী অংভ্রংশ
উত্তর : ক

বাংলা ব্যাকরণ ও আলোচ্য বিষয়

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. বাক্যের ক্ষুদ্রতম একক কোনটি? *[১৮তম বিসিএস, ৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]*
ক. শব্দ খ. বর্ণ
গ. ধ্বনি ঘ. চিহ্ন
উত্তর : ক
ব্যাখ্যা : ভাষার মূল উপকরণ- বাক্য, বাক্যের ক্ষুদ্রতম একক- শব্দ, ভাষার ক্ষুদ্রতম একক- ধ্বনি, শব্দের ক্ষুদ্রতম একক- ধ্বনি।

২. বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে? *[২৯তম বিসিএস]*
ক. হরপ্রসাদ শাস্ত্রী খ. মোহিতলাল মজুমদার
গ. রাজা রামমোহন রায় ঘ. ঈশ্বরচন্দ্র গুপ্ত
উত্তর : গ
ব্যাখ্যা : বাংলা ভাষায় বাঙালি রচিত প্রথম ব্যাকরণ 'গৌড়ীয় ব্যাকরণ' (১৮৩৩)। রচয়িতা রাজা রামমোহন রায়। এর আগে তিনি Bengali Grammar in the English Language নামে একটি ব্যাকরণ গ্রন্থ রচনা করেন।

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. শব্দতত্ত্বের অপর নাম কি? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*
ক. রূপতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব গ. পদক্রম
ঘ. বাক্যতত্ত্ব ঙ. কোনটিই নয় উত্তর : ক

২. সব ভাষার ব্যাকরণের কয়টি মৌলিক অংশ থাকে? *[পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-১৮]*
ক. ৫টি খ. ৬টি
গ. ১০টি ঘ. ৪টি উত্তর : ঘ
ব্যাখ্যা : সব ভাষার ব্যাকরণেরই প্রধানত চারটি বিষয় আলোচিত হয়। যথা- ১. ধ্বনিতত্ত্ব, ২. শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, ৩. বাক্যতত্ত্ব বা পদক্রম এবং ৪. অর্থতত্ত্ব।

৩. বাক্যতত্ত্বের অপর নাম কি? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের স্টোরম্যান-১৮]*
ক. ভাষা খ. প্রাতিপদিক
গ. পদক্রম ঘ. সাধিত শব্দ উত্তর : গ

৪. বাংলা ব্যাকরণ প্রথম রচনা করেন- *[সাধারণ বীমা কর্পোরেশন জুনিয়র অফিসার-১৮]*
ক. ব্রাসি হ্যালহেড খ. উইলিয়াম কেরী
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় উত্তর : ক
ব্যাখ্যা : সর্বপ্রথম টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ রচনা করেন নাথানিয়াল ব্রাসি হ্যালহেড। ওয়ারেন হেস্টিংসের অনুরোধে তিনি বাংলা অক্ষরে বাংলা ভাষার ব্যাকরণ A Grammar of the Bengal Language রচনা করেন। গ্রন্থটি ১৭৭৮ সালে হুগলী থেকে প্রকাশিত হয়। নিয়মতান্ত্রিকভাবে এটিই প্রথম বাংলা ব্যাকরণ। এর আগে পুর্তগিজ ধর্মযাজকরা রোমান অক্ষর সাধারণভাবে বাংলা ব্যাকরণ ও অভিধান রচনার চেষ্টা করেন।

৫. ব্যাকরণ ভাষাকে কি নির্দেশ করে? *[সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]*
ক. ভাষাকে চলিতে খ. ভাষাকে শাসন করে
গ. ভাষাকে বলিতে ঘ. ভাষাকে বর্ণনা করতে উত্তর : খ

৬. 'ব্যাকরণ' কোন ভাষার শব্দ? *[১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]*
ক. সংস্কৃত খ. বাংলা
গ. পর্তুগীজ ঘ. হিন্দি উত্তর : ক

৭. 'ভাষা প্রকাশ বাঙলা ব্যাকরণ' কে রচনা করেছেন? *[১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]*
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ. মুহম্মদ এনামুল হক ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় উত্তর : ঘ
ব্যাখ্যা : 'The Origin and Development of Bengali Language (ODBL)' (১৯২৬), ভাষা প্রকাশ বাঙালা ব্যাকরণ (১৯৩৯) গ্রন্থের রচয়িতা ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

৮. নিচের কোনটি বাংলা ব্যাকরণের শাখা নয়? *[খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক-১১]*
ক. ভূতত্ত্ব খ. রূপতত্ত্ব
গ. ধ্বনিতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় চারটি। যথা- ১. ধ্বনিতত্ত্ব, ২. শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, ৩. বাক্যতত্ত্ব বা পদক্রম এবং ৪. অর্থতত্ত্ব। এছাড়াও ছন্দ, অলংকার ও অভিধানতত্ত্ব আলোচিত হয়।

৯. প্রকৃতি ও প্রত্যয় ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]*
ক. ভাষাতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. ধ্বনিতত্ত্বে ঘ. বাক্যতত্ত্বে উত্তর : খ
ব্যাখ্যা : শব্দতত্ত্বের অপর নাম রূপতত্ত্ব। রূপতত্ত্বের আলোচ্য বিষয়- কারক, সমাস, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি প্রত্যয় ইত্যাদি।

১০. ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয় কোনটি? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর-১১]*
ক. ভাষাতত্ত্বে খ. অর্থতত্ত্বে
গ. ধ্বনিতত্ত্বে ঘ. বাক্যতত্ত্বে উত্তর : খ

১১. বচন, লিঙ্গ, পুরুষ ইত্যাদি আলোচিত হয়? *[সঞ্চয় পরিদপ্তরের হিসাবরক্ষক-১০]*
ক. ভাষাতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. ধ্বনিতত্ত্বে ঘ. বাক্যতত্ত্বে উত্তর : খ
ব্যাখ্যা : রূপতত্ত্বের আলোচ্য বিষয়- পুরুষ, লিঙ্গ, বচন, দ্বিরুক্ত শব্দ, পদাশ্রিত নির্দেশক, শব্দের শ্রেণীবিভাগ।

১২. ব্যাকরণের কাজ কি? *[সমাজসেবা অফিসার-০৬]*
ক. ভাল বক্তা তৈরি করা খ. ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করা
গ. শুদ্ধ লিখন শেখানো ঘ. পণ্ডিত ব্যক্তি তৈরি করা উত্তর : খ

১৩. উপমহাদেশের শ্রেষ্ঠ ব্যাকরণবিদ কে ছিলেন? *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-০৬]*
ক. সুকুমার সেন খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ. পাণিনি ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় উত্তর : গ
ব্যাখ্যা : প্রাচীন ভারতীয় উপমহাদেশের শ্রেষ্ঠ ব্যাকরণবিদ পাণিনি। তিনি খ্রিষ্টপূর্ব ৪০০ অব্দের দিকে 'অষ্টাধ্যায়ী' নামক একটি সংস্কৃত ব্যাকরণ গ্রন্থ রচনা করেন।

১৪. 'ব্যাকরণ' শব্দের সঠিক অর্থ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের শিক্ষা পরিদর্শক-০৪]*
ক. বিশেষভাবে বিভাজন খ. বিশেষভাবে বিশ্লেষণ
গ. বিশেষভাবে সংযোজন ঘ. বিশেষভাবে বিয়োজন উত্তর : খ
ব্যাখ্যা : ব্যাকরণ শব্দটির বুৎপত্তিগত অর্থ বিশেষভাবে বিশ্লেষণ।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. ণত্ব ও ষত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[সোনালী ব্যাংক অফিসার (বিশেষ)-১৯]*
ক. ধ্বনিতত্ত্ব খ. শব্দতত্ত্ব
গ. বাক্যতত্ত্ব ঘ. অর্থতত্ত্ব উত্তর : ক
ব্যাখ্যা : ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়- ধ্বনির উচ্চারণ প্রণালী, উচ্চারণের স্থান, ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, যুক্ত ব্যঞ্জন, বা সন্ধি, ধ্বনির পরিবর্তন ও লোপ, ণত্ব ও ষত্ব বিধান।

Scanned with CamScanner

ধ্বনি ও বা

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. বাংলা ভাষায় ব্যবহৃত মৌলিক স্বরধ্বনি কয়টি? *[৩৮তম বিসিএস, ৩৫তম বিসিএস]*

ক. ৭টি খ. ৮টি
গ. ৬টি ঘ. ১১টি

উত্তর : ক

ব্যাখ্যা : যে সকল স্বরধ্বনি বিশ্লেষণ করা যায় না তাকে মৌলিক স্বরধ্বনি বলে। বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি সাতটি। যথা : অ, আ, ই, উ, এ, অ্যা, ও। যৌগিক স্বরবর্ণ ২টি- ঐ (অ+ই), ঔ (অ+উ)।

২. 'ক্ষ' যুক্তবর্ণটি কিভাবে গঠিত হয়েছে? *[৩৮তম বিসিএস]*

ক. হ্+ম খ. ক্+ষ
গ. ষ্+ম ঘ. ম্+হ

উত্তর : ক

ব্যাখ্যা : হ্+ম=হ্ম, যেমন-ব্রাহ্মণ, ব্রহ্ম ইত্যাদি। ক্+ষ=ক্ষ, যেমন- শিক্ষা, রক্ষা ইত্যাদি। ম্+ম=ম্ম, ম্+হ=ম্হ।

৩. বর্গের কোন বর্ণসমূহের ধ্বনি মহাপ্রাণধ্বনি? *[৩৭তম বিসিএস]*

ক. তৃতীয় বর্ণ খ. দ্বিতীয় ও চতুর্থ বর্ণ
গ. প্রথম ও দ্বিতীয় বর্ণ ঘ. দ্বিতীয় ও তৃতীয় বর্ণ

উত্তর : খ

ব্যাখ্যা : বর্গের প্রথম ও তৃতীয় বর্ণ অল্পপ্রাণধ্বনি, দ্বিতীয় ও চতুর্থ বর্ণ মহাপ্রাণধ্বনি, পঞ্চম বর্ণ নাসিক্যধ্বনি। আবার প্রথম ও দ্বিতীয় বর্ণ অঘোষ, তৃতীয় চতুর্থ ও পঞ্চম বর্ণ ঘোষ।

৪. 'ঔ' কোন ধরনের স্বরধ্বনি? *[৩৭তম বিসিএস]*

ক. যৌগিক স্বরধ্বনি খ. তালব্য স্বরধ্বনি
গ. মিলিত স্বরধ্বনি ঘ. কোনটি নয়

উত্তর : ক

ব্যাখ্যা : বাংলা যৌগিক স্বরধ্বনির সংখ্যা ২টি। যথা- ঐ, ঔ। অ+ই= ঐ, অ+ও= ঔ।

৫. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি? *[৩৬তম বিসিএস]*

ক. ৭টি খ. ৮টি
গ. ১০টি ঘ. ৯টি

উত্তর : খ

ব্যাখ্যা : বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ- ৮টি (১টি স্বরবর্ণ, ৭টি ব্যঞ্জণবর্ণ)। বর্ণগুলো হলো- ঋ, খ, গ, ণ, থ, ধ, প, শ।

৬. 'বিজ্ঞান' শব্দের যুক্তবর্ণের সঠিক রূপ কোনটি? *[৩৬তম বিসিএস]*

ক. জ+ঞ খ. ঞ+গ
গ. ঞ+জ ঘ. গ+ঞ

উত্তর : ক

ব্যাখ্যা : জ+ঞ = জ্ঞ। যেমন- বিজ্ঞান, সংজ্ঞা। ঞ+জ = ঞ্জ। যেমন- গঞ্জ, কুঞ্জ ইত্যাদি।

৭. নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি? *[৩০তম বিসিএস]*

ক. ভ খ. ঠ
গ. ফ ঘ. চ

উত্তর : ঘ

ব্যাখ্যা : যে ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সংযোজিত হয় না এবং স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি বলে। বর্গের প্রথম ধ্বনিটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি।

Scanned with CamScanner

৮. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি? [২৯তম বিসিএস]

ক. ১৩টি খ. ১০টি
গ. ১২টি ঘ. ১১টি

উত্তর : খ

ব্যাখ্যা : বাংলা বর্ণের সমষ্টিগত নাম বর্ণমালা। বাংলা বর্ণমালায় মোট ৫০টি বর্ণ রয়েছে। তার মধ্যে ১১টি স্বরবর্ণ, ৩৯টি ব্যঞ্জনবর্ণ।

৯. 'ক্ষ'- এর বিশ্লিষ্ট রূপ কোনটি? [২৩তম বিসিএস]

ক. ক+ষ+ণ খ. ক+হ+ম
গ. হ+ম ঘ. ম+হ

উত্তর : গ

ব্যাখ্যা : হ+ম=ক্ষ, ক+ষ=ক্ষ, ক+ষ+ন=ক্ষ্ন, ক+ষ+ম=ক্ষ্ম।

১০. বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি? [১৮তম বিসিএস]

ক. এগারটি খ. নয়টি
গ. দশটি ঘ. আটটি

উত্তর : গ

ব্যাখ্যা : বাংলা বর্ণের উপরের দাগকে মাত্রা বলে। বাংলা বর্ণমালায় বর্ণের সংখ্যা ৫০টি। এর মধ্যে মাত্রাহীন- ১০টি, অর্ধমাত্রার-৮টি এবং পূর্ণমাত্রার ৩২টি। মাত্রাহীন ১০টি বর্ণের মধ্যে ব্যঞ্জনবর্ণ ৬টি- ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ। স্বরবর্ণ ৪টি- এ, ঐ, ও, ঔ।

১১. বর্ণ হচ্ছে- [১৪তম বিসিএস]

ক. শব্দের ক্ষুদ্রতম একক খ. একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ
গ. ধ্বনি নির্দেশক প্রতীক ঘ. ধ্বনি শ্রুতিগ্রাহ্য রূপ

উত্তর : গ

১২. কোন দুটি অঘোষ ধ্বনি? [১৩তম বিসিএস]

ক. চ, ছ খ. ড, ঢ
গ. ব, ভ ঘ. দ, ধ

উত্তর : ক

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. ঙ ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো- [১৫তম শিক্ষক (কলেজ) নিবন্ধন-১৯]

ক. উমা খ. উমো
গ. ইয়ো ঘ. উয়ো

উত্তর : ঘ

২. 'ঞ্জ' যুক্তবর্ণটি কীভাবে গঠিত হয়েছে?[পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]

ক. ঞ+ন খ. জ+ণ
গ. ঞ+জ ঘ. ন+জ

উত্তর : গ

ব্যাখ্যা : জ+ঞ=ঞ্জ, ঞ+জ=ঞ্জ।

৩. 'অক্ষর' হচ্ছে- [পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]

ক. শব্দের অংশ খ. পদের অংশ
গ. বাক্যের অংশ ঘ. ধ্বনির অংশ

উত্তর : ঘ

ব্যাখ্যা : ধ্বনি উচ্চারণের সাথে সম্পৃক্ত। কোনো শব্দের যতটুকু অংশ একটানে বা এক ঝোঁকে উচ্চারিত হয়, তাকে অক্ষর বলে। সেই হিসেবে অক্ষর ধ্বনির অংশ।

৪. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি? [যুব উন্নয়ন অধিদপ্তর (ক্যাশ)-১৮]

ক. ৩০টি খ. ৩১টি
গ. ২৯টি ঘ. ৩২টি

উত্তর : ঘ

ব্যাখ্যা : বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ- ৩২টি। এর মধ্যে ৬টি স্বরবর্ণ (অ, আ, ই, ঈ, উ, ঊ) এবং ২৬ টি ব্যঞ্জনবর্ণ।

Scanned with CamScanner

৫. বর্ণমালায় ব্যবহৃত মাত্রাহীন বর্ণগুলোর মধ্যে কতটি ব্যঞ্জনবর্ণ? *[বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]*

ক. ৫টি খ. ৮টি
গ. ৭টি ঘ. ৬টি **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বাংলা বর্ণমালার মধ্যে মাত্রাহীন- ১০টি, অর্ধমাত্রার-৮টি এবং পূর্ণমাত্রার ৩২টি। মাত্রাহীন ১০টি বর্ণের মধ্যে ব্যঞ্জনবর্ণ ৬টি- ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ। স্বরবর্ণ ৪টি- এ, ঐ, ও, ঔ।

৬. উচ্চারণ স্থানের নামানুসারে ব্যঞ্জনধ্বনিগুলো কত ভাগে বিভক্ত? *[পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-১৮]*

ক. ৫ ভাগে খ. ৬ ভাগে
গ. ৭ ভাগে ঘ. ৮ ভাগে **উত্তর : ক**

ব্যাখ্যা : বাংলা ব্যঞ্জন ধ্বনির ক-ম ২৫টি ধ্বনিকে স্পর্শ ধ্বনি বলা হয়। উচ্চারণ স্থান অনুযায়ী এ ২৫টি ধ্বনিকে পাঁচ ভাগে ভাগ করা হয়-

শ্রেণির নাম	বর্ণ	উচ্চারণ স্থান	উচ্চারণ
জিহ্বামূলীয়	ক, খ, গ, ঘ, ঙ	কোমল তালু	জিহ্বামূল
তালব্য	চ, ছ, জ, ঝ, ঞ	অগ্রতালু	জিহ্বার পাতা
দন্তমূলীয় মূর্ধন্য	ট, ঠ, ড, ঢ, ণ	পশ্চাৎ দন্তমূল	জিহ্বার ডগা
দন্ত্য	ত, থ, দ, ধ, ন	উপরের দাঁত	জিহ্বার ডগা
ওষ্ঠ্য	প, ফ, ব, ভ, ম	উপরের ঠোঁট	নিচের ঠোঁট

৭. কোনটি দন্ত্য ধ্বনি নয়? *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (জেলা সমন্বয়ক)-১৭]*

ক. ণ খ. দ
গ. ত ঘ. ন **উত্তর : ক**

ব্যাখ্যা : ত, থ, দ, ধ, ন- এগুলোকে ত-বর্গীয় ধ্বনি বলা হয়। 'ণ' ট-বর্গীয় ধ্বনি বা মূর্ধন্য ধ্বনি।

৮. 'ক্ষ' যুক্তবর্ণকে ভাঙ্গলে কোন কোন বর্ণ পাওয়া যায়? *[বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রশাসনিক কর্মকর্তা-১৭]*

ক. ষ্+ম খ. ষ্+ন গ. ষ্+ণ
ঘ. ষ্+গ ঙ. কোনটিই নয় **উত্তর : গ**

৯. কোন দুটি বর্ণকে অন্তঃস্থ বর্ণ বলা হয়? *[কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রশাসনিক কর্মকর্তা-১৭]*

ক. য ও স খ. শ ও হ গ. প ও ম
ঘ. য ও ব ঙ. কোনটিই নয় **উত্তর : ঘ**

ব্যাখ্যা : যেসব ধ্বনিগুলো স্পর্শধ্বনি ও উষ্মধ্বনির অন্তবর্তী স্থানে অর্থাৎ মাঝে অবস্থিত থাকে, তাদেরকে অন্তঃস্থ ধ্বনি বলা হয়। যেমন : য, র, ল, ব। অন্তঃস্থ 'ব' এখন আর বর্ণমালায় নেই এবং শব্দে স্বাধীনভাবে ব্যবহৃত হয় না। তবে ব্যাকরণের বিভিন্ন ক্ষেত্রে, বিশেষত সন্ধিতে এর প্রয়োগ দেখা যায়।

১০. পরাশ্রয়ী বর্ণ কোনটি? *[বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৭]*

ক. ম খ. ন
গ. ং ঘ. ঞ **উত্তর : গ**

ব্যাখ্যা : ং, ঃ, ঁ -পরাশ্রয়ী বর্ণ। এগুলো অন্য বর্ণের সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না।

Scanned with CamScanner

১১.বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা কয়টি?[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী-১৯]
ক. ১১টি খ. ২৫টি
গ. ৪০টি ঘ. ৫০টি উত্তর : খ
ব্যাখ্যা : একাধিক স্বরধ্বনি মিলে যে ধ্বনি সৃষ্টি হয় তাকে যৌগিক স্বরধ্বনি বলে। বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনি মোট ২৫টি। এর মধ্যে মাত্র ২টি যৌগিক স্বরধ্বনির নিজস্ব বর্ণ আছে। যেমন- ঐ (অ+ই), ঔ (অ+উ)। বাকী ২৩টি যৌগিক স্বরধ্বনির নিজস্ব বর্ণ বা প্রতীক নেই।

১২. কোনগুলো দন্ত্য ধ্বনি? [১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৬]
ক. ক খ গ ঘ ঙ খ. ত থ দ ধ ন
গ. ট ঠ ড ঢ ণ ঘ. প ফ ব ভ ম উত্তর : খ

১৩. বাংলা স্বরধ্বনিতে কয়টি হ্রস্বস্বর আছে? [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-১৫]
ক. ৫টি খ. ৪টি
গ. ৬টি ঘ. ৭টি উত্তর : খ
ব্যাখ্যা : বাংলা স্বরধ্বনিতে হ্রস্বস্বর ৪টি- অ, ই, উ, ঋ।

১৪. কোনটি মূল স্বরধ্বনি নয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৫]
ক. ঐ, অ খ. আ, ঔ
গ. ই, ঔ ঘ. ঐ, ঔ উত্তর : ঘ

১৫. বাংলা বর্ণমালায় কয়টি অসংযুক্ত বর্ণ আছে? [অফিস সহায়ক পানি উন্নয়ন বোর্ড-১৪]
ক. ৪৭টি খ. ৪৮টি
গ. ৪৯টি ঘ. ৫০টি উত্তর : ঘ

১৬. কণ্ঠ থেকে উচ্চারিত ধ্বনি- [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৪]
ক. ঝ খ. ঙ
গ. হ ঘ. ক উত্তর : ঘ
ব্যাখ্যা : কণ্ঠধ্বনি- ক, খ, গ, ঘ, ঙ।

১৭. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা-১৪]
ক. ৯টি খ. ১০টি
গ. ১১টি ঘ. ১২টি উত্তর : গ
ব্যাখ্যা : যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস কোথাও বাধাপ্রাপ্ত না হয় তাকে স্বরধ্বনি বলে। আর স্বরধ্বনি নির্দেশক প্রতীককে স্বরবর্ণ বলে। বাংলা বর্ণমালায় স্বরবর্ণ ১১টি। যথা- অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ।

১৮. 'প্রতীক্ষা' শব্দটির বিশুদ্ধ উচ্চারণ? [PKSF-এর অ্যাসিসটেন্ট ম্যানেজার-১৪]
ক. প্রতিখ্‌খা খ. ফ্রতিখ্‌খা
গ. প্রোতিক্‌খা ঘ. প্রোথিখ্‌খা উত্তর : গ

১৯. শব্দের ক্ষুদ্রতম অংশ কোনটি? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]
ক. ধ্বনি খ. বর্ণ
গ. পদ ঘ. উপসর্গ উত্তর : ক

২০. বাঙালি শিশুরা কোন
সম্পদ মন্ত্রণালয়ের সহকারী
ক. ক- বর্গের
গ. ত-বর্গের

২১. বাংলা বর্ণমালায় ব্যঞ্জনব
ক. ১৯টি
গ. ৩৯টি

২২. পাশাপাশি দুটো স্বর
[আনসার ও ভিডিপি অফি
ক. মৌলিক স্বরধ্বনি
গ. মূলধ্বনি

২৩. ড় এবং র দুটি কী ধ
ক. ঘোষ
গ. অল্পপ্রাণ

২৪. সঠিক উচ্চারণ কো
ক. তিতিখ্‌খা
গ. তিতিক্‌খা
ব্যাখ্যা : তিতিক্ষা শব্দের সঠিক

২৫. বাংলা বর্ণমালায়
ক. ১৬
গ. ১৩

২৬. ঘোষ ধ্বনি নয়- [
ক. গ
গ. ঝ

২৭. কোনগুলি ওষ্ঠ্যধ্ব
ক. চ ছ জ ঝ
গ. প, ফ, ব, ভ
ব্যাখ্যা : ওষ্ঠধ্বনি হচ্ছে প-ব

২৮. বাংলা ভাষায় ব
ক. ২৫টি
গ. ২৬টি

২৯. 'হ্ন' এই যুক্ত ব
ক. হ্+ম
গ. হ্+ন
ব্যাখ্যা : হ্+ন= হ্ন, যেমন-

Scanned with CamScanner

২০. বাঙালি শিশুরা কোন বর্গের ধ্বনিগুলো আগে শিখে? *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিশ্লেষক পরিদর্শক-১১]*

ক. ক- বর্গের খ. ট- বর্গের
গ. ত-বর্গের ঘ. প-বর্গের **উত্তর : ঘ**

২১. বাংলা বর্ণমালায় ব্যঞ্জনবর্ণ কয়টি? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]*

ক. ১৯টি খ. ২৯টি
গ. ৩৯টি ঘ. ৪৯টি **উত্তর : গ**

২২. পাশাপাশি দুটো স্বরধ্বনি এক অক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে বলে- *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-১০]*

ক. মৌলিক স্বরধ্বনি খ. যৌগিক স্বরধ্বনি
গ. মূলধ্বনি ঘ. সমধ্বনি **উত্তর : খ**

২৩. ড় এবং র দুটি কী ধ্বনি? *[কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১০]*

ক. ঘোষ খ. তাড়নজাত
গ. অল্পপ্রাণ ঘ. শিশ **উত্তর : খ**

২৪. সঠিক উচ্চারণ কোনটি? *[জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৯]*

ক. তিতিখ্‌খা খ. তিথিক্‌খা
গ. তিতিক্‌খা ঘ. তিথিখ্‌খা **উত্তর : গ**

ব্যাখ্যা : তিতিক্ষা শব্দের সঠিক উচ্চারণ তিতিক্‌খা।

২৫. বাংলা বর্ণমালায় পর্বের সংখ্যা কত? *[উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]*

ক. ১৬ খ. ১২
গ. ১৩ ঘ. ৫ **উত্তর : ঘ**

২৬. ঘোষ ধ্বনি নয়- *[আমদানি রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার-০৭]*

ক. গ খ. ঘ
গ. ঝ ঘ. শ **উত্তর : ঘ**

২৭. কোনগুলি ওষ্ঠ্যধ্বনি? *[বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক-০৬]*

ক. চ ছ জ ঝ খ. ত থ দ ধ
গ. প, ফ, ব, ভ ঘ. ক, খ, গ, ঘ **উত্তর : গ**

ব্যাখ্যা : ওষ্ঠধ্বনি হচ্ছে প-বর্গের ধ্বনি।

২৮. বাংলা ভাষায় বর্গীয় বর্ণ- *[পিএসসির সহকারী পরিচালক-০৬]*

ক. ২৫টি খ. ৩৯টি
গ. ২৬টি ঘ. ৪৯টি **উত্তর : ক**

২৯. 'হ্ন' এই যুক্ত ব্যঞ্জনে কোন কোন বর্ণ আছে? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা-০৬]*

ক. হ্+ম খ. হ্+ণ
গ. হ্+ন ঘ. হ্+ত **উত্তর : গ**

ব্যাখ্যা : হ+ন= হ্ন, যেমন- চিহ্ন, বহ্নি, মধ্যাহ্ন। হ+ণ=হ্ণ, যেমন- পূর্বাহ্ণ, অপরাহ্ণ। হ+ম= হ্ম।

Scanned with CamScanner

৩০. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলা হয়? *[জেলা প্রাথমিক শিক্ষা অফিসার-০৫]*
স্বরবর্ণ সংক্ষিপ্ত আকারে ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে তাকে কি বলে?

ক. ফলা খ. কার
গ. যুক্তবর্ণ ঘ. মাত্রা

উত্তর : খ
ব্যাখ্যা : স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ 'কার'। 'অ' ব্যতীত দশটি স্বরবর্ণের কার রয়েছে। আর ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় 'ফলা'। ব্যঞ্জণবর্ণের ছয়টি (ণ/ন, ব, ম, য, র, ল) ফলা রয়েছে।

৩১. বাংলা ব্যাকরণে পরাশ্রয়ী বর্ণযুক্ত শব্দ কোনগুলো? *[গণপূর্ত অধিদপ্তরে সহকারী প্রকৌশলী-০৫]*

ক. আম্র, বৃহৎ, মিঞা খ. আয়না, হরিণ, ঋণ
গ. রং, চাঁদ, দুঃখ ঘ. শিউলি, উচিত, বৃষ

উত্তর : গ
ব্যাখ্যা : যে বর্ণগুলো স্বাধীনভাবে উচ্চারিত হতে পারে না, অন্য বর্ণের সাথে মিলিত হয়ে একত্রে উচ্চারিত হয় তাদেরকে পরাশ্রয়ী বর্ণ বলে। যেমন- ং, ঃ, ঁ।

৩২. কোনটি যুক্তবর্ণ নয়? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারিগরী শিক্ষক-০৫]*

ক. কৃ খ. স্ট
গ. ক্ত ঘ. ত্র

উত্তর : ক
ব্যাখ্যা : স+ট= স্ট, ক+ত=ক্ত, ত+র= ত্র।

৩৩. বাংলা স্বরধ্বনিতে কয়টি দীর্ঘস্বর আছে? *[এলজিইডিতে সহকারী প্রকৌশলী-০৫]*

ক. ৭টি খ. ৯টি
গ. ৬টি ঘ. ৫টি

উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা স্বরধ্বনিতে দীর্ঘস্বর ৭টি- আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।

৩৪. বাংলা ভাষায় 'ঞ' হরফটির উচ্চারণ কত প্রকারের হয়? *[পিএসসির AD-০৪]*

ক. এক খ. দুই
গ. তিন ঘ. চার

উত্তর : খ
ব্যাখ্যা : ঞ-ধ্বনির উচ্চারণ দুই প্রকার-
- ✓ *ঞ (সতন্ত্র) এর উচ্চারণ ইঅ-এর মতো। যেমন : মিঞ (মিঁয়ো), মিঞা (মিয়া)*
- ✓ *ঞ+চ/ছ/চ/জ/ঝ (যুক্ত)-এর উচ্চারণ ন-এর মতো। যেমন : অঞ্চল (অন্চল), বাঞ্ছা (বান্ছা), ব্যঞ্জন (ব্যান্জোন), ঝঞ্ঝা (ঝন্ঝা)।*
- ✓ *জ+ঞ (যুক্ত) এর উচ্চারণ গঁ বা গঁগ-এর মতো। যেমন : জ্ঞান (গ্যাঁন), যজ্ঞ (জোগ্গোঁ)।*

৩৫. 'জ' হলো- *[দুর্নীতি দমন পরিদর্শক-০৪]*

ক. জিহবামূলীয় বর্ণ খ. তালব্য বর্ণ
গ. দন্ত্য বর্ণ ঘ. ওষ্ঠ্য বর্ণ

উত্তর : খ

৩৬. 'ক্ষ'-কে ভাঙ্গলে কোনটি হয়? *[পিএসসির সহকারী পরিচালক-০৪]*

ক. ষ+ক খ. ক+ষ
গ. খ+ক ঘ. ক+খ

উত্তর : গ
ব্যাখ্যা : ক+ষ = ক্ষ, যেমন- শিক্ষক, রক্ষক ইত্যাদি। এর উচ্চারণ ক+খ এর মতো। ঙ+ক+ষ= ঙ্ক্ষ, যেমন- আকাঙ্ক্ষা।

৩৭. ভাষার মূল উপাদান কোনটি? *[পিএসসির সহকারী পরিচালক-০৪]*

ক. বর্ণ খ. বাক্য
গ. শব্দ ঘ. ধ্বনি

উত্তর : ঘ
ব্যাখ্যা : ভাষার মূল উপকরণ-বাক্য, বাক্যের মূল উপাদান- শব্দ (পদ), ভাষার মূল উপাদান-ধ্বনি।

Scanned with CamScanner

৩৮. ধ্বনিবিদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় যে নতুন মূলধ্বনিটি প্রতিষ্ঠা করেছেন সেটি- *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা-০১]*

ক. অ্যা ধ্বনি খ. ও ধ্বনি
গ. য় ধ্বনি ঘ. উ ধ্বনি

উত্তর : ক

৩৯. 'ধ্বনি দিয়ে আঁট বাধা শব্দই ভাষার ইট' এই 'ইট'কে বাংলা ভাষায় কি বলে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক-৯৪]*

ক. বর্ণ খ. কথা
গ. বাক্য ঘ. ব্যাকরণ

উত্তর : ক

৪০. 'বাঞ্ছনীয়' শব্দের যুক্তবর্ণের সঠিক রূপ কোনটি?

ক. চ+ঞ খ. ছ+ঞ
গ. ঞ+চ ঘ. ঞ+ছ

উত্তর : ঘ

ব্যাখ্যা : ঞ+ছ= ঞ্ছ, যেমন- বাঞ্ছনীয়, বাঞ্ছা, লাঞ্ছনা ইত্যাদি। ঞ+চ= ঞ্চ, যেমন- অঞ্চল, সঞ্চয়।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. 'ক্ষ' এই যুক্ত বর্ণটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত? *[সোনালী ব্যাংক মুক্তিযোদ্ধা কোটায় অফিসার (ক্যাশ)-১৯]*

ক. হ+ম খ. ক+ষ+ম
গ. ক+খ ঘ. খ+ম

উত্তর : খ

২. 'মনীষা' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি? *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*

ক. মোনিশা খ. মোনিষা
গ. মোনীশা ঘ. মনিসা

উত্তর : ক

৩. 'উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত? *[সোনালী ব্যাংক অফিসার (বিশেষ)-১৯]*

ক. ষ+ণ খ. ষ+ন
গ. ষ+ঞ ঘ. ষ+ঙ

উত্তর : ক

ব্যাখ্যা : ষ+ণ=ষ্ণ।

৪. 'সত্য' শব্দটির শুদ্ধ উচ্চারণ কোনটি? *[পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]*

ক. শোত্যত খ. শত্য
গ. সোততো ঘ. শোত্‌তো

উত্তর : ঘ

৫. 'সৌধ' শব্দের প্রমিত উচ্চারণ হলো- *[বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল)-১৮]*

ক. সোউধ্ খ. শোউধ্
গ. সোউধো ঘ. শোউ্ধো

উত্তর : ঘ

৬. যেটিতে বাংলা বর্ণের যথাযথ ক্রম অনুসৃত হয়নি-*[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ-১৮]*

ক. ঈ উ ঊ ঋ খ. র ল ব ষ
গ. ফ ব ভ ম ঘ. ঙ চ ছ জ

উত্তর : খ

ব্যাখ্যা : সঠিক ক্রম- ব, র, ল, ষ।

Scanned with CamScanner

৭. 'লক্ষণ' শব্দের প্রমিত উচ্চারণ- *[সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১৮]*
ক. লোক্‌খন্ খ. লক্‌খোন্
গ. লোক্‌খোন্ ঘ. লক্‌খন্
উত্তর : গ

৮. 'হ্' এর সঙ্গে 'ঋ-কার' যুক্ত হলে যে ধ্বনিটি মহাপ্রাণ হয়- *[BDBL সিনিয়র অফিসার-১৭]*
ক. ঘ খ. এ
গ. ণ ঘ. র
উত্তর : ক

৯. 'আসমান' শব্দের 'স'-এর উচ্চারণ হলো- *[BDBL সিনিয়র অফিসার-১৭]*
ক. ওষ্ঠ্য খ. দন্তমূলীয়
গ. দন্ত্য ঘ. দন্তৌষ্ঠ্য
উত্তর : খ

১০. বাংলা নাসিক্য ধ্বনি- *[প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার-১৪]*
ক. তিনটি খ. চারটি
গ. পাঁচটি ঘ. ছয়টি
উত্তর : গ
ব্যাখ্যা : বাংলা নাসিক্য ধ্বনি পাঁচটি- ঙ, ঞ, ণ, ন, ম।

১১. শব্দের ক্ষুদ্রতম একক কোনটি? *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার-১৪]*
ক. বর্ণ খ. স্বরবর্ণ
গ. ব্যঞ্জন বর্ণ ঘ. ধ্বনি
উত্তর : ঘ

১২. কোন বর্ণগুলোতে মাত্রা হবে না? *[বাংলাদেশ ব্যাংক অফিসার-০১]*
ক. খ এবং ল খ. ট এবং ঠ
গ. এ এবং ঐ ঘ. ক এবং খ
উত্তর : গ

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'সুন্দর' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*
ক. শুনদোর খ. শুনদর
গ. সুন্‌দর্ ঘ. শোনদর
উত্তর : খ

২. 'হ্ন' যুক্তব্যঞ্জনের বিশ্লিষ্ট রূপ কোনটি? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*
ক. হ্+ম খ. হ্+ণ
গ. হ্+ন ঘ. থ্+ন
উত্তর : খ

৩. 'আহবান' শব্দের প্রমিত উচ্চারণ? *[ঢাবি (গ ইউনিট) ১৮-১৯]*
ক. আহোব্‌বান্ খ. আওভান্
গ. আউভান ঘ. আহোভান্
উত্তর : খ

৪. বাংলা ভাষায় 'ত্ব' যে ধরনের ব্যাকরণিক উপাদান- *[ঢাবি (খ ইউনিট) ১৭-১৮]*
ক. উপসর্গ খ. ফলা
গ. প্রত্যয় ঘ. বিশেষণ
উত্তর : খ

৫. কোনটি সম্মুখ সংবৃত স্বরধ্বনি? *[জবি (খ ইউনিট) ১৭-১৮]*
ক. উ খ. এ
গ. ও ঘ. ই
উত্তর : ঘ

Scanned with CamScanner

৬. শ, ষ, স- এই তিনটি বর্ণে দ্যোতিত ধ্বনি কী? *[শাবিপ্রবি (এ ইউনিট) ১৭-১৮]*

ক. অঘোষ অল্পপ্রাণ খ. অঘোষ মহাপ্রাণ গ. ঘোষ অল্পপ্রাণ
ঘ. ঘোষ মহাপ্রাণ ঙ. স্পর্শ ধ্বনি

উত্তর : ক

৭. 'নাওয়া' কি ধরনের ধ্বনি? *[ইবি (এইচ ইউনিট) ১৭-১৮]*

ক. যৌগিক স্বরধ্বনি খ. অর্ধ্ব স্বরধ্বনি
গ. অর্ধ-বিবৃত স্বরধ্বনি ঘ. শ্রুতি ধ্বনি

উত্তর : ঘ

ব্যাখ্যা : অ-শ্রুতি ও ব-শ্রুতি : শব্দের মধ্যে পাশাপাশি দুটো স্বরধ্বনি থাকলে যদি এ দুটো স্বর মিলে একটি দ্বি-স্বর (যৌগিক স্বর) না হয়, তবে এ স্বর দুটোর মধ্যে উচ্চারণের সুবিধার জন্য একটি ব্যঞ্জনধ্বনির মতো অন্তঃস্থ 'য়' বা অন্তঃস্থ 'ব' উচ্চারিত হয়। যেমন- 'না+আ', এখানে পরপর দুটি 'আ' স্বরধ্বনি আছে। দুটি যুক্ত হয়ে কোন যৌগিক স্বর তৈরি করছে না। তাই এখানে মাঝখানে একটি অন্তঃস্থ 'য়' উচ্চারিত হয়ে হবে 'নাওয়া'। না+আ= না(ও)য়া= নাওয়া।

৮. নিচের কোনটি 'উচ্চ সম্মুখ স্বরধ্বনি'? *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব. (ই) ১৭-১৮]*

ক. এ খ. আ
গ. ই ঘ. উ

উত্তর : গ

৯. বাংলা ভাষায় কয়টি অর্ধস্বরধ্বনি রয়েছে? *[পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব. (সি) ১৬-১৭]*

ক. ৫টি খ. ৪টি
গ. ১১টি ঘ. ৭টি

উত্তর : খ

ব্যাখ্যা : যে ধ্বনি উচ্চারণের সময় ঠোঁট দুটি আংশিকভাবে খোলা থাকে তাকে অর্ধস্বরধ্বনি বলে। বাংলা ভাষাতে অর্ধস্বরধ্বনি আছে চারটি- ই, উ, এ, ও। এগুলো স্বরধ্বনির অর্ধোচ্চারিত রূপ।

১০. 'চন্দ্রবিন্দু' মূলত কীসের পরিবর্তিত রূপ- *[ঢাবি (ক ইউনিট) ১৫-১৬]*

ক. ঘর্ষণ বর্ণের খ. বর্গীয় বর্ণের
গ. অনুনাসিক বর্ণের ঘ. সর্বনামের

উত্তর : গ

১১. কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত বর্ণ- *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব. (ডি ইউনিট) ১৪-১৫]*

ক. আ খ. ই
গ. ঈ ঘ. ও

উত্তর : ক

ব্যাখ্যা : বাংলা আ-ধ্বনির উচ্চারণে জিহ্বা সাধারণত শায়িত অবস্থায় থাকে এবং কণ্ঠের দিকে আকৃষ্ট হয় এবং মুখের সম্মুখ ও পশ্চাৎ অংশের মাঝামাঝি বা কেন্দ্রস্থানীয় অংশে অবস্থিত বলে আ-কে কেন্দ্রীয় নিম্নাবস্থিত স্বরধ্বনি এবং বিবৃত ধ্বনিও বলা হয়। স্বরধ্বনিগুলোর উচ্চারণ হলো-

স্বরস্তর	সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত	কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত	পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃত
উচ্চ	ই, ঈ		উ, ঊ
উচ্চমধ্য	এ		ও
নিম্নমধ্য	অ্যা		অ
নিম্ন		আ	

১২. বিসর্গের ধ্বনি কখন শোনা যায়? *[ঢাবি (খ ইউনিট) ১৩-১৪]*

ক. সংযোজক অব্যয়ে খ. বিয়োজক অব্যয়ে
গ. বিস্ময়সূচক অব্যয়ে ঘ. পদের মধ্যে বিসর্গ থাকলে

উত্তর : গ

Scanned with CamScanner

১৩. বাংলা ব্যাঞ্জনবর্ণের প্রতিবর্গের পঞ্চম বর্ণের ধ্বনিটি-*[ঢাবি (ক ইউনিট) ১২-১৩]*
ক. ঘোষ ধ্বনি খ. অঘোষ ধ্বনি
গ. মহাপ্রাণ ধ্বনি ঘ. নাসিক্য ধ্বনি
উত্তর : ঘ

১৪.'মই' কথাটির ই-কে কী বলে? *[জবি (খ ইউনিট) ১২-১৩]*
ক.হ্রস্বর খ. অর্ধস্বর
গ. দ্বিস্বর ঘ. ভগ্নস্বর
উত্তর : খ

১৫. একটি ধ্বনিতে কয়টি 'প্রতীক' ব্যবহৃত হয়? *[জাবি (গ ইউনিট) ১১-১২]*
ক. দুইটি খ. একটি
গ. পাঁচটি ঘ. চারটি
উত্তর : খ

১৬. ধ্বনির ঘোষত্ব অঘোষত্ব নির্ভর করে- *[শাবিপ্রবি (ক ইউনিট) ০৯-১০]*
ক. বাতাসের পরিমাণের উপর খ. স্বরতন্ত্রীর কম্পনের উপর
গ. কণ্ঠ্যনালীর ওঠানামার উপর ঘ. জিভের উচ্চতার উপর
উত্তর : ক

১৭. ধ্বনি প্রত্যঙ্গ নয়- *[জবি (খ ইউনিট) ০৫-০৬]*
ক. মুখ খ. ঠোঁট
গ. দাঁত ঘ. কান
উত্তর : ঘ

১৮. ফলাযুক্ত শব্দ কোনটি? *[ঢাবি (খ ইউনিট) ০৩-০৪]*
ক. পল্বল খ. শক্ত
গ. লিপ্সা ঘ. কর্জ
উত্তর : ক
ব্যাখ্যা : 'পল্বল' শব্দটি ফলাযুক্ত। অর্থ ছোট জলাশয়। ব্যঞ্জনবর্ণে ছয়টি ফলা রয়েছে : ণ/ন-ফলা, ব-ফলা, ম-ফলা, য-ফলা, ল-ফলা, র-ফলা। ব্যঞ্জনের নামানুসারে ফলার নামকরণ করা হয়। শক্ত, লিপ্সা যুক্ত ব্যঞ্জন।

১৯. 'ঃ' এক প্রকার- *[ঢাবি (খ ইউনিট) ০২-০৩]*
ক. নিঃশব্দ ধ্বনি খ. 'য়' শ্রেণির ধ্বনি
গ. 'ং' জাতীয় ধ্বনি ঘ. 'হ' এর ধ্বনি
উত্তর : ঘ
ব্যাখ্যা: 'ঃ' (বিসর্গ) অঘোষ 'হ'-এর উচ্চারণে প্রাপ্ত ধ্বনি। হ-এর উচ্চারণ ঘোষ কিন্তু 'ঃ'-এর উচ্চারণ অঘোষ

ধ্বনি পরিবর্তন

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. নিচের কোনটি ধ্বনি পরিবর্তনের উদাহরণ নয়? *[৩৫তম বিসিএস]*
ক. প্রাতিপদিক খ. অপিনিহিতি
গ. অভিশ্রুতি ঘ. ধ্বনি-বিপর্যয়
উত্তর : ক
ব্যাখ্যা : বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। বাকীগুলো ধ্বনি পরিবর্তনের উদাহরণ।

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. ক্লাশ>কিলেশ, প্রীতি>পিরীতি, গ্লাস>গেলাস এগুলো কিসের উদাহরণ? [ডেসকোর সাব স্টেশন এটেন্ডেন্স-১৯]
ক. অপিনিহিতি খ. আদি স্বরাগম গ. মধ্য স্বরাগম
ঘ. অন্ত্য স্বরাগম ঙ. কোনটিই নয় উত্তর : গ

২. 'পিশাচ--পিচাশ' এরূপ পরিবর্তনকে বলা হয়- [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অডিটর-১৯]
ক. স্বরভক্তি খ. স্বরসংগতি
গ. ধ্বনি বিপর্যয় ঘ. ধ্বনিবিকার উত্তর : গ

৩. রত্ন>রতন হওয়ার সন্ধি সূত্র- [১৫তম শিক্ষক (কলেজ) নিবন্ধন-১৯]
ক. স্বরভক্তি খ. স্বরসঙ্গতি
গ. অভিশ্রুতি ঘ. অপিনিহিতি উত্তর : ক

৪. কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে? [PKSF-এর অ্যাসিসটেন্ট ম্যানেজার-১৪]
ক. গামছা খ. মশারি
গ. লুঙ্গি ঘ. চাদর উত্তর : ক
ব্যাখ্যা : শব্দের মধ্যে স্বরধ্বনি লোপকে বলে মধ্য স্বরলোপ। যেমন- অগুরু থেকে অগ্রু, সুবর্ণ থেকে স্বর্ণ। শব্দের শেষে স্বরধ্বনি লোপকে বলে অন্ত্য স্বরলোপ। যেমন- আশা থেকে আশ।

৫. 'ফলাহার' থেকে 'ফলার' হওয়ার কারণ- [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক-১৪]
ক. ধ্বনি বিপর্যয় খ. বর্ণদ্বিত্ব
গ. বর্ণাগম ঘ. বর্ণলোপ উত্তর : ঘ
ব্যাখ্যা : পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি। যেমন : ফাল্গুন>ফাগুন, ফলাহার>ফলার, আলাহিদা>আলাদা ইত্যাদি।

৬. মধ্য স্বরাগমের সমার্থক কোনটি? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-১৩]
ক. স্বরসঙ্গতি খ. অভিশ্রুতি
গ. সম্প্রকর্ষ ঘ. বিপ্রকর্ষ উত্তর : ঘ
ব্যাখ্যা : মধ্য স্বরাগম এর অপর নাম বিপ্রকর্ষ বা স্বরভক্তি।

৭. দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোন স্বরধ্বনি লোপ পেলে তাকে কি বলে? [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক-১৩]
ক. সমীভবন খ. সম্প্রকর্ষ
গ. স্বরাগম ঘ. সব কয়টি উত্তর : খ
ব্যাখ্যা : দ্রুত উচ্চারণের জন্য কোন শব্দের স্বরধ্বনি লোপকে সম্প্রকর্ষ বা স্বরলোপ বলে। শব্দের আদিতে স্বরধ্বনি লোপ হলে বলে আদি স্বরলোপ। যেমন- অলাবু থেকে লাবু থেকে লাউ, উদ্ধার থেকে উধার থেকে ধার।

৮. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-১৩]
ক. আগুন খ. আলমারি
গ. পিচাশ ঘ. ইচ্ছে উত্তর : গ
ব্যাখ্যা : শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনবর্ণ যদি পরস্পরের মধ্যে স্থান পরিবর্তন করে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন- পিশাচ থেকে পিচাশ, লাফ থেকে ফাল, রিকসা থেকে রিসকা ইত্যাদি।

Scanned with CamScanner

৯. 'মগজ' শব্দের উচ্চারণ- [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]
ক. মোগজ খ. মগোজ
গ. মগজ ঘ. মোগোজ
উত্তর : খ

১০.স্বরসঙ্গতির উদাহরণ কোনটি? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-০৯]
ক. হইবে>হবে খ. রাত্রি>রাইত
গ. দেশী>দিশি ঘ. জালিয়া>জাইল্যা>জেলে
উত্তর : গ
ব্যাখ্যা : এক স্বরের প্রভাবে অন্য স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। যেমন- দেশি থেকে দিশি, বিলাতি থেকে বিলিতি, বুড়া থেকে বুড়ো।

১১. যে রীতিতে 'স্নান' শব্দটি 'সিনান' শব্দে পরিণত হয় তার নাম- [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিচার্স অফিসার- ০৬]
ক. অভিকর্ষ খ. বিপ্রকর্ষ
গ. স্বরাগম ঘ. অভিশ্রুতি
উত্তর : খ
ব্যাখ্যা : উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে বা শব্দের মাঝখানে স্বরধ্বনির আগমন ঘটলে তাকে মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বলে। যেমন- স্নান থেকে সিনান, ক্লিপ থেকে কিলিপ, ফিল্ম থেকে ফিলিম ইত্যাদি।

১২.আশু>আউশ- এটি ধ্বনি পরিবর্তনের কোন নিয়মের উদাহরণ? [সহকারী ভূতত্ত্ববিদ-০৬]
ক. অপিনিহিতি খ. সমীভবন
গ. বিপ্রকর্ষ ঘ. বর্ণ বিপর্যয়
উত্তর : ক
ব্যাখ্যা : কোন শব্দের মধ্যকার স্বরধ্বনি (ই বা উ) যদি যথাস্থানে উচ্চারিত না হয়ে পূর্বে উচ্চারিত হয় তবে তাকে অপিনিহিতি বলে। যেমন- আশু থেকে আউশ, আজি থেকে আইজ, বাক্য থেকে বাইক্য।

১৩. একই স্বরের পুনরাবৃত্তি না করে মাঝখানে স্বরধ্বনি যুক্ত হলে তাকে কী বলে? [রেলওয়ে হাসপাতালের সহকারী সার্জন-০৫]
ক. পরাগত খ. সম্প্রকর্ষ
গ. স্বরসঙ্গতি ঘ. অসমীকরণ
উত্তর : ঘ
ব্যাখ্যা : একই স্বরের পুনরাবৃত্তি না করে মাঝখানে স্বরধ্বনি যুক্ত হলে তাকে অসমীকরণ বলে। যেমন- ধপ+ধপ = ধপাধপ, টপ+টপ= টপাটপ।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. স্বরসংগতির উদাহরণ কোনটি? [সমন্বিত চার ব্যাংক অফিসার-১৯]
ক. দেশী>দিশী খ. রাত্রি>রাইত
গ. হইবে>হবে ঘ. কোনটিই নয়
উত্তর : ক

২. 'বউদি ফাগুন মাসের সক্কাল বেলা অযথাই বড়দার সঙ্গে তক্ক কত্তে লাগল।'- এই বাক্যে যে কয়টি শব্দে ধ্বনি-পরিবর্তন ঘটেছে- [এডি বাংলাদেশ ব্যাংক-১৮]
ক. ৬টি খ. ৭টি
গ. ৮টি ঘ. ৯টি
উত্তর : ক
ব্যাখ্যা : ১। বউদিদি-বউদি (ব্যঞ্জনচ্যুতি) ২। ফাল্গুন- ফাগুন (অন্তর্হতি) ৩ ।সকাল-সক্কাল (দ্বি ব্যঞ্জন) ৪। বড় দাদা- বড়দা (ব্যঞ্জনচ্যুতি) ৫। তর্ক-তক্ক ও ৬। করতে-কত্তে (র-কার লোপ)

Scanned with CamScanner

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'ধরিয়া' থেকে 'ধরে' ধ্বনি-পরিবর্তনের কোন নিয়মে হয়েছে? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*
ক. অন্তর্হতি খ. অভিশ্রুতি
গ. সমীভবন ঘ. স্বরসঙ্গতি **উত্তর : খ**

২. 'ধার' শব্দটি যে ধ্বনি পরিবর্তন প্রক্রিয়ার দৃষ্টান্ত- *[ঢাবি (খ ইউনিট) ১৭-১৮]*
ক. বিপ্রকর্ষ খ. স্বরভক্তি
গ. সম্প্রকর্ষ ঘ. অন্তর্হতি **উত্তর : গ**
ব্যাখ্যা : দ্রুত উচ্চারণের জন্য শব্দের শুরু, মধ্য বা শেষে কোন স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। যেমন : অলাবু>লাবু>লাউ, উদ্ধার>উধার>ধার।

৩. ট্যাক্স>ট্যাক্সো- এটি ধ্বনির কোন ধরনের পরিবর্তন? *[ঢাবি (ঘ ইউনিট) ১৭-১৮]*
ক. অন্ত্যস্বরাগম খ. অভিশ্রুতি
গ. ধ্বনি বিপর্যয় ঘ. মধ্য স্বরাগম **উত্তর : ক**
ব্যাখ্যা : কোন কোন সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে। এরূপ স্বরাগমকে বলা হয় অন্ত্যস্বরাগম।

৪. পর্তুগিজ 'আনানস' থেকে 'আনারস'। এটি কোন ধরনের পরিবর্তন? *[জবি (ঘ ইউনিট) ১৭-১৮]*
ক. সাদৃশ্যগত খ. বৈসাদৃশ্য
গ. অর্থগত ঘ. ধ্বনিতাত্ত্বিক **উত্তর : ঘ**

৫. কোনটি 'বিষমীভবন'-এর উদাহরণ? *[জবি (ঘ ইউনিট) ১৬-১৭]*
ক. লাফ>ফাল খ. লাল>নাল
গ. কবাট>কপাট ঘ. লগ্ন>লগ্‌গ **উত্তর : খ**

৬. 'রান্না' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে তৈরি? *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি (ঘ) ১৩-১৪]*
ক. বর্ণচ্যুতি খ. স্বরলোপ
গ. বর্ণদ্বিত্ব ঘ. সমীভবন **উত্তর : ঘ**

৭. 'তুলতুলা>লুতলুতা' কোন ধরনের ধ্বনি পরিবর্তন? *[জবি (খ ইউনিট) ১২-১৩]*
ক. সমাক্ষর লোপ খ. সমীকরণ
গ. ব্যঞ্জনচ্যুতি ঘ. ধ্বনি বিপর্যয় **উত্তর : ঘ**

৮. ব্যঞ্জন বিকৃতির দৃষ্টান্ত- *[ঢাবি (খ ইউনিট) ০৭-০৮]*
ক. ফাল্গুন>ফাগুন খ. বউদিদি>বউদি
গ. ধোবা>ধোপা ঘ. ধরিতে>ধরতে **উত্তর : গ**
ব্যাখ্যা : শব্দের মধ্যে ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হওয়াকে ব্যঞ্জন বিকৃতি বলে। যেমন : কবাট>কপাট, ধোবা>ধোপা, ধাইমা>দাইমা, কাক>কাগ ইত্যাদি।

৯. আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে কোন ধরনের সরসঙ্গতি হয়। *[ঢাবি ০৮-০৯]*
ক. পরাগত খ. মধ্যগত
গ. প্রগত ঘ. অন্যোন্য **উত্তর : গ**

Scanned with CamScanner

ব্যাখ্যা : শব্দে দুটো ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্পবিস্তর সমতা লাভ করে, একে সমীভবন বলে। এটি তিন প্রকার- প্রগত সমীভবন, পরাগত সমীভবন, অন্যোন্য সমীভবন। পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটলে তাকে প্রগত সমীভবন বলে। যেমন- চক্র থেকে চক্কর।

১০. 'মিত্তির' শব্দ সৃষ্টির কারণ- [ঢাবি (খ ইউনিট) ০৬-০৭]

ক. স্বরভক্তি খ. স্বরসংগতি
গ. অপিনিহিতি ঘ. অভিশ্রুতি

উত্তর : খ

ব্যাখ্যা : স্বরভক্তি বা বিপ্রকর্ষ বা মধ্য স্বরাগম : কখনও উচ্চারণের সুবিধার্থে সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসতে পারে। একে স্বরভক্তি বা বিপ্রকর্ষ বা মধ্য স্বরাগম বলে। যেমন: ক্লিপ্ত, কিলিপ, মিত্র- মিত্তির।

১১. 'বিদ্যা>বিজ্ঞা' এই ধ্বনি পরিবর্তনকে কী বলা যায়?

ক. পরাগত সমীভবন খ. প্রগত সমীভবন
গ. বিষমীভবন ঘ. অন্যোন্য সমীভবন

উত্তর : ঘ

ব্যাখ্যা : যখন পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিই পরিবর্তিত হয় তাকে অন্যোন্য সমীভবন বলে। যেমন- সত্য থেকে সচ্চ, বিদ্যা থেকে বিজ্ঞা।

ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. নিচের কোনটি ণত্ব বিধি অনুসারে 'ণ'-এর ব্যবহার হয়েছে? [৩৬তম বিসিএস]

ক. কল্যাণ খ. প্রবণ
গ. নিক্কণ ঘ. বিপণি

উত্তর : ঘ

ব্যাখ্যা : ঋ, র, ষ এর পর স্বরবর্ণ ; ষ য় ব হ ং এবং ক বর্গীয়, প-বর্গীয় ধ্বনি থাকলে তারপরে 'ন' সর্বদা 'ণ' হয়। যেমন- প্রবণ, গ্রহণ, চর্বণ ইত্যাদি। আর কল্যাণ, নিক্কণ, বিপণিতে স্বভাবতই 'ণ' হয়।

২. 'পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিস্কার'- বাক্যটির নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে- [৩৫তম বিসিএস]

ক. প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ খ. প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ. দুটোই অশুদ্ধ ঘ. দুটোই শুদ্ধ

উত্তর : গ

ব্যাখ্যা : ষ-ত্ব বিধান অনুসারে 'র'-ধ্বনির পরে যদি অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি থাকে তবে তার পরে 'ষ' হয়। যথা- পরিষ্কার। কিন্তু অ, আ স্বরধ্বনি থাকলে স হয়। যথা : পুরস্কার।

৩. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান? [২৪তম বিসিএস, ২০তম বিসিএস]

ক. কষ্ট খ. উপনিষৎ
গ. কল্যাণীয়েষু ঘ. আষাঢ়

উত্তর : ঘ

ব্যাখ্যা : নিত্য মূর্ধন্য-ষ হয়- ষড়ঋতু, ষড়যন্ত্র, আষাঢ়, ভাষণ, ঊষা, পৌষ, পাষাণ. মানুষ, ঔষধ।

৪. ণ-ত্ব বিধান সাধারণত কোন শব্দে প্রযোজ্য? [২১তম বিসিএস]

ক. দেশি খ. বিদেশি
গ. তৎসম ঘ. তদ্ভব

উত্তর : গ

ব্যাখ্যা : তৎসম বা সংস্কৃত শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণ-ত্ব বিধান।

পিএসসি'র নন-ক্যাড

১. অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এব
[ডেসকোর সাব স্টেশন এটেন্ডেন্ট-
ক. 'স' হয়
ঘ. 'শ হয়

ব্যাখ্যা : অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং যেমন: ভীষণ, বিমর্ষ, জিগীষা ইত্যাদি।

২. ণ-ত্ব বিধি অনুসরণ করে '
জুনিয়র অডিটর-১৯]
ক. কোণ
ঘ. বাণী

ব্যাখ্যা : ঋ, র, ষ-এর পরে স্বরধ্বনি, পরবর্তী ন মূর্ধন্য 'ণ' হয়। যেমন- কৃপ

৩. ণ-ত্ব ও ষ-ত্ব বিধান কোন
ক. দেশি
গ. তৎসম

ব্যাখ্যা : বাংলা ভাষায় ব্যবহৃত বহু ত
ষত্ব বিধান তৎসম শব্দের জন্যই প্রযে

৪. 'কণিকা' শব্দের 'ণ' বসে
ক. 'ক' এর পরে 'ণ' ব
গ. 'ক' এর পূর্বে 'ণ' ব

ব্যাখ্যা : যে রীতি অনুসারে বাংলা
ব্যবহৃত হয় তাকে ণ-ত্ব বিধান ব
কণিকা, বিপণি, গণিকা, আপণ, ল

৫. ণ-ত্ব বিধান অনুসারে
ক. পুরণো
গ. গ্রহণ

৬. কোন ধরনের শব্দে ক
ক. তৎসম
গ. তদ্ভব

ব্যাখ্যা : বিদেশি শব্দে কখনে
তুরান, জার্মান, সাইরেন, রানা,

৭. কোন প্রত্যয়যুক্ত প
ক. সাৎ
গ. ষ্ণেয়

ব্যাখ্যা : সংস্কৃত 'সাৎ' প্রত্যয়

৮. ষত্ব বিধানের ব্যা
সহকারী শ্রম পরিচা
ক. ভাষা
গ. সুষ্ঠু

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক-এর পর ষ- এর প্রয়োগ হলে তা কি হয়? *[ডেসকোর সাব স্টেশন এটেন্ডেন্স-১৯]*

ক. 'স' হয় খ. অবিকৃত থাকে গ. বিকৃত হয়
ঘ. 'শ হয় ঙ. কোনোটিই নয় **উত্তর : খ**

ব্যাখ্যা : অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক-র এর পর ষ-এর প্রয়োগ হলে তা অবিকৃত থাকে। যেমন: ভীষণ, বিমর্ষ, জিগীষা ইত্যাদি।

২. ণ-ত্ব বিধি অনুসরণ করে 'ণ' হয়েছে নিচের কোন শব্দে? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*

ক. কোণ খ. কৃপণ গ. লাবণ্য
ঘ. বাণী ঙ. কোনটিই নয় **উত্তর : খ**

ব্যাখ্যা : ঋ, র, ষ-এর পরে স্বরধ্বনি, য় ব হ ং এবং ক বর্গীয় ও প বর্গীয় ধ্বনি থাকলে তার পরবর্তী ন মূর্ধন্য 'ণ' হয়। যেমন- কৃপণ (ঋ-কার→প→ণ)। অন্যগুলোতে স্বভাবতই ণ হয়।

৩. ণ-ত্ব ও ষ-ত্ব বিধান কোন শ্রেণির শব্দে অনুসৃত হয়? *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*

ক. দেশি খ. বিদেশি
গ. তৎসম ঘ. খাঁটি বাংলা **উত্তর : গ**

ব্যাখ্যা : বাংলা ভাষায় ব্যবহৃত বহু তৎসম বা সংস্কৃত শব্দে মূর্ধন্য-ণ এবং মূর্ধন্য-ষ রয়েছে। ণত্ব ও ষত্ব বিধান তৎসম শব্দের জন্যই প্রযোজ্য হয়।

৪. 'কণিকা' শব্দের 'ণ' বসেছে কোন নিয়মে? *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]*

ক. 'ক' এর পরে 'ণ' বসে খ. ক এবং ক এর মাঝে 'ণ' বসে
গ. 'ক' এর পূর্বে 'ণ' বসে ঘ. স্বভাবতই 'ণ' বসেছে **উত্তর : ঘ**

ব্যাখ্যা : যে রীতি অনুসারে বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম বা সংস্কৃত শব্দের বানানে 'ণ' (মূর্ধন্য-ণ) ব্যবহৃত হয় তাকে ণ-ত্ব বিধান বলে। কতকগুলো শব্দে স্বভাবতই ণ হয়- চাণক্য, মাণিক্য, লবণ, কণিকা, বিপণি, গণিকা, আপণ, লাবণ্য, বাণী, নিপুণ, ভণিতা ইত্যাদি।

৫. ণ-ত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ? *[পল্লী উন্নয়ন বোর্ডের AD(প্রশাসন)-১৩]*

ক. পুরণো খ. নিরূপণ
গ. গ্রহণ ঘ. রূপায়ণ **উত্তর : ক**

৬. কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না? *[৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৩]*

ক. তৎসম খ. বিদেশি
গ. তদ্ভব ঘ. আঞ্চলিক **উত্তর : খ**

বিব্যাখ্যা : বিদেশি শব্দে কখনো 'ণ' হয় না, 'ন' হয়। যেমন- কোরআন, জবান, ফরমান, ইরান, তুরান, জার্মান, সাইরেন, রানা, হর্ন ইত্যাদি।

৭. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য ষ হয় না? *[৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৩]*

ক. সাৎ খ. সা
গ. ষ্ণেয় ঘ. ষ্ণিক **উত্তর : ক**

ব্যাখ্যা : সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে 'ষ' হয় না। যেমন- অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ ইত্যাদি।

৮. ষত্ব বিধানের ব্যতিক্রম কোনটি? *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক-০৬]*

ক. ভাষা খ. অফিস
গ. সুষ্ঠু ঘ. দুষ্কর **উত্তর : খ**

Scanned with CamScanner

ব্যাখ্যা : খাঁটি বাংলা ও বিদেশি ভাষা থেকে আগত শব্দে 'ষ' হয় না। এখানে অফিস ইংরেজি ভাষা থেকে আগত। এছাড়াও রয়েছে- জিনিস, পোশাক, মাস্টার, পোস্ট ইত্যাদি।

৯. কোন শব্দে ণ-ত্ব বিধান পালিত হয়নি? [জাতীয় সংসদ সচিবালয়ে AD-০৬]
ক. কোরান খ. শ্রবণ
গ. বেণী ঘ. গণ
উত্তর : গ

ব্যাখ্যা : কতকগুলো শব্দে স্বভাবতই ণ হয়- লবণ, বীণা, বেণী, বিপণি, লাবণ্য, বাণী, পণ্য ইত্যাদি।

১০. ণত্ব-বিধান কি? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক-০১]
ক. দেশীয় শব্দের ঐতিহ্য সংশ্লিষ্ট নিয়ম খ. বিদেশি শব্দের অভিজ্ঞতাজাত বিধান
গ. তৎসম শব্দের বানান রীতি ঘ. বেদ নির্দেশিত রীতি
উত্তর : গ

ব্যাখ্যা : তৎসম বা সংস্কৃত শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. নিচের কোন শব্দে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে? [সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ)-১৪]
ক. ক্রন্দণ খ. চাণক্য
গ. মাণিক্য ঘ. গণ
উত্তর : ক

ব্যাখ্যা : শুদ্ধ- ক্রন্দন। বাকিগুলোতে স্বভাবতই 'ণ' হয়।

২. নিচের যে শব্দে ভুলভাবে ণ-ত্ব বিধান প্রয়োগ করা হয়েছে-[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]
ক. বক্ষমাণ খ. আবর্তণ
গ. প্রণয় ঘ. আপণ
উত্তর : খ

ব্যাখ্যা : বাংলা ক্রিয়া পদে অন্তঃস্থিত 'ন' কখনো 'ণ' হয় না। যেমন : আবর্তন, পরিবর্তন

৩. 'সুষমা' শব্দে যে নিয়মে 'ষ' বসে- [রূপালী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৮]
ক. 'স' এর পূর্বে বসেছে বলে খ. 'ষম্' মূল রূপ থেকে উৎসারিত হওয়ায়
গ. স্বভাবত 'ষ' বসে ঘ. 'উ' কারান্ত উপসর্গ পূর্বে আছে বলে উ : ঘ

ব্যাখ্যা : ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতগুলো ধাতুতে 'ষ' হয়। যেমন : অভিষেক, অনুষঙ্গ, বিষম, প্রতিষেধক, সুষমা, অনুষ্ঠান, প্রতিষ্ঠান ইত্যাদি।

৪. নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়েছে? [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ)-১৪]
ক. কৃষ্ণ খ. কল্যাণীয়েষু
গ. ভাষ্য ঘ. অভিষেক
উত্তর : গ

ব্যাখ্যা : কতগুলো শব্দে স্বভাবতই 'ষ' হয়। যেমন- ষড়ঋতু, রোষ, কোষ, আষাঢ়, ভাষণ, ভাষা, উষা, পৌষ, কলুষ, পাষাণ, মানুষ, ঔষধ, ষড়যন্ত্র, ভূষণ, দ্বেষ ইত্যাদি।

৫. কোন শব্দটি বিসর্গযুক্ত ই-ধ্বনি সন্ধির ফলে মূর্ধন্য-ষ হয়েছে? [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ)-১৪]
ক. পুষ্পক খ. পরিষ্কার
গ. পুষ্ট ঘ. বর্ষীয়সী
উত্তর : খ

বিশ্ববিদ্যাল

১. নিচের যে শব্দটিতে স্বভাবতই '
ক. তৃণ
গ. অর্পণ

২. ণ-ত্ব বিধান অনুসারে কোন
ক. ত্রিকোণ, পুরোনো
গ. ধরণ, ঝর্ণা

ব্যাখ্যা : শুদ্ধরূপ- ধরন, ঝরনা।

৩. কোন সংস্কৃত শব্দে সব সময়
ক. ঋষি
গ. বৃষভ

৪. কোন জাতীয় শব্দে 'ষ' এর
ক. তৎসম
গ. সংস্কৃত

৫. কোথায় ণ হবে না? [জাবি
ক. সমাসবদ্ধ শব্দে
গ. বিদেশি শব্দের বানা

৬. ণ-ত্ব বিধান অনুসারে
ক. দুর্নিবার, নবারুণ
গ. কেরাণি, পরগণা

ব্যাখ্যা : সাধারণত সমাসবদ্ধ শব্দে

৭. ণ-ত্ব বিধানের নিয়ম
ক. পুরোনো
গ. ঝরনা

ব্যাখ্যা : শুদ্ধরূপ- বর্ণনা।

৮. কোনটি শুদ্ধ? [জবি
ক. বিদেশি শব্দে 'ষ
গ. সংস্কৃত 'সাৎ' প

৯. ণ-ত্ব ও ষ-ত্ব বিধি
ক. ধ্বনিতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে

১০. কোন শব্দটি ষ-ত্ব
ক. বিষয়
গ. ভাষা

Scanned with CamScanner

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. নিচের যে শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়-? *[ঢাবি (খ ইউনিট) ১৮-১৯]*
ক. তৃণ খ. লক্ষণ
গ. অর্পণ ঘ. ভীষণ
উত্তর : ক

২. ণ-ত্ব বিধান অনুসারে কোন জোড় অশুদ্ধ বানান? *[জবি (ঘ ইউনিট) ১৭-১৮]*
ক. ত্রিকোণ, পুরোনো খ. নেত্রকোনা, নিরূপণ
গ. ধরণ, ঝর্ণা ঘ. হরিণ, রূপায়ণ
উত্তর : গ
ব্যাখ্যা : শুদ্ধরূপ- ধরন, ঝরনা।

৩. কোন সংস্কৃত শব্দে সব সময় 'ষ' হয়? *[জাবি (বি ইউনিট) ১৭-১৮]*
ক. ঋষি খ. মুষিক
গ. বৃষভ ঘ. কাষ্ঠ
উত্তর : ক

৪. কোন জাতীয় শব্দে 'ষ' এর ব্যবহার হয় না? *[রাবি (ই ইউনিট) ১৭-১৮]*
ক. তৎসম খ. বিদেশি/তদ্ভব
গ. সংস্কৃত ঘ. বৈদিক
উত্তর : খ

৫. কোথায় ণ হবে না? *[জাবি (সি ইউনিট) ১৭-১৮]*
ক. সমাসবদ্ধ শব্দে খ. পদের শেষে
গ. বিদেশি শব্দের বানানে ঘ. দন্ত্যধ্বনির পরে
উত্তর : গ

৬. ণ-ত্ব বিধান অনুসারে কোন জোড় অশুদ্ধ বানান? *[ঢাবি (খ ইউনিট) ১৬-১৭]*
ক. দুর্নিবার, নবারুণ খ. হরিণ, মূল্যায়ন
গ. কেরাণি, পরগণা ঘ. পণ, প্রণয়ন
উত্তর : ক
ব্যাখ্যা : সাধারণত সমাসবদ্ধ শব্দে ণ-ত্ব বিধি খাটে না। যেমন : দুর্নিবার, নবারুণ, দুর্নাম, ত্রিনয়ন।

৭. ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি অশুদ্ধ বানান? *[ঢাবি (খ ইউনিট) ১৫-১৬]*
ক. পুরোনো খ. ধরন
গ. ঝরনা ঘ. বর্ননা
উত্তর : ঘ
ব্যাখ্যা : শুদ্ধরূপ- বর্ণনা।

৮. কোনটি শুদ্ধ? *[জবি (ঘ ইউনিট) ১৩-১৪]*
ক. বিদেশি শব্দে 'ষ' হয় না খ. খাঁটি বাংলা শব্দে 'ষ' হয় না
গ. সংস্কৃত 'সাৎ' পদে 'ষ' হয় না ঘ. সবগুলো
উত্তর : ঘ

৯. ণ-ত্ব ও ষ-ত্ব বিধি ব্যাকরণের কোন অংশে আলোচিত? *[বেরোবি (এ) ১৩-১৪]*
ক. ধ্বনিতত্ত্বে খ. শব্দতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. রূপতত্ত্বে
উত্তর : ক

১০. কোন শব্দটি ষ-ত্ব বিধানের নিয়মের বাইরে? *[ঢাবি (ক ইউনিট) ০৯-১০]*
ক. বিষয় খ. বর্ষা
গ. ভাষা ঘ. কষ্ট
উত্তর : গ

Scanned with CamScanner

সন্ধি

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. 'দুরবস্থা' শব্দটি সন্ধিবিচ্ছেদ করা হলে নীচের কোনটি পাওয়া যায়? *[৩৯তম বিসিএস]*

ক. দূর+বস্থা খ. দুর+বস্থা
গ. দুর+অবস্থা ঘ. দুঃ+অবস্থা

উত্তর : ঘ

ব্যাখ্যা : বিসর্গের সাথে স্বরধ্বনি বা ব্যঞ্জনধ্বনি মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে। বিসর্গের পরে স্বরবর্ণ থাকলে 'র' অবিকৃত থাকে, আর ব্যঞ্জন থাকলে তা 'রেফ' হয়। যেমন : দুঃ+অবস্থা=দুরবস্থা, নিঃ+অবধি=নিরবধি, নিঃ+জল=নির্জল, দুঃগতি=দুর্গতি ইত্যাদি।

২. 'সদ্যোজাত' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? *[৩৮তম বিসিএস]*

ক. সৎ+জাত খ. সদ্যো+জাত
গ. সদ্যঃ+জাত ঘ. সদ্য+জাত

উত্তর : গ

ব্যাখ্যা : অ-কারের পরস্থিত স-জাত বিসর্গের পর ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্য ধ্বনি কিংবা অন্তস্থ য, অন্তস্থ ব, র, ল, হ থাকলে অ-কার ও স-জাত বিসর্গ স্থলে ও-কার হয়। যেমন : সদ্যঃ+জাত=সদ্যোজাত, তিরঃ+ধান= তিরোধান, মনঃ+রম= মনোরম, মনঃ+হর= মনোহর, তপঃ+বন= তপোবন ইত্যাদি।

৩. 'রবীন্দ্র'-এর সঠিক সন্ধি বিচ্ছেদ- *[৩৬তম বিসিএস]*

ক. রবী+ইন্দ্র খ. রবী+ঈন্দ্র
গ. রবি+ইন্দ্র ঘ. রবি+ঈন্দ্র

উত্তর : গ

ব্যাখ্যা : ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ-কার হয়। দীর্ঘ ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন : রবি+ইন্দ্র=রবীন্দ্র, অতি+ইত=অতীত, পরি+ঈক্ষা=পরীক্ষা, সতী+ইন্দ্র= সতীন্দ্র, সতী+ঈশ= সতীশ।

৪. নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয় নি? *[৩৬তম বিসিএস]*

ক. সভাসদ খ. শুভেচ্ছা
গ. ফলবান ঘ. তন্বী

উত্তর : খ

ব্যাখ্যা : শুভ+ইচ্ছা=শুভেচ্ছা, এটি স্বরসন্ধিসাধিত শব্দ। বাকীগুলো প্রত্যয় সাধিত।

৫. 'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? *[৩৫তম বিসিএস]*

ক. দ্বীপ+আয়ন খ. দ্বিপ+অনট
গ. দ্বীপ+অয়ন ঘ. দ্বীপ+অনট

উত্তর : গ

ব্যাখ্যা : অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। সে হিসেবে দ্বীপ+অয়ন= দ্বৈপায়ন শুদ্ধ।

৬. সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত? *[৩১তম বিসিএস]*

ক. ব্যঞ্জন সন্ধি খ. স্বরসন্ধি
গ. নিপাতনে সিদ্ধ ঘ. বিসর্গ সন্ধি

উত্তর : গ

ব্যাখ্যা : কতগুলো নিপাতনে সিদ্ধ সন্ধি- পর্+পর=পরস্পর, মনস্+ঈষা=মনীষা, ষট্+দশ=ষোড়শ।

Scanned with CamScanner

৭. **'বাগাড়ম্বর' শব্দের সন্ধি বিচ্ছেদ-** *[৩০তম বিসিএস]*

ক. বাগ+অম্বর খ. বাগ+আড়ম্বর
গ. বাক্+অম্বর ঘ. বাক্+আড়ম্বর **উত্তর : ঘ**

৮. **'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?** *[৩০তম বিসিএস]*

ক. সহ+চর+র্য খ. সহচর+ৎ
গ. সহচর+য ঘ. কোনটিই নয় **উত্তর : গ**

ব্যাখ্যা : সহচর+য= সাহচর্য।

৯. **'জনৈক' শব্দের সন্ধি বিচ্ছেদ-** *[২৯তম বিসিএস]*

ক. জন+ইক খ. জন+এক
গ. জনৈ+এক ঘ. জন+ঈক **উত্তর : খ**

ব্যাখ্যা : অ-কার কিংবা আ-কারের পরে এ-কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়। এবং তা পূববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন- জন+এক= জনৈক, সদা+এব= সদৈব।

১০. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?** *[২৭তম বিসিএস]*

ক. বাক+দান= বাগদান খ. উৎ+ ছেদ= উচ্ছেদ
গ. পর+পর= পরস্পর ঘ. সম+সার= সংসার **উত্তর : গ**

ব্যাখ্যা : কতগুলো নিপাতনে সিদ্ধ সন্ধি- পর্+পর= পরস্পর, মনস্+ঈষা= মনীষা, ষট্+দশ= ষোড়শ। বাক+দান= বাগদান, উৎ+ ছেদ= উচ্ছেদ, সম+সার= সংসার সংস্কৃত ব্যঞ্জন সন্ধির নিয়মে সাধিত।

১১. **'প্রাতরাশ'-এর সন্ধি** *[২৩তম বিসিএস]*

ক. প্রাত+রাশ খ. প্রাতঃ+রাশ
গ. প্রাতঃ+আশ ঘ. প্রাত+আশ **উত্তর : গ**

১২. **সন্ধির প্রধান সুবিধা কী?** *[১৮তম বিসিএস]*

ক. পড়ার খ. লেখার সুবিধা
গ. উচ্চারণে সুবিধা ঘ. চিহ্ন **উত্তর : গ**

ব্যাখ্যা : সন্ধি শব্দের অর্থ মিলন। সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। সন্ধির প্রধান সুবিধা- স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা, ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

১৩. **সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** *[১৮তম বিসিএস, ৭ম বিজেএস (সহকারী জজ)-১২]*

ক. ভাষাতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. ধ্বনিতত্ত্বে ঘ. বাক্যতত্ত্বে **উত্তর : গ**

ব্যাখ্যা : ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়- ধ্বনির উচ্চারণপ্রণালি, উচ্চারণ স্থান, ধ্বনির প্রতীক বা বর্ণবিন্যাস, সন্ধি, ধ্বনি পরিবর্তন, ণ-ত্ব ও ষ-ত্ব বিধান ইত্যাদি।

১৪. **'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ-** *[১৭তম বিসিএস]*

ক. ষড়+ঋতু খ. ষড়্+ঋতু
গ. ছয়+ঋতু ঘ. ষট্+ঋতু **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ষট+ঋতু= ষড়ঋতু, ষট+যন্ত্র= ষড়যন্ত্র।

Scanned with CamScanner

১৫. 'দ্যুলোক' শব্দের যর্থাথ সন্ধি বিচ্ছেদ কোনটি? *[১৫তম বিসিএস]*
ক. দুঃ+লোক খ. দিব+লোক
গ. দ্বি+লোক ঘ. দ্বিঃ+লোক
উত্তর : খ

১৬. 'রত্নাকর' শব্দটির সন্ধিবিচ্ছেদ- *[১০তম বিসিএস]*
ক. রত্না+কার খ. রত্ন+কর
গ. রত্না+আকার ঘ. রত্ন+আকর
উত্তর : ঘ

১৭. 'সংবিধান' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[৭ম বিজেএস (সহকারী জজ)-১২]*
ক. সম্+বিধান খ. সমঃ+বিধান
গ. সং+বিধান ঘ. সং+অবিধান
উত্তর : খ

১৮. 'দৈনিক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*
ক. দৈ+এক খ. দৈ+নিক
গ. দৈঃ+এক ঘ. দিন+এক
উত্তর : খ
ব্যাখ্যা : সন্ধিবিচ্ছেদ দিন+এক=দৈনিক। প্রকৃতি-প্রত্যয় দিন+ষ্ণিক=দৈনিক।

১৯. 'মনীষা' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো- *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*
ক. মন+ঈষা খ. মন+ইসা
গ. মনস+ঈষা ঘ. মনস+ইসা
উত্তর : গ
ব্যাখ্যা : নিপাতনে সিদ্ধ সন্ধি- মনস+ঈষা= মনীষা, বন+পতি=বনস্পতি, এক+দশ=একাদশ।

২০. 'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো- *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*
ক. তত+ধিক খ. তত+অধিক
গ. ততঃ+অধিক ঘ. ততঃ+ধিক
উত্তর : ঘ
ব্যাখ্যা : ততঃ+অধিক=ততোধিক। এটি বিসর্গ সন্ধির উদাহরণ।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'নীরোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[১৫তম শিক্ষক (কলেজ) নিবন্ধন-১৯]*
ক. নীঃ+রোগ খ. নিঃ+রোগ
গ. নি+রোগ ঘ. নির+য়োগ
উত্তর : খ

২. 'ভাস্বর' এর সন্ধি বিচ্ছেদ কী? *[১৫তম শিক্ষক (স্কুল) নিবন্ধন-১৯]*
ক. ভাস্+সর খ. ভাস+কর
গ. ভাস্+বর ঘ. ভা+স্বর
উত্তর : ঘ

৩. 'তন্বী' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? *[ডেসকোর সাব স্টেশন এটেন্ডেন্স-১৯]*
ক. তনু+নী খ. তনু+ঈ
গ. তন্+নী ঘ. তনু+ই
উত্তর : খ
ব্যাখ্যা : তনু+ঈ= তন্বী, অনু+ইত= অন্বিত, অনু+এষণ= অন্বেষণ।

৪. 'মনোরম' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*
ক. মনোঃ+রম খ. মনো+রম
গ. মন+রম ঘ. মনঃ+রম
ঙ. কোনটিই নয়
উত্তর : গ

৫. 'ষষ্ঠ'- শব্দের সন্ধিবিচ্ছেদ
ক. ষষ+থ
ঘ. ষষঃ+ট

৬. 'মনীষা'- শব্দের সন্ধি
কম্পিউটার অপারেটর-১৯
ক. মন+ঈষা
গ. মনস্+ঈষা

৭. 'উজ্জ্বল' শব্দের সঠিক
কম্পিউটার অপারেটর-১
ক. উজ+জল
গ. উজ্জ+জুল

৮. 'সুধীন্দ্র' শব্দের সন্ধি
ক. সুধী+ইন্দ্র
গ. সুধি+ঈন্দ্র

৯. 'উচ্ছেদ' এর সঠিব
ক. উচ+ছেদ
গ. উৎ+ ছেদ

১০. 'জলৌকা' সন্ধিবি
ক. জল+একা
গ. জল+ঔকা

১১. কোন বাংলা পদে
ক. বিশেষ্য
গ. ক্রিয়া

১২. 'নীরস' শব্দের স
ক. নিঃ+রস
গ. নী+রস
ব্যাখ্যা : নিঃ+রস=নীরস, নি

১৩. 'অহরহ' শব্দের স
ক. অহ+রহ
গ. অহ+অহ
ব্যাখ্যা : কয়েকটি বিশেষ বি
অহর্নিশ, অহঃ+অহ= অহর

১৪. 'ব্যাকরণ' শব্দের
ক. বি+আ+কৃ+
গ. বি+অ+কৃ+

Scanned with CamScanner

৫. 'ষষ্ঠ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]
ক. ষষ্+থ খ. ষষঃ+ঠ গ. ষষঃ+থ
ঘ. ষষঃ+ট ঙ. কোনটিই নয় উত্তর : ক

৬. 'মুনীষা' শব্দের সন্ধি বিচ্ছেদ কী? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. মন+ঈষা খ. মনস+ইসা
গ. মনস্+ঈষা ঘ. মনো+ইসা উত্তর : গ

৭. 'উজ্জ্বল' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. উজ+জল খ. উৎ+জ্বল
গ. উজ্জ+জ্বল ঘ. উজ্জ্ব+অল উত্তর : খ

৮. 'সুধীন্দ্র' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৮]
ক. সুধী+ইন্দ্র খ. সুধি+ইন্দ্র
গ. সুধি+ঈন্দ্র ঘ. সুধী+ঈন্দ্র উত্তর : ক

৯. 'উচ্ছেদ' এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? ['সহকারী ব্যবস্থাপক' (বেজা) নিয়োগ-১৮]
ক. উচ+ছেদ খ. উচ্চ+ ছেদ
গ. উৎ+ ছেদ ঘ. উচ্ছে+দ উত্তর : গ

১০. 'জলৌকা' সন্ধিবিচ্ছেদ হবে- [বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]
ক. জল+একা খ. জল+ওকা
গ. জল+ঔকা ঘ. জল+ঐকা উত্তর : খ

১১. কোন বাংলা পদের সন্ধি হয় না? [বাংলাদেশ ট্যারিফ কমিশন (গবেষণা কর্মকর্তা)-১৮]
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. ক্রিয়া ঘ. অব্যয় উত্তর : ঘ

১২. 'নীরস' শব্দের সন্ধিবিচ্ছেদ- [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (প্রোকিউরমেন্ট এসিস্ট্যান্ট)-১৮]
ক. নিঃ+রস খ. নীঃ+রস
গ. নী+রস ঘ. নিঃ+অস উত্তর : ক
ব্যাখ্যা : নিঃ+রস=নীরস, নিঃ+রোগ=নীরোগ।

১৩. 'অহরহ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১৮]
ক. অহ+রহ খ. অহঃ+রহ
গ. অহ+অহ ঘ. অহঃ+অহ উত্তর : ঘ
ব্যাখ্যা : কয়েকটি বিশেষ বিগর্স সন্ধি- বাচঃ+পতি = বাচস্পতি, ভাঃ+কর= ভাস্কর, অহঃ+নিশ= অহর্নিশ, অহঃ+অহ= অহরহ।

১৪. 'ব্যাকরণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কী? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১৮]
ক. বি+আ+কৃ+অণ খ. বি+আ+কৃ+অন
গ. বি+অ+কৃ+অণ ঘ. বি+আ+ক+অণ উত্তর : খ

Scanned with CamScanner



১৫. পদ্ধতি শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১৮]*
ক. পদ+ধতি খ. পৎ+ধতি
গ. পথ+হতি ঘ. পদ্+হতি
উত্তর : ঘ

১৬. 'নিস্পত্তি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-১৮]*
ক. নিঃ+পত্তি খ. নিঃ+স্পত্তি
গ. নিষ্+পত্তি ঘ. নিস্+ পত্তি
উত্তর : ক
ব্যাখ্যা : অঘোষ অল্পপ্রাণ ও মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরে অবস্থিত বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়। যেমন- নিঃ + কর = নিষ্কর, নিঃ + পত্তি = নিষ্পত্তি।

১৭. 'পর্যন্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*
ক. পর্য+অন্ত খ. পরি+অন্ত
গ. পর্য+অন্ত ঘ. প+যন্ত
উত্তর : খ

১৮. দুই বর্ণের পরস্পর মিলনকে কি বলে? *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিয়োগ পরীক্ষা (NSI)-১*
ক. সন্ধি খ. সমাস
গ. পদ ঘ. কারক
উত্তর : ক
ব্যাখ্যা : সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। বাংলা সন্ধি দুই প্রকার- স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি। বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম শব্দের সন্ধি তিন প্রকার- স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি, বিসর্গসন্ধি।

১৯. 'নাবিক' শব্দের সন্ধি-বিচ্ছেদ- *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিয়োগ পরীক্ষা (NSI)-১৭]*
ক. ন+ইক খ. নবৌ+ইক
গ. নৌ+ইক ঘ. নবো+ইক
উত্তর : গ

২০. 'মনস্তাপ' এর সন্ধি বিচ্ছেদ- *[বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) গেইটকিপার পদে নিয়োগ-১৭]*
ক. মন+তাপ খ. মনস+তাপ
গ. মনো+তাপ ঘ. মনঃ+তাপ
উত্তর : ঘ

২১. 'পবিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ কী হবে? *[বাংলাদেশ জুট মিল করপোরেশনের অফিসার-১৭]*
ক. প+বিত্র খ. প+অপবিত্র
গ. পো+অবিত্র ঘ. পো+ইত্র
উত্তর : ঘ
ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ সন্ধি- পো+ইত্র= পবিত্র, পো+অন= পবন। পদ্+হতি= পদ্ধতি।

২২. 'বর্জন' সন্ধি বিচ্ছেদ- *[বাংলাদেশ জুট মিল কর্পোরেশনের অফিসার-১৭]*
ক. বৃজ+অন খ. ব+অর্জন
গ. বুজ+অর্জন ঘ. বর+জন
উত্তর : ক

২৩. 'মাথায়' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[বাংলাদেশ জুট মিল কর্পোরেশনের অফিসার-১৭]*
ক. মাথা+আয় খ. মাথা+য়
গ. মাথা+অয় ঘ. মাথা+এ
উত্তর : ঘ

২৪. কোনটি স্বরসন্ধির উদাহরণ? *[১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৫]*
ক. হিমালয় খ. অহরহ
গ. সংসার ঘ. বনস্পতি
উত্তর : ক

Scanned with CamScanner

২৫. 'বনস্পতি'- এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৫]*

ক. বন+পতিঃ খ. বন+স্পতি
গ. বনঃ+পতি ঘ. বন+পতি **উত্তর : ঘ**

ব্যাখ্যা : *নিপাতনে সিদ্ধ সন্ধি- বন+পতি = বনস্পতি, বৃহৎ+পতি = বৃহস্পতি।*

২৬. 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৫]*

ক. ক্ষুধা+আর্ত খ. ক্ষুৎ+ঋর্ত
গ. ক্ষুধ+আর্ত ঘ. ক্ষুধা+ঋত **উত্তর : ঘ**

ব্যাখ্যা : *এ রকম কিছু সন্ধি- ক্ষুধা+ঋত= ক্ষুধার্ত, তৃষ্ণা+ঋত= তৃষ্ণার্ত, ভয়+ঋত= ভয়ার্ত।*

২৭. 'গবেষণা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন(২)-১৫]*

ক. গ+এষণা খ. গো+ষণা
গ. গ+ষণা ঘ. গো+এষণা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : *কিছু গুরুত্বপূর্ণ সন্ধি- নে+অন= নয়ন, পৌ+অক= পাবক, গো+এষণা= গবেষণা।*

২৮. 'চলচ্চিত্র' -এর সন্ধি বিচ্ছেদ- *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]*

ক. চল+চিত্র খ. চলত+চিত্র
গ. চলৎ+চিত্র ঘ. চল+চীত্র **উত্তর : গ**

২৯. উৎ+শ্বাস- এটি কোন সন্ধি? *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]*

ক. নিপাতনে সিদ্ধ খ. স্বরসন্ধি
গ. ব্যঞ্জনসন্ধি ঘ. জটিল সন্ধি **উত্তর : গ**

ব্যাখ্যা : *ত ও দ এর পর শ থাকলে ত ও দ-এর স্থলে চ এবং শ-এর স্থলে ছ উচ্চারিত হয়। যেমন- উৎ+শ্বাস= উচ্ছ্বাস, চলৎ+শক্তি= চলচ্ছক্তি, উৎ+শৃঙ্খল= উচ্ছৃঙ্খল ইত্যাদি।*

৩০. 'উদ্যোগ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১৪]*

ক. উদ+যোগ খ. উৎ+যোগ
গ. উদ্যো+গ ঘ. উত+যোগ **উত্তর : খ**

৩১. 'মতৈক্য' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]*

ক. মতঃ+এক খ. মতঃ+ঐক্য
গ. মত+এক ঘ. মত+ঐক্য **উত্তর : ঘ**

৩২. কোনটি 'লবণ'- এর সন্ধি বিচ্ছেদ? *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন(২)-১৪]*

ক. লো+অন খ. ল+অন
গ. লে+অন ঘ. ল+বন **উত্তর : ক**

ব্যাখ্যা : *গুরুত্বপূর্ণ সন্ধি- লো+অন= লবণ, গো+আদি= গবাদি।*

৩৩. 'শীতার্ত'- এর সন্ধি বিচ্ছেদ? *[কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১৩]*

ক. শী+তার্ত খ. শীত+আর্ত
গ. শীত+আরত ঘ. শীত+ঋত **উত্তর : ঘ**

৩৪. 'প্রত্যূষ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*

ক. প্রত্য+উষ খ. প্রত্য+ঊষ
গ. প্রতি+উষ ঘ. প্রতি+ঊষ **উত্তর : গ**

ব্যাখ্যা : *প্রতি+উষ= প্রত্যূষ, প্রতি+ঊষ=প্রত্যূষ, পরি+আলোচনা= পর্যালোচনা।*

Scanned with CamScanner

৩৫. 'মোড়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ- *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-১৩]*
ক. মোড়+এক খ. মুড়+অক
গ. মুড়ি+অক ঘ. মোড়+ক
উত্তর : ঘ

৩৬. সংবাদ-এর সন্ধি বিচ্ছেদ কী *[উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*
ক. সং+বাদ খ. সম্+বাদ
গ. সঙ+বাদ ঘ. সু+আবাদ
উত্তর : গ

৩৭. 'ভজ্+ত' কোন শব্দের সন্ধি বিচ্ছেদ? *[জেলা সমাজসেবা অফিসার-১৩]*
ক. ভজত খ. ভোজ্য
গ. ভক্ত ঘ. ভজ্য
উত্তর : গ

৩৮. 'অত্যধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ করুন- *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক-১৩]*
ক. অতি+ধিক খ. অত্যা+অধিক
গ. অতি+অধিক ঘ. অ+তাধিক
উত্তর : গ

৩৯. 'আশ্চর্য'-এর সন্ধি বিচ্ছেদ- *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]*
ক. অ+আর্চ খ. আ+চর্য
গ. অতি+চার্য ঘ. আশ+চর্য
উত্তর : ঘ
ব্যাখ্যা : কতগুলো সন্ধি কোন নিয়ম অনুসারে হয় না, এগুলোকে বলে নিপাতনে সিদ্ধ। যেমন- নিপাতনে সিদ্ধ সন্ধি- আ+চর্য= আশ্চর্য, গো+পদ= গোষ্পদ, তৎ+কর= তস্কর।

৪০. 'চতুরঙ্গ' এর সন্ধি বিচ্ছেদ- *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক-১২]*
ক. চতু+অঙ্গ খ. চতুঃ+অঙ্গ
গ. চতুর+অঙ্গ ঘ. চার+অঙ্গ
উত্তর : খ
ব্যাখ্যা : চতুঃ+অঙ্গ = চতুরঙ্গ, চলৎ+চিত্র= চলচ্চিত্র, চির+উনি= চিরুনি।

৪১. 'ধনুষ্টঙ্কার'-এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? *[সাব রেজিস্ট্রার-১২]*
ক. ধনুষ+টঙ্কার খ. ধনুঃ+টঙ্কার
গ. ধনু+টঙ্কার ঘ. ধনুট+ঙ্কার
উত্তর : খ

৪২. 'মৃন্ময়' শব্দের সন্ধিবিচ্ছেদ- *[তিতাস গ্যাস কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়র-১২]*
ক. মৃৎ+ময় খ. মৃন্ +ময়
গ. মৃত+ময় ঘ. মৃদ্ +ময়
উত্তর : খ

৪৩. 'তাৎক্ষণিক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৩]*
ক. তৎ+ক্ষণিক খ. তাৎ+ক্ষণিক
গ. ততক্ষণ+ইক ঘ. তৎক্ষণ+ইক
উত্তর : খ

৪৪. 'অলঙ্কার' শব্দের সঠিক সন্ধিজাত বিশ্লেষণ কোনটি? *[উপজেলা নির্বাচন অফিসার-১৩]*
ক. অলম+কার খ. অলং+কার
গ. অ+লঙ্কার ঘ. অলঙ্ক+আর
উত্তর : খ

৪৫. 'মনোযোগ' শব্দটি কোন সন্ধিতে গঠি
ক. নিপাতনে সিদ্ধ খ. ব্যঞ্জ
গ. বিসর্গ সন্ধি ঘ. স্বর
ব্যাখ্যা : কয়েকটি বিসর্গ সন্ধি- তিরঃ+ধান= মনোহর, তপঃ+বন= তপোবন ইত্যাদি।

৪৬. 'দুচ্চার' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি
ক. দুচ+ছার খ. দু
গ. দুই+চার ঘ.

৪৭. 'মনঃকষ্ট'- এর সন্ধি বিচ্ছেদ- [সহ
ক. মনস+কষ্ট খ.
গ. মনোহ্+কষ্ট ঘ.

৪৮. সন্ধির উদ্দেশ্য কোনটি? [তথ্য মন্ত্র
ক. শব্দের মিলন খ
গ. শব্দগত মাধুর্য সৃষ্টি ঘ
ব্যাখ্যা : সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে স

৪৯. 'তৃষ্ণার্ত'- সন্ধি বিচ্ছেদ- [সহব
ক. তৃষ্ণা+আর্ত
গ. তৃষ্ণা+ষর্ত

৫০. 'পরিষ্কার' শব্দের সন্ধি-বিচ্ছে
ক. পরি+ইষ্কার
গ. পর+কার
ব্যাখ্যা : কতগুলো সন্ধি বিশেষ নিয়মে
সম+কৃত= সংস্কৃত, উৎ+স্থান= উত্থান, উ

ব্যাংক

১. 'নবোঢ়া' শব্দের সন্ধিবিচ্ছে
ক. নব+উঢ়া
গ. নবো+উঢ়া

২. 'উদ্ধার' শব্দের সন্ধিবিচ্ছে
ক. উদ্+হার
গ. উত+হার

৩. 'সতীশ' শব্দটির সন্ধি-বি
ক. সতি+ইশ
গ. সতি+ঈশ

৪. কোনটি অশুদ্ধ সন্ধি বি
ক. মনঃ+কষ্ট=মনঃকষ্ট
গ. মনঃ+কামনা=মনঃ

Scanned with CamScanner

৪৫. **'মনোযোগ' শব্দটি কোন সন্ধিতে গঠিত?** *[বাংলাদেশ রেলওয়ে সহ.কমান্ডেন্ট-০৭]*
ক. নিপাতনে সিদ্ধ খ. ব্যঞ্জন সন্ধি
গ. বিসর্গ সন্ধি ঘ. স্বরসন্ধি **উত্তর : গ**
ব্যাখ্যা : কয়েকটি বিসর্গ সন্ধি- তিরঃ+ধান= তিরোধান, মনঃ+রম= মনোরম, মনঃ+হর= মনোহর, তপঃ+বন= তপোবন ইত্যাদি।

৪৬. **'দুচ্ছার' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?** *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৬]*
ক. দুচ+ছার খ. দুৎ+চার
গ. দুই+চার ঘ. দুঃ+চার **উত্তর : খ**

৪৭. **'মনঃকষ্ট'- এর সন্ধি বিচ্ছেদ-** *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-০৬]*
ক. মন্‌স+কষ্ট খ. মনো+কষ্ট
গ. মনোহ্‌+কষ্ট ঘ. মনঃ+কষ্ট **উত্তর : ঘ**

৪৮. **সন্ধির উদ্দেশ্য কোনটি?** *[তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার-০৫]*
ক. শব্দের মিলন খ. ধ্বনিগত মাধুর্য সৃষ্টি
গ. শব্দগত মাধুর্য সৃষ্টি ঘ. বর্ণের মিল **উত্তর : খ**
ব্যাখ্যা : সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজ প্রবণতা এবং ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

৪৯. **'তৃষ্ণার্ত'- সন্ধি বিচ্ছেদ-** *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-৯৫]*
ক. তৃষ্ণা+আর্ত খ. তৃষ্ণা+ঋত
গ. তৃষ্ণা+ষর্ত ঘ. তৃষ্ণা+রিত **উত্তর : খ**

৫০. **'পরিষ্কার' শব্দের সন্ধি-বিচ্ছেদ-**
ক. পরি+ইষ্কার খ. পরি+কার
গ. পর+কার ঘ. পরি+ষ্কার **উত্তর : খ**
ব্যাখ্যা : কতগুলো সন্ধি বিশেষ নিয়মে সাধিত হয়- পরি+কার= পরিষ্কার, সম+কার=সংস্কার, সম+কৃত= সংস্কৃত, উৎ+স্থান= উত্থান, উৎ+স্থাপন= উত্থাপন।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. **'নবোঢ়া' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?** *[সমন্বিত ৮ ব্যাংক সিনিয়র অফিসার-১৯]*
ক. নব+উঢ়া খ. নবা+উঢ়া
গ. নবো+উঢ়া ঘ. নব+ উয়া **উত্তর : ক**

২. **'উদ্ধার' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?** *[সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ) নিয়োগ-১৯]*
ক. উদ্‌+হার খ. উৎ+ধার
গ. উত+হার ঘ. উৎ+হার **উত্তর : ঘ**

৩. **'সতীশ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[সমন্বিত ৪ ব্যাংক অফিসার নিয়োগ-১৯]*
ক. সতি+ইশ খ. সতীশ+অ
গ. সতি+ঈশ ঘ. সতী+ঈশ **উত্তর : ঘ**

৪. **কোনটি অশুদ্ধ সন্ধি বিচ্ছেদ?** *[সোনালী ও জনতা ব্যাংক অফিসার (আইটি)-১৯]*
ক. মনঃ+কষ্ট=মনঃকষ্ট খ. প্রাতঃ+কাল= প্রাতঃকাল
গ. মনঃ+কামনা=মনঃকামনা ঘ. অন্তঃ+করণ=অন্তঃকরণ **উত্তর : গ**

Scanned with CamScanner

৫. 'দর্শনীয়' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[পল্লী সঞ্চয় ব্যাংক (ক্যাশ)-১৮]*

ক. দৃশ+নীয় খ. দৃশ+অনীয়
গ. দৃশ্য+অনীয় ঘ. দৃশ্য+নীয়

উত্তর : গ

৬. বিসর্গ সন্ধির একটি উদাহরণ হলো-*[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. সংস্কৃত খ. আচ্ছন্ন
গ. জ্যোতিরিন্দ্র ঘ. গোস্পদ

উত্তর : গ

ব্যাখ্যা জ্যোতিঃ + ইন্দ্র = জ্যোতিরিন্দ্র (পরপদের শুরুতে স্বরধ্বনি থাকলে পূর্বপদের শেষে ভ আ ভিন্ন অন্য স্বরধ্বনির পরের বিসর্গ সাধিত শব্দে 'র'হবে)। সম+কৃত = সংস্কৃত (বিশেষ নিয়মে সাধিত সন্ধি)। আ + ছন্ন = আচ্ছন্ন (স্বর + ব্যঞ্জন সন্ধি : স্বরধ্বনির পর ছ আসলে 'ছ' আর দ্বি [চ্ছ] হয়)। গো + পদ = গোস্পদ (নিপাতনে সিদ্ধ সন্ধি)।

৭. সন্ধির নিয়মানুসারে ঈ+অ=? *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৮]*

ক. য্+অ খ. য+আ
গ. আ+য্ ঘ. অ+য্

উত্তর : ক

ব্যাখ্যা : ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য(া) ফলা হবে। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন : ঈ+আ= য্+আ। মসী+আধার= মস্যাধার, ঈ+অ= য্+অ। নদী+অম্বু= নদ্যম্বু।

৮. 'স্বাধীন' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[ICB (ক্যাশ) নিয়োগ-১৮]*

ক. স্বা+ধীন খ. স্বা+অধীন
গ. স্ব+অধীন ঘ. সা+অধীন

উত্তর : গ

ব্যাখ্যা : স্ব+অধীন=স্বাধীন, স্ব+ইচ্ছা=স্বেচ্ছা, সু+আগত=স্বাগত।

৯. জাত+অভিমান= *[প্রবাসী কল্যাণ ব্যাংক সিনিয়র এক্সিকিউটিভ অফিসার-১৮]*

ক. জাত্যাভিমান খ. জাত্যভিমান
গ. জাতিভিমান ঘ. জাতভিমান

উত্তর : খ

১০.কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ- *[প্রবাসী কল্যাণ ব্যাংক সিনিয়র এক্সিকিউ. অফিসার-১৮]*

ক. সম্+চয়=সঞ্চয় খ. রাজ+ঞ্জী=রাজ্ঞী
গ. শ+অন=শয়ন ঘ. মনো+কষ্ট=মনঃকষ্ট

উত্তর : ক

১১.পৌ+অক=? *[সমন্বিত ব্যাংক সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. পবক খ. পৌবক
গ. পাবক ঘ. পাবন

উত্তর : গ

১২.নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ- *[অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]*

ক. দুস্কর খ. তস্কর
গ. গবেষণা ঘ. মহর্ষি

উত্তর : খ

ব্যাখ্যা : কতগুলো সন্ধি কোন নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে। যেমন- তৎ+কর= তস্কর, বন+পতি=বনস্পতি, গো+পদ= গোস্পদ।

১৩. কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ? *[জনতা ব্যাংক এক্সিকিউটিভ অফিসার (ইঞ্জিনিয়ার)-১৭]*

ক. রাজ+ঞ্জী= রাজ্ঞী খ. সম্+চয়=সঞ্চয়
গ. শ+অন= শয়ন ঘ. মনো+কষ্ট=মনঃকষ্ট

উত্তর : খ

ব্যাখ্যা : শুদ্ধ- রাজ+নী= রাজ্ঞী, শে+অন= শয়ন, মনঃ+কষ্ট=মনঃকষ্ট।

Scanned with CamScanner

১৪. 'বিষয় বহির্ভূত অথচ প্রচলিত'- ব্যাকরণে একে বলা হয়- [পূবালী ব্যাংক অ্যাসিস্ট্যান্ট টেলার-১৭]
ক. ব্যতিক্রম খ. ব্যভিচার
গ. অনিয়ম ঘ. নিপাতনে সিদ্ধ
উত্তর : ঘ

১৫. সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [বাংলাদেশ কৃষি ব্যাংক সিনিয়র অফিসার-১৭]
ক. পত+অঞ্চলি=পতঞ্চলি খ. অন্তঃ+লিন=অন্তর্লীন
গ. ষট্+অনন= ষড়ানন ঘ. তথা+এবচ= তথৈবচ
উত্তর : ঘ
ব্যাখ্যা : শুদ্ধ- পতৎ+অঞ্চলি=পতঞ্চলি, অন্তঃ+লীন=অন্তর্লীন, ষট্+আনন= ষড়ানন।

১৬. সন্ধিসহযোগে গঠিত শুদ্ধ শব্দ কোনটি? [পূবালী ব্যাংক অ্যাসিস্ট্যান্ট টেলার-১৭]
ক. বৃহদংশ খ. জ্যাত্যাভিমান
গ. দুরাবস্থা ঘ. প্রীত্যান্তে
উত্তর : ক
ব্যাখ্যা : বৃহৎ+অংশ=বৃহদংশ।

১৭. কোনটি শুদ্ধ [বাংলাদেশ ব্যাংক অফিসার (ক্যাশ)-১৬]
ক. মরু+উদ্যান=মরুদ্যান খ. পরি+ইক্ষা=পরীক্ষা
গ. গঙ্গা+ঊর্মি= গঙ্গোর্মি ঘ. প্রতি+ঊষ=প্রত্যূষ
উত্তর : গ
ব্যাখ্যা : শুদ্ধ- মরু+উদ্যান =মরূদ্যান, পরি+ঈক্ষা=পরীক্ষা, প্রতি+ঊষ= প্রত্যূষ।

১৮. 'পর্যালোচনা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৩]
ক. পর্য+আলোচনা খ. পরি+আলোচনা
গ. পর্যা+লোচনা ঘ. পর্যা+আলোচনা
উত্তর : খ

১৯. 'বৃষ্টি'-এর সন্ধি বিচ্ছেদ কি হবে? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১১]
ক. বৃষ+টি খ. বৃশ+টি
গ. বৃ+টি ঘ. বৃষ+তি
উত্তর : ঘ
ব্যাখ্যা : ষ-এর পরে ত বা থ থাকলে, যথাক্রমে ত ও থ স্থানে ট ও ঠ হয়। যেমন- বৃষ+তি= বৃষ্টি, ষষ+থ= ষষ্ঠ।

২০. 'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ- [রূপালী ব্যাংক সিনিয়র অফিসার-১০]
ক. বে+অর্থ খ. ব্য+অর্থ
গ. বি+অর্থ ঘ. ব্যা+অর্থ
উত্তর : গ
ব্যাখ্যা : বি+অর্থ= ব্যর্থ, ভজ+ত=ভক্ত।

২১. 'গতানুগতিক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [রূপালী ব্যাংক সিনিয়র অফিসার-১০]
ক. গত+আনুগতিক খ. গতা+আনুগতিক গ. গত+অনুগতিক
ঘ. গতানু+গতিক ঙ. গতা+আনুগতিক
উত্তর : গ

২২. 'গায়ক' শব্দের সন্ধি-বিচ্ছেদ- [রূপালী ব্যাংক সিনিয়র অফিসার-১০]
ক. গা+অক খ. গায়+অক
গ. গৈ+অক ঘ. গৌ+অক
উত্তর : গ

২৩. পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে বলে- [বাংলাদেশ ব্যাংক AD-০১]
ক. সন্ধি খ. সমাস
গ. পদ ঘ. কারক
উত্তর : ক
ব্যাখ্যা : সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। বাংলা সন্ধি দুই প্রকার- স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি। বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম শব্দের সন্ধি তিন প্রকার- স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি, বিসর্গসন্ধি।

Scanned with CamScanner

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'পিত্রাদেশ' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো- *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*
ক. পিতঃ+আদেশ খ. পিতা+আদেশ
গ. পিত্র+আদেশ ঘ. পিতৃ+আদেশ
উত্তর : গ

২. নিচের কোনটি বিসর্গ সন্ধি? *[খুবি (খ ইউনিট) ১৮-১৯]*
ক. যদ্যপি খ. অন্বেষণ
গ. উচ্ছেদ ঘ. দুষ্কর
উত্তর : ঘ
ব্যাখ্যা : দুঃ+কার = দুষ্কর বিসর্গ সন্ধি। যদি+অপি = যদ্যপি, অনু+এষণ = অন্বেষণ স্বরসন্ধি। উৎ+ছেদ = উচ্ছেদ ব্যঞ্জনধ্বনি।

৩. 'উপর্যুক্ত' এর সন্ধিবিচ্ছেদ কি? *[ঢাবি (সি ইউনিট) ১৭-১৮]*
ক. উপর+যুক্ত খ. উপরি+উক্ত
গ. উপ+যুক্ত ঘ. উপঃ+যুক্ত
উত্তর : খ
ব্যাখ্যা : উপরি+উক্ত= উপর্যুক্ত (প্রথম পদের শেষে ই/ঈ ধ্বনি এবং পরপদের শুরুতে অন্যকোন স্বরধ্বনি থাকলে ই/ঈ-র স্থলে য-ফলা কখনো 'য' হবে)।

৪. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি? *[ঢাবি (ক ইউনিট) ১৭-১৮]*
ক. কুলটা খ. সঞ্চার
গ. গবেষণা ঘ. ভাবুক
উত্তর : ক
ব্যাখ্যা : সন্ধির নিয়ম না মেনে যে সন্ধি হয় তাকে নিপাতনে সন্ধি বলে। কুল + অটা = কুলটা। গো + এষণা = গবেষণা, ভৌ + উক = ভাবুক (স্বর সন্ধি)। সম্ + চার = সঞ্চার (ব্যাঞ্জন সন্ধি)।

৫. নিচের কোনটি শুদ্ধ? *[ঢাবি (ঘ ইউনিট) ১৭-১৮]*
ক. উৎ+শ্বাস=উচ্ছ্বাস খ. মনস্+ঈষা=মনীষা
গ. প্রতি+উষ=প্রত্যূষ ঘ. পুরঃ+কার=পুরস্কার
উত্তর : খ, ঘ
ব্যাখ্যা: মনস্+ঈষা= মনীষা (নিপাতনে সিদ্ধ সন্ধি)। পুরঃ+কার =পুরস্কার (দ্বিতীয় অংশে অঘোষ অল্পপ্রাণ ও মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) থাকলে প্রথম অংশের অ বা আ স্বরধ্বনির পরে অবস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ্ ধ্বনি [স] হয়)। দুটিই সঠিক।

৬. 'নীরব' শব্দের সন্ধিবিচ্ছেদ- *[ঢাবি (চ ইউনিট) ১৭-১৮]*
ক. নীঃ+রব খ. নির্+রব
গ. নিঃ+রব ঘ. নীহ্+রব
উত্তর : গ

৭. 'যথেষ্ট' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? *[জাবি (এ ইউনিট) ১৭-১৮]*
ক. যথা+ইষ্ট খ. যথা+এষ্ট
গ. যথঃ+এষ্ট ঘ. যথা+ঈষ্ট
উত্তর : ক

৮. 'নিষ্কর' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[জাবি (এ ইউনিট) ১৭-১৮]*
ক. নিঃ+কর খ. নি+কর
গ. নিষ্+কর ঘ. নিষা+কর
উত্তর : ক

৯. 'তন্ময়' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? *[জাবি (সি১ ইউনিট) ১৭-১৮]*
ক. তন+ময় খ. তদ+ময়
গ. তনু+ময় ঘ. তৎ+ময়
উত্তর : ঘ

১০. 'ঘ্রাণ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? *[জাবি (ই ইউ*
ক. ঘ্রাণ+অ খ. ঘ্রা+অন
গ. ঘৃ+আ+ন ঘ. ঘৃ+অন

১১. 'পুরাধ্যক্ষ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? *[জাবি*
ক. পুর+অধ্যক্ষ খ. পূর+অ
গ. পুরা+অধ্যক্ষ ঘ. পুরা+

১২. 'কুজ্ঝটিকা' এর সন্ধিবিচ্ছেদ- *[রাবি (বি*
ক. কুত্+জটিকা খ. কুদ্+
গ. কুৎ+ঝটিকা ঘ. কুজ্

১৩. 'ভুক্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[জ*
ক. ভুক+তো খ. ভুজ
গ. ভুজ+তো ঘ. ভু

১৪. 'অধ্যুষিত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোন
ক. অধ্য+উষিত খ. অ
গ. অধি+উষিত ঘ.

১৫. 'ন্যূন' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? *[ঢা*
ক. নো+অন খ.
গ. নে+অন ঘ.

১৬.নিচের কোনটি শুদ্ধ? *[ঢাবি (ঘ ইউ*
ক. পুষ্প+অঞ্জলি= পুস্পাঞ্জলি
গ. সৎ+চিন্তা=সুচিন্তা

১৭.'নিরাকরণ' শব্দের সন্ধি-বিচ্ছেদ
ক. নিঃ+আকরণ
গ. নিঃ+করণ
ব্যাখ্যা : অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিক্য ধ্বনি হয়। যেমন : নিঃ+আকরণ= নিরাকরণ,

১৮. 'চার্বাক' এর সন্ধিবিচ্ছেদ
ক. চার+বাক
গ. চর্ব+বাক
ব্যাখ্যা : চারু+বাক=চার্বাক। চার্বাক হ

১৯.'গবাদি' শব্দের সন্ধি-বিচ্ছে
ক. গবা+আদি
গ. গো+আদি

Scanned with CamScanner

১০.'ঘ্রাণ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [জাবি (ই ইউনিট) ১৭-১৮]
ক. ঘ্রাণ+অ খ. ঘ্রা+অন
গ. ঘৃ+আ+ন ঘ. ঘৃ+অন
উত্তর : খ

১১.'পুরাধ্যক্ষ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [জাবি (ডি ইউনিট) ১৭-১৮]
ক. পুর+অধ্যক্ষ খ. পূর+অধ্যক্ষ
গ. পুরা+অধ্যক্ষ ঘ. পুরা+ধ্যক্ষ
উত্তর : ক

১২.'কুজ্‌ঝটিকা' এর সন্ধিবিচ্ছেদ- [রাবি (বি ইউনিট) ১৭-১৮]
ক. কুত্+জটিকা খ. কুদ্+ঝটিকা
গ. কুৎ+ঝটিকা ঘ. কুজ্+ঝটিকা
উত্তর : গ

১৩.'ভুক্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [জবি (ই ইউনিট) ১৭-১৮]
ক. ভুক+তো খ. ভুজ্+ত
গ. ভুজ+তো ঘ. ভুঃ+ক্ত
উত্তর : খ

১৪. 'অধ্যুষিত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [জাবি (আই ইউনিট) ১৭-১৮]
ক. অধ্য+উষিত খ. আধ+ষিত
গ. অধি+উষিত ঘ. আধু+উষিত
উত্তর : গ

১৫.'ন্যূন' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [ইবি (এইচ ইউনিট) ১৭-১৮]
ক. নো+অন খ. ন্যূ+অন
গ. নে+অন ঘ. নি+ঊন
উত্তর : ঘ

১৬.নিচের কোনটি শুদ্ধ? [ঢাবি (ঘ ইউনিট) ১৬-১৭]
ক. পুষ্প+অঞ্জলি= পুস্পাঞ্জলি খ. মহা+ঈশ্বর=মহীশ্বর
গ. সৎ+চিন্তা=সুচিন্তা ঘ. বহ্নি+উৎসব=বহ্ন্যুৎসব
উত্তর : ঘ

১৭.'নিরাকরণ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [জবি (খ ইউনিট) ১৬-১৭]
ক. নিঃ+আকরণ খ. নির+আকরণ
গ. নিঃ+করণ ঘ. নিরা+করণ
উত্তর : ক
ব্যাখ্যা : অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিক্য ধ্বনি কিংবা য, র, ল, ব, হ-এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন : নিঃ+আকরণ= নিরাকরণ, আশীঃ+বাদ= আশীর্বাদ, দুঃ+যোগ= দুর্যোগ ইত্যাদি।

১৮. 'চার্বাক' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [ইবি (সি ইউনিট) ১৬-১৭]
ক. চার+বাক খ. চর+বাক
গ. চর্ব+বাক ঘ. চারু+বাক
উত্তর : ঘ
ব্যাখ্যা : চারু+বাক=চার্বাক। চার্বাক হলো বৃহস্পতির জনৈক শিষ্য ও দার্শনিক মুনি।

১৯.'গবাদি' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [ঢাবি (খ ইউনিট) ১৫-১৬]
ক. গবা+আদি খ. গো+আবাদি
গ. গো+আদি ঘ. গবা+দি
উত্তর : গ

Scanned with CamScanner

২০. 'পশু+অধম'-এর সন্ধিসাধিত রূপ কোনটি? *[ঢাবি (ঘ ইউনিট) ১৫-১৬]*
ক. পশ্বধম খ. পশ্যাধম
গ. পশ্বাধম ঘ. পশ্যধম
উত্তর : গ

২১. 'তেজস্বী' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়- *[জাবি (খ ইউনিট) ১৩-১৪]*
ক. তেজঃ+বিন খ. তেজঃ+বী
গ. তেজস+বিন ঘ. তেজস+বী
উত্তর : ঘ
ব্যাখ্যা : তেজঃ+বিন=তেজস্বী। মূলত এটি প্রত্যয় সাধিত শব্দ।

২২. 'মন্বন্তর' শব্দের সন্ধিবিচ্ছেদ- *[বিবি (ক ইউনিট) ১১-১২]*
ক. মন+অন্তর খ. মনন+তর
গ. মনু+অন্তর ঘ. মন্বন+তর
উত্তর : গ

২৩. 'সুবন্ত' এর সন্ধিবিচ্ছেদ- *[জাবি (আইবিএ) ১০-১১]*
ক. সুব+অন্ত খ. সুপ+অন্ত
গ. সুভ+অন্ত ঘ. সু+অন্ত
উত্তর : খ

২৪. 'দূরপনেয়' এর সন্ধিবিচ্ছেদ হলো- *[জাবি (ক ইউনিট) ১০-১১]*
ক. দুর+পনেয় খ. দু+অপনেয়
গ. দুঃ+অপনেয় ঘ. দুর+অপনেয়
উত্তর : গ

২৫. 'কিন্নর' এর সন্ধিবিচ্ছেদ হলো- *[জাবি (ক ইউনিট) ১০-১১]*
ক. কিম+নর খ. কিম+ণর
গ. কিম্+নর ঘ. কিম্+ণর
উত্তর : গ

২৬. 'তামসিক'-কে সন্ধিবিচ্ছেদ করলে হয়-*[ইবি (গ ইউনিট) ০৯-১০]*
ক. তমস+ইক খ. তামস+ইক
গ. তাম+সিক ঘ. তামা+সিক
উত্তর : ক

২৭. 'গুরূক্তি' শব্দের সন্ধি-বিচ্ছেদ- *[জাবি ০৬-০৭]*
ক. গুরু+যুক্তি খ. গুরূ+যুক্তি
গ. গুরু+উক্তি ঘ. গুরু+উক্তি
উত্তর : গ

২৮. 'মাত্রাধিক্য' শব্দের সন্ধি বিচ্ছেদ- *[চবি ০৫-০৬]*
ক. মাতৃ+আধিক্য খ. মাত্র+অধিক্য
গ. মাত্র+আধিক্য ঘ. মাত্রা+আধিক্য
উত্তর : ঘ

২৯. 'গবাক্ষ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[ইবি ০৫-০৬]*
ক. গো+অক্ষ খ. গব+অক্ষ
গ. গো+বক্ষ ঘ. গো+আক্ষ
উত্তর : ক
ব্যাখ্যা : কতগুলো নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি- গো+অক্ষ= গবাক্ষ (গবক্ষ নয়), কুল+অটা= কুল্টা (কুলাটা নয়), প্র+ঢ়ঢ়= পৌঢ় (প্রোঢ়), অন্য+অন্য= অন্যান্য, মার্ত+অণ্ড= মার্তণ্ড।

৩০. 'মস্যাধার' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? *[রাবি (খ ইউনিট) ০৫-০৬]*
ক. মসা+আধার খ. মসি+আধার
গ. মসী+আধার ঘ. মস্যি+আধার
উত্তর : গ

৩১. 'পর্যায়' শব্দের সন্ধি-বিচ্ছেদ- *[জাবি ০৫-০*
ক. পর+যায় খ. পর+ণ
গ. পরি+আয় ঘ. পরি+

৩২. 'ণিজন্ত' এর সন্ধিবিচ্ছেদ হবে- *[ঢাবি (*
ক. ণিজ+অন্ত খ. ণিচ-
গ. ণিঃ+অন্ত ঘ. ণিথ

শব্দ ও শব্দের

বিসিএস এবং বিজেএস সে

১. 'বাবা' কোন ভাষা থেকে আগত শ
ক. সংস্কৃত খ.
গ. অহমিয়া ঘ.
ব্যাখ্যা : বাংলা ভাষায় ব্যবহৃত তুর্কি শব্দ :- কোর্মা, খাতুন, চকমক, চাকু, তালাশ, তোপ মুচলেকা, লাশ, সওগাত ইত্যাদি।

২. 'গিন্নি' কোন শ্রেণির শব্দ? *[৩৮ত*
ক. দেশি
গ. তদ্ভব
ব্যাখ্যা : অর্ধতৎসম অর্থ আধা সংস্কৃত বা পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় ব্যবহৃত হচে যেমন : গিন্নী, আদ্যি, উচ্ছন্ন, কায়েত, কু দরশন, দস্যি, নেমন্তন্ন, পুন্নিমে, পেন্নাম, সত্যি, সাধ্যি, সুরুজ, আস্পর্ধা, হাঁস ইত্যা

৩. কোনটি মৌলিক শব্দ? *[৩৭ত*
ক. মানব
গ. একাঙ্ক
ব্যাখ্যা : যেসব শব্দকে বিশ্লেষণ করলে মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উ

৪. 'হেডমৌলভী' কোন কোন
ক. ইংরেজি+ফার্সি
গ. তুর্কি+আরবি
ব্যাখ্যা : কোন কোন সময় দেশি ও শব্দ বলে। হেড মৌলভী একটি মিশ্র

৫. কোনটি ইংরেজি শব্দ? [
ক. ম্যাজেন্টা
গ. আলমারি
ব্যাখ্যা : কমা (Comma) ইংরেজি

Scanned with CamScanner

৩১. 'পর্যায়' শব্দের সন্ধি-বিচ্ছেদ- [জাবি ০৫-০৬]
ক. পর+যায় খ. পর+আয়
গ. পরি+আয় ঘ. পরি+যায় উত্তর : গ

৩২. 'ণিজন্ত' এর সন্ধিবিচ্ছেদ হবে- [ঢাবি (গ ইউনিট) ৯৩-৯৪]
ক. ণিজ+অন্ত খ. ণিচ+অন্ত
গ. ণিঃ+অন্ত ঘ. ণিথ+অন্ত উত্তর : খ

শব্দ ও শব্দের শ্রেণিবিভাগ

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. 'বাবা' কোন ভাষা থেকে আগত শব্দ? [৩৮তম বিসিএস]
ক. সংস্কৃত খ. হিন্দি
গ. অহমিয়া ঘ. তুর্কি উত্তর : ঘ

ব্যাখ্যা : বাংলা ভাষায় ব্যবহৃত তুর্কি শব্দ :- বাবা, উজবুক, কাঁচি, কাবু, কুর্নিশ, কুলি (মজুর), কোর্মা, খাতুন, চকমক, চাকু, তালাশ, তোপ, বন্দুক, বাবুর্চি, বারুদ, বাহাদুর, বেগম, বোঁচকা, মুচলেকা, লাশ, সওগাত ইত্যাদি।

২. 'গিন্নি' কোন শ্রেণির শব্দ? [৩৮তম বিসিএস]
ক. দেশি খ. বিদেশি
গ. তদ্ভব ঘ. অর্ধ-তৎসম উত্তর : ঘ

ব্যাখ্যা : অর্ধতৎসম অর্থ আধা সংস্কৃত বা ভাঙ্গা সংস্কৃত। সেসব সংস্কৃত শব্দ কিছুটা বিকৃত বা পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে সেগুলোকে অর্ধ-তৎসম বা ভগ্ন সংস্কৃত শব্দ বলে। যেমন : গিন্নী, আদ্যি, উচ্ছন্ন, কায়েত, কুচ্ছিত, কেত্তন, কেষ্ট, গাধা, ঘেন্না, চিকিচ্ছে, জ্যোছনা, দরশন, দস্যি, নেমন্তন্ন, পুন্নিমে, পেন্নাম, বাত্তি, বোষ্টম, বিষ্টু, মত্তর, মোচ্ছব, মিত্তির, ছেরাদ্দ, সত্যি, সাধ্যি, সুরুজ, আস্পর্ধা, হাঁস ইত্যাদি।

৩. কোনটি মৌলিক শব্দ? [৩৭তম বিসিএস]
ক. মানব খ. গোলাপ
গ. একাঙ্ক ঘ. ধাতব উত্তর : খ

ব্যাখ্যা : যেসব শব্দকে বিশ্লেষণ করলে আর কোন শব্দ পাওয়া যায় না তাকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেমন : গোলাপ, নাক, লাল, তিন।

৪. 'হেডমৌলভী' কোন কোন ভাষার শব্দ যোগে গঠিত হয়েছে? [৩৬তম বিসিএস]
ক. ইংরেজি+ফার্সি খ. ইংরেজি+আরবি
গ. তুর্কি+আরবি ঘ. ইংরেজি+পর্তুগিজ উত্তর : ক

ব্যাখ্যা : কোন কোন সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। তাকে মিশ্র শব্দ বলে। হেড মৌলভী একটি মিশ্র শব্দ, ইংরেজি ও ফারসি শব্দ সহযোগে গঠিত।

৫. কোনটি ইংরেজি শব্দ? [৩২তম বিসিএস]
ক. ম্যাজেন্টা খ. পিস্তল
গ. আলমারি ঘ. কমা উত্তর : ঘ

ব্যাখ্যা : কমা (Comma) ইংরেজি, ম্যাজেন্টা ইতালীয় শব্দ। পিস্তল, আলমারী পর্তুগীজ শব্দ।

Scanned with CamScanner

৬. কোনটি সাধিত শব্দ নয়? [৩২তম বিসিএস]
ক. পানসা খ. ফুলেল
গ. গোলাপ ঘ. হাতল
উত্তর : গ
ব্যাখ্যা : যে সকল শব্দকে বিশ্লেষণ করা যায় না তাদেরকে মৌলিক শব্দ বলে। যেমন- গোলাপ, দেশ, ঢাকা, হাত, ফুল, ঘর ইত্যাদি। যে সকল শব্দকে বিশ্লেষণ করা যায় তাদেরকে সাধিত শব্দ বলে। পানসা, ফুলেল, হাতল সাধিত শব্দ।

৭. 'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [৩১তম বিসিএস]
ক. ফার্সি খ. তুর্কি
গ. পর্তুগিজ ঘ. আরবি
উত্তর : খ
ব্যাখ্যা : 'উজবুক' তুর্কি ভাষার শব্দ অর্থ আহাম্মক।

৮. 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়? [২৯তম বিসিএস]
ক. চলিত রীতি খ. সাধু রীতি
গ. মিশ্ররীতি ঘ. আঞ্চলিক রীতি
উত্তর : খ
ব্যাখ্যা : উনিশ শতকে বাংলা ভাষার যে লিখিত রূপ গড়ে উঠে তার নাম দেওয়া হয় 'সাধু ভাষা'। বাংলা লেখ্য সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।

৯. গ্রিক শব্দ কোনটি? [২৭তম বিসিএস]
ক. তুফান খ. লুঙ্গী
গ. কুশন ঘ. দাম
উত্তর : ঘ
ব্যাখ্যা : গ্রিক ভাষা থেকে বাংলায় আগত শব্দ- দাম, কোন, কেন্দ্র। তুফান আরবি শব্দ, লুঙ্গী বার্মিজ শব্দ, কুশন ফারসি শব্দ।

১০. কোনটি ফারসি ভাষার শব্দ? [২৬তম বিসিএস, সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]
ক. মুসাফির খ. তকদির
গ. পেরেশান ঘ. মজলুম
উত্তর : গ
ব্যাখ্যা : ফারসি ভাষা থেকে বাংলা ভাষায় আগত প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ- কারখানা, চশমা, পেরেশান, জবানবন্দি, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, বাদশাহ, বান্দা ইত্যাদি। মুসাফির, তকদির, মজলুম আরবি শব্দ।

১১. দাপ্তরিক কোন শব্দ ইংরেজি ভাষা থেকে আগত? [২৬তম বিসিএস]
ক. আইন খ. দাখিল
গ. এজেন্ট ঘ. মুচলেকা
উত্তর : গ
ব্যাখ্যা : ইংরেজি ভাষা থেকে বাংলায় আগত শব্দ- অফিম, অফিস, এজেন্ট, হাসপাতাল, বোতল, নভেল, নোট, টিন ইত্যাদি। আইন ফারসি শব্দ, দাখিল আরবি শব্দ, মুচলেকা তুর্কি শব্দ।

১২. 'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে হয়েছে? [২৬তম বিসিএস]
ক. বাংলা+ফারসি খ. সংস্কৃত+ফারসি
গ. ফারসি+আরবি ঘ. সংস্কৃত+ আরবি
উত্তর : গ

১৩. 'কাঁচি' কোন ভাষার শব্দ? [২৪তম বিসিএস (বাতিল), ৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]
ক. আরবি খ. ফারসি
গ. হিন্দি ঘ. তুর্কি
উত্তর : ঘ

Scanned with CamScanner

ব্যাখ্যা : 'কাঁচি' তুর্কি ভাষার শব্দ। তুর্কি ভাষার অন্যান্য শব্দ- উজবুক, উর্দু, কাঁচি, কাবু, কুর্নিশ, কুলি (মজুর), কোর্মা, খাতুন, বাবা, বাবুর্চি, বেগম, বোঁচকা, মুচলেকা, লাশ, সওগাত ইত্যাদি।

১৪. 'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে- [২৪তম বিসিএস (বাতিল)]
ক. ফারসি ও ইংরেজি শব্দে খ. ফরাসি ও ইংরেজি শব্দে
গ. ফারসি ও ফরাসি শব্দে ঘ. ফারসি ও হিন্দি শব্দে
উত্তর : ক

১৫. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ? [২৩তম বিসিএস]
ক. হিন্দি খ. উর্দু
গ. পর্তুগিজ ঘ. গ্রিক
উত্তর : গ

১৬. পর্তুগিজ ভাষা থেকে নিম্নোক্ত একটি শব্দ বাংলা ভাষায় আত্তীকরণ করা হয়েছে? [১৭তম বিসিএস]
ক. টেবিল খ. চেয়ার
গ. বালতি ঘ. শরবত
উত্তর : গ

ব্যাখ্যা : পুর্তগিজরা ব্যবসা বাণিজ্য করতে এদেশে এসেছে, স্থায়ীভাবে থেকেছে। পর্তুগিজ অনেক শব্দ বাংলা ভাষায় এসেছে। পুর্তগিজ শব্দ - বালতি। টেবিল, চেয়ার ইংরেজি। শরবত আরবি শব্দ।

১৭. শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দসমষ্টিকে ভাগ করা যায়- [১৭তম বিসিএস]
ক. দুই ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে
উত্তর : খ

ব্যাখ্যা : অর্থ অনুসারে শব্দ তিন প্রকার- যৌগিক, রূঢ় বা রূঢ়ি শব্দ, যোগরূঢ় শব্দ। উৎপত্তি অনুসারে শব্দ পাঁচ প্রকার- তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বিদেশি। গঠন অনুসারে শব্দ দুই প্রকার- মৌলিক শব্দ, সাধিত শব্দ।

১৮. কোনটি মৌলিক শব্দ? [১৪তম বিসিএস]
ক. গোলাপ খ. শীতল
গ. নেয়ে ঘ. গৌরব
উত্তর : ক

ব্যাখ্যা : গঠনগত দিক থেকে শব্দকে দু'ভাগে ভাগ করা যায়। যথা- মৌলিক, সাধিত। যে সকল শব্দকে বিশ্লেষণ করা যায় না তাদেরকে মৌলিক শব্দ বলে। যেমন- গোলাপ, দেশ, ঢাকা, হাত, ফুল, ঘর ইত্যাদি।

১৯. বাংলা ভাষা এ শব্দ দুটি গ্রহণ করেছে চীনা ভাষা হতে- [১২তম বিসিএস]
ক. চাকু, চাকর খ. খদ্দর, হরতাল
গ. চা, চিনি ঘ. রিকসা, রেস্তোরা
উত্তর : গ

ব্যাখ্যা : চীনা ভাষা থেকে বাংলায় আগত শব্দ- চা, চিনি, এলাচি, সাম্পান, লিচু। (ক) চাকু তুর্কি শব্দ, চাকর ফারসি শব্দ। (খ) খদ্দর, হরতাল গুজরাটি শব্দ। (ঘ) রিকসা জাপানি শব্দ, রেস্তোরা ফরাসি শব্দ।

২০. 'আনারস' এবং 'চাবি' শব্দ দুটি বাংলা ভাষা গ্রহণ করেছে- [১০তম বিসিএস]
ক. পর্তুগিজ ভাষা হতে খ. আরবি ভাষা হতে
গ. দেশি ভাষা হতে ঘ. ওলন্দাজ ভাষা হতে
উত্তর : ক

২১.কোনটি তদ্ভব শব্দ? [১০তম বিসিএস]
ক. চাঁদ খ. সূর্য
গ. নক্ষত্র ঘ. গগন
উত্তর : ক

ব্যাখ্যা : চাঁদ তদ্ভব শব্দ। সূর্য, নক্ষত্র, গগন তৎসম শব্দ।

Scanned with CamScanner

২২. 'গুনাহ' কোন ভাষার শব্দ? [১২তম বিজেএস (সহকারী জজ)]
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. হিন্দি
ব্যাখ্যা : 'গুনাহ' ফারসি শব্দ। অর্থ- অন্যায়, অপরাধ, পাপ। উত্তর : গ

২৩. 'রিক্সা' কোন ভাষার শব্দ? [৭ম বিজেএস (সহকারী জজ)-১২]
ক. ওলন্দাজ খ. পর্তুগিজ
গ. জাপানি ঘ. গুজরাটি
ব্যাখ্যা : জাপানি ভাষা থেকে বাংলায় আগত শব্দ- রিক্সা, হারিকিরি, প্যাগোডা, জুডো, কারাতে, হাল্লাহেনা ইত্যাদি। উত্তর : গ

২৪. 'সাবান' ও 'আনারস' শব্দ দুটি কোন ভাষা হতে এসেছে? [৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]
ক. ফারসি খ. আরবি
গ. বার্মিজ ঘ. পর্তুগিজ
উত্তর : ঘ

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [১৫তম শিক্ষক (স্কুল) নিবন্ধন-১৯]
ক. তুর্কি খ. আরবি
গ. ফারসি ঘ. ফরাসি
উত্তর : খ

২. অর্থ অনুসারে হরিণ কোন ধরনের শব্দ? [১৫তম শিক্ষক (স্কুল) নিবন্ধন-১৯]
ক. যৌগিক খ. মৌলিক
গ. যোগরূঢ় ঘ. রূঢ়ি
ব্যাখ্যা : কয়েকটি রূঢ়ি শব্দ- সন্দেশ, হস্তী, বাঁশি, তৈল, প্রবীণ, পাঞ্জাবি, হরিণ, গবেষণা ইত্যাদি। উত্তর : ঘ

৩. 'গেরাম' কোন জাতীয় শব্দ? [CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]
ক. অর্ধতৎসম খ. তদ্ভব গ. দেশী
ঘ. তৎসম ঙ. কোনটিই নয়
উত্তর : ক

৪. 'চশমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের AD১৯]
ক. ফারসি খ. পর্তুগীজ গ. আরবি
ঘ. তুর্কি ঙ. কোনটিই নয়
উত্তর : ক

ব্যাখ্যা : বাংলায় প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দে বহুবচন প্রকাশের জন্য নিম্নোক্ত শব্দগুলো ব্যবহৃত হয়- নিকর, নিচয়, দাম, সব, কুল, বৃন্দ, বর্গ, সকল। কূল অর্থ নদীর তীর।

৫. কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে হয়- *[ঢাবি (ঘ ইউনিট) ১৬-১৭]*
ক. সকল খ. নিচয়
গ. মালা ঘ. বর্গ
উত্তর : ঘ
ব্যাখ্যা : কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়- বর্গ, গণ, বৃন্দ, মণ্ডলী।

৬. কোনটি নির্দেশক সর্বনামের উদাহরণ? *[চবি (বি ইউনিট) ১৬-১৭]*
ক. তুমি, সে খ. কেউ, কোনো
গ. এ, সে ঘ. সকলে, সবাই
উত্তর : গ

৭. 'বচন' কোন জাতীয় শব্দ? *[বেরোবি (সি ইউনিট) ১৬-১৭]*
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. পারিভাষিক ঘ. খাঁটি বাংলা
উত্তর : গ

৮. কোন পদের সামনে 'অজস্র' শব্দটি বসালে বহুবচন হয়? *[বেরোবি (ক) ১৬-১৭]*
ক. সর্বনাম খ. অব্যয়
গ. বিশেষ্য ঘ. ক্রিয়া
উত্তর : গ

৯. 'তৃতীয়' শব্দটি কোন বচন? *[চবি (ই ইউনিট) ১৫-১৬]*
ক. একবচন খ. দ্বিবচন গ. বহুবচন
গ. শ্রেণিবচন ঘ. কোনটিই নয়
উত্তর : গ

১০. পদাশ্রিত নির্দেশক ব্যবহৃত হয়- *[ঢাবি (খ ইউনিট) ১৪-১৫]*
ক. প্রত্যয়ের মতো খ. বিভক্তির মতো
গ. ধাতুর মতো ঘ. সমাসের মতো
উত্তর : গ

১১. কিসের ভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না? *[জাবি (এফ ইউনিট) ১৪-১৫]*
ক. বচনভেদে খ. প্রয়োগভেদে
গ. অর্থভেদে ঘ. বর্ণনাভেদে
উত্তর : ক

Scanned with CamScanner

১২. শুধু বিশেষ্য ও সর্বনাম জাতীয় শব্দের কী হয়? [জবি (খ ইউনিট) ১২-১৩]

ক. ভাষাভেদ খ. বচনভেদ
গ. লিঙ্গভেদ ঘ. পদভেদ

উত্তর : খ

ব্যাখ্যা : কেবল বিশেষ্য ও সর্বনাম পদেরই বচনভেদ হয়। যেমন : মেয়েটি (একবচন)- মেয়েরা (বহুবচন), কলমটা (একবচন)- কলমগুলো (বহুবচন), সে (একবচন)- তারা (বহুবচন)।

সমাস

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. কোনটি ব্যতিহার বহুব্রীহির উদাহরণ? [৩৯তম বিসিএস]

ক. দোতলা খ. আশীবিষ
গ. কানাকানি ঘ. অজানা

উত্তর : গ

ব্যাখ্যা : যে সমাসে সমস্যমান পদগুলোর কোনটির অর্থ না বুঝিয়ে কোন নতুন অর্থ প্রকাশ করে তাকে বহুব্রীহি সমাস বলে। আর ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং পরপদে 'ই' বসে। যেমন : হাতে হাতে যে যুদ্ধ=হাতাহাতি, কানে কানে যে কথা= কানাকানি।

২. 'পুষ্পসৌরভ' কোন সমাসের উদাহরণ? [৩৮তম বিসিএস]

ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি

উত্তর : ক

ব্যাখ্যা : পূর্বপদের ষষ্ঠী বিভক্তি (র, এর) লোপ হয়ে যে সমাস হয় তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন : পুষ্পের সৌরভ= পুষ্পসৌরভ, চায়ের বাগান=চাবাগান, ছাত্রের সমাজ=ছাত্রসমাজ ইত্যাদি।

৩. 'জলে-স্থলে' কি সমাস? [৩৭তম বিসিএস]

ক. সমার্থক দ্বন্দ্ব খ. বিপরীতার্থক দ্বন্দ্ব
গ. অলুক দ্বন্দ্ব ঘ. একশেষ দ্বন্দ্ব

উত্তর : গ

ব্যাখ্যা : যে দ্বন্দ্ব সমাসে কোন সমস্যমান পদের বিভক্তি লোপ পায় না, তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে। যেমন : দুধে-ভাতে, দেশে-বিদেশে, হাতে-কলমে।

৪. 'বিস্ময়াপন্ন' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি? [৩৭তম বিসিএস]

ক. বিস্ময় দ্বারা আপন্ন খ. বিস্ময়ে আপন্ন
গ. বিস্ময়কে আপন্ন ঘ. বিস্ময়ে আপন

উত্তর : গ

ব্যাখ্যা : পূর্বপদে দ্বিতীয়া বিভক্তি (কে, রে) লোপে সমাসকে দ্বিতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন- বিস্ময়কে আপন্ন= বিস্ময়াপন্ন, দুঃখকে প্রাপ্ত= দুঃখপ্রাপ্ত, বিপদকে আপন্ন= বিপদাপন্ন।

৫. বহুব্রীহি সমাসবদ্ধ পদ কোনটি? [৩৬তম বিসিএস]

ক. জনশ্রুতি খ. অনমনীয়
গ. খাসমহল ঘ. তপোবন

উত্তর : খ

ব্যাখ্যা : নয় নমনীয় যা=অনমনীয় (নঞ বহুব্রীহি), জন দ্বারা শ্রুতি= জনশ্রুতি (তৃতীয়া তৎপুরুষ), তপের নিমিত্তে বন=তপোবন (নিমিত্তার্থে চতুর্থী তৎপুরুষ), খাস যে মহল= খাসমহল (কর্মধারয়)।

Scanned with CamScanner

৬. 'জজ সাহেব' কোন সমাসের উদাহরণ? *[৩৫তম বিসিএস]*

ক. দিগু খ. দ্বন্দ্ব
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি

উত্তর : গ

ব্যাখ্যা : দুটি বিশেষ্য পদে একই ব্যক্তি বা বস্তুকে বোঝালে কর্মধারয় সমাস হয়। যিনি জজ তিনি সাহেব= জজ সাহেব কর্মধারয় সমাস।

৭. 'আলোছায়া' পদটি কোন সমাসের অন্তর্গত? *[৩২তম বিসিএস]*

ক. দ্বন্দ্ব সমাস খ. অব্যয়ীভাব সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস

উত্তর : ক

ব্যাখ্যা : যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, সংযোজক অব্যয় লোপ পায় তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন : আলো ও ছায়া = আলোছায়া।

৮. সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদাহরণ? *[৩১তম বিসিএস]*

ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. সুপসুপা ঘ. অব্যয়ীভাব

উত্তর : ঘ

৯. 'জ্যোৎস্নারাত' কোন সমাসের দৃষ্টান্ত? *[৩০তম বিসিএস]*

ক. উপমান কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. ৫মী তৎপুরুষ ঘ. ষষ্ঠ তৎপুরুষ

উত্তর : খ

ব্যাখ্যা : যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয় তাকে মধ্যপদলোপী কর্মধারয় বলে। যেমন- সিংহ চিহ্নিত আসন= সিংহাসন। গোবরগণেশ, স্মৃতিসৌধ, সাহিত্যসভা ইত্যাদি।

১০. সমাস ভাষাকে কী করে? *[২৯তম বিসিএস, ১১তম বিসিএস]*

ক. সংক্ষেপ করে খ. বিস্তৃত করে
গ. অর্থপূর্ণ করে ঘ. অর্থের রূপান্তর ঘটায়

উত্তর : ক

১১. প্রত্যক্ষ বস্তুর সাথে পরোক্ষ কোন বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়- *[২৭তম বিসিএস]*

ক. উপমিত খ. উপমান
গ. উপমেয় ঘ. রূপক

উত্তর : গ

ব্যাখ্যা : প্রত্যক্ষ বস্তুর সাথে পরোক্ষ বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়। আর যার সাথে তুলনা করা হয় তাকে বলে উপমান। ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণকেশ। এখানে ভ্রমর উপমান, কেশ উপমেয়।

১২. 'লাঠালাঠি'-এটি কোন সমাস? *[২৬তম বিসিএস, ১৭তম বিসিএস]*

ক. প্রাদি সমাস খ. ব্যতিহার বহুব্রীহি
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস

উত্তর : খ

ব্যাখ্যা : যে বহুব্রীহি সমাসে দুটি সমরূপ বিশেষ্য দিয়ে এক জাতীয় কাজ বোঝায় তাকে ব্যতিহার বহুব্রীহি বলে। যেমন- হাতাহাতি, কানাকানি, কোলাকুলি ইত্যাদি।

১৩. 'নবান্ন' শব্দটি কোন প্রক্রিয়ার গঠিত? *[২৬তম বিসিএস]*

ক. সমাস খ. সন্ধি
গ. প্রত্যয় ঘ. উপসর্গ

উত্তর : ক

ব্যাখ্যা : নব যে অন্ন=নবান্ন। এটি কর্মধারয় সমাস।

Scanned with CamScanner

১৪. যে সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বুঝায় তাকে বলে- *[২৫তম বিসিএস]*

ক. দ্বন্দ্ব সমাস খ. রূপক কর্মধারয়
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বিগু সমাস **উত্তর : ঘ**

ব্যাখ্যা : যে সমাসে সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমাহার বোঝায় এবং পরপদের অর্থই প্রাধান্য পায় তাকে 'দ্বিগু' সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমন : নব রত্নের সমাহার= নবরত্ন, শতবর্ষের সমাহার=শতবার্ষিকী, সপ্ত অহের সমাহার=সপ্তাহ।

১৫. 'চাঁদমুখ' এর ব্যাসবাক্য হলো- *[২৫তম বিসিএস]*

ক. চাঁদের মুখের ন্যায় খ. চাঁদের মত মুখ
গ. চাঁদ মুখ যার ঘ. চাঁদ রূপ মুখ **উত্তর : খ**

১৬. যে সমাসে ব্যসবাক্য হয় না, কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয় তাকে বলা হয়- *[২৩তম বিসিএস]*

ক. দ্বন্দ্ব খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. নিত্য সমাস **উত্তর : খ**

১৭. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ? *[২০তম বিসিএস]*

ক. সিংহাসন খ. ভাই-বোন
গ. কানাকানি ঘ. গাছপাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ভাই ও বোন=ভাইবোন দ্বন্দ্ব সমাস। সিংহ চিহ্নিত আসন=সিংহাসন মধ্যপদলোপী কর্মধারয়। কানে কানে যে কথা=কানাকানি ব্যতিহার বহুব্রীহি। গাছে পাকা=গাছপাকা তৎপুরুষ।

১৮. মধ্যপদলোপী কর্মধারয় এর উদাহরণ কোনটি- *[১৩তম বিসিএস]*

ক. ঘর থেকে ছাড়া-ঘরছাড়া খ. অরুণের মত রাঙা-অরুণরাঙা
গ. হাসি মাখা মুখ-হাসিমুখ ঘ. ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী-ক্ষণস্থায়ী **উত্তর :গ**

ব্যাখ্যা : হাসি মাখা মুখ-হাসিমুখ মধ্যপদলোপী কর্মধারয়, ঘর থেকে ছাড়া-ঘরছাড়া পঞ্চমী তৎপুরুষ, অরুণের মত রাঙা-অরুণরাঙা উপমান কর্মধারয়, ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী-ক্ষণস্থায়ী দ্বিতীয় তৎপুরুষ সমাস।

১৯. সবান্ধব যে সমাস- *[৭ম বিজেএস (সহকারী জজ)-১২]*

ক. বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. দ্বন্দ্ব ঘ. কর্মধারয় **উত্তর : ক**

ব্যাখ্যা : বহুব্রীহি সমাসে 'সহ' বা 'সহিত' থাকলে তার স্থলে 'স' হয়। যেমন : বান্ধবসহ বর্তমান= সবান্ধব, সহ উদর যার=সহোদর ইত্যাদি।

২০. 'নদীমাতৃক' শব্দের সমাস হলো- *[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ)-১১]*

ক. নদী মাতা যার খ. নদীতে মাতা আছে যার
গ. নদী ও মাতা ঘ. নদী এবং মাতৃকা **উত্তর : ক**

ব্যাখ্যা : নদী মাতা যা= নদীমাতৃক। বহুব্রীহি সমাসের উদাহরণ।

২১. 'সংখ্যালঘু' কোন সমাস? *[৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*

ক. দ্বন্দ্ব খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. দ্বিগু **উত্তর : গ**

Scanned with CamScanner

২২. কোন শব্দটি দ্বন্দ্ব সমাস? *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*
ক. সিংহাসন খ. রাজপথ
গ. প্রভাত ঘ. দম্পতি
উত্তর : ঘ
ব্যাখ্যা : জায়া ও পতি= দম্পতি। দ্বন্দ্ব সমাসের উদাহরণ।

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'অনেক' শব্দটি- *[১৫তম শিক্ষক (কলেজ) নিবন্ধন-১৯]*
ক. অলুক তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ
গ. নঞ তৎপুরুষ ঘ. নিত্য সমাস
উত্তর : গ

২. 'আমূল'-শব্দের ব্যাসবাক্য কোনটি? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*
ক. নয় মূল খ. মূল থেকে গ. ন মূল
ঘ. মূল পর্যন্ত ঙ. কোনটিই নয়
উত্তর : ঘ
ব্যাখ্যা : মূল পর্যন্ত= আমূল। অব্যয়ীভাব সমাস

৩. 'অহি-নকুল' শব্দটি কোন নিয়মে গঠিত হয়েছে? *[পি টি আই ইন্সট্রাক্টর (জেনারেল) নিয়োগ-১৯]*
ক. প্রত্যয় খ. সমাস
গ. সন্ধি ঘ. উপসর্গ
উত্তর : খ
ব্যাখ্যা : অহিনকুল দ্বন্দ্ব সমাস।

৪. 'কাজলকালো' কোন সমাস? *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক-১৯]*
ক. উপমান কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয় গ. রূপক কর্মধারয়
ঘ. উপমিত কর্মধারয় ঙ. কোনটিই নয়
উত্তর : ক
ব্যাখ্যা : উপমান অর্থ তুলনীয় বস্তু। সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমান পদের যে সমাস হয় তাকে উপমান কর্মধারয় সমাস বলে। এ সমাসে বিশেষণ পদ থাকে এবং উপমেয় পদের উল্লেখ থাকে না। অর্থাৎ যার সাথে তুলনা করা হচ্ছে তার গুণ বা বিশেষণের উল্লেখ থাকে। যেমন : কাজলের ন্যায় কালে=কাজল কালো।

৫. 'এতিমখানা' কোন সমাস? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]*
ক. দ্বিগু খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. কর্মধারয়
উত্তর : খ

৬. নিচের কোনটি সমার্থক শব্দযোগে দ্বন্দ্ব সমাস? *[সহকারী ব্যবস্থাপক (বেজা) নিয়োগ-১৮]*
ক. নাক-মুখ খ. লাভ-লোকসান
গ. দেখা-শোনা ঘ. খাতা-পত্র
উত্তর : ঘ
ব্যাখ্যা : 'খাতা-পত্র' সমার্থক শব্দযোগে দ্বন্দ্ব সমাস। 'নাক-মুখ' অঙ্গবাচক শব্দযোগে, 'দেখা-শোনা' ক্রিয়াবাচক শব্দযোগে, 'লাভ-লোকসান' বিপরীতার্থক শব্দযোগে।

৭. নিচের কোনটি সমাস নিষ্পন্ন শব্দের উদাহরণ? *[পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-১৮]*
ক. নিবাস খ. বড়াই
গ. মনমাঝি ঘ. ছাত্রকে
উত্তর : গ
ব্যাখ্যা : মন রূপ মাঝি= মনমাঝি, রূপক কর্মধারয়। নিবাস উপসর্গ গঠিত শব্দ, বড়াই প্রকৃতি ও প্রত্যয় গঠিত শব্দ এবং ছাত্রকে বিভক্তিযোগে গঠিত শব্দ।

Scanned with CamScanner

৮. 'হজ্জযাত্রা' কোন সমাসের উদাহরণ? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১৮]*

ক. ৩য়া তৎপুরুষ খ. ৪র্থী তৎপুরুষ
গ. ৫মী তৎপুরুষ ঘ. ৭মী তৎপুরুষ **উত্তর : খ**

৯. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে উচ্চমান সহকারী কাম হিসবারক্ষক নিয়োগ-১৭]*

ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি **উত্তর : গ**

১০. 'কুশীলব' শব্দটি কোন সমাসের অন্তর্গত? *[স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল)-১৭]*

ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. দ্বন্দ্ব **উত্তর : ঘ**

১১. কোন সমাসে ব্যাসবাক্য হয় না *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (জেলা সমন্বয়ক)-১৭]*

ক. দ্বন্দ্ব সমাস খ. নিত্য সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস **উত্তর : খ**

১২. 'অচেনা' কোন সমাস? *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের (NSI)-এর সহকারী পরিচালক-১৭]*

ক. দিগু সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. তৎপুরুষ সমাস **উত্তর : ঘ**

ব্যাখ্যা : না বাচক শব্দ (না, নেই, নাই, নয় ইত্যাদি) পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয়, তাকে নঞ তৎপুরুষ সমাস বলে।

১৩. 'মৌমাছি' কোন সমাস? *[বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. আমরা **উত্তর : গ**

ব্যাখ্যা : মৌ সংগ্রহ করে যে মাছি= মৌমাছি। মধ্যপদলোপী কর্মধারয়।

১৪. 'সপ্তর্ষি' কোন সমাস? *[বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. দ্বন্দ্ব সমাস **উত্তর : ক**

ব্যাখ্যা : সপ্ত অর্ষির সমাহার=সপ্তর্ষি। দ্বিগু সমাস।

১৫. 'গোঁফ খেজুরে' কোন সমাস? *[ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর-১৬]*

ক. মধ্যপদলোপী বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. ব্যধিকরণ বহুব্রীহি ঘ. দ্বিগু সমাস **উত্তর : ক**

ব্যাখ্যা : সমাসে ব্যাখ্যামূলক যে কোন পদ যদি সমস্তপদে লোপ পায় তাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যেমন- গোঁফ খেজুরে, বিড়ালচোখী, হাতেখড়ি, গায়ে হলুদ, মেনিমুখো।

১৬. 'জায়া ও পতি' সমাস করলে কী হয়? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৫]*

ক. স্বামী-স্ত্রী খ. পতি-পত্নী
গ. দম্পতি ঘ. জায়া-পতি **উত্তর : গ**

Scanned with CamScanner

১৭. নিচের কোন শব্দ বহুব্রীহি সমাসে নিষ্পন্ন? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা-১৪]
ক. দশানন খ. সিংহাসন
গ. চৌরাস্তা ঘ. চাঁদবদন
উত্তর : ক
ব্যাখ্যা : দশ আনন আছে যার= দশানন। এখানে 'দশ' কিংবা 'আনন' কোনটিরই অর্থের প্রাধান্য নেই। সিংহাসন, চাঁদবদন- কর্মধারয়।

১৮. যে সমাসে পূর্ব পদের বিভক্তি লোপ হয় না তাকে বলে- [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ পরীক্ষা-১৪]
ক. প্রাদি সমাস খ. নিত্য সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. অলুক সমাস
উত্তর : ঘ
ব্যাখ্যা : অলুক সমাস- কলুর বলদ=কলুর বলদ, কলে ছাঁটা=কলে ছাঁটা, মনের মানুষ=মনের মানুষ, হাতে-কলমে=হাতে ও কলমে ইত্যাদি।

১৯. চন্দ্রের ন্যায় যার মুখ = চন্দ্রমুখ। এটি কোন সমাসের উদাহরণ? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. মধ্যপদলোপী বহুব্রীহি
উত্তর : খ
ব্যাখ্যা : চন্দ্রমুখ, ফুলকুমারী, সোনামুখী, সিংহপুরুষ উপমিত কর্মধারয়।

২০. 'কাঁচামিঠা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ-আঞ্চলিক ব্যবস্থাপক-১৩]
ক. কাঁচা ও মিঠা খ. যা কাঁচা তাই মিঠা
গ. কাঁচা হয়েও মিঠা ঘ. কাঁচা যে মিঠা
উত্তর : খ

২১. 'উপকথা' শব্দটি কোন সমাস? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]
ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ
গ. দ্বিগু ঘ. দ্বন্দ্ব
উত্তর : ক
ব্যাখ্যা : যে সমাসের পূর্বপদে অব্যয় থাকে এবং অব্যয়ের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন- উপকথা, উপকূল, উপকণ্ঠ, উপগ্রহ, উপবন অব্যয়ীভাব সমাস।

২২. 'সেতার'-এর 'সে' কোন অর্থ দ্যোতনা করে? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-১৩]
ক. তার খ. অনেক
গ. প্রত্যেক ঘ. সকল
উত্তর : খ

২৩. কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ? [দুদকের সহকারী পরিচালক-১৩]
ক. কলে ছাঁটা খ. মাথায় ছাতা
গ. গায়ে হলুদ ঘ. হাতে কলমে
উত্তর : ক
ব্যাখ্যা : যে তৎপুরুষ সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন- তেলেভাজা, গায়েপড়া, কলের গান, গরুর গাড়ি ইত্যাদি।

২৪. 'শতাব্দী' কোন সমাস? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ পরীক্ষা-১৩]
ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস
উত্তর : ক

২৫. কোনটি ইষৎ অর্থে অব্যয়ীভাব সমাস? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]
ক. আজীবন খ. আরক্তিম
গ. আগাছা ঘ. আলুনী
উত্তর

Scanned with CamScanner

২৬. **'মৃগশিশু' শব্দটির ব্যাসবাক্য কোনটি?** *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন)-১৩]*

ক. মৃগের শিশু খ. শিশুরূপ মৃগ
গ. মৃগীর শিশু ঘ. শিশুর যে মৃগ **উত্তর : গ**

ব্যাখ্যা : পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর) লোপ হয়ে যে সমাস হয় তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। ষষ্ঠী তৎপুরুষ সমাসে শিশু ও দুগ্ধ শব্দ পরে থাকলে স্ত্রীবাচক পূর্বপদ পুরুষবাচক হয়। যেমন- মৃগীর শিশু=মৃগশিশু, ছাগীর দুগ্ধ=ছাগদুগ্ধ।

২৭. **'ক্ষুধিত পাষাণ' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]*

ক. দ্বন্দ্ব খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ **উত্তর : গ**

২৮. **পূর্বপদে উপসর্গ বসে যে সমাস হয় তাকে বলে-***[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]*

ক. রূপক সমাস খ. নিত্য সমাস
গ. প্রাদি সমাস ঘ. অলুক সমাস **উত্তর : গ**

ব্যাখ্যা : প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয় তাকে প্রাদি সমাস বলে। প্র (প্রকৃষ্ট) যে বচন= প্রবচন, অনুতে (পশ্চাতে) যে তাপ- অনুতাপ।

২৯. **'লঙ্কাবাটা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১২]*

ক. লঙ্কা ও বাটা খ. যা লঙ্কা তাই বাটা
গ. লঙ্কার বাটা ঘ. বাটা যে লঙ্কা **উত্তর : ঘ**

৩০. **পূর্ব পদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে-** *[প্রাক-প্রাথমিক সহ. শিক্ষক-১২]*

ক. বহুব্রীহি সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. তৎপুরুষ সমাস **উত্তর : ঘ**

ব্যাখ্যা : পূর্বপদের বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে। তৎপুরুষ সমাস ৯ প্রকার।

৩১. **'আশীবিষ' কোন সমাস?** *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১২]*

ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর : গ**

ব্যাখ্যা : পূর্বপদ ও পরপদ উভয়ই বিশেষ্য হলে তাকে ব্যধিকরণ বহুব্রীহি বলে। যেমন- আশীতে বিষ যার = আশীবিষ। এখানে আশী এবং বিষ দুটোই বিশেষ্য।

৩২. **কোনটি উপমিত কর্মধারয়-এর উদাহরণ?** *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ পরীক্ষা-১২]*

ক. স্নেহনীড় খ. কুসুম কোমল
গ. করপল্লব ঘ. ঘনশ্যাম **উত্তর : গ**

ব্যাখ্যা : সাধারণ গুণের বা ধর্মের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় বলে। এই সমাসে দুটো পদই বিশেষ্য হয়। অর্থাৎ গুণ বা বিশেষণ উল্লেখ না করে যার সাথে তুলনা করা হয় এবং যাকে তুলনা করা হয় সে দুটির উল্লেখ থাকবে।

৩৩. **সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি বা সমাহার বা মিলন বোঝালে কোন সমাস হয়?** *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১২]*

ক. অব্যয়ীভাব খ. দ্বিগু
গ. বহুব্রীহি ঘ. কর্মধারয় **উত্তর : খ**

Scanned with CamScanner

৩৪. নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্ত পদ? *[৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১১]*

ক. সাতসমুদ্র খ. প্রতিদিন
গ. নীলকণ্ঠ ঘ. মুখেভাত

ব্যাখ্যা : দিগু সমাস- সাতসমুদ্র, তেরনদী, অষ্টধাতু, চতুর্ভুজ, চতুরঙ্গ। **উত্তর : ক**

৩৫. গরমিল'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? *[৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১১]*

ক. মিল ও অমিল খ. অমিলের সদৃশ
গ. মিলের অভাব ঘ. গর ও মিল

উত্তর : গ

৩৬. সমাস শব্দের অর্থ হলো- *[৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন-১০]*

ক. সংযোজন খ. বিশ্লেষণ
গ. সংশ্লেষণ ঘ. সংক্ষেপণ

উত্তর : ঘ

ব্যাখ্যা : সমাস শব্দের অর্থ- সংক্ষেপণ, একাধিক পদের একপদীকরণ। পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম সমাস। এটি সংস্কৃত ভাষা থেকে বাংলায় এসেছে।

৩৭. পঞ্চনদ কোন সামসের উদাহরণ? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১০]*

ক. বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. দ্বিগু ঘ. ব্যতিহার বহুব্রীহি

উত্তর : গ

ব্যাখ্যা : পঞ্চনদ, পঞ্চভূত, পঞ্চবটী, ত্রিভুজ, তেপান্তর দিগু সমাসের উদাহরণ।

৩৮. 'কদাচার' কোন সমাস? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-০৯]*

ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব

উত্তর : ক

ব্যাখ্যা : বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হলে এবং পরপদের অর্থ প্রাধান্য পেলে তাকে কর্মধারয় সমাস বলে। যেমন- নীল যে পদ্ম= নীলপদ্ম, শান্ত অথচ শিষ্ট= শান্তশিষ্ট ইত্যাদি।

৩৯. 'অপয়া' শব্দটি কোন সমাস? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-০৯]*

ক. কর্মধারয় সমাস খ. তৎপুরুষ সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. অব্যয়ীভাব সমাস

উত্তর : খ

ব্যাখ্যা : পয় নেই যার = অপয়া। তৎপুরুষ সমাসের উদাহরণ। অপয়া শব্দের অর্থ- অভাগা, অলক্ষণা, শুভচিহ্নহীন।

৪০. কোনটি উপপদ তৎপুরুষ সমাস? *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-০৭]*

ক. বিষমাখা খ. খেচর
গ. সজল ঘ. তেমাথা

উত্তর : খ

ব্যাখ্যা : যে পদ পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। যেমন- খেচর, হরবোলা, জলচর, ইন্দ্রজিৎ, গৃহস্থ, ছা-পোষা, পকেটমার, বর্ণচোরা ইত্যাদি।

৪১.'বেতমিজ' কোন তৎপুরুষ সমাস? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০৬]*

ক. ৬ষ্ঠী খ. ২য়া
গ. ৩য়া ঘ. নঞ

উত্তর : ঘ

ব্যাখ্যা : না বাচক নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয়, তাকে নঞ তৎপুরুষ। যেমন- অনাচার, অকাতর, বেতমিজ, বেতাল, অলৌকিক, অনন্য, অগম্য ইত্যাদি।

Scanned with CamScanner

৪২. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ? *[তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার-০৫]*
ক. খোশমেজাজ খ. প্রতিদিন
গ. অকাল ঘ. সেতার
উত্তর : খ
ব্যাখ্যা : প্রতিদিন, প্রতিক্ষণ, অনুক্ষণ অব্যয়ীভাব সমাস।

৪৩. রূপক কর্মধারয় সমাসের উদাহরণ কোন শব্দটি? *[উপজেলা নির্বাচন অফিসার-০৪]*
ক. মনমাঝি খ. জলযান
গ. সিংহদ্বার ঘ. একাদশ
উত্তর : ক
ব্যাখ্যা : উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে তাকে রূপক বলে। চাঁদপুর, মনমাঝি, ক্রোধানল, বিষাদসিন্ধু রূপক কর্মধারয়।

৪৪. 'বিপত্নীক' শব্দটির সমাস হলো- *[দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক-০৪]*
ক. অব্যয়ীভাব খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. দ্বিগু
উত্তর : গ
ব্যাখ্যা : বহুব্রীহি সমাসে পরপদে মাতৃ, পত্নী, পুত্র, স্ত্রী ইত্যাদি শব্দ থাকলে এ শব্দগুলোর সঙ্গে 'ক' যুক্ত হয়। যেমন : বি (বিগত) হয়েছে পত্নী যার = বিপত্নীক, নদী মাতা (মাতৃ) যার = নদীমাতৃক। স্ত্রীর সঙ্গে বর্তমান= সস্ত্রীক, নাই পুত্র যার =অপুত্রক।

৪৫. যে সমাসে পদগুলি নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের প্রয়োজন হয় না, তাকে কোন সমাস বলে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক-৯৯]*
ক. নিত্য সমাস খ. প্রাদি সমাস
গ. অলুক দ্বন্দ্ব ঘ. অব্যয়ভাব সামাস
উত্তর : ক
ব্যাখ্যা : তুমি, আমি ও সে = আমরা, অন্য গ্রাম= গ্রামান্তর, কেবল দর্শন= দর্শনমাত্র, দুই এবং নব্বই = বিরানব্বই নিত্যসমাস সমাসের উদাহরণ।

৪৬. নিচের কোনটি অলুক দ্বন্দ্ব সমাস? *[যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক-৯৪]*
ক. কাগজ ও পত্র = কাগজ-পত্র খ. সাপ ও নেউল = সাপে-নেউলে
গ.কাগজ ও কলম = কাগজ-কলম ঘ. যাকে ও তাকে = যাকে তাকে **উত্তর : ঘ**

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. কোনটি তৎপুরুষ সমাস? *[সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ) নিয়োগ-১৯]*
ক. মধুমাখা খ. ভালোমন্দ
গ. যথাসাধ্য ঘ. সত্যনিষ্ঠ
উত্তর : ক
ব্যাখ্যা : মধু দ্বারা মাখা=মধুমাখা তৃতীয়া তৎপুরুষ, সাধ্যকে অতিক্রম না করে=যথাসাধ্য অব্যয়ীভাব সমাস, ভালো ও মন্দ=ভালোমন্দ দ্বন্দ্ব সমাস।

২. 'প্রিয়ংবদা' শব্দটি কোন সমাস? *[সমন্বিত ৮ ব্যাংক সিনিয়র অফিসার নিয়োগ-১৯]*
ক. বহুব্রীহি খ. উপপদ তৎপুরুষ
গ. রূপক কর্মধারয় ঘ. ষষ্ঠী তৎপুরুষ
উত্তর : খ

৩. 'বিষাদ সিন্ধু' কোন সমাস? *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*
ক. দ্বিগু খ. রূপক কর্মধারয়
গ. দ্বন্দ্ব ঘ. তৎপুরুষ
উত্তর : খ

Scanned with CamScanner

৪. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটিকে কি পদ বলে? [সোনালী ব্যাংক মুক্তিযোদ্ধা কোটায় অফিসার (ক্যাশ)-১৯]
ক. সমস্ত পদ খ. পূর্বপদ
গ. উত্তরপদ ঘ. সমস্যমান পদ উত্তর : ঘ
ব্যাখ্যা : যে কটি পদ মিলে সমাস হয় এর প্রত্যেকটি পদকে আলাদা-আলাদাভাবে সমস্যমান পদ বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন=সিংহাসন। এখানে 'সিংহ' 'চিহ্নিত' 'আসন' প্রত্যেকটিই সমস্যমান পদ।

৫. 'অধর পল্লব' কোন সমাসের উদাহরণ? [সোনালী ব্যাংক অফিসার (বিশেষ)-১৯]
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. দ্বন্দ্ব উত্তর : গ

৬. কোনটি নিত্য সমাসের সমস্ত পদ? [সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ) নিয়োগ-১৯]
ক. নরপশু খ. মনমাঝি
গ. গ্রামান্তর ঘ. উপনদী উত্তর : গ
ব্যাখ্যা : যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য (সর্বদা) সমাসবদ্ধ থাকে এবং যে সমাসের কোন রীতি অনুসারে ব্যাসবাক্য নেই তাকে 'নিত্য সমাস' বলে। এ সমাসের ব্যাসবাক্যের প্রথমে বা প্রথম শব্দটি 'অন্য' বা 'কেবল' শব্দটি বসে। যেমন : অন্য গ্রাম=গ্রামান্তর, কেবল দর্শন= দর্শনমাত্র

৭. 'কাঁচকলা' কোন সমাসভুক্ত? [পল্লী সঞ্চয় ব্যাংক (ক্যাশ)-১৮]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি উত্তর : ক
ব্যাখ্যা : বিশেষ্য ও বিশেষণ পদে যে সমাস হয় এবং পরপদের অর্থ প্রাধান্য পায় তাকে কর্মধারায় সমাস বলে। যেমন- কাঁচা যে কলা = কাঁচকলা, নীল যে পদ্ম = নীলপদ্ম।

৮. সমাস সাধিত পদ কোনটি? [সমন্বিত ২ব্যাংক (AnsarVDP+BHBFC) অফিসার-১৮]
ক. চাষী খ. মানব
গ. দম্পতি ঘ. বোনাই উত্তর : গ
ব্যাখ্যা : দম্পতি (জায়া ও পতি = দম্পতি) সমাস(দ্বন্দ্ব) সাধিত পদ। বোনাই (বোন + আই), মানব (মনু +ষ্ণ) চাষি (চাষ + ই) তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ।

৯. 'রাজপুত্র' কোন সমাসের উদাহরণ? [সিনিয়র অফিসার (৮ব্যাংক) নিয়োগ পরীক্ষা-১৮]
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. দ্বন্দ্ব উত্তর : ক

১০.'মধুপ' যে সমাসের উদাহরণ-[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]
ক. ব্যতিহার বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. উপপদ তৎপুরুষ ঘ. উপমিত কর্মধারয় উত্তর : গ
ব্যাখ্যা : যেসব পদের পরবর্তী ক্রিয়ামূলের সাথে কৃৎ প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয় উপপদ তৎপুরুষ সমাস বলে। যেমন : মধু পান করে যে= মধুপ, পঙ্কে জন্মে যা= পঙ্কজ, জলে চরে যা= জলচর ইত্যাদি।

১১.সহচর শব্দযোগে গঠিত দ্বন্দ্ব সমাসের উদাহরণ- [বাংলাদেশ ব্যাংক AD-১৮]
ক. ধূতি-চাদর খ. ঘর-বার
গ. আকার-ইঙ্গিত ঘ. বুক-পিঠ উত্তর : ক
ব্যাখ্যা : ধূতি-চাদর (সহচর শব্দযোগে), ঘর-বার (বিপরীতার্থক শব্দযোগে), আকার-ইঙ্গিত (ক্রিয়া বিশেষণযোগে), বুক-পিঠ (অঙ্গবাচক শব্দযোগে) বিভিন্ন প্রকারের দ্বন্দ্ব সমাস।

Scanned with CamScanner

১২. উপসর্গের সাহায্যে কর্মধারয় সমাস গঠনের উদাহরণ- [সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১৮]
ক. সকাল খ. সততা
গ. একাল ঘ. সমস্যা উত্তর : ক
ব্যাখ্যা : সকাল- উপসর্গ যোগে গঠিত সমাস। একাল- সর্বনাম যোগে গঠিত সমাস।

১৩. বহুব্রীহি সমাসের উদাহরণ নয়- [বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল)-১৮]
ক. সজল খ. স্বপ্ন
গ. সুশ্রী ঘ. একগুঁয়ে উত্তর : খ
ব্যাখ্যা : সজল (জলের সাথে বর্তমান), সুশ্রী (সুন্দর যে শ্রী), একগুঁয়ে (একদিকে গোঁ থাকে এমন ব্যক্তির)- তিনটিই বহুব্রীহি সমাস। স্বপ্ন (স্বপ + ন) প্রত্যয় সাধিত শব্দ।

১৪. 'খোশমেজাজ' যে ধরনের সমাসের উদাহরণ- [বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল)-১৮]
ক. সাধারণ কর্মধারয় খ. সমানাধিকরণ বহুব্রীহি
গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. উপপষ তৎপুরুষ উত্তর : খ
ব্যাখ্যা : পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি হয়। যেমন- খোশ মেজাজ যার = খোশমেজাজ।

১৫. সমাসনিষ্পন্ন পদটির নাম কি? [প্রবাসী কল্যাণ ব্যাংক সিনিয়র এক্সিকিউ. অফিসার-১৮]
ক. অব্যয় পদ খ. বিগ্রহ পদ
গ. সমস্যমান পদ ঘ. সমস্ত পদ উত্তর : ঘ
ব্যাখ্যা : সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ। যেমন : নীল যে কণ্ঠ=নীলকণ্ঠ। এখানে 'নীলকণ্ঠ' সমস্ত পদ। সমস্ত পদ তৈরি করতে যে বাক্য বা বাক্যাংশ ব্যবহার করা হয় তাকে সমাসবাক্য, ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য বলে। যেমন : নীল যে কণ্ঠ=নীলকণ্ঠ। এখানে 'নীল যে কণ্ঠ' ব্যাসবাক্য।

১৬. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটিকে কি পদ বলে? [প্রবাসী কল্যাণ ব্যাংক SO-১৮]
ক. সমস্যমান পদ খ. পূর্ব পদ
গ. উত্তর পদ ঘ. সমস্ত পদ উত্তর : ক

১৭. 'সিংহাসন' শব্দটি কোন সমাস? [প্রবাসী কল্যাণ ব্যাংক সিনিয়র অফিসার-১৮]
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. নিমিত্তার্থে চতুর্থী ঘ. নিত্য সমাস উত্তর : খ

১৮. 'রক্তাশোক' যে সমাসের উদাহরণ? [BDBL সিনিয়র অফিসার-১৭]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব উত্তর : ক

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. কোনটি দ্বিগু সমাসের উদাহরণ নয়? [ঢাবি (গ ইউনিট) ১৮-১৯]
ক. চৌরাস্তা খ. তেপায়া
গ. পঞ্চবট ঘ. দশগজি উত্তর : ঘ
ব্যাখ্যা : দশ গজ পরিমান যার = দশগজি। এটি বহুব্রীহি সমাস।

২. 'ইত্যাদি' শব্দটি কোন সমাস দ্বারা নিষ্পন্ন? [রাবি (ক ইউনিট) ১৮-১৯]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. দ্বন্দ্ব ঘ. বহুব্রীহি উত্তর : খ

Scanned with CamScanner

৩. 'মৎস্যগন্ধা' যে সমাসের উদাহরণ- *[ঢাবি (খ ইউনিট) ১৭-১৮]*
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর : গ

৪. 'দেহপিঞ্জর' শব্দটি কোন সমাস দ্বারা গঠিত? *[শাবিপ্রাবি (এ ইউনিট) ১৭-১৮]*
ক. রূপক কর্মধারয় খ. উপমিত কর্মধারয় গ. উপমান কর্মধারয়
ঘ. মধ্যপদলোপী কর্মধারয় ঙ. সাধারণ কর্মধারয়
উত্তর : ক

৫. 'নাত-জামাই' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য- *[ঢাবি (ঘ ইউনিট) ১৬-১৭]*
ক. নাতনির জামাই খ. নাতির জামাই
গ. যে নাতি সে-ই জামাই ঘ. নাতি রূপ জামাই
উত্তর : ক

৬. 'সোনার বাংলা' কোন সমাসের উদাহরণ? *[জবি (খ ইউনিট) ১৬-১৭]*
ক. ষষ্ঠ তৎপুরুষ খ. কর্মধারয়
গ. উপমান কর্মধারয় ঘ. উপমিত কর্মধারয়
উত্তর : ক

ব্যাখ্যা : যে তৎপুরুষ সমাসে পূর্বপদের বিভক্তি লোপ হয় না, সমস্তপদ এবং ব্যাসবাক্য একই থাকে, তা অলুক ষষ্ঠী তৎপুরুষ সমাস।

৭. উপমান শব্দের অর্থ- *[ঢাবি (ঘ ইউনিট) ১৫-১৬]*
ক. তুলনা খ. তুলনীয় বস্তু
গ. সাদৃশ্য ঘ. প্রত্যক্ষ বস্তু
উত্তর : খ

৮. হাভাতে কোন সমাস? *[ঢাবি (গ ইউনিট) ০৯-১০]*
ক. প্রাদি খ. অব্যয়ীভাব
গ. উপপদ তৎপুরুষ ঘ. বহুব্রীহি
উত্তর : খ

উপসর্গ ও অনুসর্গ

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? *[৩৯তম বিসিএস]*
ক. উপভোগ খ. উপগ্রহ
গ. উপসাগর ঘ. উপনেতা
উত্তর : ক

ব্যাখ্যা : উপগ্রহ, উপসাগর, উপনেতা, উপজাতি, উপজেলা- এসব শব্দে ব্যবহৃত 'উপ' উপসর্গ 'ক্ষুদ্রার্থে' ব্যবহৃত হয়েছে। উপভোগ শব্দে ব্যবহৃত 'উপ' উপসর্গটি বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে। সেই হিসেবে উপভোগের 'উপ' উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত হয়েছে।

২. কোন শব্দটি উপসর্গ দিয়ে গঠিত হয়েছে- *[৩৯তম বিসিএস]*
ক. আষাঢ় খ. আঘাটা
গ. আয়না ঘ. আনন
উত্তর : খ

...টি উপসর্গ। বাংলা ও তৎসম (সংস্কৃত) উভয় উপসর্গে এর ব্যবহার দেখা যায়। ...উপসর্গ হিসেবে ব্যবহৃত হয় তার একটি অর্থ হয় নিকৃষ্ট। যেমন- আঘাটা, ...আকাম, আকথা ইত্যাদি। আষাঢ়, আয়না, আনন- উপসর্গ গঠিত শব্দ নয়।

Scanned with CamScanner

৩. 'কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত? *[৩৭তম বিসিএস]*
ক. দেশী উপসর্গ যোগে খ. বিদেশি উপসর্গ যোগে
গ. সংস্কৃত উপসর্গ যোগে ঘ. কোনটি নয়। **উত্তর : ক**
ব্যাখ্যা : কদ বাংলা উপসর্গ। নিন্দিত অর্থে ব্যবহৃত হয়। যেমন- কদবেল, কদর্য, কদাকার ইত্যাদি।

৪. কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহার করা হয়েছে? *[৩২তম বিসিএস]*
ক. পরাকাষ্ঠা খ. অভিব্যক্তি
গ. পরিশ্রান্ত ঘ. অনাবৃষ্টি **উত্তর : ঘ**
ব্যাখ্যা : 'অনা' বাংলা উপসর্গ। অর্থ- অভাব (অনাবৃষ্টি, অনাদর), ছাড়া (অনাসৃষ্টি, অনাচার), অভাব (অনামুখো)। পরা, পরি, অভি- সংস্কৃত উপসর্গ।

৫. 'অপ' কী ধরনের উপসর্গ? *[৩০তম বিসিএস]*
ক. সংস্কৃত খ. বাংলা
গ. বিদেশি ঘ. মিশ্র **উত্তর : ক**
ব্যাখ্যা : বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম শব্দের পূর্বে যেসব উপসর্গ বসে তাদেরকে তৎসম বা সংস্কৃত উপসর্গ বলে। তৎসম উপসর্গ মোট বিশ (২০)টি- প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

৬. খাঁটি বাংলা উপসর্গ কয়টি? *[২৭তম বিসিএস]*
ক. ২১টি খ. ২০টি
গ. ১৯টি ঘ. ১৫টি **উত্তর : ক**
ব্যাখ্যা : বাংলা উপসর্গ মোট ২১টি। যথা- অ, আ, কদ, কু, রাম, স, সা, সু, হা, বি, নি, পাতি, ইতি, উন, আর, আন, অনা, ভর, অঘা, অজ, আব।

৭. কোনটি উপসর্গ? *[২৬তম বিসিএস]*
ক. অতি খ. থেকে
গ. চেয়ে ঘ. দ্বারা **উত্তর : ক**
ব্যাখ্যা : অতি, অপি, অভি, উপ, আ- সংস্কৃত উপসর্গ। থেকে, চেয়ে, দ্বারা- অব্যয় বা অনুসর্গ।

৮. প্র, পরা, অপ কোন ধরণের উপসর্গ? *[২৬তম বিসিএস]*
ক. বাংলা উপসর্গ খ. সংস্কৃত উপসর্গ
গ. বিদেশি উপসর্গ ঘ. উপসর্গ স্থানীয় অব্যয় **উত্তর : খ**
ব্যাখ্যা : সংস্কৃত (তৎসম) উপসর্গ মোট বিশ (২০)টি- প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

৯. উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য- *[২৪তম বিসিএস, ১৭তম বিসিএস]*
ক. অব্যয় ও শব্দাংশ খ. উপসর্গ থাকে সামনে প্রত্যয় থাকে পেছনে
গ. নতুন শব্দ গঠন ঘ. ভিন্ন অর্থ প্রকাশে **উত্তর : খ**

১০. তুমি না বলেছিলে আগামীকাল আসবে? এখানে 'না' এর ব্যবহার হবে কী অর্থে? *[২৪তম বিসিএস]*
ক. না-বাচক খ. হ্যাঁ-বাচক
গ. প্রশ্নবোধক ঘ. বিস্ময়সূচক **উত্তর : খ**

Scanned with CamScanner

১১. 'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটি বাংলা ভাষায় এসেছে- [১৭তম বিসিএস]

ক. আরবি ভাষা থেকে
খ. ফরাসি ভাষা থেকে
গ. হিন্দি ভাষা থেকে
ঘ. উর্দু ভাষা থেকে

ব্যাখ্যা : আরবি উপসর্গ হচ্ছে- আম, বাজে, গর, লা, খাস, খয়ের। উর্দু-হিন্দি : হর, হরেক। উত্তর : খ

১২. 'অবমূল্যায়ন' ও 'অবদান' শব্দ দুটিতে 'অব' উপসর্গ সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক? [১৬তম বিসিএস]

ক. শব্দ দুটিতে উপসর্গটি মোটামুটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
খ. শব্দ দুটিতে উপসর্গটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
গ. দুইটি শব্দের উপসর্গটির অর্থ আপাত বিচারে ভিন্ন হইলেও আসলে এক।
ঘ. শব্দ দুটিতে উপসর্গটির অর্থ দুই রকম

ব্যাখ্যা : অব তৎসম উপসর্গ। 'অবমূল্যায়ন' শব্দে অব নেতিবাচক অর্থে ব্যবহৃত হয়েছে। এবং 'অবদান' শব্দের অব ইতিবাচক অর্থে ব্যবহৃত হয়েছে। উত্তর : খ

১৩. 'অচিন' শব্দের 'অ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [১৬তম বিসিএস]

ক. নেতিবাচক
খ. বিয়োগান্তক
গ. নঞর্থক
ঘ. অজানা

ব্যাখ্যা : 'অ' বাংলা উপসর্গ। অর্থ- নিন্দিত (অকেজো, অচেনা, অপয়া), অভাব (অচিন, অজানা, অথৈ), ক্রমাগত (অঝোর, অঝোরে)। উত্তর : গ

১৪. অপমান শব্দের 'অপ' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [১৫তম বিসিএস]

ক. নিখুঁত
খ. নিকৃষ্ট
গ. বিপরীত
ঘ. অভাব

ব্যাখ্যা : 'অপ' সংস্কৃত উপসর্গ। বিপরীত (অপমান, অপকার, অপচয়, অপবাদ), নিকৃষ্ট (অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি, অপযশ), বিকৃত (অপমৃত্যু) অর্থে ব্যবহৃত হয়। উত্তর : গ

১৫. কোন শব্দে বিদেশি উপসর্গ ব্যবহৃত হয়েছে? [১৫তম বিসিএস]

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'প্রতিধ্বনি'-শব্দে 'প্রতি' উপসর্গটি কি অর্থে ব্যবহৃত হয়েছে? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*
ক. পৌনঃপুন খ. বিশেষ গ. বিপরীত
ঘ. সদৃশ ঙ. কোনটিই নয় **উত্তর : ঘ**

২. আসামির পক্ষে উকিল কে? এখানে 'পক্ষে' কি অর্থে ব্যবহৃত হয়েছে? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]*
ক. প্রশ্ন অর্থে খ. আদেশ অর্থে
গ. প্রার্থনা অর্থে ঘ. সহায় অর্থে **উত্তর : ঘ**

৩. 'নিজস্ব কোন অর্থবাচকতা না থাকলেও নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে' কোনটির? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৮]*
ক. অনুসর্গের খ. উপসর্গের
গ. বিভক্তির ঘ. পদাশ্রিত অব্যয়ের **উত্তর : খ**

৪. 'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? *বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (প্রোকিউরমেন্ট এসিস্ট্যান্ট)-১৮*
ক. মন্দ খ. না
গ. কাজ ঘ. কোনটিই নয় **উত্তর : ঘ**

৫. 'উপসর্গ' কোথায় বসে? *[ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]*
ক. বাক্যের মধ্যে খ. শব্দের পরে
গ. বাক্যের পূর্বে ঘ. শব্দের পূর্বে **উত্তর : ঘ**
ব্যাখ্যা : উপসর্গ শব্দের পূর্বে বসে নতুন অর্থ তৈরি করে।

৬. নিচের কোন শব্দটি গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৮]*
ক. পরাকাষ্ঠা খ. অভিব্যক্তি
গ. পরিশ্রান্ত ঘ. অনাবৃষ্টি **উত্তর : ঘ**

৭. বিদেশী উপসর্গ দিয়ে গঠিত শব্দ কোনটি? *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (জেলা সমন্বয়ক)-১৭]*
ক. বেকার খ. বিকার
গ. নিদাঘ ঘ. নিবার **উত্তর : ক**
ব্যাখ্যা : বে ফারসি উপসর্গ। যেমন- বেকার, বেআদব, বেআক্কেল, বেকসুর।

৮. নিচের কোনটিতে 'উপ' উপসর্গ 'অপ্রধান' অর্থে প্রযুক্ত হয়েছে? *[পূবালী ব্যাংক অ্যাসিস্ট্যান্ট টেলার-১৭]*
ক. উপনেতা খ. উপকার
গ. উপভাষা ঘ. উপকূল **উত্তর : ক**

৯. বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ কয়টি? *[পিএসসির সহকারী পরিচালক-১৬]*
ক. ২১টি খ. ২০টি
গ. ১৯টি ঘ. ১৫টি **উত্তর : ক**
ব্যাখ্যা : বাংলা উপসর্গ মোট ২১টি। যথা- অ, আ, কদ, কু, রাম, স, সা, সু, হা, বি, নি, পাতি, ইতি, উন, আর, আন, অনা, ভর, অঘা, অজ, আব।

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'প্রতিধ্বনি'-শব্দে 'প্রতি' উপসর্গটি কি অর্থে ব্যবহৃত হয়েছে? [CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]
ক. পৌনঃপুন খ. বিশেষ গ. বিপরীত
ঘ. সদৃশ ঙ. কোনটিই নয় উত্তর : ঘ

২. আসামির পক্ষে উকিল কে? এখানে 'পক্ষে' কি অর্থে ব্যবহৃত হয়েছে? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. প্রশ্ন অর্থে খ. আদেশ অর্থে
গ. প্রার্থনা অর্থে ঘ. সহায় অর্থে উত্তর : ঘ

৩. 'নিজস্ব কোন অর্থবাচকতা না থাকলেও নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে' কোনটির? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৮]
ক. অনুসর্গের খ. উপসর্গের
গ. বিভক্তির ঘ. পদাশ্রিত অব্যয়ের উত্তর : খ

৪. 'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (প্রোকিউরমেন্ট এসিস্ট্যান্ট)-১৮
ক. মন্দ খ. না
গ. কাজ ঘ. কোনটিই নয় উত্তর : ঘ

৫. 'উপসর্গ' কোথায় বসে? [ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]
ক. বাক্যের মধ্যে খ. শব্দের পরে
গ. বাক্যের পূর্বে ঘ. শব্দের পূর্বে উত্তর : ঘ
ব্যাখ্যা : উপসর্গ শব্দের পূর্বে বসে নতুন অর্থ তৈরি করে।

৬. নিচের কোন শব্দটি গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৮]
ক. পরাকাষ্ঠা খ. অভিব্যক্তি
গ. পরিশ্রান্ত ঘ. অনাবৃষ্টি উত্তর : ঘ

৭. বিদেশী উপসর্গ দিয়ে গঠিত শব্দ কোনটি? [একটি বাড়ি একটি খামার প্রকল্প (জেলা সমন্বয়ক)-১৭]
ক. বেকার খ. বিকার
গ. নিদাঘ ঘ. নিবার উত্তর : ক
ব্যাখ্যা : বে ফারসি উপসর্গ। যেমন- বেকার, বেআদব, বেআক্কেল, বেকসুর।

৮. নিচের কোনটিতে 'উপ' উপসর্গ 'অপ্রধান' অর্থে প্রযুক্ত হয়েছে? [পূবালী ব্যাংক অ্যাসিস্ট্যান্ট টেলার-১৭]
ক. উপনেতা খ. উপকার
গ. উপভাষা ঘ. উপকূল উত্তর : ক

৯. বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ কয়টি? [পিএসসির সহকারী পরিচালক-১৬]
ক. ২১টি খ. ২০টি
গ. ১৯টি ঘ. ১৫টি উত্তর : ক
ব্যাখ্যা : বাংলা উপসর্গ মোট ২১টি। যথা- অ, আ, কদ, কু, রাম, স, সা, সু, হা, বি, নি, পাতি, ইতি, উন, আর, আন, অনা, ভর, অঘা, অজ, আব।

Scanned with CamScanner

১০. কোনটি খাঁটি বাংলা উপসর্গ? *[আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৬]*
ক. বেমালুম খ. আভাস
গ. অজানা ঘ. গরমিল
উত্তর : গ
ব্যাখ্যা : অ খাঁটি বাংলা উপসর্গ। 'আ' বাংলা ও সংস্কৃত উপসর্গ, 'বে' ফারসি উপসর্গ, 'গর' আরবি

১১. কার অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে? *[জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৭]*
ক. সমাসের খ. কারকের
গ. অনুসর্গের ঘ. উপসর্গের
উত্তর : ঘ
ব্যাখ্যা : উপসর্গের নিজস্ব কোন অর্থবাচকতা বা নিজের কোন অর্থ নেই, কিন্তু অন্য শব্দের সাথে যুক্ত হলে এদের অর্থদ্যোতকতা বা নতুন শব্দ সৃজনের ক্ষমতা রাখে।

১২. 'হাসি দিয়ে ঘরটিকে ভরিয়ে রাখত সে।' বাক্যটিতে 'দিয়ে' হলো- *[উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৫]*
ক. অব্যয় খ. প্রত্যয়
গ. অনুসর্গ ঘ. উপসর্গ
উত্তর : গ

১৩. বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গ কয়টি? *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট-১৫]*
ক. ১৮টি খ. ১৯ টি
গ. ২০টি ঘ. ২১ টি
উত্তর : গ
ব্যাখ্যা : তৎসম উপসর্গ মোট বিশ (২০)টি : প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

১৪. কোনটি উপসর্গ নয়? *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৫]*
ক. প্র খ. পরা
গ. পরি ঘ. আমি
উত্তর : ঘ
ব্যাখ্যা : প্র, পরা, পরি সংস্কৃত উপসর্গ। আমি উপসর্গ নয়।

১৫. কোনটি বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয়? *[সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*
ক. শব্দ বিভক্তি খ. অনুসর্গ
গ. উপসর্গ ঘ. কোনটিই নয়
উত্তর : খ

১৬. নিচের কোনটিতে উপসর্গ যুক্ত হয়েছে? *[ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৪]*
ক. গ্রহ খ. উপগ্রহ
গ. তারা ঘ. চন্দ্রগ্রহণ
উত্তর : খ
ব্যাখ্যা : 'উপ' সংস্কৃত উপসর্গ। সমীপ্য (উপকূল, উপকণ্ঠ), সদৃশ্য (উপদ্বীপ, উপবন), ক্ষুদ্র (উপগ্রহ, উপসাগর), বিশেষ (উপনয়ন, উপভোগ) অর্থে ব্যবহৃত হয়।

১৭. কোনটি খাঁটি বাংলা উপসর্গ? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ পরীক্ষা-১২]*
ক. অজ খ. অতি
গ. ফি ঘ. খাস
উত্তর : ক
ব্যাখ্যা : 'অজ' বাংলা উপসর্গ। নিতান্ত (মন্দ) অর্থে ব্যবহৃত হয়। যেমন- অজ পাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর। 'অতি' তৎসম (সংস্কৃত) উপসর্গ, 'ফি' ফারসি উপসর্গ এবং 'খাস' আরবি উপসর্গ।

Scanned with CamScanner

১৮. **অনুসর্গ কোনটি?** *[আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১২]*

ক. অবধি খ. আকাঙ্ক্ষা
গ. উহ্য ঘ. জ্ঞাতব্য **উত্তর : ক**

ব্যাখ্যা : অবধি অনুসর্গ। পর্যন্ত অর্থে ব্যবহৃত হয়।

১৯. **কোনটি উপসর্গ নয়?** *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]*

ক. অতি খ. অভি
গ. অনু ঘ. অপু **উত্তর : ঘ**

ব্যাখ্যা : অতি, অভি, অনু সংস্কৃত উপসর্গ, অপু উপসর্গ নয়।

২০. **'পাতিহাঁস শব্দটিতে' উপগর্সটি কি অর্থ বোঝায়?** *[খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক-১১]*

ক. বড় খ. ছোট
গ. মন্দ ঘ. বিল্পা **উত্তর : খ**

ব্যাখ্যা : পাতি বাংলা উপসর্গ। ক্ষুদ্র বা ছোট অর্থে ব্যবহৃত হয়। যেমন- পাতিহাঁস, পাতিশিয়াল, পাতিলেবু, পাতিকুয়ো।

২১. **'সজাগ' শব্দের 'স' কোন ভাষার উপসর্গ?** *[সড়ক ও জনপদ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী-১০]*

ক. সংস্কৃত খ. ফারসি
গ. বাংলা ঘ. আরবি **উত্তর : গ**

ব্যাখ্যা : 'স' বাংলা উপসর্গ। সঙ্গে অর্থে ব্যবহৃত হয়।

২২. **সত্য বই মিথ্যে বলব না। এখানে 'বই'** *-[সড়ক ও জনপদ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী-১০]*

ক. বিশেষ্য খ. উপসর্গ
গ. অনুসর্গ ঘ. প্রত্যয় **উত্তর : গ**

২৩. **অনুসর্গ শব্দের কোন খানে বসে?** *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-০৬]*

ক. পূর্বে খ. মধ্যে
গ. পরে ঘ. কোনটিতেই নয় **উত্তর : গ**

ব্যাখ্যা : অনুসর্গ শব্দের পরে বসে, উপসর্গ শব্দের পূর্বে বসে।

২৪. **কোনটি আরবি উপসর্গযোগে গঠিত শব্দ-** *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার-০৬]*

ক. হররোজ খ. বদহজম
গ. লাখেরাজ ঘ. অনাচার **উত্তর : গ**

ব্যাখ্যা : 'লা' আরবি উপসর্গ। না অর্থে ব্যবহৃত হয়। যেমন- লাজওয়াব, লাখেরাজ, লাওয়ারিশ, লাপাত্তা। 'হর' উর্দু-হিন্দি উপসর্গ, 'বদ' ফারসি উপসর্গ, 'অনা' বাংলা উপসর্গ।

২৫. **কোন গুচ্ছটি তৎসম উপসর্গ নয়?** *[বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-০৫]*

ক. নি, অব, দুর, অপি খ. অপ, নির, সু, আ
গ. আব, স, না, কার ঘ. উৎ, বি, অভি, পরা **উত্তর : গ**

ব্যাখ্যা : কার, না ফারসি উপসর্গ। আব, স বাংলা উপসর্গ।

২৬. **'কারসাজি' শব্দে কোন ভাষার উপসর্গ আছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০৫]*

ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি **উত্তর : খ**

ব্যাখ্যা : ফারসি উপসর্গ ১০টি- কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম্।

Scanned with CamScanner

২৭. 'বদমেজাজী' ও 'বদনাম' শব্দের 'বদ' কোন ধরনের উপসর্গ? *[বি.আর.টি.এ AD-০৫]*

ক. বাংলা খ. ফারসি
গ. আরবি ঘ. হিন্দি

ব্যাখ্যা : 'বদ' ফারসি উপসর্গ। মন্দ অর্থে ব্যবহৃত হয়। **উত্তর : খ**

২৮. কোনটি অনুসর্গ নয়? *[আনসার ও ভিডিপির সার্কেল অ্যাডজুট্যান্ট-০৫]*

ক. অপেক্ষা খ. অন্য
গ. চেয়ে ঘ. জন্য

উত্তর : খ

২৯. নিচের কোনটি বিদেশি উপসর্গ? *[থানা নির্বাচন অফিসার-০৪]*

ক. অ-ভাব খ. নি-র্দোষ
গ. বি-রাগ ঘ. বে-সামাল

উত্তর : ঘ

৩০. 'নাবালক' শব্দের 'না' উপসর্গ কোন ভাষা থেকে এসেছে? *[থানা নির্বাচন অফিসার-০৪]*

ক. ফারসি খ. আরবি
গ. বাংলা ঘ. সংস্কৃত

উত্তর : ক

৩১.কোন শব্দটি বিদেশি উপসর্গযোগে গঠিত? *[অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৪]*

ক. সুখ্যাতি খ. হরেক
গ. অনাবৃষ্টি ঘ. বিদেশ

ব্যাখ্যা : উর্দু-হিন্দি উপসর্গ- হর। যেমন- হরেক, হররোজ, হরমাহিনা। **উত্তর : খ**

৩২. যেসব অব্যয় ধাতু বা শব্দের পূর্বে বসে নতুন নতুন অর্থের সৃষ্টি করে, তাদের বলে- *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-৯৭]*

ক. উপসর্গ খ. কারক
গ. অনুসর্গ ঘ. প্রত্যয়

উত্তর : ক

ব্যাখ্যা : যে সকল শব্দাংশ স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। কিন্তু শব্দের পূর্বে বসে নতুন অর্থ প্রদান করে। তাদের উপসর্গ বলে। উপসর্গ ব্যাকরণের শব্দতত্ত্বে আলোচিত হয়।

৩৩. খাঁটি বাংলা উপসর্গযোগে সৃষ্ট পদ- *[জেলা দুর্নীতি দমন অফিসার-৯৪]*

ক. আকঁড়া খ. অবেলা
গ. অপমান ঘ. অতিশয়

উত্তর : খ

ব্যাখ্যা : 'অ' খাঁটি বাংলা উপসর্গ, 'আ' বাংলা ও সংস্কৃত উপসর্গ, অপ ও অতি সংস্কৃত উপসর্গ।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. উপসর্গযুক্ত শব্দ কোনটি? *[সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ) নিয়োগ-১৯]*

ক. পঙ্কজ খ. জ্বালাতন
গ. কদবেল ঘ. মাচান

উত্তর : গ

ব্যাখ্যা : 'কদ' বাংলা উপসর্গ। কদবেল উপসর্গযুক্ত শব্দ। পঙ্কজ সমাস গঠিত শব্দ।

২. 'উপাচার্য' শব্দটি কোন উপসর্গ? *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*

ক. বিদেশি খ. খাঁটি বাংলা
গ. ফারসি ঘ. সংস্কৃত বা তৎসম

উত্তর : ঘ

Scanned with CamScanner

৩. নিচের কোনটি খাঁটি বাংলা উপসর্গ- *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*
ক. ইতিহাস খ. উপমন্ত্রী
গ. প্রশংসা ঘ. গরমিল
উত্তর : ক
ব্যাখ্যা : ইতিহাস খাঁটি বাংলা উপসর্গ, গরমিল আরবী উপসর্গ। উপমন্ত্রী, প্রশংসা তৎসম উপসর্গ।

৪. 'অভি' উপসর্গ নিচের যে অর্থে ব্যবহৃত হতে পারে- *[বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল)-১৮]*
ক. সম্যক খ. আগমন
গ. আধিপত্য ঘ. ব্যাপ্তি
উত্তর : ক
ব্যাখ্যা : 'অভি' তৎসম উপসর্গ। সম্যক অর্থে ব্যবহৃত হয়। যেমন- অভিব্যক্তি, অভিজ্ঞ, অভিনিবেশ।

৫. বিদেশি উপসর্গজাত শব্দের দৃষ্টান্ত- *[বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল)-১৮]*
ক. পাতিলেবু খ. দরদালান
গ. হাভাতে ঘ. ছিঁচকাঁদুনে
উত্তর : খ
ব্যাখ্যা : 'দর' ফারসি উপসর্গ। যেমন-দরদালান, দরপত্তনী, দরপাট্টা। পাতি, হা বাংলা উপসর্গ। পাতিহাঁস, পাতিলেবু, হাভাতে, হাঘরে। ছিঁদকাদুনে উপসর্গজাত শব্দ নয়।

৬. 'বিভুঁই' শব্দে 'বি' উপসর্গ যে অর্থে ব্যবহৃত হয়েছে- *[অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]*
ক. ভিন্নতা খ. অভাব
গ. অস্পষ্টতা ঘ. বিপরীত
উত্তর : ঘ
ব্যাখ্যা : 'বি' উপসর্গ বিপরীত অর্থে ব্যবহৃত হয়েছে। ভুঁই অর্থ দেশ, বিভুঁই অর্থ বিদেশ।

৭. বিদেশী উপসর্গের দৃষ্টান্ত হলো- *[BDBL সিনিয়র অফিসার-১৭]*
ক. অব খ. না
গ. উন ঘ. অনা
উত্তর : খ
ব্যাখ্যা : 'না' ফারসি উপসর্গ। যেমন- নারাজ, নাখোশ, নালায়েক। 'অব' তৎসম উপসর্গ, 'উন' 'অনা' বাংলা উপসর্গ।

৮. 'নিম' যে ভাষার উপসর্গ? *[হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন সিনিয়র অফিসার-১৭]*
ক. উর্দু খ. ফারসি
গ. গুজরাটি ঘ. আরবি
উত্তর : খ

৯. খাঁটি বাংলা উপসর্গ কোনটি? *[অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৭]*
ক. আম খ. রাম
গ. সম ঘ. নিম
উত্তর : খ
ব্যাখ্যা : রাম খাঁটি বাংলা উপসর্গ। 'আম' আরবি উপসর্গ, 'নিম' ফারসি উপসর্গ।

১০. 'বিচরণ' শব্দে 'বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে? *[BDBL অফিসার-১৬]*
ক. সাধারণ খ. অভাব গ. প্রভাব
ঘ. বিশেষণ ঙ. গতি
উত্তর : ঙ

১১. কোনটি বাংলা উপসর্গ? *[সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১৪]*
ক. পরা খ. প্রতি
গ. হর ঘ. অনা
উত্তর : ঘ
ব্যাখ্যা : আন, অনা, অঘা- বাংলা উপসর্গ। প্র, পরা, অপ, প্রতি- তৎসম উপসর্গ। হর-উর্দু/হিন্দি।

Scanned with CamScanner

১২. আরবি ভাষার কোন উপসর্গটি বাংলায় ব্যবহৃত হয়? *[প্রবাসী কল্যাণ ব্যাংক SO-১৪]*

ক. সাব খ. লা
গ. কম ঘ. দর

ব্যাখ্যা : আরবি উপসর্গ : আম, খাস, লা, গর্, বাজে, খয়ের। **উত্তর : খ**

১৩. 'বিজ্ঞান' শব্দে 'বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে? *[সোনালী ব্যাংক সি অফিসার-১৩]*

ক. বিশেষ খ. অভাব
গ. গতি ঘ. সাধারণ

ব্যাখ্যা : 'বি' সংস্কৃত উপসর্গ হলে অর্থ হয়- বিশেষ (বিজ্ঞান, বিশুদ্ধ, বিধৃত)। **উত্তর : ক**

১৪. 'অনুসন্ধান' শব্দটি কয়টি উপসর্গ সহযোগে গঠিত? *[রূপালী ব্যাংক সি.অফিসার-১৩]*

ক. একটি খ. দুটি
গ. তিনটি ঘ. চারটি

ব্যাখ্যা : অনু+সম+ধান=অনুসন্ধান। এখানে 'অনু' ও 'সম' দুটি তৎসম (সংস্কৃত) উপসর্গ। **উত্তর : খ**

১৫. কোন চারটি উপসর্গ তৎসম এবং বাংলা উভয় ক্ষেত্রেই রয়েছে? *[পূবালী ব্যাংক সিনিয়র অফিসার/অফিসার-১১]*

ক. প্র, পরা, অজ, সা খ. নির, পরি, আন, সু
গ. আ, নি, বি, সু ঘ. অতি, অপি, অনা, অ

উত্তর : গ

১৬. উপসর্গের কাজ কি? *[বাংলাদেশ ব্যাংক অফিসার-১০]*

ক. নতুন শব্দ গঠন করে খ. বিভক্তি নিরূপণ করে
গ. যদি সংস্করণ করে ঘ. সর্বনাম তৈরী করে

উত্তর : ক

ব্যাখ্যা : উপসর্গের কাজ হচ্ছে- নতুন শব্দ গঠন, শব্দের অর্থের পূর্ণতা সাধন, অর্থের সম্প্রসারণ, অর্থের সংকোচন, অর্থের পরিবর্তন ইত্যাদি।

১৭. খাঁটি বাংলা উপসর্গ নয় কোনটি? *[সোনালী, জনতা, অগ্রণী ব্যাংক সি. অফিসার-০৮]*

ক. অ খ. অঘা
গ. পাতি ঘ. অভি

উত্তর : ঘ

ব্যাখ্যা : অ, অঘা, পাতি বাংলা উপসর্গ। অভি সংস্কৃত উপসর্গ।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'খাসমহল' শব্দের 'খাস' উপসর্গটি কোন ভাষা হতে আগত? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*

ক. ফারসি খ. আরবি
গ. উর্দু ঘ. হিন্দি

উত্তর : খ

ব্যাখ্যা : 'খাস' আরবি উপসর্গ। বিশেষ অর্থে ব্যবহৃত হয়।যেমন : খাসমহল, খাসখবর, খাসকামরা।

২. কোন শব্দে 'উপ' উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*

ক. উপকণ্ঠ খ. উপনদী
গ. উপভাষা ঘ. উপধর্ম

উত্তর : ক

Scanned with CamScanner

. কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়? *[ঢাবি (ক ইউনিট) ১৭-১৮]*
ক. হররোজ খ. হরতাল
গ. হরহামেশা ঘ. হরদম
উত্তর : খ
: 'হর' উর্দু-হিন্দি উপসর্গ। যেমন- হররোজ, হরমাহিনা, হরকিসিম, হরহামেশা, হরদম
। 'হরতাল' উপসর্গযোগে গঠিত শব্দ নয়, গুজরাটি শব্দ।

. ফারসি উপসর্গ দিয়ে গঠিত শব্দ কোনটি? *[খুবি (খ ইউনিট) ১৮-১৯]*
ক. খাসখরব খ. অধিকার
গ. লাপাত্তা ঘ. বেতার
উত্তর : ঘ
: বেতার ফারসি, খাসখরব লাপাত্তা আরবি, অধিকার তৎসম উপসর্গ দিয়ে গঠিত শব্দ।

. 'রাতে তিনি ভাতের বদলে রুটি খান।' এ বাক্যে 'বদলে' শব্দটির ব্যাকরণিক পরিচয় কী? *[ঢাবি (চ ইউনিট) ১৭-১৮]*
ক. অনুসর্গ খ. অব্যয়
গ. বিশেষণ ঘ. সর্বনাম
উত্তর : ক

. 'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে? 'বিনা' শব্দটি-*[রাবি (ই ইউনিট) ১৭-১৮]*
ক. অনুসর্গ খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. উপসর্গ
উত্তর : ক

. 'অভিজ্ঞ' শব্দে 'অভি' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? *[ঢাবি (চ ইউনিট) ১৭-১৮]*
ক. গমন খ. সম্মুখ
গ. ব্যাপ্তি ঘ. সম্যক
উত্তর : ঘ

. অনুসর্গের অপর নাম কী? *[হিবি (এইচ ইউনিট) ১৭-১৮]*
ক. মনুসর্গ খ. পরসর্গ
গ. পরপদ ঘ. দ্বিরুক্ত
উত্তর : খ

. 'সমভিব্যাহার' শব্দটি কয়টি উপসর্গযোগে গঠিত? *[রাবি (সি ইউনিট) ১৭-১৮]*
ক. তিনটি খ. চারটি
গ. পাঁচটি ঘ. দুইটি
উত্তর : খ
: সম, অভি, বি, আ- এ চারটি উপসর্গযোগে সমভিব্যাহার শব্দটি গঠিত।

০. 'আছ তুমি প্রভু জগৎ মাঝারে।' এখানে 'মাঝারে' অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? *[রাবি (বি ইউনিট) ১৭-১৮]*
ক. বাইরে খ. মধ্যে
গ. সঙ্গে ঘ. ব্যাপ্তি
উত্তর : ঘ

১. 'উনা ভাতে দুনা বল'-বাক্যটিতে কোন উপসর্গ ব্যবহৃত হয়েছে? *[বেরোবি (এ) ১৭-১৮]*
ক. সংস্কৃত উপসর্গ খ. বাংলা উপসর্গ
গ. বিদেশি উপসর্গ ঘ. কোনটিই নয়
উত্তর : খ

২. 'উপকূলের উনত্রিশ জন জেলে অতিশয় অত্যাচরিত হয়ে সম্রাটের কাছে প্রতিকার চাইলেন।'- এই বাক্যে উপসর্গ রয়েছে কয়টি? *[ঢাবি (খ) ১৬-১৭]*
ক. ছয়টি খ. পাঁচটি
গ. নয়টি ঘ. তিনটি
উত্তর : খ
: উক্ত বাক্যে পাঁচটি উপসর্গ রয়েছে। যেমন- উপকূল, উনত্রিশ, অতিশয়, অত্যাচরিত ও প্রতিকার।

Scanned with CamScanner

১৩. অভাব বুঝিয়েছে কোন উপসর্গ? *[ঢাবি (ঘ ইউনিট) ১৬-১৭]*
ক. বিশুদ্ধ খ. বিবর্ণ
গ. অনুজ ঘ. বিক্ষেপ
উত্তর : খ

১৪. কোনটি উপসর্গযুক্ত শব্দ নয়? *[ঢাবি (ঘ ইউনিট) ১৬-১৭]*
ক. নির্মাণ খ. নির্মূল
গ. নিলাম ঘ. নিতল
উত্তর : গ
ব্যাখ্যা : নির্মাণ, নির্মূল, নিতল- উপসর্গযুক্ত শব্দ। নিলাম উপসর্গযুক্ত নয়।

১৫. 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।' এখানে কোনটি অনুসর্গবাচক পদ? *[জবি (চ)১৪-১৫]*
ক. সুখের খ. লাগিয়া
গ. ঘর ঘ. বাঁধিনু
উত্তর : খ

১৬. 'রামদা' শব্দের 'রাম' উপসর্গটি ব্যবহৃত- *[ঢাবি (ঘ ইউনিট) ১২-১৩]*
ক. ধারালো অর্থে খ. বৃহৎ অর্থে
গ. ভয়ংকর অর্থে ঘ. বিশেষ অর্থে
উত্তর : খ

১৭. কোনটি অনুসর্গ? *[ঢাবি (ক ইউনিট) ০৯-১০]*
ক. এর খ. এরে
গ. তরে ঘ. রে
উত্তর : গ

১৮. 'হা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়। *[ঢাবি (খ ইউনিট) ০৮-০৯]*
ক. কম অর্থে খ. নিকৃষ্ট অর্থে গ. হীনতা অর্থে
গ. অশুভ অর্থে ঙ. অভাব অর্থে
উত্তর : ঙ
ব্যাখ্যা : 'হা' উপসর্গটি অভাব অর্থে ব্যবহৃত হয়। যেমন- হাভাতে, হাঘরে, হাকপাল, হাপিত্যেশ।

১৯. উপসর্গঘটিত শব্দ- *[জবি (খ ইউনিট) ০৮-০৯]*
ক. ফাঁকিবাজ খ. উদ্বৃত্ত
গ. নৈম ঘ. গোয়ালা
উত্তর : খ

২০. একাধিক উপসর্গযোগে গঠিত শব্দ- *[জবি (খ ইউনিট) ০৭-০৮]*
ক. অতিশয় খ. প্রবেশ
গ. নিরপরাধ ঘ. আকার
উত্তর : গ
ব্যাখ্যা : নিরপরাধ শব্দে নির, অপ দুটি তৎসম উপসর্গ রয়েছে। বাকীগুলোকে একটি করে।

২১.উপসর্গ কোন জাতীয় শব্দাংশ? *[জবি (ঘ ইউনিট) ০৭-০৮]*
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. বিশেষণ ঘ. অব্যয়
উত্তর : ঘ

২২. 'প্রলয়' শব্দের 'প্র' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? *[ঢাবি (খ ইউনিট) ০৬-০৭]*
ক. বিপরীত খ. গতি
গ. আধিক্য ঘ. প্রকৃষ্ট
উত্তর : গ

২৩. 'অনতিবৃহৎ' শব্দটি কয়টি উপসর্গ সহযোগে গঠিত? *[জবি (খ ইউনিট) ০৬-০৭]*
ক. একটি খ. দুটি
গ. তিনটি ঘ. চারটি
উত্তর : খ
ব্যাখ্যা : অনা+অতি+বৃহৎ=অনতিবৃহৎ। এখানে 'অনা' এবং 'অতি' দুটি উপসর্গ রয়েছে।

Scanned with CamScanner

প্রকৃতি ও প্রত্যয়

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. 'শ্রদ্ধা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? *[৩৮তম বিসিএস]*

ক. শ্রৎ+√ধা+অ+আ খ. শ্রৎ+√ধা+আ
গ. শ্র+√ধা+আ ঘ. শ্রু+√ধা+আ

উত্তর : ক

ব্যাখ্যা : 'শ্রদ্ধা' সংস্কৃত শব্দ। সংস্কৃত কৃৎ প্রত্যয় অ (অঙ) আর স্ত্রী প্রত্যয় 'আ' সাধিত শব্দ শ্রদ্ধা। এর গঠন শ্রৎ+√ধা+অ+আ= শ্রদ্ধা।

২. বাংলা কৃত-প্রত্যয় সাধিত শব্দ কোনটি? *[৩৮তম বিসিএস]*

ক. চামার খ. ধারালো
গ. মোড়ক ঘ. পোষ্টাই

উত্তর : গ

ব্যাখ্যা : বাংলা কৃৎ প্রত্যয় 'অক' যোগে গঠিত শব্দ- √মুড়+অক= মোড়ক, √ঝল্+অক=ঝলক। চামার তদ্ভব শব্দ। ধারালো বিশেষণ পদ।, পোষ্টাই বিশেষণ পদ অর্থ পুষ্টিকর।

৩. কোনটিতে অপপ্রয়োগ ঘটেছে? *[৩৮তম বিসিএস]*

ক. জবাবদিহি খ. মিথস্ক্রিয়া
গ. একত্রিত ঘ. গৌরবিত

উত্তর : গ

ব্যাখ্যা : একত্রিত শব্দটি প্রত্যয় অপপ্রয়োগজনিত অশুদ্ধ। শুদ্ধ হবে- একত্র।

৪. নিচের কোন শব্দটি প্রত্যয়সাধিত? *[৩৫তম বিসিএস]*

ক. প্রলয় খ. খন্ডিত
গ. নিঃশ্বাস ঘ. অনুপম

উত্তর : খ

৫. 'মেছো' শব্দের প্রকৃতি প্রত্যয় কি? *[২৭তম বিসিএস]*

ক. মাছ+ও খ. মেছ+ও
গ. মাছি+উয়া>ও ঘ. মাছ+উয়া>ও

উত্তর : ঘ

৬. 'উৎকর্ষতা' কী কারণে অশুদ্ধ? *[২৪তম বিসিএস]*

ক. সন্ধিজনিত খ. প্রত্যয়জনিত
গ. উপসর্গজনিত ঘ. বিভক্তিজনিত

উত্তর : খ

৭. ধাতুর শেষে কোন প্রত্যয় যোগ করলে ভাববাচক বিশেষ্য বুঝায়? *[১৮তম বিসিএস]*

ক. আন খ. আই
গ. আল ঘ. আও

উত্তর : খ

ব্যাখ্যা : ভাববাচক বিশেষ্য গঠনে আই, আও ব্যবহৃত হয়। যেমন : √ঢাল্+আই= ঢালাই, √পাকড়্+আও= পাকড়াও। বিশেষ্য গঠনে প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু পরে 'আন' ব্যবহৃত হয়। যেমন : মান্+আন=মানান।

৮. 'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? *[১৮তম বিসিএস]*

ক. দুল+না খ. দোল্ +না
গ. দুল্+অনা ঘ. দোলনা+আ

উত্তর : গ

Scanned with CamScanner

৯. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি? *[১৬তম বিসিএস]*
ক. উৎকর্ষতা খ. উৎকর্ষ
গ. উৎকৃষ্ট ঘ. উৎকৃষ্টতা
উত্তর : খ, গ

১০. ক্রিয়া পদের মূল অংশকে বলা হয়- *[১২তম বিসিএস, ১০তম বিসিএস]*
ক. বিভক্তি খ. ধাতু
গ. প্রত্যয় ঘ. কৃৎ
উত্তর : খ
ব্যাখ্যা : ক্রিয়ার মূল অংশ হল ধাতু; ধাতু বা শব্দের সাথে বিভক্তিযুক্ত বর্ণ বা বর্ণসমষ্টি হল প্রত্যয়; প্রত্যয় দুই প্রকার- কৃৎ প্রত্যয়, তদ্ধিত প্রত্যয়।

১১. কোন শব্দে ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যুক্ত হয়েছে? *[১২তম বিসিএস]*
ক. ঠগী খ. পানসে
গ. পাঠক ঘ. সেলামী
উত্তর : গ
ব্যাখ্যা : √পাঠ্+অক=পাঠক। পাঠ্ ধাতুর সাথে 'অক' কৃৎ প্রত্যয় যুক্ত হয়েছে। আর ঠক, পানস, সেলাম শব্দের সাথে যথাক্রমে ঈ, এ, ঈ বাংলা তদ্ধিত প্রত্যয় যুক্ত হয়েছে।

প্রিপ্রসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? *[১৫তম শিক্ষক (স্কুল) নিবন্ধন-১৯]*
ক. √দীপ্য+ মান খ. √দিপা + মানচ
গ. √দিপ + শানচ ঘ. √দীপ + শানচ
উত্তর : ঘ

২. গুণ ও বৃদ্ধি বলা হয়- *[১৫তম শিক্ষক (স্কুল) নিবন্ধন-১৯]*
ক. কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে খ. কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তনকে
গ. নাম-প্রকৃতির পরিবর্তনকে ঘ. প্রাতিপাদিকের পরিবর্তনকে
উত্তর : ক

৩. কোন শব্দটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অডিটর-১৯]*
ক. অশ্রুজল খ. অঞ্জলি
গ. কিংশুক ঘ. প্রদীপ
উত্তর : ক

৪. কৃৎ প্রত্যয়ের উদহারণ কোনটি? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৮]*
ক. মিশ+উক খ. চোর+আ
গ. ঢাকা+ই ঘ. সোনা+আলি
উত্তর : ক

৫. যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে কী বলা হয়? *[ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]*
ক. প্রত্যয় খ. সন্ধি
গ. সমাস ঘ. অব্যয়
উত্তর : ক
ব্যাখ্যা : √নাচ্ + উনে = নাচুনে। এখানে 'নাচ' ধাতুর সাথে উনে প্রত্যয় যুক্ত হয়ে নাচুনে শব্দটি গঠিত হয়েছে।

৬. শব্দ বা ধাতুর মূলকে বলে? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক-১৮]*
ক. বিভক্তি খ. ধাতু
গ. প্রকৃতি ঘ. কারক
উত্তর : গ

Scanned with CamScanner

ব্যাখ্যা : বিভক্তিহীন শব্দ বা ধাতুকে বলা হয় প্রকৃতি। যেমন: √নাচ্ + উনে = নাচুনে। এখানে 'নাচ' হচ্ছে বিভক্তিহীন ধাতু বা ধাতুমূল বা ক্রিয়া প্রকৃতি। আবার লাজ + উক = লাজুক; এখানে 'লাজ' হচ্ছে বিভক্তিহীন নাম শব্দ বা নাম প্রকৃতি।

৭. নিচের কোনটি প্রত্যয়সাধিত? *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (ফিল্ড সুপারভাইজার)-১৮]*

ক. প্রলয় খ. নিঃশ্বাস
গ. খণ্ডিত ঘ. অনুপম

উত্তর : গ

ব্যাখ্যা : খণ্ডিত শব্দটি সংস্কৃত কৃৎপ্রত্যয় সাধিত শব্দ। যার গঠন √খণ্ড+ত। অর্থ খণ্ডন করা হয়েছে।

৮. 'বার্ষিক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? *[গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটম্যান (সিভিল)-১৮]*

ক. বর্ষ+ষ্ণিক খ. ব+ষ্ণিক
গ. বরষ+ইক ঘ. বর্ষা+ষ্ণিক

উত্তর : ক

৯. 'মাধ্যমিক'-এর প্রকৃতি প্রত্যয়- *[বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. মাধ্যমিক+অ খ. মাধ্য+ষ্ণিক
গ. মধ্যম+ষ্ণিক ঘ. মাধ্য+মিক

উত্তর : গ

১০. 'সৃষ্টি' এর প্রকৃতি প্রত্যয়- *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন)-১৬]*

ক. সৃষ+টি খ. সৃশ+তি
গ. √সৃজ্+তি ঘ. শ্রী+তি

উত্তর : গ

১১. কোনটি বাংলা ধাতু? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৫]*

ক. কাট খ. কৃ
গ. মাগ্ ঘ. গম্

উত্তর : ক

১২. 'পাঠক' শব্দটি কোন শ্রেণীর ধাতু হতে গঠিত? *[১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৫]*

ক. সংস্কৃত খ. খাঁটি বাংলা
গ. দেশী ঘ. বিদেশি

উত্তর : ক

১৩. 'উক্তি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা (২)-১৪]*

ক. উক্+তি খ. উচ্+তি
গ. বচ্+ক্তি ঘ. বিচ্+তি

উত্তর : গ

ব্যাখ্যা : চ এবং 'জ' এর স্থলে 'ক' হয়। যেমন- বচ্+ক্তি= উক্তি, মুচ্+ক্তি= মুক্তি, ভজ্+ক্তি=ভক্তি।

৩. আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক। এই বাক্যে 'বাংলাদেশের' পদটি কোন কারকে কোন বিভক্তি? *[ঢাবি (গ ইউনিট) ১৭-১৮]*

ক. কর্তৃকারকে ষষ্ঠী
খ. অধিকরণে ষষ্ঠী
গ. অপাদানে ষষ্ঠী
ঘ. কর্মে দ্বিতীয়া

উত্তর : খ

৪. 'আমাদের একটি গল্প বলুন'-এই বাক্যে 'আমাদের' কোন কারকে কোন বিভক্তি? *[ঢাবি (ঘ ইউনিট) ১৬-১৭]*

ক. কর্তায় ষষ্ঠী
খ. অপাদানে সপ্তমী
গ. অধিকরণে সপ্তমী
ঘ. কর্মে ষষ্ঠী

উত্তর : ঘ

৫. 'পড়ায় আমার মন বসে না।' এখানে 'পড়ায়' এর কারক ও বিভক্তি হলো- *[রাবি (ঘ ইউনিট) ১৭-১৮]*

ক. কর্মে ৭মী
খ. অধিকরণে ৭মী
গ. অপাদানে ৭মী
ঘ. করণে ৭মী

উত্তর : খ

৬. 'এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে'- এখানে 'বিষাদে' কোন কারকে কোন বিভক্তি? *[ঢাবি (ঘ ইউনিট) ১৫-১৬]*

ক. কর্মে ৭মী
খ. করণে ৭মী
গ. অধিকরণে ৭মী
ঘ. অপাদানে ৭মী

উত্তর : খ

Scanned with CamScanner

ব্যাখ্যা : যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। জটিল বাক্যে পরস্পর সাপেক্ষ যে বাক্যগুলো থাকে তাদের সাধারণত খণ্ডবাক্য বলে। 'যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চলোরে' বাক্যে 'তবে একলা চলোরে' প্রধান খণ্ডবাক্য। 'যদি তোর ডাক শুনে কেউ না আসে' আশ্রিত খণ্ডবাক্য। মূলত এটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গান। ১৯০৫ সালের সেপ্টেম্বর মাসে 'ভাণ্ডার' পত্রিকায় 'একা' শিরোনামে গানটি প্রথম প্রকাশিত হয়।

৩. **কোন বাক্যটি শুদ্ধ?** *[৩৭তম বিসিএস]*

ক. আপনি স্বপরিবারে আমন্ত্রিত খ. তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম

গ. তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ ঘ. সেদিন থেকে তিনি সেখানে আর যায় না

ব্যাখ্যা : শুদ্ধরূপ (ক) আপনি সপরিবারে আমন্ত্রিত, (গ) তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ। বাক্যটি যোগ্যতা হারিয়েছে কারণ পরশ্রীকাতরতায় কেউ মুগ্ধ হয় না (ঘ) সেদিন থেকে তিনি সেখানে আর যান না। **উত্তর : খ**

৪. **'মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে'- বাক্যটিকে নেতিবাচক বাক্যে রূপান্তর করলে হয়-** *[৩৬তম বিসিএস]*

ক. মিথ্যাবাদীকে সবাই পছন্দ করে খ. মিথ্যাবাদীকে সবাই পছন্দ না করে পারে না

গ. মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না ঘ. মিথ্যাবাদীকে কেউ অপছন্দ করে না। **উত্তর : গ**

৫. **কোন বাক্যটি শুদ্ধ?** *[৩৫তম বিসিএস]*

ক. দৈন্যতা সর্বদা মহত্বের পরিচায়ক নয় খ. দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয়

গ. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় ঘ. দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়

ব্যাখ্যা : বিশেষ্য পদের সঙ্গে পুনরায় বিশেষ্যবাচক 'তা' প্রত্যয় যুক্ত করলে শব্দ অশুদ্ধ হয়। যেমন সৌজন্য, দৈন্য, দারিদ্র্য, আলস্য ইত্যাদি বিশেষ্য শুদ্ধ। কিন্তু এগুলোর সাথে পুনরায় বিশেষ্যবাচক 'তা' যোগ করে সৌজন্যতা, দৈন্যতা, দারিদ্র্যতা, আলস্যতা করলে অশুদ্ধ হবে। **উত্তর : ঘ**

৬. **কোন বাক্যটি শুদ্ধ?** *[৩৩তম বিসিএস]*

ক. তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয় খ.দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা

গ. সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল ঘ. সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত

ব্যাখ্যা : (ক) তোমার গোপনীয় কথা শোনা আমার পক্ষে সম্ভব নয় (গ) সলজ্জ হাসি হেসে মেয়েটি উত্তর দিল (ঘ) সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করা উচিত। **উত্তর : খ**

৭. **'তুমি আসবে বলে হে স্বাধীনতা সখিনা বিবির কপাল ভাঙল'- এটি কোন বাক্য?** *[৩৩তম বিসিএস, ৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]*

ক. সরল খ. মিশ্র বা জটিল

গ. যৌগিক ঘ.সংযুক্ত **উত্তর : খ**

৮. **কোন চরণটি সঠিক?** *[৩৩তম বিসিএস]*

ক. ধন ধান্যে পুষ্পে ভরা খ. ধন্য ধান্যে পুষ্পে ভরা

গ. ধণ্যে ধান্যে পুষ্প ভরা ঘ. ধন্যে ধান্য পুষ্পে ভরা **উত্তর : ক**

ব্যাখ্যা : দেশাত্মবোধক জনপ্রিয় এ গানটির রচয়িতা দ্বিজেন্দ্রলাল রায়। এটি তার 'সাজাহান' নাটক থেকে গৃহীত হয়েছে।

৯. **'মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি'। এটি একটি-** *[৩২তম বিসিএস]*

ক. জটিল বাক্য খ. যৌগিক বাক্য **উত্তর : গ**

গ. সরল বাক্য ঘ. মিশ্র বাক্য

ব্যাখ্যা : যে বাক্যে একটি কর্তা এবং একটি সমাপিকা ক্রিয়া থাকে তাকে সরল বাক্য বলে।

Scanned with CamScanner

১০. বাক্যের তিনটি গুণ কী কী? [২৯তম বিসিএস]
ক. আকাঙ্ক্ষা, আসক্তি ও বিধেয় খ. আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা
গ. যোগ্যতা, উদ্দেশ্য, বিধেয় ঘ. কোনটিই নয় উত্তর : খ

১১. 'যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম'- এটি কোন জাতীয় বাক্য? [২৬তম বিসিএস]
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. মৌলিক বাক্য ঘ. মিশ্র বাক্য উত্তর : ঘ

১২. কোন বাক্যটি শুদ্ধ? [২৫তম বিসিএস]
ক. তাহার জীবন সংশয়পূর্ণ খ. তাহার জীবন সংশয়ময়
গ. তাহার জীবন সংশয়াপূর্ণ ঘ. তাহার জীবন সংশয়ভরা উত্তর : গ

১৩. 'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' কোন ধরনের বাক্য? [২৫তম বিসিএস]
ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. অনুজ্ঞা উত্তর : খ

ব্যাখ্যা : যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। এখানে 'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ' আশ্রিত খণ্ডবাক্য, 'সুতরাং তুমি প্রথম হবে' প্রধান খণ্ডবাক্য। তাই এটি জটিল বা মিশ্র বাক্য।

১৪. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি'- এটা কোন ধরনের বাক্য? [১৮তম বিসিএস]
ক. যৌগিক বাক্য খ. সাধারণ বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. সরল বাক্য উত্তর : ক

ব্যাখ্যা : দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে যৌগিক বাক্য হয়। বাক্যগুলো সাধারণত এবং, ও, কিন্তু, অথবা, কিংবা, বরং, তথাপি দ্বারা যুক্ত থাকে। সুতরাং 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি' যৌগিক বাক্য।

১৫. 'হযরত মোহাম্মদ (সা.) ছিলেন একজন আদর্শ মানব' বাক্যটি নিম্নোক্ত কোন শ্রেণির? [১৭তম বিসিএস]
ক. মিশ্র খ. জটিল
গ. যৌগিক ঘ. সরল উত্তর : ঘ

ব্যাখ্যা : যে বাক্যে একটি কর্তা এবং একটি সমাপিকা ক্রিয়া থাকে তাকে সরল বাক্য বলে। সেই হিসেবে উক্ত বাক্যটি সরল বাক্য।

১৬. যৌগিক বাক্যের অন্যতম গুণ কী? [১৪তম বিসিএস]
ক. একটি জটিল ও একটি সরল বাক্যের সাহয্যে বাক্য গঠন
খ. একটি সংযুক্ত ও একটি বিযুক্ত বাক্যের সাহায্যে বাক্য গঠন
গ. দুটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
ঘ. দুটি মিশ্র বাক্যের সাহয্যে বাক্য গঠন উত্তর : গ

Scanned with CamScanner

১৭. **শুদ্ধ বাক্যটি চিহ্নিত করুন-** *[১২তম বিসিএস]*

ক. বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রের শিকার হন খ. বিদ্যান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন
গ. বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন ঘ. বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রতার শিকার হন

ব্যাখ্যা : বিদ্বান, দরিদ্র, দরিদ্রতা, দারিদ্র্য বানানগুলো শুদ্ধ। দারিদ্র্যতা ভুল। **উত্তর : গ**

১৮. **কোনটি শুদ্ধ বাক্য?** *[১১তম বিসিএস]*

ক. একটা গোপনীয় কথা বলি খ. একটা গোপন কথা বলি
ঘ. একটি গোপন কথা বলি ঘ. একটি গুপ্ত কথা বলি **উত্তর : ক**

১৯. **গুরুচণ্ডালী দোষমুক্ত কোনটি?** *[১০তম বিসিএস]*

ক. শব পোড়া খ. মড়া দাহ
গ. শবদাহ ঘ. শবমড়া **উত্তর : গ**

ব্যাখ্যা : বাক্যে সাধু ও চলিত ভাষার মিশ্রণ ঘটলে গুরুচণ্ডালী দোষ ঘটে। শবপোড়ার ক্ষেত্রে 'শব' সাধু এবং 'পোড়া' চলিত ভাষা। মড়াদাহের ক্ষেত্রে 'মড়া' চলিত এবং 'দাহ' সাধু ভাষা। শবমড়ার ক্ষেত্রে 'শব' সাধু ভাষা এবং 'মড়া' চলিত ভাষা।

২০. **শুদ্ধ বাক্য কোনটি?** *[১০তম বিসিএস]*

ক. দুর্বলতাবশত অনাথিণী বসে পড়লে খ. দুর্বলতাবশত অনাথীনী বসে পড়ল
গ. দুর্বলতাবশত অনাথা বসে পড়ল ঘ. দুর্বলবশত অনাথা বসে পড়ল।

ব্যাখ্যা : অনাথ শব্দের স্ত্রীলিঙ্গ অনাথা। অনাথিনী ব্যবহার ভুল। **উত্তর : গ**

২১. **কোন বাক্যে 'মাথা' শব্দটি বুদ্ধি অর্থে ব্যবহৃত?** *[১০তম বিসিএস]*

ক. তিনিই সমাজের মাথা খ. মাথা খাটিয়ে কাজ করবে
গ. মাথা নেই আবার ব্যথা ঘ. লজ্জায় আমার মাথা কাটা গেল **উত্তর : খ**

ব্যাখ্যা : (ক) তে মাথা অর্থ সমাজের মাতব্বর বা নেতা, (খ) তে মাথা অর্থ বুদ্ধি, (গ) মাথা অর্থ সম্মানহানী, (ঘ) তে মাথা অর্থ অবহেলা।

২২. **'বাংলাদেশ যেন জয়লাভ করে' এটি কোন ধরনের বাক্য?** *[১২তম বিজেএস (সহকারী জজ)]*

ক. আবেগসূচক খ. প্রার্থনাসূচক
গ. বর্ণনাত্মক ঘ. অনুজ্ঞাসূচক **উত্তর : খ**

ব্যাখ্যা : যে বাক্যের মাধ্যমে কোনো প্রার্থনা প্রকাশ পায়, তাকে বলা হয় প্রার্থনাসূচক বাক্য।

২৩. **'কর্ম কর, অনুরূপ ফল পাবে।' গঠন অনুসারে এটি কোন ধরনের বাক্য?** *[১২তম বিজেএস (সহকারী জজ)]*

ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. কার্যকারণাত্মক **উত্তর : গ**

২৪. **'তাঁর চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি'-এটি কোন ধরনের বাক্য?** *[৯ম বিজেএস (সহকারী জজ)-১৪]*

ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. মিশ্র বাক্য **উত্তর : গ**

ব্যাখ্যা : দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে যৌগিক বাক্য হয়। বাক্যগুলোতে সাধারণত এবং, ও, কিন্তু, অথবা, কিংবা, বরং, তথাপি দ্বারা যুক্ত থাকে।

Scanned with CamScanner

২৫. 'বিদ্বান লোক সকলের শ্রদ্ধার পাত্র'- এটি কোন ধরনের বাক্য? *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*

ক. সরল বাক্য খ. যৌগিক
গ. জটিল ঘ. বিযুক্ত
উত্তর : ক

ব্যাখ্যা : যে বাক্যে একটি কর্তা এবং একটি সমাপিকা ক্রিয়া থাকে তাকে সরল বাক্য বলে।

প্রিপসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'শিক্ষিত লোকেরা অত্যন্ত বুদ্ধিমান'-এটি কোন ধরনের বাক্য? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*

ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য গ. জটিল বাক্য
ঘ. খণ্ডবাক্য ঙ. কোনটিই নয়
উত্তর : ক

২. অর্থগতভাবে বাংলা শব্দ কত প্রকার? *[CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]*

ক. ৫ খ. ৪ গ. ২
ঘ. ৩ ঙ. কোনটিই নয়
উত্তর : ঘ

৩. 'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।' -বাক্যটির নেতিবাচক রূপ কোনটি? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৮]*

ক. প্রিয়বদা যথার্থ কহে নাই খ. প্রিয়ংবদা অযথার্থ কহিয়াছে
গ. প্রিয়ংবদা অযথার্থ কহে নাই ঘ. কোনটিই নয়
উত্তর : গ

৪. সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১৮]*

ক. চুক্তিপত্র খ. অভিযোগ পত্র
গ. প্রতিবেদন ঘ. বিজ্ঞপ্তি
উত্তর : ঘ

৫. 'যদি বৃষ্টি হয়, তবে বের হবো না'- *[জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর-১৮]*

ক. সরল খ. জটিল
গ. হ্যাঁ-বাচক ঘ. যৌগিক
উত্তর : খ

ব্যাখ্যা : যে বাক্যে একটি প্রধান বাক্য এবং এক বা একাধিক অপ্রধান বাক্য থাকে তাতে জটিল বা মিশ্র বাক্য বলে। এক্ষেত্রে অপ্রধান খণ্ডবাক্য প্রধান বাক্যের উপর নির্ভরশীল থাকে।

৬. গঠন অনুসার বাক্য কত প্রকার? *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]*

ক. দুই প্রকার খ. পাঁচ প্রকার
গ. ছয় প্রকার ঘ. তিন প্রকার
উত্তর : ঘ

ব্যাখ্যা : গঠন অনুয়ায়ী বাক্য তিন প্রকার- সরল বাক্য, মিশ্র বা জটিল বাক্য ও যৌগিক বাক্য।

৭. শুদ্ধ বাক্য কোনটি? *['সহকারী ব্যবস্থাপক' (বেজা) নিয়োগ-১৮]*

ক. আমি সাক্ষী দিব না খ. একথা প্রমাণিত হয়েছে
গ. বিধি লঙ্ঘন হয়েছে ঘ. দৈন্যতা প্রশংসনীয় নয়
উত্তর : খ

ব্যাখ্যা : আমি সাক্ষ্য দিব না, বিধি লঙ্ঘিত হয়েছে, দৈন্য/দীনতা প্রশংসনীয় নয়।

৮. কোনটি সঠিক? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১৭]*

ক. চলাকালীন সময়ে খ. চলাকালের সময়ে
গ. চলাকালে ঘ. চলাকালিন সময়ে
উত্তর : গ

Scanned with CamScanner

৯. 'লোকটি ধনী কিন্তু কৃপণ' কোন ধরনের বাক্য? *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (জেলা সমন্বয়ক)-১৭]*

ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. মিশ্র বাক্য **উত্তর : গ**

১০. কোন বাক্যটিতে ভুল নেই? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর (পূর্বাঞ্চল)-১৬]*

ক. দরিদ্রতা অভিশাপ খ. ফুল দেখতে সৌন্দর্য
গ. ভুল লিখতে ভুল করো না ঘ. শনিতে অশনি দেখতে পাইলাম **উত্তর : ক**

ব্যাখ্যা : *ফুল দেখতে সুন্দর, ভুল লিখতে ভুল করো না, শনিতে অশনি দেখতে পেলাম।*

১১. আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা- এ তিনটি কিসের গুণ? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের AD-১৩]*

ক. শব্দের খ. অর্থের
গ. বাক্যের ঘ. পদের **উত্তর : গ**

ব্যাখ্যা : *ভাষার বিচারে বাক্যের নিম্নলিখিত তিনটি গুণ থাকে- আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা।*

১২. বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে কী বলে? *[৮ম শিক্ষক নিবন্ধন-১২]*

ক. আসত্তি খ. আকাঙ্ক্ষা
গ. যোগ্যতা ঘ. আসক্তি **উত্তর : খ**

ব্যাখ্যা : *বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তা-ই আকাঙ্ক্ষা। যেমন : 'রহিম বাড়ির দিকে' এটুকু বললে বাক্যটি সম্পূর্ণ মনোভাব প্রকাশ করে না, আরও কিছু শোনার আকাঙ্ক্ষা জাগে। 'রহিম বাড়ির দিকে আসছে' বললে আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়।*

১৩. 'যত পরিশ্রম করবে, ততই ফল পাবে'- *[৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১২]*

ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. মৌলিক বাক্য ঘ. মিশ্র বাক্য **উত্তর : ঘ**

ব্যাখ্যা : *যে বাক্যে একটি প্রধান বাক্য এবং এক বা একাধিক অপ্রধান বাক্য থাকে তাতে জটিল বা মিশ্র বাক্য বলে। এক্ষেত্রে অপ্রধান খণ্ডবাক্য প্রধান বাক্যের উপর নির্ভরশীল থাকে।*

১৪. 'সকল আলেমগণ আজ উপস্থিত।' বাক্যটি কোন দোষে দুষ্ট? *[৭ম শিক্ষক নিবন্ধন-১১]*

ক. গুরুচণ্ডালী দোষে খ. বাহুল্য দোষে
গ. দুর্বোধ্যতা দোষে ঘ. বিদেশি শব্দ দোষে **উত্তর : খ**

১৫. 'গরু মাংস খায়'- বাক্যটি অশুদ্ধ কেন? *[নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা-০৬]*

ক. আসত্তির অভাব খ. যোগ্যতার অভাব
গ. অর্থ অস্পষ্ট বলে ঘ. পদবিন্যাসে ত্রুটি থাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : *বাক্যে ব্যবহৃত পদগুলোর মধ্যে অন্তর্গত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা। যেমন- বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়। কিন্তু 'গরু মাংস খায়' বাক্যে যোগ্যতার অভাব রয়েছে। কারণ গরু কখনো মাংস খায় না।*

১৬. নিচের কোন বাক্য শুদ্ধ? *[নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা-০৬]*

ক. আপনি সপরিবারে আমন্ত্রিত খ. আপনি আপনার পরিবারসহ আমন্ত্রিত
গ. আপনি পরিবারবর্গসহ আমন্ত্রিত ঘ. আপনি স্বপরিবারে আমন্ত্রিত **উত্তর : ক**

Scanned with CamScanner

১৭. 'বল বীর- বল উন্নত মম শির' বাক্যটি কী? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-০৫]*

ক. ইচ্ছাসূচক খ. প্রশ্নসূচক
গ. আদেশসূচক ঘ. বিস্ময়বোধক

উত্তর : গ

১৮. 'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো' বাক্যটিতে কোন দোষ আছে? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০১]*

ক. বাগধারা দোষ খ. গুরুচণ্ডালী দোষ
গ. বাহুল্য দোষ ঘ. উপমার ভুল প্রয়োগ

উত্তর : ঘ

ব্যাখ্যা : বাক্যটিতে উপমার ভুল প্রয়োগ হয়েছে। কারণ বীজ মন্দিরে উপ্ত হয় না বা বপন করা হয় না। বীজ বপন করা হয় ক্ষেতে। সুতরাং বলতে হবে- আমার হৃদয় ক্ষেতে আশার বীজ উপ্ত হল।

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. 'নালিশটা অযৌক্তিক' কোন ধরনের বাক্য? *[সমন্বিত ৮ ব্যাংকের সিনিয়র অফিসার-১৯]*

ক. নেতিবাচক খ. অস্তিবাচক
গ. অনুজ্ঞাবাচক ঘ. প্রশ্নবাচক

উত্তর : খ

ব্যাখ্যা : অস্তিবাচক- নালিশটা অযৌক্তিক। নেতিবাচক- নালিশটা যৌক্তিক নয়।

২. 'বিপদ এবং দুঃখ এক সময় আসে' এটি কোন বাক্যের উদাহরন? *[সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ) নিয়োগ-১৯]*

ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. জটিল বাক্য

উত্তর : খ

৩. 'দুই ভাইয়ের মধ্যে কোন কথা নেই।' এখানে 'কথা' শব্দটি কোন অর্থে প্রয়োগ করা হয়েছে? *[পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]*

ক. গল্প খ. তর্ক
গ. অসদ্ভাব ঘ. পরামর্শ

উত্তর : গ

৪. 'চাল নেই চুলো নেই মুখে বড় কথা।'- এখানে 'চাল' শব্দটি কোন অর্থে প্রয়োগ হয়েছে? *[পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]*

ক. ফন্দি খ. আশ্রয়
গ. ব্যবহার ঘ. গুণ

উত্তর : খ

৫. একই বাক্য রচনায় সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণকে কী বলে? *[পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]*

ক. গুরুচণ্ডালী দোষ খ. বাহুল্য দোষ
গ. দ্বিত্বজনিত ভুল ঘ. বাচ্যজনিত দোষ

উত্তর : ক

৬. বাংলা বাক্যের আবশ্যিক বৈশিষ্ট্য নয়-*[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. অর্থসংগতি খ. অন্যপদের আকাঙ্ক্ষা না থাকা
গ. পদগত অন্বয় ঘ. অপরিবর্তনযোগ্য পদক্রম

উত্তর : ঘ

ব্যাখ্যা: সার্থক বাক্যের ৩টি গুণ থাকে- আকাঙ্ক্ষা(অন্যপদের আকাঙ্ক্ষা না থাকা), আসত্তি (পদগত অন্বয়), যোগ্যতা (অর্থসংগতি)। 'অপরিবর্তনযোগ্য পদক্রম' বাক্যের আবশ্যিক বৈশিষ্ট্য নয়।

Scanned with CamScanner

৭. কোন বাক্যটি শুদ্ধ- *[সমন্বিত ব্যাংক সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*
ক. তুমি চিরঞ্জীব হও খ. তুমি চিরজীবী হও
গ. চন্দ্র উদয় হয়েছে ঘ. তিনি অপমানিতবোধ করেছেন **উত্তর : খ**

৮. 'মা-বাবার সেবা কর'। কি ধরনের বাক্য? *[সমন্বিত ব্যাংক সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*
ক. নির্দেশক খ. অনুজ্ঞাসূচক
গ. ইচ্ছাসূচক ঘ. অস্তিবাচক **উত্তর : খ**

৯. ভাষার অপপ্রয়োগ আছে যে বাক্যে- *[জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-১৫]*
ক. বুঝেছি, তুমি এ কাজ পারবে না খ. তিনি আমার বই প্রকাশিত করেছেন
গ. কোথায় আমরা একত্রিত হব ঘ. এত বিলম্ব কেন? **উত্তর : গ**

১০. বাক্য হওয়ার জন্য বাঞ্চনীয় বৈশিষ্ট্য- *[জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-১৫]*
ক. যোগ্যতা খ. মাধুর্য
গ. আকাঙ্ক্ষা ঘ. আসত্তি **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বাক্যে ব্যবহৃত পদগুলোর মাঝে অর্থের সঙ্গতি বা মিল রাখার জন্য সুশৃঙ্খলভাবে পদবিন্যাসকেই বলা হয় আসত্তি। যেমন : 'ফিরেছি থেকে আজ আমি বাড়ি' বললে বাক্যের ভাবটি যথাযথ প্রকাশিত হয়নি। 'আজ আমি বাড়ি থেকে ফিরেছি' বললে আসত্তিসম্পন্ন বাক্য হয়।

১১.কোন বাক্য শুদ্ধ? *[বাংলাদেশ কৃষি ব্যাংক সুপারভাইজার-১২]*
ক. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতম খ. বিদ্বান মুর্খ আপেক্ষা শ্রেষ্ঠতর
গ. বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ ঘ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ **উত্তর : ঘ**

১২. 'সে আসতে চায় তথাপি আসেন না' বাক্যটি- *[সিটি ব্যাংক প্রবেশনারি অফিসার-১১]*
ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. মিশ্র বাক্য **উত্তর : গ**

ব্যাখ্যা : দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে যৌগিক বাক্য হয়। বাক্যগুলো সাধারণত এবং, ও, কিন্তু, অথবা, কিংবা, বরং, তথাপি দ্বারা যুক্ত থাকে।

বাচ্য ও উক্তি

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. 'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর'- 'হারায়' কোন ধাতু? *[২৬তম বিসিএস]*
ক. প্রযোজ্য ধাতু খ. ভাব বাচ্যের ধাতু
গ. সংযোগমূলক ধাতু ঘ. প্রযোজক ধাতু **উত্তর : খ**

ব্যাখ্যা : কেষ্টা শব্দ প্রত্যয় অবজ্ঞার্থে ব্যবহৃত হয়।

২. কর্মবাচ্যের উদাহরণ কোনটি? *[৭ম বিজেএস (সহকারী জজ)-১২]*
ক. তা, আপনার কী করা হয় খ. দূর থেকে পাহাড় নিচু মনে হয়
গ. কেমন শীত শীত করছে ঘ. আসামিকে জরিমানা করা হয়েছে **উত্তর : ঘ**

Scanned with CamScanner

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'কোথায় থাকা হয়' এটি কোন বাচ্যের উদাহরণ? *[সোনালী ব্যাংক মুক্তিযোদ্ধা কোটায় অফিসার (ক্যাশ)-১৯]*
ক. ভাববাচ্য খ. কর্মবাচ্য
গ. কর্তৃবাচ্য ঘ. কোনটিই নয় **উত্তর : ক**

২. 'এ পোশাকটি মানায়নি।' এ বাক্যটি.....উদাহরণ। *[সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১৮]*
ক. কর্মবাচ্যের খ. ভাববাচ্যের
গ. কর্মকর্তৃবাচ্যের ঘ. কর্তৃবাচ্যের **উত্তর : গ**

৩. 'তিনি বললেন যে, বইটা তার দরকার' বাক্যটি কিসের উদাহরণ? *[উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-১২]*
ক. প্রত্যক্ষ উক্তির খ. কর্মবাচ্যের
গ. কর্তৃবাচ্যের ঘ. পরোক্ষ উক্তির **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বাক্যের দ্বারা বক্তা যে মনোভাব ব্যক্ত করে তাই হচ্ছে উক্তি। উক্তি দুই প্রকার-
- *প্রত্যক্ষ উক্তি : যে বাক্যে বক্তার কথা অবিকল উদ্ধৃত হয়, তাকে প্রত্যক্ষ উক্তি বলে। যথা : তিনি বললেন, "বইটা আমার দরকার"।*
- *পরোক্ষ উক্তি : যে বাক্যে বক্তার উক্তি অন্যের জবানিতে রূপান্তরিতভাবে প্রকাশিত হয়, তাকে পরোক্ষ উক্তি বলা হয়। যেমন : 'তিনি বললেন যে, বইটা তাঁর দরকার।'*

৪. যে বাচ্যের কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কোন বাচ্য বলে? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০৮]*
ক. কর্ম-বাচ্য খ. কর্মবাচ্য
গ. ভাববাচ্য ঘ. কর্তৃবাচ্য **উত্তর : গ**

ব্যাখ্যা : বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশ ভঙ্গিকে বাচ্য বলে। বাক্য প্রধানত তিন প্রকার- কর্তৃবাচ্য, কর্মবাচ্য, ভাববাচ্য। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নামপুরুষের হয়।

৫. 'বাঁশি বাজে ওই দূরে'- কোন বাচ্যের উদাহরণ? *[সাব রেজিস্ট্রার-০৩]*
ক. ভাববাচ্যের খ. কর্তৃবাচ্যের
গ. কর্ম-কর্তৃবাচ্যের ঘ. কর্মবাচ্যের **উত্তর : গ**

ব্যাখ্যা : যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্যের বাক্য বলা হয়। যেমন : কাজটা ভালো দেখায় না, বাঁশি বাজে ওই দূরে।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'কোথায় থাকা হয়'?- এটি কোন বাচ্যের উদাহরণ? *[ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]*
ক. কর্মবাচ্য খ. ভাববাচ্য
গ. কর্তৃবাচ্য ঘ. কর্তৃকর্ম বাচ্য **উত্তর : খ**

২. 'আকাশে মেঘ করিয়াছে' কোন বাচ্যের উদাহরণ? *[জবি (ঘ ইউনিট) ১৭-১৮]*
ক. ভাববাচ্যের খ. কর্মবাচ্যের
গ. কর্তৃবাচ্যের ঘ. কর্ম-কর্তৃবাচ্যের **উত্তর : ঘ**

ব্যাখ্যা : যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্যের বাক্য বলে। যেমন: কাজটা ভাল দেখায় না, আকাশে মেঘ করিয়াছে।

Scanned with CamScanner

৩. বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে কী বলে? *[বেরোবি (সি১ ইউনিট) ১২-১৩]*
ক. বাচ্য খ. কারক
গ. অনুসর্গ ঘ. উপসর্গ
উত্তর : ক

৪. 'চাঁদ দেখা যাচ্ছে।' এই বাক্যে কোন বাচ্যের প্রয়োগ ঘটেছে? *[খুবি (ঘ) ০৯-১০]*
ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য
গ. ভাববাচ্য ঘ. কর্ম-কর্তৃবাচ্য
উত্তর : খ

ব্যাখ্যা : যে বাক্যে কর্মের সাথে ক্রিয়ার সম্বন্ধ প্রধানভাবে প্রকাশিত হয় তাকে কর্মবাচ্য বলে। যেমন: চাঁদ দেখা যাচ্ছে, চোরটা ধরা পড়েছে।

বাক্য সংকোচন

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. 'নষ্ট হওয়া যার স্বভাব' এক কথায় হবে- *[২৫তম বিসিএস]*
ক. নিদাঘ খ. নশ্বর
গ. নষ্টমান ঘ. বিনশ্বর
উত্তর : খ

ব্যাখ্যা : নষ্ট হওয়া যার স্বভাব- নশ্বর, নিদাঘ অর্থ গ্রীষ্মকাল, বিনশ্বর অর্থ অচিরস্থায়ী।

২. 'অক্ষির সমীপে' এর সংক্ষেপ হল- *[২৪তম বিসিএস, ১৭তম বিসিএস]*
ক. সমক্ষ খ. পরোক্ষ
গ. প্রত্যক্ষ ঘ. নিরপেক্ষ
উত্তর : ক

ব্যাখ্যা : অক্ষির সমীপে- সমক্ষ, অক্ষির অগোচরে- পরোক্ষ, অক্ষির সম্মুখে- প্রত্যক্ষ।

৩. 'কর্মে যাহার ক্লান্তি নাই'- বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী? *[২১তম বিসিএস]*
ক. ক্লান্তিহীন খ. অক্লান্ত
গ. অক্লান্তকর্মী ঘ. অবিশ্রাম
উত্তর : গ

৪. মৃতের মত অবস্থা যার- *[২১তম বিসিএস]*
ক. মূমূর্ষ খ. মুমূর্ষু
গ. মূমুর্ষু ঘ. মৃতবৎ
উত্তর : খ

৫. 'যা সহজে অতিক্রম করা যায় না'- এর সংক্ষিপ্ত রূপ কী? *[২০তম বিসিএস]*
ক. অনতিক্রম্য খ. অলঙ্ঘ্য
গ. দূরতিক্রম্য ঘ. দুর্গম
উত্তর : গ

ব্যাখ্যা : যা লঙ্ঘন করা যায় না= অলঙ্ঘ্য/অলঙ্ঘনীয়, যা অতিক্রম করা যায় না= অনতিক্রম্য/অনতিক্রমনীয়, যা সহজে অতিক্রম করা যায় না=দুরতিক্রম্য, যেখানে সহজে গমন করা যায় না=দুর্গম, যা সহজে দমন করা যায় না=দুর্দম।

৬. যা চিরস্থায়ী নয়- *[১৬তম বিসিএস]*
ক. অস্থায়ী খ. ক্ষণিক
গ. ক্ষণস্থায়ী ঘ. নশ্বর
উত্তর : ঘ

ব্যাখ্যা : যা চিরস্থায়ী নয়- নশ্বর, যা স্থায়ী নয়- অস্থায়ী

Scanned with CamScanner

৭. যে ভূমিতে ফসল জন্মায় না- *[১৫তম বিসিএস]*
ক. পতিত খ. অনুর্বর
গ. উষর ঘ. বন্ধ্যা
উত্তর : গ
ব্যাখ্যা : যে ভূমিতে ফসল জন্মায় না- উষর, যে জমি ফেলে রাখা হয়েছে- পতিত, যার উর্বরতা শক্তি নাই- অনুর্বর, যে নারীর সন্তান হয় না- বন্ধ্যা।

৮. 'যা পূর্বে ছিল এখন নেই' এক কথায় কি হবে- *[১৩তম বিসিএস]*
ক. অভূতপূর্ব খ. অতীত
গ. ভূতপূর্ব ঘ. ঐতিহাসিক
উত্তর : গ
ব্যাখ্যা : যা পূর্বে ছিল এখন নেই- ভূতপূর্ব, যা পূর্বে ছিল না- অভূতপূর্ব, পূর্বে যা দেখা যায় নি- অদৃষ্টপূর্ব।

৯. এক কথায় প্রকাশ করুন- 'যা বলা হয়নি'- *[১২তম বিসিএস]*
ক. অউক্ত খ. অব্যক্ত
গ. অনুক্ত ঘ. অভিব্যক্ত
উত্তর : গ
ব্যাখ্যা : যা বলা হবে- বক্তব্য, যা বলা হয়েছে- উক্ত, যা বলা হয় নি- অনুক্ত, যা ভবিষ্যতে ঘটবে- ভবিতব্য।

১০. 'ক্ষমার যোগ্য' এর বাক্য সংকোচন- *[১১তম বিসিএস]*
ক. ক্ষমার্হ খ. ক্ষমাপ্রার্থী
গ. ক্ষমা ঘ. ক্ষমাপ্রদ
উত্তর : ক
ব্যাখ্যা : ক্ষমার যোগ্য= ক্ষমার্হ, ক্ষমার অযোগ্য=ক্ষমার্য।

১১. 'কথায় বর্ণনা করা যায় না যা'- এ বাক্যের সংক্ষিপ্ত রূপ কি? *[৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]*
ক. বর্ণনাতীত খ. অনির্বচনীয়
গ. অবর্ণনীয় ঘ. নির্বচনীয়
উত্তর : খ
ব্যাখ্যা : কথায় বর্ণনা করা যায় না যা- অনির্বচনীয়, বর্ণনা করা যায় না যা-অবর্ণনীয়।

১২. 'কূলের সমীপে'- এর সংক্ষেপ কি? *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*
ক. অনুকূল খ. প্রতিকূল
গ. সমকূল ঘ. উপকূল
উত্তর : ঘ

১৩. 'দিন ও রাতের সন্ধিক্ষণ'- এক কথায় কি হবে? *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*
ক. অপরাহ্ন খ. সন্ধ্যা
গ. সায়াহ্ন ঘ. গোধূলী
উত্তর : ঘ
ব্যাখ্যা : দিন ও রাতের সন্ধিক্ষণ- গোধূলী। দিবসের প্রথম ভাগ- পূর্বাহ্ন, দিবসের মধ্য ভাগ- মধ্যাহ্ন, দিবসের শেষ ভাগ- অপরাহ্ন। সায়াহ্ন অর্থ সন্ধ্যা।

১৪. 'যিনি ভালো ব্যাকরণ জানেন' তিনি হলেন- *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*
ক. ব্যাকরণ বিশেষজ্ঞ খ. ব্যাকরণবিদ
গ. বৈয়াকরণ ঘ. বৈয়াকরণিক
উত্তর : গ

১৫. 'যা আঘাত পায়নি' এক কথায় কি হবে? *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*
ক. অনঘাত খ. অনাঘাত
গ. অনাঘাতপ্রাপ্ত ঘ. অনাহত
উত্তর : ঘ

Scanned with CamScanner

১৬. 'যা ভবিষ্যতে ঘটবে' অভিব্যক্তিটি এক কথায়-[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]
ক. ভবিষ্য খ. ভবিষ্যৎ
গ. ভবিতব্য ঘ. কোনটিই নয়
উত্তর : গ

পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. 'বিশ্বজনের হিতকর'- এর এক কথায় কী বলে?[মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের অফিস সহকারী-১৯]
ক. হিতকর খ. বিশ্বজনহিত
গ. বিশ্বজনীন ঘ. বিশ্বজনক
উত্তর : গ

২. 'যে পুরুষ বিয়ে করেছে'- এর এক কথায় প্রকাশ কি? [CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]
ক. অকৃতদার খ. অনূঢ়া গ. কৃতদার
ঘ. কুম্ভীলক ঙ. কোনটিই নয়
উত্তর : গ
ব্যাখ্যা : যে পুরুষ বিয়ে করেছে- কৃতদার, যে পুরুষ বিয়ে করে নি- অকৃতদার, যে মেয়ের বিয়ে হয়নি- অনূঢ়া, যে অপরের লেখা চুরি করে নিজনামে চালায়- কুম্ভীলক।

৩. বীর সন্তান প্রসব করে যে নারী-এক কথায় তাকে কী বলে? [১৫তম শিক্ষক নিবন্ধন-১৯]
ক. বীরপুত্র খ. রত্নগর্ভা
গ. মাতা ঘ. বীরপ্রসূ
উত্তর : ঘ

৪. 'যা জল দেয়'-এর এক কথায় প্রকাশ কি? [CGDF-এর অধীন জুনিয়র অডিটর-১৯]
ক. পাটোয়ারী খ. জলদ গ. জলাধার
ঘ. জলধি ঙ. কোনটিই নয়
উত্তর : খ

৫. 'যে নারীর স্বামী ও পুত্র নেই' তাকে এক কথায় কী বলে? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক-১৯]
ক. অনূঢ়া খ. নবোঢ়া গ. অবীরা
ঘ. কুমারী ঙ. কোনটিই নয়
উত্তর : গ
ব্যাখ্যা : যে নারীর স্বামী ও পুত্র নেই- অবীরা, যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে- নবোঢ়া, যে নারীর (মেয়ের) বিয়ে হয়নি- অনূঢ়া/কুমারী।

৬. এক কথায় প্রকাশ করুন: 'পাঁচ সেরের সমাহার' [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. পরিমেয় খ. পশুরী
গ. চতুরঙ্গ ঘ. পৌরুষ
উত্তর : খ
ব্যাখ্যা : পাঁচ সেরের সমাহার-পশুরী, হস্তী অশ্ব রথ ও পদাতিকের ব্যবহার-চতুরঙ্গ, পুরুষোচিত কর্ম বা আচার আচরণ- পৌরুষ।

৭. 'যা লাফিয়ে চলে' এক কথায় বলে-[স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. উল্লম্ফ খ. লাফবাজ
গ. দড়াবাজ ঘ. প্লবগ
উত্তর : ঘ

৮. 'যা বিনা যত্নে উৎপন্ন হয়েছে'-এর বাক্য সংকোচন কী হবে?[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের AD-১৮]
ক. অযত্নলব্ধ খ. অযত্নসম্ভূত
গ. অযত্নজাত ঘ. অনায়াসলব্ধ
উত্তর : খ

Scanned with CamScanner

৯. 'যে বিষয়ে কোন বিতর্ক নেই'- এর এককথায় প্রকাশ কী হবে? *বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (প্রোকিউরমেন্ট এসিস্ট্যান্ট)-১৮*

ক. অবিসংবাদিত খ. নিরপেক্ষ
গ. অনন্যসাধারণ ঘ. নিষ্কলঙ্ক

উত্তর : ক

১০. 'ইন্দ্রকে জয় করেছে যে' বাক্যটি এক কথায় হবে- *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*

ক. জিতেন্দ্রিয় খ. ইন্দ্রজিত
গ. জিতেন্দ্র ঘ. ইন্দ্রজিৎ

ব্যাখ্যা : ইন্দ্রকে জয় করেছে যে-ইন্দ্রজিৎ, ইন্দ্রিয়কে জয় করেছে যে-জিতেন্দ্রিয়। উত্তর : খ

১১. 'শুভক্ষণে জন্ম যার'-বাক্যটিকে এককথায় কি বলে? *[পায়রা বন্দর কর্তৃপক্ষের এএসআই-১৮]*

ক. শুভজন্মা খ. ক্ষণজন্মা
গ. বৃহস্পতিতে জন্ম ঘ. সুভজন্মা

উত্তর : খ

১২. 'যার বংশ পরিচয় এবং স্বভাব কেউ জানেনা'- সঠিক উত্তর কোনটি? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক-১৮]*

ক. অজ্ঞাতকুলশীল খ. অচিন্ত্য
গ. অনাহত ঘ. অবিনশ্বর

ব্যাখ্যা : যার বংশ পরিচয় এবং স্বভাব কেউ জানেনা- অজ্ঞাতকুলশীল, আঘাতপ্রাপ্ত হয়নি-অনাহত, যার ধ্বংস বা ক্ষয় নেই=অবিনশ্বর। উত্তর : ক

১৩. 'যার দুই হাত সমান চলে'-এর বাক্যসংকোচন কোনটি? *[পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-১৮]*

ক. সব্যসাচী খ. দোহাতী
গ. সাব্যসাচি ঘ. দেহাতি

উত্তর : ক

১৪. 'সকলের জন্য প্রযোজ্য'- এক কথায় কি হবে? *[একটি বাড়ি একটি খামার প্রকল্প (ফিল্ড সুপারভাইজার)-১৮]*

ক. সর্বজনীন খ. সর্বজন স্বীকৃত
গ. সার্বজনীন ঘ. সর্বজনগ্রাহ্য

ব্যাখ্যা : সকলের জন্য মঙ্গলজনক/ সকলের মঙ্গলের জন্য কৃত/ সকলের জন্য প্রযোজ্য/ সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত= সর্বজনীন। সবার মধ্যে প্রবীণ/সবার মধ্যে শ্রেষ্ঠ=সার্বজনীন। পৃথিবীর সকল মানুষসম্বন্ধীয়/ সকল মানুষের জন্য কল্যাণকর= বিশ্বজনীন। উত্তর : ক

১৫. 'যা বিলুপ্ত হচ্ছে'- এর এককথায় প্রকাশ কি হবে? *[বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রশাসনিক কর্মকর্তা-১৭]*

ক. বিলুপ্তজাত খ. বিলীয়মান গ. অস্থাবর
ঘ. নশ্বর ঙ. ক্ষয়মান

ব্যাখ্যা : যা বিলুপ্ত হচ্ছে- ক্ষয়মান, বিলীন হয়ে যাচ্ছে- বিলীয়মান। উত্তর : ঙ

১৬. 'চক্রের প্রান্তভাগ'কে এক কথায় বলে- *[ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার-১৭]*

ক. চক্রেশ খ. চক্রসীমা
গ. চক্রধারা ঘ. চক্রবিন্দু

উত্তর : গ

Scanned with CamScanner

১৭. 'যে পুরুষের দাড়িগোঁফ গজায়নি' তাকে কি বলে? *[বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) গেইটকিপার পদে নিয়োগ-১৭]*

ক. অজাতশত্রু খ. অজাতমিত্র
গ. অজাতশ্মশ্রু ঘ. বর্ণচোরা
উত্তর : গ

ব্যাখ্যা : যার দাড়িগোঁফ গজায়নি= অজাতশ্মশ্রু, যার শত্রু জন্মায় নি=অজাতশত্রু।

১৮. এক কথায় প্রকাশ- 'যে নারীর হাসি সুন্দর'। *[পিএসসি'র নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. সরোজ খ. সুস্মিতা
গ. অনসূয়া ঘ. সাবিত্রী
উত্তর : খ

১৯. 'পিতার মৃত্যুর পর জন্ম হয়েছে যে সন্তানের' বাক্যটির সংকোচন করলে হবে- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ নিয়োগ পরীক্ষা-১৭]*

ক. অজ্ঞাতকুলশীল খ. মরণোত্তর জাতক
গ. উত্তর জাতক ঘ. জারজ জাতক
উত্তর : খ

২০. এক কথায় প্রকাশ করুন- 'যা সহজে উত্তীর্ণ হওয়া যায় না'। *[সহকারী ব্যবস্থাপক বাংলাদেশ গ্যাস ফিল্ড'স লি. কোম্পানি-১৭]*

ক. দুর্গম খ. দুস্তর
গ. দুর্জয় ঘ. দুর্লভ
উত্তর : খ

২১.চেটে খাওয়া যায় যা- *[প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিয়োগ পরীক্ষা (NSI)-১৭]*

ক. চাটনি খ. চোষ্য
গ. লেহ্য ঘ. চর্ব
উত্তর : গ

ব্যাখ্যা : চেটে খাওয়া যায় যা- লেহ্য, চুষে খাওয়া হয় এমন- চোষ্য।

২২. শত্রুকে দমন করে যে- এক কথায়? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী-১৬]*

ক. শত্রুঘ্ন খ. অরিন্দম
গ. শত্রুহন্তা ঘ. কৃতঘ্ন
উত্তর : খ

ব্যাখ্যা : অরিন্দম হলো অরিকে দমন করে যে বা শত্রু দমনকারী। মেঘনাদবধ কাব্যে রাবনের পুত্র ইন্দ্রজিত হল 'অরিন্দম'।

২৩. 'নাদ' শব্দের অর্থ কি? *[১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৬]*

ক. মেঘের ডাক খ. বাঘের ডাক
গ. সিংহের ডাক ঘ. ময়ূরের ডাক
উত্তর : গ

ব্যাখ্যা : সিংহের ডাক- নাদ, বাঘের ডাক- গর্জন, ময়ূরের ডাক- কেকা, রাজহাঁসের ডাক- ক্রেঙ্কার। হাতির ডাক - বৃংহিত/বৃংহণ।

২৪. 'ঈষৎ পাংশুবর্ণ' বাক্য সংকোচন- *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১৫]*

ক. ধূসর খ. আরক্ত
গ. পীত ঘ. কয়রা
উত্তর : ঘ

ব্যাখ্যা : ঈষৎ পাংশুবর্ণ- কয়রা, ঈষৎ রক্তবর্ণ- আরক্ত, ঈষৎ পাণ্ডুবর্ণ- ধূসর, পীত অর্থ হলুদ রং।

২৫. 'বাহুতে ভর করে চলে যে'-এর বাক্য সংকোচন *[সহকারী থানা শিক্ষা অফিসার-১৫]*

ক. সব্যসাচী খ. ভুজঙ্গ
গ. বুভুক্ষা ঘ. বাহুঙ্গ
উত্তর : খ

ব্যাখ্যা : বাহুতে ভর করে চলে যে- ভুজঙ্গ বা ভুজঙ্গম। ভোজন করার ইচ্ছা- বুভুক্ষা। যার দুহাত সমান চলে- সব্যসাচী।

Scanned with CamScanner

২৬. 'জানবার ইচ্ছা' এর বাক্য সংকোচন- *[থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-১৫]*
ক. জিগীষা খ. জিজ্ঞাসা
গ. জিঘাংসা ঘ. জুগুপ্সা
উত্তর : খ
ব্যাখ্যা : জানবার ইচ্ছা- জিজ্ঞাসা, জয়ের ইচ্ছা- জিগীষা, হনন করার ইচ্ছা- জিঘাংসা, জুগুপ্সা অর্থ নিন্দা বা অপবাদ।

২৭. 'রাতের শেষ ভাগ'-এক কথায়? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৫]*
ক. পররাত্র খ. মহানিশা
গ. যামিনী ঘ. রাত্রিশেষ
উত্তর : ক

২৮. 'সাপের খোলস'- বাক্য সংকোচন কি হবে? *[১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৫]*
ক. প্লবগ খ. উরগ
গ. নির্মোক ঘ. কৃত্তি
উত্তর : গ
ব্যাখ্যা : সাপের খোলস- নির্মোক। যে লাফিয়ে চলে- প্লবগ। বুকে ভর দিয়ে চলে যে- উরগ। বাঘের চামড়া- কৃত্তি।

২৯. 'সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা'- এক কথায় প্রকাশ? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার-১৪]*
ক. স্বাগতম খ. অভিনন্দন
গ. প্রত্যুদগমন ঘ. শুভেচ্ছা
উত্তর : গ

৩০. 'যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে'- একে একপদে পরিণত করলে কোনটি হবে? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার-১৪]*
ক. অপরিণামদর্শী খ. অবিবেচক
গ. অবিমৃষ্যকারী গ. অকালজ্ঞানী
উত্তর : গ

৩১. 'যা কষ্টে নিবারণ করা যায়'-*[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার-১৪]*
ক. অনিবার্য খ. দুর্নিবার
গ. অনির্বাণ ঘ. কোনটিই নয়
উত্তর : খ

৩২. বাক্য সংকোচন কি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী-১৩]*
ক. ইঙ্গিতময় শব্দ ব্যবহার করে বাক্য তৈরি করা খ. অসম্পূর্ণ বাক্য
গ. একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করা ঘ. ক্ষুদ্রতম বাক্য
উত্তর : গ

৩৩. 'ঋষির ন্যায়'-এক শব্দে প্রকাশ? *[গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার-১৩]*
ক. ঋত্বিক খ. ঋষিতুল্য
গ. কৃষিকল্প ঘ. ঋষিজ
উত্তর : খ
ব্যাখ্যা : ঋষির ন্যায় জ্ঞানী- ঋষিতুল্য, যজ্ঞের পুরোহিত- ঋত্বিক।

৩৪. যে ব্যক্তি পূর্বজন্মের কথা স্মরণ করতে পারে- *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-১৩]*
ক. লব্ধপ্রতিষ্ঠ খ. জাতিস্মর
গ. ভুজঙ্গম ঘ. প্রত্যুৎপন্নমতি
উত্তর : খ
ব্যাখ্যা : যে ব্যক্তি পূর্বজন্মের কথা স্মরণ করতে পারে- জাতিস্মর, বাহুতে ভর করে চলে যে- ভুজঙ্গম, যার উপস্থিত বুদ্ধি আছে- প্রত্যুৎপন্নমতি।

Scanned with CamScanner

৩৫. 'দিন ও রাত্রির সন্ধিক্ষণ'- এক কথায় বলে? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক-১৩]*

ক. পূর্বাহ্ন খ. মধ্যাহ্ন
গ. সায়াহ্ন ঘ. গোধূলী **উত্তর : ঘ**

ব্যাখ্যা : দিন ও রাত্রির সন্ধিক্ষণ- গোধুলী। দিবসের প্রথম ভাগ- পূর্বাহ্ন, দিবসের মধ্য ভাগ- মধ্যাহ্ন, দিবসের শেষ ভাগ- অপরাহ্ন। সায়াহ্ন অর্থ সন্ধ্যা।

৩৬. 'গম্ভীর ধ্বনি'- এর বাক্য সংকোচন- *[খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক-১২]*

ক. মন্ত্র খ. মন্দ্র
গ. মর্মন্তুদ ঘ. মধুপ **উত্তর : খ**

ব্যাখ্যা : গম্ভীর ধ্বনি- মন্দ্র, মর্মন্তুদ মানে হৃদয়বিদারক, মধু পান করে যে- মধুকর বা মধুপ।

৩৭. 'আবক্ষ জলে নেমে স্নান'- এক কথা কি হবে? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১২]*

ক. স্নান খ. প্রক্ষালন
গ. অবগাহন ঘ. পদধৌত **উত্তর : গ**

ব্যাখ্যা : প্রক্ষালন অর্থ ধৌতকরণ।

৩৮. 'শোনা যায় এমন' এক কথায় কি হবে? *[খাদ্য অধিদপ্তরের উপখাদ্য পরিদর্শক-১২]*

ক. শ্রুতিগ্রাহ্য খ. শ্রুতিমধুর
গ. শ্রুতিযোগ্য ঘ. শ্রুতিধর **উত্তর : ক**

ব্যাখ্যা : শোনা যায় এমন- শ্রুতিগ্রাহ্য, শোনা মাত্র স্মরণ রাখতে পারে যে- শ্রুতিধর।

৩৯. 'ভোজন করার ইচ্ছা' এক কথায় কি হবে? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-১২]*

ক. পেটুক খ. ভোজনবিলাসী
গ. বুভুক্ষা ঘ. খাদক **উত্তর : গ**

ব্যাখ্যা : ভোজন করার ইচ্ছা- বুভুক্ষা, মুক্তি পেতে ইচ্ছুক- মুমুক্ষু।

৪০. হাতির বাসস্থান- *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর-১১]*

ক. গজগৃহ খ. হস্তিগৃহ
গ. পিলখানা ঘ. গজনীড় **উত্তর : গ**

ব্যাখ্যা : হাতির বাসস্থান- পিলখানা, হাতির গর্জন- বৃংহিত, মাহুত যে লৌহদণ্ডের সাহায্যে হাতি পরিচালনা করে- অঙ্কুশ।

৪১.'দ্বারে থাকে যে'- *[শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)-১১]*

ক. দ্বাররক্ষী খ. দৌবারিক
গ. দ্বারিকা ঘ. দারোয়ান **উত্তর : খ**

৪২. যা দমন করা যায় না- *[রেজি. প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]*

ক. দর্দমনীয় খ. দুর্দন
গ. অদম্য ঘ. অসম্ভব **উত্তর : গ**

৪৩. 'যার বাসস্থান নেই' এক কথায়- *[উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]*

ক. অনিকেত খ. উদ্বাস্তু
গ. অনুজ ঘ. একাহারী **উত্তর : ক**

ব্যাখ্যা : যার বাসস্থান নেই- অনিকেত, যাদের নির্দিষ্ট কোন বাসস্থান নেই- যাযাবর, বাসভূমি থেকে বিচ্যুত বা বিতাড়িত- উদ্বাস্তু, দিনে একবার আহার করে যে- একাহারী।

Scanned with CamScanner

৪৪. যার স্ত্রী মারা গিয়েছে- *[পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১০]*
ক. বিধবা খ. বিপত্নীক
গ. সপত্নীক ঘ. বিপদাত্মক
উত্তর : খ
ব্যাখ্যা : যার স্ত্রী মারা গিয়েছে- বিপত্নীক। যে পুরুষ দ্বিতীয় বিবাহ করেছে- দোজবর। যার স্বামী মারা গেছে- বিধবা।

৪৫. 'চক্ষু দ্বারা দৃষ্ট/চক্ষুর সম্মুখে সংগঠিত' বাক্য সংকোচন- *[শ্রম পরিদপ্তরের জনসংযোগ ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৯]*
ক. প্রত্যক্ষ খ. চাক্ষুষ
গ. চর্ব্য ঘ. সম্মুখে
উত্তর : খ
ব্যাখ্যা : চক্ষু দ্বারা দৃষ্ট- চাক্ষুষ, অক্ষির সম্মুখে- প্রত্যক্ষ, চর্বণ করে খাওয়া যায় যা- চর্ব্য।

৪৬. 'অনুকরণ করার ইচ্ছা'- *[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ-০৭]*
ক. অনুচিকীর্ষু খ. অপচিকীর্ষা
গ. অনুচিকীর্ষা ঘ. উপবিকীর্ষু
উত্তর : গ
ব্যাখ্যা : অনুকরণ করার ইচ্ছ- অনুচিকীর্ষা, অপকার করার ইচ্ছা- অপচিকীর্ষা, অনুসন্ধান করার ইচ্ছা- অনুসন্ধিৎসা, প্রতিকার করার ইচ্ছা- প্রতিচিকীর্ষা।

৪৭. 'যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায়' এক কথায়- *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-০৬]*
ক. মাধুকর খ. মধুকর
গ. অর্বাচীন ঘ. অবিমৃষ্যকারী
উত্তর : ক
ব্যাখ্যা : যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায়- মাধুকর, মধু পান করে যে- মধুকর, যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে- অবিমৃষ্যকারী।

৪৮. 'যা বলা উচিত নয়'- কোন শব্দে বিধৃত? *[বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) : ০৬]*
ক. কুকথা খ. অকথ্য
গ. অসত্য ঘ. অযোগ্য
উত্তর : খ

৪৯. 'যে অনবরত কাঁদছে' সংকোচিত রূপ হল- *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-০৫]*
ক. বাষ্পায়মান খ. রোরুদ্যমান
গ. স্যাসয়মান ঘ. ধূমায়মান
উত্তর : খ
ব্যাখ্যা : যে অনবরত রোদন করছে- রোরুদ্যমান, যা বাষ্প উদগীরণ করছে- বাষ্পায়মান।

৫০. একবার ফল দিয়ে মারা যায় যে গাছ - *[জেলা প্রাথমিক শিক্ষা অফিসার-০৫]*
ক. ঔষধী খ. ওষধি
গ. ওষধী ঘ. ঔষধি
উত্তর : গ
ব্যাখ্যা : একবার ফল দিয়ে যে গাছ মারা যায়- ওষধি বা ওষধী। আর ঔষধি হলো যে গাছপালা থেকে ঔষধ বা ওষুধ প্রস্তুত করা হয়।

৫১. 'যা অনায়াসে লাভ করা যায়' তা হলো- *[দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক-০৪]*
ক. সহজলভ্য খ. অনায়াসলভ্য
গ. সুলভ ঘ. অদুর্লভ
উত্তর : ক
ব্যাখ্যা : যা কষ্টে জয় করা যায়- দুর্জয়, যা কষ্টে নিবারণ করা যায়- দুর্নিবার।

Scanned with CamScanner

৪৪. যার স্ত্রী মারা গিয়েছে- *[পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১০]*

ক. বিধবা খ. বিপত্নীক

গ. সপত্নীক ঘ. বিপদাত্মক

ব্যাখ্যা : যার স্ত্রী মারা গিয়েছে- বিপত্নীক। যে পুরুষ দ্বিতীয় বিবাহ করেছে- দোজবর। যার স্বামী মারা গেছে- বিধবা। **উত্তর : খ**

৪৫. 'চক্ষু দ্বারা দৃষ্ট/চক্ষুর সম্মুখে সংগঠিত' বাক্য সংকোচন- *[শ্রম পরিদপ্তরের জনসংযোগ ও পরিবারকল্যাণ কর্মকর্তা-০৯]*

ক. প্রত্যক্ষ খ. চাক্ষুষ

গ. চর্ব্য ঘ. সম্মুখে

ব্যাখ্যা : চক্ষু দ্বারা দৃষ্ট- চাক্ষুষ, অক্ষির সম্মুখে- প্রত্যক্ষ, চর্বণ করে খাওয়া যায় যা- চর্ব্য। **উত্তর : খ**

৪৬. 'অনুকরণ করার ইচ্ছা'- *[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ-০৭]*

ক. অনুচিকীর্ষু খ. অপচিকীর্ষা

গ. অনুচিকীর্ষা ঘ. উপবিকীর্ষু

ব্যাখ্যা : অনুকরণ করার ইচ্ছ- অনুচিকীর্ষা, অপকার করার ইচ্ছা- অপচিকীর্ষা, অনুসন্ধান করার ইচ্ছা- অনুসন্ধিৎসা, প্রতিকার করার ইচ্ছা- প্রতিচিকীর্ষা। **উত্তর : গ**

৪৭. 'যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায়' এক কথায়- *[ভূমি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-০৬]*

ক. মাধুকর খ. মধুকর

গ. অর্বাচীন ঘ. অবিমৃষ্যকারী

ব্যাখ্যা : যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায়- মাধুকর, মধু পান করে যে- মধুকর, যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে- অবিমৃষ্যকারী। **উত্তর : ক**

৪৮. 'যা বলা উচিত নয়'- কোন শব্দে বিধৃত? *[বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) : ০৬]*

ক. কুকথা খ. অকথ্য

গ. অসত্য ঘ. অযোগ্য

উত্তর : খ

৪৯. 'যে অনবরত কাঁদছে' সংকোচিত রূপ হল- *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-০৫]*

ক. বাষ্পায়মান খ. রোরুদ্যমান

গ. স্যাসয়মান ঘ. ধূমায়মান

উত্তর : খ

ব্যাখ্যা : যে অনবরত রোদন করছে- রোরুদ্যমান, যা বাষ্প উদগীরণ করছে- বাষ্পায়মান।

৫০. একবার ফল দিয়ে মারা যায় যে গাছ - *[জেলা প্রাথমিক শিক্ষা অফিসার-০৫]*

ক. ঔষধী খ. ওষধি

গ. ওষধী ঘ. ঔষধি

উত্তর : গ

ব্যাখ্যা : একবার ফল দিয়ে যে গাছ মারা যায়- ওষধি বা ওষধী। আর ঔষধি হলো যে গাছপালা থেকে ঔষধ বা ওষুধ প্রস্তুত করা হয়।

৫১.'যা অনায়াসে লাভ করা যায়' তা হলো-*[দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক-০৪]*

ক. সহজলভ্য খ. অনায়াসলভ্য

গ. সুলভ ঘ. অদুর্লভ

উত্তর : ক

ব্যাখ্যা : যা কষ্টে জয় করা যায়- দুর্জয়, যা কষ্টে নিবারণ করা যায়- দুর্নিবার।

Scanned with CamScanner

৫২. অগ্রপশ্চাৎ বিবেচনা করে কাজ করে না যে-[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০২]
ক. আদ্যন্ত খ. মূর্খ
গ. অনভিজ্ঞ ঘ. অবিমৃষ্যকারী **উত্তর : ঘ**
ব্যাখ্যা : অগ্রপশ্চাৎ বিবেচনা করে কাজ করে না যে- অবিমৃষ্যকারী। আদি হতে অন্ত পর্যন্ত- আদ্যোপান্ত বা আদ্যন্ত। অভিজ্ঞতা নাই যার- অনভিজ্ঞ।

৫৩. 'যা বলা হবে'- এর বাক্য সংকোচন কোনটি? [শ্রম অধিদপ্তরের রেজিস্টার-০০]
ক. উক্ত খ. বক্তব্য
গ. ভবিতব্য ঘ. আনুমিত **উত্তর : খ**
ব্যাখ্যা : যা বলা হবে- বক্তব্য। যা বলা হয়েছে- উক্ত। যা বলা হয় নি- অনুক্ত। যা ভবিষ্যতে ঘটবে- ভবিতব্য।

৫৪. 'খেয়া পার করে যে' তাকে বলা হয়- [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের AD-০০]
ক. পাটনি খ. মাঝি
গ. ঘাটাল ঘ. কর্ণধার **উত্তর : ক**
ব্যাখ্যা : খেয়া পার করে যে- পাটনি। ছোট নৌকা চালায় যে- মাঝি। অসমতল এমন- ঘাটাল। বড় নৌকার প্রধান মাঝি- কর্ণধার।

৫৫. যে নারীর স্বামী বিদেশে থাকে-[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ-০০]
ক. প্রযিতভর্তৃকা খ. প্রেযিতভার্ষা
গ. প্রোযিতভর্তৃকা ঘ. প্রেসিতভর্তৃকা **উত্তর : গ**

৫৬. 'জয়ের জন্য যে উৎসব'-এক কথায় কি হবে? [জেলা দুর্নীতি দমন অফিসার-৯৪]
ক. বিজয়জয়ন্তী খ. জয়ন্তী
গ. জয়ান্তী ঘ. বিজয় উৎসব **উত্তর : ঘ**
ব্যাখ্যা : জয়ের জন্য যে উৎসব- বিজয় উৎসব, জয় সূচনা করে এরূপ তিথি- জয়ন্তী।

৫৭. 'যে মেঘে প্রচুর বৃষ্টি হয়' এককথায় হবে-
ক. সংবর্ত খ. অর্কেস্ট্রা
গ. তাণ্ডব ঘ. টঙ্কার **উত্তর : ক**
ব্যাখ্যা : যে মেঘে প্রচুর বৃষ্টি হয়- সংবর্ত। ধনুকের ছিলার শব্দ- টঙ্কার।

৫৮. 'অভ্রান্ত জ্ঞান' এককথায় কী হবে?
ক. প্রমা খ. কবোষ্ণ
গ. রশনা ঘ. বরাভয় **উত্তর : ক**
ব্যাখ্যা : অভ্রান্ত জ্ঞান বা যথার্থ জ্ঞান- প্রমা, ঈষৎ ইষ্ণ- কবোষ্ণ, নারীর কটিভূষণ- রশনা, আশীর্বাদসূচক হাতের মুদ্রা- বরাভয়।

৫৯. 'ফিটফাট গোছের তরুণ যুবক'- বাক্য সংকোচন কি হবে?
ক. স্মার্ট খ. ফটিকচাঁদ
গ. বালসুলভ ঘ. ধন্যম্মন্য **উত্তর : খ**
ব্যাখ্যা : ফিটফাট গোছের তরুণ যুবক- ফটিকচাঁদ বা ফুলবাবু। বালকের পক্ষে স্বাভাবিক- বালসুলভ।

৬০. 'গবাদি পশুর পাল' সংক্ষেপ হল-
ক. বাথান খ. গোশালা
গ. কন্তা ঘ. পশুশালা **উত্তর : ক**
ব্যাখ্যা : গোচারণ মাঠ/গরু মহিষ রাখার স্থান/গরুর পালকে বলা হয় বাথান। কন্তা অর্থ লোহিত বর্ণ।

Scanned with CamScanner

৬১. 'ধুলার মত রঙ যার'-এর বাক্য সংকোচন?
ক. পাংশুল খ. পীত
গ. ধূসর ঘ. আরক্ত
উত্তর : ক
ব্যাখ্যা : ধুলার মত রঙ যার-পাংশুল। ঈষৎ পাণ্ডুবর্ণ- ধূসর, ঈষৎ রক্তবর্ণ- আরক্ত, মাটির মত রং-মেটে।

৬২. 'নিজের দ্বারা অর্জিত'। এক কথায় কি হবে?
ক. স্বকীয় খ. স্বর্জিত
গ. স্বোপার্জিত ঘ. আত্মোর্জিত
উত্তর : গ

ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. 'বহু দেখেছে যে' এক কথায়- [সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ) নিয়োগ-১৯]
ক. ভূয়োদশী খ. দূরদর্শী
গ. সমদর্শী ঘ. দার্শনিক
উত্তর : ক
ব্যাখ্যা : বহু দেখেছে যে- ভূয়োদশী/বহুদর্শী। ভবিষ্যতের ফলাফল অনুধাবন করতে পারে- দূরদর্শী। সবার প্রতি সমান দৃষ্টি আছে এমন- সমদর্শী।

২. 'যার জিহবা লকলক করে'-এক কথায় কী বলে? [পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]
ক. লেহ্য খ. লিপ্সা
গ. লেলিহান ঘ. যুযুৎসু
উত্তর : গ
ব্যাখ্যা : যার জিহবা লকলক করে- লেলিহান। লাভ করার ইচ্ছা- লিপ্সা। যা লেহন করে খেতে হয় বা লেহন করার যোগ্য- লেহ্য। যুদ্ধ করতে উৎসুক- যুযুৎসু।

৩. যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ- [সমন্বিত ৮ ব্যাংকের সিনিয়র অফিসার-১৯]
ক. দুর্গম খ. অরণ্য জনপদ
গ. বিপদসংকুল ঘ. শ্বাপদসঙ্কুল
উত্তর : ঘ

৪. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'-এক কথায় কী হবে? [পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]
ক. ঐতিহাসিক খ. ইতিহাসিক
গ. ইতিহাসবিদ ঘ. ইতিহাসবেত্তা
উত্তর : ঘ
ব্যাখ্যা : ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি- ইতিহাসবেত্তা। ইতিহাস রচনা করেন যিনি- ঐতিহাসিক।

৫. 'ছন্দে নিপুন যিনি' এক কথায় কি হবে? [সোনালী ও জনতা ব্যাংক অফিসার (আইটি)-১৯]
ক. কবি খ. ছান্দসিক
গ. ছন্দবেত্তা ঘ. ছন্দদাতা
উত্তর : খ

৬. 'আকাশ ও পৃথিবীর অন্তরাল' এক কথায় কী বলে-[পল্লী সঞ্চয় ব্যাংক (ক্যাশ)-১৮]
ক. ক্রন্দসী খ. রোদসী
গ. অতলস্পর্শী ঘ. স্পর্শী
উত্তর : খ
ব্যাখ্যা : আকাশ ও পৃথিবীর অন্তরাল- ক্রন্দসী, আকাশ ও পৃথিবী- ক্রন্দসী/রোদসী, যার তলদেশ ছোঁয়া যায় না- অতলস্পর্শী।

৭. এক কথায় প্রকাশ কর 'অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার' [সমন্বিত ২ব্যাংক (AnsarVDP+BHBFC) অফিসার-১৮]
ক. চতুরঙ্গ খ. শারপ্রাংশু
গ. সংশপ্তক ঘ. কুশীলব
উত্তর : ক
ব্যাখ্যা : অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার- চতুরঙ্গ। জয়লাভে দৃঢ় প্রতীজ্ঞ-সংশপ্তক।

Scanned with CamScanner

৮. 'হরণ করার ইচ্ছা'-এর এক কথায় প্রকাশযোগ্য রূপ-*[সমন্বিত ব্যাংক অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. জিহীর্ষা খ. বিভ্রমিষা
গ. বিবক্ষা ঘ. জুগুপ্সা **উত্তর : ক**

ব্যাখ্যা : হরণ করার ইচ্ছা- জিহীর্ষা, বলার ইচ্ছা- বিবক্ষা, কুৎসা রটানোর ইচ্ছা- জুগুপ্সা।

৯. 'মকমক' হলো- *[সমন্বিত ব্যাংক সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা-১৮]*

ক. মখমল খ. ঝলমল করা
গ. চকচক করা ঘ. ব্যাঙর ডাক **উত্তর : ঘ**

১০. 'যাকে অকালে জাগরণ করা হয়' তাকে এক কথায় কি বলে? *[প্রবাসী কল্যাণ ব্যাংক সিনিয়র এক্সিকিউটিভ অফিসার-১৮]*

ক. সব্যসাচী খ. প্রত্যুদগমন
গ. কিংকর্তব্যবিমূঢ় ঘ. অকালবোধন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : অকালে জাগরণ করা হয়= অকালবোধন, যার দু'হাত সমান চলে= সব্যসাচী, সামনে এগিয়ে অভ্যর্থনা= প্রত্যুদগমন, কী করবে বুঝতে পারে না= কিংকর্তব্যবিমূঢ়।

১১. 'বলার ইচ্ছা' কে এক কথায় কি বলে? *[সমন্বিত ব্যাংক সিনিয়র অফিসার-১৮]*

ক. বিলেচ্ছা খ. বলেচ্ছা
গ. বলব ঘ. বিবক্ষা **উত্তর : ঘ**

১২. 'যার কোন কিছু থেকেই ভয় নেই'- এক কথায় প্রকাশ কি? *[প্রবাসী কল্যাণ ব্যাংক সিনিয়র অফিসার-১৮]*

ক. অভয় খ. ভয়শূন্য
গ. অকুতোভয় ঘ. নির্ভীক **উত্তর : গ**

১৩. যিনি বিদ্যা লাভ করিয়াছেন-*[সহকারী প্রোগ্রামার ইনভেস্টমেন্ট কর্পো. বাংলাদেশ-১৭]*

ক. বিদ্বান খ. বিদ্যাপতি
গ. লব্ধজ্ঞান ঘ. কৃতবিদ্যা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : যিনি বিদ্যা লাভ করিয়াছেন- কৃতবিদ্যা, বিদ্যা আছে যার-বিদ্বান।

১৪. 'রাত্রিকালীন যুদ্ধে'র সংক্ষিপ্ত রূপ-*[অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]*

ক. সৌপ্তিক খ. চতুরঙ্গ
গ. মহারণ ঘ. দ্বৈরথ **উত্তর : ক**

ব্যাখ্যা : রাত্রিকালীন যুদ্ধ= সৌপ্তিক। দুই রথারোহীর যোদ্ধার যুদ্ধ= দ্বৈরথ। অশ্ব, রথ, হস্তী ও পদাতিক সৈন্যের সমাহার= চতুরঙ্গ।

১৫. পর-কে পালন করে যে- *[অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]*

ক. পরজীবী খ. পরভৃৎ
গ. পরোপকারী ঘ. পরাশ্রয়ী **উত্তর : খ**

ব্যাখ্যা : পরকে পালন করে যে= পরভৃৎ। অন্যকে আশ্রয় করে বাঁচে এমন= পরজীবী। অন্যকে আশ্রয় বা অবলম্বন করে চলে= পরাশ্রয়ী।

১৬. নিচের যে বাক্য সংকোচনটি অশুদ্ধ- *[BDBL সিনিয়র অফিসার-১৭]*

ক. আকাশ ও পৃথিবী- ক্রন্দসী খ. অপূর্ব সৃষ্টিশীল ক্ষমতা- প্রতিভা
গ. অতি উচ্চ ক্রুরহাসি- দৃপ্তহাসি ঘ.পা থেকে মাথা পর্যন্ত- আপাদমস্তক **উত্তর : গ**

Scanned with CamScanner

১৭.'টঙ্কার' শব্দের সম্প্রসারিত বাক্য কোনটি? *[পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৭]*

ক. ট্যাংকের শব্দ
খ. ধনুষ্টংকার রোগীর গোঙ্গানির শব্দ
গ. ধনুকের ছিলার শব্দ
ঘ. ধাতব টাকার শব্দ

উত্তর : গ

১৮. ক্রেঙ্কার কি? *[পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৭]*

ক. অশ্বের ডাক
খ. হাতির ডাক
গ. ময়ূরের ডাক
ঘ. রাজহাঁসের ডাক

উত্তর : ঘ

১৯.'হাতির ডাক'- কে এক কথায় কি বলে? *[অগ্রণী ব্যাংক সিনিয়র অফিসার (বাতিল)-১৭]*

ক. নিক্বণ
খ. কেকা
গ. বৃংহতি
ঘ. হ্রেষা

উত্তর : গ

ব্যাখ্যা : হাতির ডাক- বৃংহিত, নূপুরের ধ্বনি-নিক্বণ, ময়ুরের ডাক- কেকা, ঘোড়ার ডাক- হ্রেষা।

২০. 'যে নারীর স্বামী ও পুত্র নেই'- বাক্য সংকোচন বলা যায় : *[অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৭]*

ক. অনূঢ়া
খ. কুমারী
গ. নবোঢ়া
ঘ. অবীরা

উত্তর : ঘ

ব্যাখ্যা : যে নারীর স্বামী ও পুত্র নেই-অবীরা। যে নারীর বিয়ে হয় নি- অনূঢ়া, সদ্য বিবাহিত-নবোঢ়া

২১. 'জ্ঞানপাপী' বলে-*[বাংলাদেশ ব্যাংক (ক্যাশ অফিসার)-১৬]*

ক. জ্ঞানের বড়াই করে যে
খ. বাস্তবে জ্ঞানের প্রয়োগ করে না যে
গ. অনেক জ্ঞান আছে যার
ঘ. সজ্ঞানে অন্যায় করে যে

উত্তর : ঘ

২২. দান গ্রহণ করা উচিৎ নয় যার থেকে- তাকে এক কথায় কি বলে? *[পূবালী ব্যাংক সিনিয়র অফিসার/অফিসার-১৬]*

ক. অচ্ছুত
খ. অপ্রতিগৃহ্য
গ. দুহ্য
ঘ. অবাচী

উত্তর : খ

ব্যাখ্যা : দান গ্রহণে অস্বীকৃতি- অপ্রতিগৃহ্য। দক্ষিণ দিক- অবাচী। অবহেলিত ও অনুন্নত সম্প্রদায়ভুক্ত- অচ্ছুত। দোহন করা যায় এমন- দুহ্য।

২৩. 'ইহলোকে যা সামান্য নয়'- এক কথায় কী হবে? *[বাংলাদেশ ব্যাংক অফিসার-১৫]*

ক. অনন্যসাধারণ
খ. আনন্যসাধারণ
গ. অলোকসামান্য
ঘ. আলোকসামান্য

উত্তর : গ

২৪. 'নূপুরের ধ্বনি' এককথায় কি বলে- *[অগ্রণী ব্যাংক সিনিয়র অফিসার-১৫]*

ক. শিঞ্জন
খ. রুমঝুম
গ. ঝংকার
ঘ. নিক্বণ

উত্তর : ঘ

ব্যাখ্যা : নূপুরের ধ্বনি- নিক্কন, অলঙ্কারের শব্দ- শিঞ্জন, বীণা ইত্যাদি বাদ্যযন্ত্রাদির শব্দ- ঝংকার।

২৫. 'ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব' এককথায় বলে- *[জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-১৫]*

ক. হীরক জয়ন্তী
খ. সুবর্ণ জয়ন্তী
গ. রজত জয়ন্তী
ঘ. প্লাটিনাম জয়ন্তী

উত্তর : ক

ব্যাখ্যা : রজত জয়ন্তী- ২৫ বছর, সুবর্ণ জয়ন্তী- ৫০ বছর, হীরক জয়ন্তী- ৬০ বছর, প্লাটিনাম- ৭৫ বছর, সার্ধশত বর্ষ- ১৫০ বছর।

Scanned with CamScanner

২৬. 'বুকে ভর দিয়ে চলে যে প্রাণী'-*[জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-১৫]*

ক. পারগ খ. উরগ
গ. বিহগ ঘ. মোরগ
উত্তর : খ

২৭. যে বিষয়ে বিতর্ক/বিবাদ/বিরোধ নেই- *[সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১৪]*

ক. অবিমৃষ্য খ. অবিতর্ক
গ. অবিমিশ্রিত ঘ. অবিসংবাদী
উত্তর : ঘ

২৮. হনন করার ইচ্ছা- এক কথায় কি বলে?*[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অফিসার-১৪]*

ক. জিজ্ঞাসা খ. জিঘাংসা
গ. নরহত্যা ঘ. কোনটিই নয়
উত্তর : খ

২৯. 'যে নারী/স্ত্রীলোক প্রিয় কথা বলে'-এক কথায় প্রকাশ করুন।*[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১৩]*

ক. সুহাসিনী খ. প্রিয়া
গ. প্রিয়ংবদা ঘ. শ্রীমতী
উত্তর : গ

ব্যাখ্যা : যে নারী প্রিয় কথা বলে- প্রিয়ংবদা। যে নারীর হাসি সুন্দর- সুস্মিতা।

৩০. 'যাহা বপন করা হইয়াছে'- এটি নিম্নের কোন শব্দটি সংক্ষেপিত হয়েছে? *[ইসলামী ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার-১৩]*

ক. সুপ্ত খ. উপ্ত
গ. গুপ্ত ঘ. লুপ্ত
উত্তর : খ

৩১. 'অব্যক্ত মধুর ধ্বনি' কে এক কথায় বলে- *[বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার-১১]*

ক. রিনিঝিনি খ. শিঞ্জন
গ. কলতান ঘ. নিক্কন
উত্তর : গ

৩২. 'বেলাকে অতিক্রান্ত' পদের অর্থ কি? *[আইসিবি ব্যাংক লি. অফিসার-১১]*

ক. অবেলা খ. গোধুলি গ. উদ্বেল
ঘ. সাঁঝ ঙ. দুপুর
উত্তর : গ

৩৩. কোথাও উন্নত কোথাও অবনত- *[সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১০]*

ক. অনুন্নত খ. বন্ধুর
গ. উন্নত-অবনত ঘ. উবনত
উত্তর : খ

৩৪. যা দীপ্তি পাচ্ছে- এক কথায় কী হবে? *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১০]*

ক. সন্দীপন খ. দেদীপ্যমান
গ. দীপ্তমান ঘ. দীপ্তিমান
উত্তর : খ

৩৫. 'পাখির ডাক' এক কথায় প্রকাশ কর। *[ইসলামী ব্যাংক লি. সহকারী অফিসার-০৮]*

ক. কেকা খ. হ্রেষা
গ. কূজন ঘ. অজিন
উত্তর : গ

ব্যাখ্যা : পাখির ডাক- কূজন, ময়ূরের ডাক- কেকা, ঘোড়ার ডাক- হ্রেষা, হরিণের চামড়া- অজিন। গাভির ডাক- বৃংহিত, সিংহের ডাক- হুংকার।

Scanned with CamScanner

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. 'শোক দূর হয়েছে যার' বাক্যটির সংক্ষিপ্ত রূপ- *[ঢাবি (খ ইউনিট) ১৮-১৯]*

ক. শোকহারা খ. বীতশোক
গ. শোকহীন ঘ. বীতকাম

উত্তর : খ

ব্যাখ্যা : চলে গিয়েছে বা দূর হয়েছে এমন= বীত, শোক দূর হয়েছে= বীতশোক, কামনা নেই =বীতকাম, শ্রদ্ধা হারিয়েছে= বীতশ্রদ্ধ।

২. 'এক স্থান থেকে অন্য স্থানে ঘুরে ঘুরে জীবন যাপন করে যে' কথাটিকে এককথায় প্রকাশ কর। *[ঢাবি (গ ইউনিট) ১৮-১৯]*

ক. যাযাবর খ. পর্যটক
গ. পথিক ঘ. অভিযাত্রী

উত্তর : ক

ব্যাখ্যা : যে এক স্থান থেকে অন্য স্থানে ঘুরে ঘুরে জীবন যাপন করে= যাযাবর, আমোদ-প্রমোদ বা বিনোদনের উদ্দেশ্যে অন্যত্র ভ্রমণ করেন= পর্যটক, যে দুঃসাহসিক কাজে বাহির হয়= অভিযাত্রী।

৩. অরণ্যে ঋষির আশ্রমকে বলে- *[রাবি (ক ইউনিট) ১৮-১৯]*

ক. তপোবন খ. শান্তিনিকেতন
গ. আখড়া ঘ. কুটির

উত্তর : ক

৪. 'যিনি বক্তৃতা দানে পটু' তাকে এক কথায় বলে- *[খুবি (খ ইউনিট) ১৮-১৯]*

ক. বাকপটু খ. বাগড়ম্বী
গ. তর্কবাগীশ ঘ. বাগ্মী

উত্তর : ঘ

৫. 'জ্যেষ্ঠের অবিবাহিত অবস্থায় কনিষ্ঠের বিয়েকে'-এক শব্দে কী বলা হয়? *[ঢাবি (ঘ ইউনিট) ১৭-১৮]*

ক. অগ্রবিয়ে খ. পরিবেদন
গ. পরদানি ঘ. অগ্রদানি

উত্তর : খ

৬. 'মৃত্তিকা দ্বারা নির্মিত' বাক্যটি সংকোচন করলে হয়- *[জাবি (সি ইউনিট) ১৭-১৮]*

ক. মেটো খ. মেটেল
গ. চিন্ময় ঘ. মৃন্ময়

উত্তর : ঘ

৭. 'যিনি যুদ্ধে স্থির থাকেন' বাক্যটি সংকোচন করলে হয়-*[জাবি (সি ইউনিট) ১৭-১৮]*

ক. বীরযোদ্ধা খ. যুধিষ্ঠির
গ. স্থিরযোদ্ধা ঘ. সর্বংসহ

উত্তর : খ

৮. 'বন্দুকের গুলি ছোড়া অনুশীলনের জন্য স্থাপিত লক্ষ্য' কথাটির সংকোচিত রূপ- *[ঢাবি (খ ইউনিট) ১৬-১৭]*

ক. চতুরঙ্গ খ. চাঁদমারি
গ. অধ্যাস ঘ. নিশানা

উত্তর : খ

৯. 'সৃষ্টি করার ইচ্ছা' -এর বাক্য সংকোচন কোনটি? *[জবি (খ ইউনিট) ১৬-১৭]*

ক. সৃষ্টিশীল খ. সিসৃক্ষা
গ. সৃজনশীল ঘ. দিদৃক্ষা

উত্তর : খ

ব্যাখ্যা : সৃষ্টি করার ইচ্ছা- সিসৃক্ষা, দেখবার ইচ্ছা- দিদৃক্ষা।

Scanned with CamScanner

১০. 'আয়নায় প্রতিফলিত রূপ'- বাক্যটি এক কথায় প্রকাশ *[রাবি (এ ইউনিট) ১৬-১৭]*
ক. প্রতিরূপ খ. প্রতিচিত্র
গ. প্রতিকৃতি ঘ. প্রতিবিম্ব
উত্তর : ঘ

১১. 'উৎকৃষ্ট স্বচ্ছ কাঁচের চুড়ি' এক কথায়-*[বেরোবি (এ ইউনিট) ১৬-১৭]*
ক. বেলোয়ারি চুড়ি খ. স্যাটিনের চুড়ি
গ. সুবর্ণ চুড়ি ঘ. কাকন
উত্তর : ক

১২. অলংকারের ধ্বনি- *[ঢাবি (খ ইউনিট) ১৫-১৬]*
ক. নিকণ খ. মর্মর
গ. ঝংকার ঘ. শিঞ্জন
উত্তর : ঘ

১৩. যে স্বামীর স্ত্রী প্রবাসে থাকে তাকে কী বলে? *[ঢাবি (ঘ ইউনিট) ১৫-১৬]*
ক. প্রোষিতভর্তৃকা খ. প্রোষিতা
গ. প্রবাসিনী ঘ. প্রোষিতপত্নীক
উত্তর : ঘ

১৪. 'খাতাপত্র রাখার ঘর' এর এককথায় প্রকাশ কোনটি? *[রাবি (ই ইউনিট) ১৫-১৬]*
ক. মহাফেজখানা খ. দপ্তরখানা
গ. গ্রন্থাগার ঘ. বিদ্যায়তন
উত্তর : খ

১৫. 'শাস্ত্রজ্ঞ তপস্বী' কে এক কথায় কী বলা হয়? *[বেরোবি (এ ইউনিট) ১৫-১৬]*
ক. গুরু খ. আচার্য
গ. ঋষি ঘ. উপাধ্যায়
উত্তর : গ

১৬. 'কল্পনার দ্বারা রচিত মূর্তি'-বাক্যটি এক কথায় প্রকাশ *[জাবি (এফ ইউনিট) ১৪-১৫]*
ক. ভাবমূর্তি খ. ভাবুক
গ. কল্পতরু ঘ. আকাশকুসুম
উত্তর : ক

১৭. 'হিমালয় পত্নী' কাকে বলা হয়? *[নজরুল বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) ১৩-১৪]*
ক. শকুন্তলা খ. প্রিয়ংবদা
গ. অনসূয়া ঘ. মেনকা
উত্তর : ঘ

১৮. 'কুমারীর পুত্র'কে বলে- *[নজরুল বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) ১৩-১৪]*
ক. কুমার খ. জারজ
গ. কানীন ঘ. কুমারী
উত্তর : গ

১৯. 'পুরুষের কর্ণভূষণ' এর সংকোচিত রূপ কোনটি? *[ইবি (ক ইউনিট) ১০-১১]*
ক. পুরুষকর্ণ খ. পুরুষালী
গ. বীরবৌল ঘ. বীরবল
উত্তর : গ
ব্যাখ্যা : বীরপুরুষের কানের অলংকার বিশেষ=বীরবৌল/বীরবৌলি, পুরুষালী অর্থ পুরুষসুলভ।

২০. যে লেখক অন্যের ভাব, ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায় তাকে বলা হয়- *[ঢাবি (খ ইউনিট) ০৬-০৭]*
ক. লিপিকার খ. কুসীদজীবী
গ. নকলবাজ ঘ. কুম্ভীলক
উত্তর : ঘ
ব্যাখ্যা : বহুযিতার মূল গ্রন্থ থেকে যারা প্রাচীন পাণ্ডুলিপি লিপিবদ্ধ করতেন তাদের বলা হয়-

Scanned with CamScanner

বাগধারা/প্রবাদ-প্রবচন

বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. কোনটি বাগধারা বোঝায়? *[৩৭তম বিসিএস]*
ক. চৈত্র সংক্রান্তি
খ. পৌষ সংক্রান্তি
গ. শিরে সংক্রান্তি
ঘ. শিব সংক্রান্তি
উত্তর : গ
